কলকাতা

পুরশ্রী

নজরুল সংখ্যা

☞ নাগরিক পরিষেবা অক্ষুন্ন রাখতে বকেয়া কর অবিলম্বে মিটিয়ে দিন

☞ জলই জীবন—এর অপচয় রোধে সক্রিয় সহযোগিতা করুন

☞ আবর্জনা নির্দিষ্ট স্থানে সঠিক সময়ে ফেলুন

☞ কলকাতা আমার—আপনার। এর ঐতিহ্য বজায় রাখার দায়িত্ব আমাদের সবারই

কলিকাতা পৌরসংস্থা

কলকাতা পুরশ্রী

৩-৪ সংখ্যা □ ২২ বর্ষ □ ১৬ জুলাই, ১৯৯৯

নজরুল সংখ্যা

বিষয়সূচি

সম্পাদকীয় ৫

বহরমপুর জেলখানায় কাজী নজরুল ● [illegible] সেনগুপ্ত ৭

কবি নজরুল : প্রকৃতি পর্ব ● জ্যোতির্ময়ী ঘোষ ৯

সাংবাদিক নজরুল ● অঞ্জন বেরা ১০

নজরুলের জন্মশতবর্ষে স্মরণে তিন বিখ্যাত ব্যক্তি ● [illegible] ২০

প্রসঙ্গ : 'নবযুগ' মুজফফর আহমদ ২২

আমার ধর্ম ● নজরুল ইসলাম ২৬

মন্দির ও মসজিদ ● নজরুল ইসলাম ২৮

হিন্দু-মুসলমান ● নজরুল ইসলাম ২৯

নজরুল এবং তাঁর সাহিত্য ● রাজকুমার বসু ৩০

নজরুল : শিশু ও কিশোর সাহিত্য ● রেখা দে ৩৪

বিভিন্ন গ্রন্থ ও পত্রিকায় নজরুল ও তাঁর রাজনৈতিক প্রেক্ষাপট ● [illegible] সেনগুপ্ত ৪১

কথা-সাহিত্যিক নজরুল ● অমিত ভট্টাচার্য ৫৮

মনুষ্যত্বের নজরুল ● আবদুল কাদির ৬২

নজরুল ও চলচ্চিত্র ● রাজকুমার রায় ৬৭

নজরুল স্মৃতি বিজড়িত কলকাতার বাড়িগুলি ৭১

"[illegible]" ● [illegible] ৭২

নজরুল জীবনপঞ্জী ৭৬

নজরুল গ্রন্থপঞ্জী ৭৯

প্রচ্ছদ : অনুপ ভৌমিক

আলোকচিত্র : শ্যামল বসু ও শচীন মজুমদার

সহ-সম্পাদক : প্রশান্ত সেনগুপ্ত

সহযোগী : অজয়কুমার [illegible] ও [illegible] বন্দ্যোপাধ্যায়

মূল্য : ১২ টাকা

সম্পাদক : অমলেন্দু ভট্টাচার্য

কলিকাতা পৌরসভার পক্ষে [illegible] কলিকাতা-৮৭ হইতে প্রকাশিত এবং [illegible] প্রিন্টার্স, ১৩৩, [illegible] কলকাতা-১২ হইতে মুদ্রিত।

সম্পাদকীয়

কাজী নজরুল ইসলাম শুধুমাত্র কবিই নন, ঔপন্যাসিক, সাংবাদিক, কাহিনীকার, অনুবাদক, সংগীতরচয়িতা, অভিনেতা—বহু ধারার এক উজ্জ্বলতম ব্যক্তিত্ব। সৃষ্টির ভুবনে তিনি ছিলেন স্বাধীন সম্রাট। সাম্যবাদী আদর্শ প্রচারে অন্যতম পথিকৃৎ কবি নজরুল।

নজরুল জন্মশতবর্ষে তাঁর বহুমুখী প্রতিভাকে বিশ্লেষণ করার চেষ্টায় আমাদের এই বিশেষ সংখ্যা 'পুরশ্রী'। স্বল্প পরিসরের মধ্যে আমরা একগুচ্ছ বিশ্লেষণধর্মী প্রবন্ধের মাধ্যমে তুলে ধরার চেষ্টা করেছি, তাঁর প্রতিভার বিভিন্ন দিককে। বর্তমানের সময়োপযোগী হবে বলে নজরুলের তিনটি লেখা 'আমার ধর্ম', 'মন্দির-মসজিদ', হিন্দু-মুসলমান' সংযোজিত করা হয়েছে।

নজরুলের সঙ্গে কলকাতার সম্পর্ক দীর্ঘদিনের। কলকাতার বিভিন্ন অঞ্চলে কর্মসূত্রে তিনি থেকেছেন, পত্রিকা প্রকাশ করেছেন, সৃষ্টি করেছেন তাঁর অজস্র গান, সাহিত্যসম্ভার। নজরুলের স্মৃতি বিজড়িত কলকাতার বাড়িগুলির তালিকা ও কিছু ছবি একটি প্রতিবেদনে রাখা হল।

আশা করি, পাঠকদের কাছে এই সংখ্যাটি সমাদৃত হবে।

দীপ্ত দৃষ্টিতে নজরুল

শতবর্ষের আলোকে কাজী নজরুল

কল্পতরু সেনগুপ্ত

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মশতবর্ষ উদ্‌যাপন শুরু হয়েছে গত বছর ১১ জ্যৈষ্ঠ। ১৩৪৯ সালের ১১ জ্যৈষ্ঠ শেষ হচ্ছে জীবন কবি নজরুলের কণ্ঠ চিরতরে স্তব্ধ হয়েছিল। বিদ্যুৎ চমক তার বজ্রপাতে শিখা জ্বলে থেমে যায়নি। কিন্তু সেদিনের কবি তাঁর জীবন সংকেত, তাঁর জীবনের পূর্ণতাকে মনে করা যায়। বাস্তবিক যৌবনে পৌঁছে তিনি আজও কবি, বিদ্রোহের কবি। এই বিদ্রোহী সত্তার সমুত্থানের প্রয়োজন ছিল তাঁর জন্মকালের অতীত পরিবেশ বহুলাংশ মাধ্যমে। তিনি জন্মেছিলেন বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে। উপার্জনের তেমন কোনো সংস্থান ছিল না। একদিকে দারিদ্র্যের অভিশাপ, একই সাথে মক্তব-এর পাঠ। কৃতিত্বের সাথে মক্তব-এর পাঠ শেষ করে, সেই মক্তবেই শিক্ষকতা করলেন বালক শিক্ষক। আবার পরে মাজারের খাদেম ও মসজিদের মুয়াজ্জিন হিসেবে কাজ করেন। এই সময় বর্ধমান অঞ্চলের লোকগীতি লেটোর দলে যোগ দেন। কাজী নজরুল অল্প বয়সে লেটোর দলের উস্তাদ হয়েছিলেন। তিনি হলেন সেই দলের গায়ক ও কবিয়াল। তাঁর রচিত গানগুলি সকলের প্রশংসা লাভ করে। এর প্রভাব তাঁর মনে গভীর দাগ কাটে। লেটো গানে সুর, ছন্দ, শব্দ প্রয়োগে নতুন দৃষ্টিভঙ্গি আনলেন। এই সাথে পাঁচালি, কবিগান লোকগীতির উপর আকৃষ্ট হয়ে সুচারু কবিত্ব লোকগীতি ভক্তি নজরুলকে সাহিত্যে অনুপ্রাণিত করেছে।

আবার তিনি স্কুলে এলেন অর্থ উপার্জনের উদ্দেশ্যে। এবার রানিগঞ্জের এক রেলওয়ে গার্ডের বাড়িতে। পরবর্তী কালে আসানসোলের এক রুটির দোকানে কাজ নিলেন। এখানে পরিচয় হয় দারোগা কাজী রফিজউল্লাহর সাথে। তিনি নজরুলকে ময়মনসিংহের দরিরামপুর স্কুলে ভর্তি করে দেন। এখানেও তিনি বেশিদিন থাকতে পারেননি। বিদ্যালয়ের শিক্ষা শেষ করার আগেই তিনি রানিগঞ্জে ফিরে আসেন। কিন্তু তিনি যে রবীন্দ্রপ্রভাব মুক্ত ছিলেন, তা বলা যায় না। শিয়ারশোল রাজ স্কুলে পড়ার সময় তাঁর এক সহপাঠী রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তি করলে তিনি এতই উত্তেজিত হয়ে পড়েন যে, পাঠ নিয়ে সেই সহপাঠীর সাথে বাদানুবাদ করেন। এটা ছোটখাটো ব্যাপার নয়।

আবার তিনি স্কুলে ফিরে এলেন। এবার শিয়ারশোল রাজ স্কুলে বিপ্লবী দলের সদস্য শিক্ষক নিবারণ ঘটকের নজরে পড়লেন। নিবারণ ঘটক তাঁকে বিপ্লব মন্ত্রে দীক্ষা দিলেন। নজরুলের মনে এল দেশের স্বাধীনতার কথা।

এই সময় তিনি এক পুলিশ অফিসারের নজরে পড়ে গেলেন। সেই পুলিশ অফিসার নজরুলকে তাঁর নিজ গ্রামে বর্তমান বাংলাদেশের ময়মনসিংহ জেলার দরিরামপুর গ্রামে নিয়ে গিয়ে নিজের বাড়িতে আশ্রয় দিলেন এবং স্কুলে ভর্তি করিয়ে দেন। সেখানে এক বছরের মতো তিনি ছিলেন। কিন্তু তাঁর মন টেকে না। অষ্টম শ্রেণীর পরীক্ষা দিয়ে তিনি দেশে ফিরে এলেন। আবার অষ্টম শ্রেণীতে তিনি রানিগঞ্জে পড়া আরম্ভ করেছিলেন। ফিরে এসে আবার তিনি শিয়ারশোল রাজ হাইস্কুলে ভর্তি হলেন। এই স্কুলের প্রধানশিক্ষক ছিলেন কবি কুমুদরঞ্জন মল্লিক। সুতরাং কবি কুমুদরঞ্জনের স্নেহদৃষ্টি পড়ল তরুণ কবি নজরুলের দিকে। নজরুলের কাব্য প্রতিভার বিকাশে এই স্নেহদৃষ্টি উল্লেখ্য।

১৯১৪ সালে দ্বিতীয় মহাযুদ্ধ শুরু হল। যুদ্ধ যেমন দেশকে ধ্বংস করে, জনজীবনকে বিপর্যস্ত করে, শিক্ষার্থীদের ক্ষতি করে, নৈতিক মূল্যবোধ ধসিয়ে দেয়, তেমনি যুদ্ধের অভিজ্ঞতার মধ্য দিয়ে নতুন এক শক্তিও জন্ম লাভ করে। তাছাড়া এই যুদ্ধের সুযোগ নিয়ে দেশোদ্ধারে এক বিপ্লবের প্রস্তুতি হয়েছিল। কিন্তু সেটা কার্যকরি হয়নি। নজরুল এই সময় সৈনিক বৃত্তি গ্রহণ করে যুদ্ধে গেলেন। বিশ্বযুদ্ধের জন্য তিনি হাবিলদার পদে উন্নীত হলেন। সেনা শিবিরে তিনি তার সাহিত্য সাধনার পরিচয় রেখেছিলেন। এই শিবিরে থেকেই তিনি গজল গান রচনা করেছিলেন। শিবিরে থাকতেই তিনি ১৯১৭ সালের রুশ বিপ্লবের খবরাখবর পেয়েছিলেন।

নভেম্বর বিপ্লবের সাফল্যে উৎসাহিত হয়ে ভারতীয় জনগণের মধ্যেই নতুনের স্বপ্ন লালন করেছিলেন। নভেম্বর বিপ্লবকে অভিনন্দন জানিয়ে বক্তৃতা দিয়েছিলেন, গান গেয়েছিলেন।

যুদ্ধ শেষে দেশে ফিরেছিলেন। রাজনীতি করার সংকল্প নিয়ে। এই সময়ে তাদের কমিউনিস্ট পার্টির অন্যতম প্রতিষ্ঠাতা কমরেড মুজফ্‌ফর আহমেদের সাথে একই ঘরে বাস করেন। তিনি এখানে সাংবাদিক-বৃত্তি গ্রহণ করেন। সান্ধ্য দৈনিক নবযুগ পত্রিকার যুগ্ম সম্পাদক ছিলেন মুজফ্‌ফর আহমেদ ও কাজী নজরুল। এই সময় তাঁর শ্রেষ্ঠ কবিতা বিদ্রোহী (১৯২১) সারা দেশকে উদ্বেলিত করে তোলে। মুসলমান বিদ্রোহী কবিতাপত্রে তাঁদের অর্থ পূর্ণ হল। এই বিদ্রোহী কবিতার প্রথম পাঠক ছিলেন কমরেড মুজফ্‌ফর আহমেদ। সেই কবিতাটি ছিল পেন্সিলে লেখা। এটা এক রাতে লেখা যে কবি ছাড়া আর কারুর পক্ষে লেখা সম্ভব ছিল না। কিন্তু মুজফ্‌ফর আহমেদের কাছে শোনামাত্র বিদ্রোহী কবিতা বাংলার যুব সমাজকে বাংলার বিপ্লবীদের বুকে বিদ্রোহের আগুন জ্বেলেছে। "বিদ্রোহী" সত্তার প্রতিষ্ঠায় আবৃত্তি শুরু হয়েছিল। বিদ্রোহ বলতে কেবল বিপ্লবী বা স্বাধীনতা সংগ্রামীদের কাছে স্বাধীনতার কোনও পূর্ণ অর্থ ছিল না। কেউ বলছেন স্বরাজ, কেউ বলছেন স্বায়ত্তশাসন, কেউ বলছেন, ডোমেনিয়ন স্টেটাস। এই নিয়ে নানা তর্ক বিতর্ক হয়। কাজী নজরুল কবিতার শেষ পংক্তিতে লিখছেন "আমি সেইদিন হব শান্ত, যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না / যবে অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণভূমে রণিবে না।" এই পংক্তির মাধ্যমে তরুণ বিপ্লবীরা পেলেন স্বাধীনতার অর্থ। শোষণহীন অত্যাচারমুক্ত সমাজ গড়ার প্রেরণা। এইভাবেই তিনি বিপ্লবীদের বুকে আগুন জ্বালালেন।

সেকালের বিপ্লবীরা ছিল যৌবনের জয়যাত্রার দিন। পূর্ণ স্বাধীনতার সংকল্প যুব সমাজ এগিয়ে চলেছে সংগ্রামের পথে। সেই জয়যাত্রাকে নজরুল সংগীত যোগালেন।

"এই শিকল পরা ছল মোদের এই শিকল পরা ছল"।
শিকল পরে শিকল তোদের করবো রে বিকল...

তোদের ফাঁসি দিয়ে ঝুলাতে দেশে আসবে নতুন প্রাণ।

বিদ্রোহী তরুণ এবং নবীন যুবকরা জেলে যাচ্ছে, দ্বীপান্তরে নির্বাসিত হচ্ছে, ফাঁসিকাষ্ঠে আহ্বান করছে, কবি এই বিপ্লবীদের গৌরবময় জীবন ও তাদের আত্মদানের কথা, দেশবাসীর কাছে উপস্থিত করলেন—

"ওকি খড় নিশি তোরে
এবি এ শুনি ওরে
বুঝি জেগেছে, কবি পুরাতে।

ওরা দুলায়ে পড়ে দোলা মরণ পারায়ে।
শহর থেকে গোলা নিকষ বারায়ে।"

এর আগে বাংলার প্রধান কবি, কোন সাহিত্যিক এমন করে বিপ্লবীদের সংগ্রামের কথা আত্মদানের কথা লেখেননি।

বাংলায় বিপ্লবাত্মক প্রেরণার দিকে এমন কিছু সামরিক সুরে এমন কিছু গান রচনা করেছিলেন যা বাংলা সংগীত জগতে সম্পূর্ণ নতুন। বাংলায় বা ভারতের সামরিক সুরের গান ছিল না। বিদ্রোহের প্রয়োজনে নজরুলই তা সৃষ্টি করেছেন। যেমন—ঊর্ধ্ব গগনে বাজে মাদল, নিম্নে উতলা ধরণী তল। ("দ্রুত মার্চের সুর. Quick Waltz. Six/Eight) অথবা

"নতুনের গান গাহে দামামা বাজিয়ে পর্ব ঐ
দূর মৃত্যু তীর্থ পথে, যাত্রী কই।

(Quick March)

"নিশান উড়াও দানাতে উড়ুক হাওয়ায় দুলে।" (slow March) এমন ব্রিটিশ মিলিটারি ব্যান্ডের সুর অবলম্বনে তিনি একাধিক গান রচনা করেছেন। যে গানের কথা ও সুর বাংলায় সম্পূর্ণ নতুন। বিপ্লবীদের সংগ্রামের পথে যে গানগুলো প্রেরণা জুগিয়েছে।

বাংলায় বিপ্লববাদ এর চরম রূপে ওঠা পর্ব পর পর নজরুলকে বিদ্রোহ পথে অগ্রসর হতে উৎসাহী করছে। কাজী নজরুলের এই সকল গানের বিশেষ ভূমিকা আছে। এদিক থেকে বাংলার কাজী নজরুল একজন বিপ্লবী ছিলেন। তিনি বিপ্লবের কে বিচার, চেতনায় গ্রহণ করেছিলেন। নতুবা এমন বিদ্রোহের গান লিখতে পারতেন না। দিনের কণ্ঠে বাংলার বিপ্লবী তরুণদের যে ভূমিকা ছিল তা চিরকাল স্মরণীয় হয়ে থাকবে। নজরুলের ভাষায় "ফাঁসির মঞ্চে কারাগারে উঠেছে যে বিদ্রোহী।" আর সে-এর কণ্ঠে তারই বাংলার সেই তরুণ ও যুবকরা জেগেছে গেল। তিনি এর কণ্ঠে গৌরবময় ভূমিকাতেও কি বাংলাদেশ স্বদেশের মুক্তিকামী উদ্বুদ্ধ হয় না?

নজরুল যেমন বাংলার বিপ্লবীদেরকে আহ্বান করেছিলেন, বিপ্লবের প্রেরণা সৃষ্টি করেছিলেন। তেমনই পরবর্তী সময় সাম্যবাদের আদর্শের পথিক ছিলেন তিনি। তিনি আবার স্বপন নজরুল বিদ্রোহের জয়গান গেয়েছিলেন—

"তোরা সব জয়ধ্বনি কর
তোরা সব জয়ধ্বনি কর
ঐ নূতনের কেতন উড়ে।
কালবৈশাখীর ঝড়। তোরা সব
সিন্ধুপারের আগল ভেঙে
আসছে ভয়ঙ্কর।"

স্বাভাবিকভাবেই নজরুল চিন্তা করেছিলেন বিপ্লবের পরবর্তী কাল সাম্যবাদী সমাজ গড়ে। বিপ্লবের অর্থ পুরাতন ব্যবস্থা অধিকার রক্ষণের থেকে ভেঙে ফেলা। এমন এক সমাজ গড়ে তোলা যেখানে অর্থ উঁচু থাকবে না। মানুষের অন্ন স্বাধীনতা থাকবে, ব্যক্তি স্বোপার্জন, শিক্ষা, সংস্কৃতির স্বাধীনতা থাকবে। সুতরাং নজরুল বিপ্লববাদ থেকে সাম্যবাদে স্বাভাবিকভাবে উত্তরিত হয়েছিলেন। যদি নজরুল বিদ্রোহের গান না লিখতেন গদ্যে-পদ্যে বিদ্রোহী কবিতা আবৃত্তি করে না বেড়াতেন তাহলে তিনি এত বিখ্যাত হতেন কিনা জানি না। আমাদের কিছু "বুদ্ধিজীবী" মানুষ আছেন যাঁরা নজরুলের এই বিদ্রোহী ভূমিকা নিয়ে আলোচনা করা পছন্দ করেন না, অথচ এই নজরুলের বিদ্রোহী ও সাম্যবাদী চিন্তাকে উপেক্ষা করলে সম্পূর্ণ নজরুলকে পাওয়া যাবে না।

তিনি যেমন বিদ্রোহের গান গেয়েছেন, সাম্যবাদের গান গেয়েছেন, তার সাথে হিন্দু-মুসলমান সম্প্রীতির জন্য এবং সাম্প্রদায়িক বিদ্বেষের বিরুদ্ধে তার মত এত বলিষ্ঠভাবে কেউ লেখেননি। এদেশে নারীসমাজ চিরকাল অবহেলিত, বঞ্চিত জীবন, মুসলমানদের মধ্যে পুরুষশাসিত সমাজের নারী চিরকালই পুরুষের ভোগদাসীর অধিক মর্যাদা পায়নি। কাজী নজরুলের বিখ্যাত কবিতা, 'নারী' এই ব্যবস্থার বিরুদ্ধে এক তীব্র প্রতিবাদ। তাঁর 'জাগো নারী বহ্নিশিখা' নারীকে বিদ্রোহের আহ্বান।

কাজী নজরুলের সৃষ্টির আরও বহু দিক আছে। তিনি বাংলা কাব্যে নতুন ছন্দের প্রবর্তন করে বাংলা কাব্যকে শক্তিশালী করেছেন, ভাষাকে সৌন্দর্যবিভূষিত করেছেন। শিশুদের জন্য ছড়া ও কবিতা লিখেছেন যা এক বিপ্লবীর মনে গভীর স্নেহের শিশু-প্রেমের প্রকাশ। তিনি নাটক, গল্প, উপন্যাস বেশ কিছু লিখেছেন। এই সকল গল্প, উপন্যাসে নতুনত্ব আছে। তাঁর বিদ্রোহের মানসিক তত্ত্ব প্রকাশ পেয়েছে তার 'ব্যথার দান' গ্রন্থে। 'কুহেলিকা' উপন্যাসে একজন মুসলিম নায়িকার চরিত্র অংকন করেছেন বিপ্লবী দলের নেত্রী হিসাবে। এখানে তার মনের গোপন ইচ্ছাই প্রকাশ পেয়েছে। তিনি কামনা করেছিলেন মুসলমান সমাজের যুবক-যুবতীরা বাংলার বিপ্লবী দলে সক্রিয়ভাবে যুক্ত হোন। এই আকাঙ্ক্ষা তাঁর 'কুহেলিকা' উপন্যাসে ব্যক্ত করেছেন।

সুতরাং নজরুলকে বুঝতে হলে তার সমগ্র রচনা পাঠ করা কর্তব্য। যাঁরা মনে করেন কবি হিসাবে নজরুল উচুদরের কবি নন, তাঁরা দেশের ইতিহাস, কালের পর্যায় ইত্যাদি বিবেচনা না করে পরিপ্রেক্ষিতহীন উক্তি করে থাকেন। একদা সমালোচনায় রবীন্দ্রনাথ বলেছিলেন, যে কবির কাব্যে একটা যুগের চিত্র প্রকাশ হয়েছে, তিনি শুধু কবি নন, মহাকবি।

বাংলার জগতে রবীন্দ্র-সংগীত ও নজরুল-সংগীত বাংলার আকাশে বাতাসে সুর ছড়িয়ে দিয়েছে। এমন কম দেশই আছে যেখানে এমন করে গান গেয়ে মানুষ এতটা প্রেরণা লাভ করেছে। নজরুলের গানের কথা এখানে আর আলোচনা করলাম না। কারণ সেটি স্বতন্ত্র একটি বিষয় হয়ে উঠেছে। তবে একথা উল্লেখ করতেই হয়। তিনি কাজী সুরের সাথে বাংলায় খেয়াল, ঠুংরি, গজল, কাওয়ালি এবং লোকগীতি নতুন সুরে, নতুন রসিয়ে সৃজন করেছেন। তার সাথে একমাত্র উচ্চাঙ্গ সংগীত নামে 'আত্মজাগরণের গান'-এর পথিকৃৎ তিনি।

কবি নজরুল : প্রস্তুতিপর্ব

জ্যোতির্ময় ঘোষ

"বর্তমান কবিতা পড়িয়া এতো আনন্দ পাই নাই, এমন প্রশংসার আবেগ অনুভব করি নাই। বাংলা ভাষা যে এই কবির প্রাণের ভাষা হইতে পারিয়াছে, তাহার প্রতিভা যে সুখবী ও শক্তিশালিনী—এক কথায়, সাহিত্য-সৃষ্টির প্রেরণা যে তাঁহার মনোগৃহে সত্যই অবতীর্ণ হইয়াছে, তাঁহার নিদর্শন প্রথম হইতে ভাব, ভাষা ও ছন্দ। আমি এই অবসরে তাঁহাকে বাংলার সারস্বত মণ্ডপে স্বাগত সম্ভাষণ জানাইতেছি, এবং আমার বিশ্বাস প্রকৃত সাহিত্যামোদী বাঙালী পাঠক ও লেখক সাধারণের পক্ষ হইতেই আমি এই সুখের কর্তব্য সম্পাদনে অগ্রসর হইয়াছি।"

"...কাজী সাহেবের ছন্দ তাঁহার স্বতঃ উৎসারিত ভাবকল্পনার অনুগামী সহচরী। 'খেয়াপারের তরণী' শীর্ষক কবিতার ছন্দ সর্বত্র মূলত এক হইলেও মাত্রাবিন্যাস ও যতির বৈচিত্র্যে প্রত্যেক শ্লোক ভাবানুযায়ী সুর সৃষ্টি করিয়াছে; ছন্দকে রক্ষা করিয়া তাহার মধ্যে এই যে একটি অবলীলা, স্বাধীন স্ফূর্তি, অবাধ আবেগ, কবি কোথাও তাহাকে হারাইয়া বসেন নাই; ছন্দ যে ভাবের দাসত্ব করিতেছে—কোনোখানে আপন অধিকারের সীমা লঙ্ঘন করে নাই—এই প্রকৃত কবি-শক্তিই পাঠককে মুগ্ধ করে। কবিতাটি আবৃত্তি করিলেই বোঝা যায় যে, শব্দ ও অর্থগত ভাবের সুর কোনোখানে ছন্দের বাঁধনে ব্যাহত হয় নাই।"

"...বাদল প্রাতের শরাব' শীর্ষক কবিতা হাফেজের পুষ্পসার ও দ্রাক্ষারসে ভরপুর হইয়া উঠিয়াছে। এই কবিতাটিতেও কবির 'মস্ত' হইবার ও 'মস্ত' করিবার ক্ষমতা প্রকাশ পাইয়াছে। পাঠকমাত্রেই ইহার উজ্জ্বল রসাবেশ অন্তরে অনুভব করিবে। কবির লেখনী জয়যুক্ত হউক।"

'মোসলেম ভারত' পত্রিকার সম্পাদককে লেখা কবি-সমালোচক মোহিতলাল মজুমদারের বহু উল্লেখিত বিখ্যাত চিঠির কিছুটি নির্বাচিত অংশ এখানে উদ্ধৃত হল। এই চিঠিখানি সুদীর্ঘ কিন্তু অবিস্মরণীয়। 'মোসলেম ভারত' পত্রিকার ১৩২৭ বঙ্গাব্দের ভাদ্র সংখ্যায় চিঠিখানি প্রকাশিত হয়েছিল। অর্থাৎ ১৯২০ খ্রীষ্টাব্দের আগস্ট মাসে চিঠিখানি সম্পাদকের হস্তগত হওয়ায় প্রায় সঙ্গে সঙ্গেই প্রেসে পাঠিয়ে দেওয়া হয়েছিল, এই অনুমান অসঙ্গত হবে না। নজরুলের বয়স ছিল তখন একুশ আর মোহিতলালের বত্রিশ।

রবীন্দ্রোত্তর আধুনিক বাংলা কবিতার ইতিহাসে মোহিতলালের বিশেষ উল্লেখযোগ্য একটি ভূমিকা নিয়ে যেমন কোনও সংশয় উত্থাপন করা সংগত হবে না তেমনি বাংলার সমালোচনা সাহিত্যে কোনও কোনও ক্ষেত্রে মানসিক ত্রুটি (বক্রতা) জনিত সীমাবদ্ধতা সত্ত্বেও মোহিতলালকে প্রথম সারির অন্যতম অগ্রণী ব্যক্তিত্ব রূপে চিহ্নিত করলে অতিশয়োক্তি হবে না। এই চিঠির সূত্র ধরেই মোহিতলাল ও নজরুলের পরিচয় ও অন্তরঙ্গতা ঘটলেও পরবর্তীকালে উভয়ের সম্পর্ক তিক্ত হয়ে ওঠে। বাংলা সাহিত্যে কৌতূহলী পাঠকেরা এ-ও জানেন যে নজরুলের বিদ্রোহী কবিতার মূলে মোহিতলালের 'আমি' শীর্ষক গদ্য রচনাটির প্রভাব বিদ্যমান— মোহিতলালের এই বিশ্বাস ও অভিযোগকে কেন্দ্র করে উভয়ের পারস্পরিক সম্পর্ক ভাঙনের মুখে গিয়ে পড়ে। মোহিতলালের ব্যক্তিত্বের প্রবল আত্মাভিমানবোধ ও চারিত্রিক [illegible] কটূর সমালোচনা তাঁর সমকালে তাঁকে বঙ্গদেশে বিচ্ছিন্ন করে তুলেছিল এবং মনে হয় তাঁর প্রাপ্য সাহিত্যিক মর্যাদা থেকেও তাঁকে অনেকাংশে বঞ্চিত করেছিল। কিন্তু 'মোসলেম ভারত' সম্পাদকের কাছে লেখা সুদীর্ঘ চিঠিতে মোহিতলালের রসবোধ ও বিশ্লেষণ-নৈপুণ্যের যে পরিচয় পাওয়া যায় তাকে অসামান্য বলতেই হবে এবং উদীয়মান তরুণ কবি নজরুলের দুটি মাত্র কবিতাপাঠের ('খেয়াপারের তরণী' ও 'বাদল প্রাতের শরাব'—পরবর্তীকালে এই দ্বিতীয় কবিতাটি '[illegible]' নামে চিহ্নিত হয়েছে) অভিজ্ঞতার ভিত্তিতে নজরুলের কবিপ্রতিভাকে যে দ্বিধাহীন ভাষায় নন্দিত করেছিলেন, তাকে সাহিত্যিক ও ঐতিহাসিক, বিবিধ কারণেই স্মরণীয় বলতে হবে।

॥ দুই ॥

নজরুলের প্রথম মুদ্রিত কবিতার নাম 'মুক্তি'। বেরিয়েছিল 'বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা'র ১৩২৬ সালের শ্রাবণ সংখ্যায় (জুলাই/আগস্ট ১৯১৯)। নজরুল এর আগেও অনেক কবিতা লিখেছিলেন কিন্তু এই কবিতাটিই তাঁর প্রথম মুদ্রিত কবিতা। মুজফ্‌ফর আহ্‌মদ জানিয়েছেন কবিতাটি নজরুলের 'নির্ঝর' নামে সংকলনে গৃহীত হয়েছিল। 'নির্ঝর' সংকলনটি মুদ্রিত হলেও বাজারে প্রকাশিত হয়নি।

'মিহির' পত্রিকাটি আমরা দেখিনি। তবে এই সাক্ষ্যের জন্য (যেহেতু কবিতা পাঠের অভিজ্ঞতাও না থাকায় ঠিক সাক্ষ্যমতে 'মুক্তি' শীর্ষক একটিমাত্র কবিতা আমাদের অভিজ্ঞতার অন্তর্গত। কবিতাটি মুজফ্‌ফর আহ্‌মদ সাহেবের 'কাজী নজরুল ইসলাম : স্মৃতিকথা' গ্রন্থটিতে আছে। কবিতাটি প্রসঙ্গে কবি কাজী নজরুল ইসলাম একটি টীকা যুক্ত করেছিলেন। সেখানে আছে 'ইহা সত্য ঘটনা। ১৯১৯ সালের এপ্রিল মাসে এই ঘটনাটি ঘটিতে শুন যেখানটির মুদ্রা ঘটে। উহারা পরিত্র সমাধি এখনো হয় যাঁরা পবিত্রের মহাপবিত্র বলিয়া কথিত হয়—নজরুল ইসলাম।'

কবির সবুজ দিক থেকে এবং কবিতাটি পাঠের অভিজ্ঞতা থেকে এটি পুস্পী যে 'মুক্তি' একটি আত্মিক কবিতা। তবু নজরুলের এই প্রথম মুদ্রিত কবিতাটি নয়, তাঁর দক্ষিণ অভিজ্ঞানে কবিতা এবং কম সংখ্যক গদ্যও প্রকাশ এ পত্রিকা ভাগে স্পষ্ট এ অজ্ঞাতে পুষ্প ও পত্রিকায় নিয়োজনার কতিপয় অপ্রকাশিত। বস্তুত নজরুল 'বঙ্গীয় মুসলমান সাহিত্য' পত্রিকায় প্রথম থেকে এইরকম আত্মপ্রতিষ্ঠিত কবিতাটি এবং তার পাশাপাশি 'হেনা', 'ব্যথার দান' প্রভৃতি ছোট গল্প পাঠালেন। নজরুল ইসলাম বেশ কয়েকটি ছোটগল্প এবং কয়েকটি উপন্যাস ও নাটিকা লিখেছেন।

অর্থাৎ প্রথম থেকে শেষ পর্যন্ত গদ্য প্রায় বা পদ্যেই প্রায় ক্ষমা বা কাটিয়ে দিয়েছেন। এই দিকে সাহিত্যিক বাস্তবতা কথা মনে রাখলে নজরুলকে প্রথমত ও প্রধানত কবিশিল্পী রূপেই চিহ্নিত করলে ভ্রান্তি অবকাশ হবে না।

এই প্রসঙ্গে আমাদের বক্তব্য ও সিদ্ধান্তের সমর্থনে একটি তথ্য-পরিসংখ্যান পেশ করা দরকার। ১৩২৭ বঙ্গাব্দে অর্থাৎ প্রথম বর্ষে 'মোসলেম ভারতে' নজরুল ইসলামেরও যে রচনাবলী ছাপা হয়েছিলো তার একটি তালিকা মুজফ্‌ফর আহ্‌মদ তাঁর আলোচনায় বর্ণনা ও ইতিহাস চেতনা থেকে তার নজরুল সংক্রান্ত স্মৃতিকথায় উপস্থাপিত করেছেন। এই তালিকাভুক্ত রচনাগুলির পাশাপাশি এগুলির সাহিত্যিক প্রকৃতি আমরা লক্ষ্য নির্দেশ করেছেন। সেই প্রসঙ্গে অতিক্রম থেকেই আমাদের প্রতিপাদ্যটি সম্পর্কে অনুভব করা যাবে বাস্তব এও হতে পারে—

(১) বাঁধন হারা (ক্রমশ প্রকাশ্য উপন্যাস)
(২) খেয়াপারের তরণী (কবিতা)
(৩) বাদল বরিষণে (ছোট গল্প)
(৪) বাদল প্রাতের শরাব (কবিতা)
(৫) মোহরম (কবিতা)
(৬) কোরবানী (কবিতা)
(৭) শাত্-ইল-আরব (কবিতা)
(৮) গান (হিন্দি)
(৯) হাফিজের গজল
(১০) ফাতেহা-ই-দোয়াজ্-দহম, আবির্ভাব (কবিতা)
(১১) বিদ্রোহী (কবিতা)
(১২) মরমী (গান)
(১৩) ভোর-বিহু (গান)

সমসাময়িক বিজ্ঞজনেরাও জানিয়েছেন মুজফ্‌ফর আহ্‌মদ—

আমি কবি বা সাহিত্যিক নই। কাজেই সাহিত্যের আমি যে এতখানি সমঝদার সে-কথাও জোর গলায় প্রচার করার অধিকার আমার নেই। তবু নজরুল ইসলামের এই প্রথম কবিতাটির পাণ্ডুলিপি হাতে পেয়ে খুবি খুব উৎফুল্ল হয়ে উঠেছিলাম।

তিনি খুবই উৎফুল্ল হয়ে উঠুন না কেন, তিনি নিজেই জানতে বুঝেছিলেন যে, 'সম্পাদক ও সহকারীরা এই কবিতাটির তারিফ করেননি। কেউ কেউ বলেছেন কবিতাটি রবীন্দ্রনাথের অনুকরণ।'

নজরুলের এই প্রথম মুদ্রিত কবিতার 'রবীন্দ্রনাথের অনুকরণ' শীর্ষক ছিল কি-না, সময়ের তার প্রবৃত্তি ও পরিবেশ সম্পর্কে অবহেলার দরুন ১৯২০ সালে নজরুলের এই কবিতা এবং নজরুলের 'হেনা' ও 'ব্যথার দান' প্রকাশে পত্রিকা সম্পাদনায় অভিজ্ঞতাসম্পন্ন একজন কবিতা-পাঠকরূপে মুজফ্‌ফর আহ্‌মদ সাহেবের কী ধারণা হয়েছিল তার কিছু প্রতিবেদনে তিনি স্পষ্টভাবে তাঁর ব্যক্তিগত ধারণা প্রকাশ করেছেন—

কিছু না কিছু বলুক না কেন, আমি কিন্তু নজরুল ইসলামের এই কবিতাটির হাতে লিখিত পাণ্ডুলিপি দেখেই পেয়েছিলাম। তারপর এই কবিতা এবং 'হেনা' ও 'ব্যথার দান' প্রভৃতি ছোটগল্প পড়ে আমার মনে হয়েছিল যে বাংলাসাহিত্যে একজন শক্তিশালী কবি ও সাহিত্যিকের উদয় হতে যাচ্ছে।

'মুক্তি' কবিতাটিকে সমকালের সমালোচক ও সম্পাদকেরা 'রবীন্দ্রনাথের অনুকরণ' বলে মনে করেছিলেন। এর মধ্যে নিশ্চয়ই কিছু সত্য আছে। বস্তুত, তখনকার অর্ধসত্য। রবীন্দ্রনাথও তাঁর সাহিত্যজীবনের সূচনা থেকেই যথার্থ আত্মমগ্নশিল্পী। ভানুসিংহ ঠাকুরের পদাবলী প্রভৃতি তো আমাদেরই। রবীন্দ্রনাথের সাহিত্যসৃষ্টিতে প্রথম থেকে শেষ পর্যন্ত আত্মাদর্শ, আত্মগত ও সাহিত্য লক্ষণীয়।

রবীন্দ্রনাথ যাঁকে তাঁর 'জীবনস্মৃতি' গ্রন্থে উল্লেখ করেছিলেন, সেই বিহারীলাল 'সারদামঙ্গল' থেকে 'সাধের আসন'-এর 'প্রভাতী' তখ লেখেননি, তিনি 'বঙ্গসুন্দরী'ও লিখেছিলেন, 'নিসর্গ-সন্দর্শন' তো বটেই। রবীন্দ্রনাথ কৈশোরে ও প্রথম তরুণ বয়সে যাঁকে সাহিত্যগুরু বলে গ্রহণ করেছিলেন, সেই মধুসূদনও 'আত্মবিলাপ', 'বঙ্গভূমির প্রতি', চতুর্দশপদী কবিতাবলী ও 'ব্রজাঙ্গনা'-ই শুধু লেখেননি, 'মেঘনাদবধকাব্য' ও 'বীরাঙ্গনাকাব্য' আর নাটক-প্রহসন প্রভৃতিও লিখেছিলেন। অর্থাৎ উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা কাব্যজগতে তথা বাংলা সাহিত্যে ক্লাসিক ও রোমান্টিক সাহিত্যাদর্শ পাশাপাশি, আরও সঠিকভাবে মিশ্রিতভাবে চলছিল।

রবীন্দ্রনাথ স্বাভাবিকভাবে সেই সাহিত্যাদর্শেরই উত্তরাধিকার তাঁর অন্তরে প্রবাহিত পেয়েছিলেন। তিনি ক্লাসিক ও রোমান্টিক সাহিত্যাদর্শের মধ্যে একটি সোনালি সমন্বয়ের সন্ধানে ছিলেন এবং সম্ভবত সমকালেও তাঁর আকাঙ্ক্ষা ছিল। কেন না মহত্ত্ব ও গতিশীলতার প্রতি গভীরতর তৃষ্ণি প্রতিভার জন্মসূত্রে নিশ্চিত।

নজরুল তাঁর শৈশব-কৈশোরে সাহিত্যের বিভিন্ন কাহিনীমালাও লোকায়ত বৈশিষ্ট্য ও ঐতিহ্যাদিতে সাধনা করেছিলেন, কিন্তু পুরান ইসলামী সাহিত্যে তাঁর প্রত্যক্ষ গভীরতা তাঁর কবিতার স্তরে-স্তরে দৃশ্যমান, তাঁর প্রাক-সমকালীন সত্যেন্দ্রনাথ দত্ত-র কবিতায় ছান্দসিকের অনুরাগ ও বহুদী সমীকরণ নজরুলকে প্রভাবিত করেছিল, রবীন্দ্রনাথের অনুদিত গান কতটুকু ছিল বলে নজরুলের অনুরাগে তাঁকে 'রবীন্দ্রসংগীতের হাফিজ' বলা হতো এবং নজরুল সাহিত্যের সঙ্গে যাঁদের আন্তরিক পরিচয় আছে, তাঁরাই জানেন—নজরুলকে অনায়াসেই 'রবীন্দ্রসাহিত্যেরই হাফিজ' বললেও খুব একটা অতিশয়োক্তি হয় না।

নজরুলের প্রথম মুদ্রিত কবিতা 'মুক্তি' রচনায় মূলে রবীন্দ্রপ্রভাব থাকতেই পারে কিন্তু তা কোন ক্রমেই রবীন্দ্রনাথের অন্ধ অনুকরণ হতে পারে না। নজরুলের শৈশব-কৈশোরের মৌলিক মাটি-পরিবেশ ও

[illegible] 'মৃত্তি' নামে মুদ্রিত হয়েছিল।

[illegible] রবীন্দ্রনাথের [illegible] কিন্তু [illegible] বাংলা সাহিত্যে [illegible] ছিল না।

[illegible] 'মুক্তি' [illegible] নজরুল [illegible] এই [illegible]

[illegible] 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' [illegible] নজরুল [illegible] 'মুক্তি' [illegible]

[illegible] রবীন্দ্রনাথ [illegible] ১৯১৯ [illegible] নজরুল [illegible]

[illegible] নজরুল [illegible]

[illegible] এই [illegible] নজরুল [illegible]

[illegible] কবিতা [illegible]

কিন্তু [illegible] মধ্যযুগের [illegible] কবি [illegible] লিখেছিলেন—

[illegible]

[illegible]

[illegible] আধুনিকতার [illegible] প্রথম [illegible] কবি [illegible] প্রকাশ করে গেছেন। [illegible]

[illegible] কবিতা [illegible] নজরুল [illegible]

[illegible] আধুনিক [illegible] নজরুল [illegible]

[illegible] নজরুল [illegible] 'দোলনচাঁপার [illegible]' [illegible] এই দুটি কবিতাই [illegible]

'[illegible]' শীর্ষক কবিতার [illegible] কবি [illegible] এই [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] 'মা পাখির মতো' [illegible] কবিতার [illegible] শীর্ষক

কবিতার ইতরের পুষ্পপাত ও প্রাকৃতার অভ্যুত্থান হইয়া উঠিয়াছে, এ কবিতাটিতেও কবির 'অস্ত্র' হইবার ও 'অস্ত্র' করিবার ক্ষমতা পাইয়াছে, তাহারী মধ্যে ইহার উদ্ভব রূপান্তরে অন্তরে অনুভব করিবে। কবির লেখনী জয়যুক্ত হউক।

লেখাপড়া হলে অর্থাৎ, ছড়ার ছন্দে, রবীন্দ্রনাথ যাকে বলেছেন প্রাকৃত ছন্দ, সেক্ষেত্রে উর্দু-ফারসি শব্দগুলো এমন বেশি উপযুক্ত ও বিশেষ উপযোগিতা সৃষ্টি করে। নজরুলের ফারসি শিক্ষা তুর্কিস্থ মক্তবে শিক্ষক মৌলবি কাজী সাহেবের আমলেরও আগে শুরু হয়েছিল। নজরুল ইসলাম সম্পর্কে এক দুর্ভাগ্যের কারণে ফারসি শেখার সুযোগ পেয়েছিলেন। এজন্যই তিনি ছোটবেলা থেকেই মিশ্র ভাষা রীতিতে গান লিখে দিয়েছেন। মিশ্র ভাষা-রীতি, প্রসঙ্গে বৈষ্ণব পদাবলীর ক্ষেত্রে নতুন ব্রজবুলির কথাও মনে পড়ে। বিদ্যাপতি, দ্বিতীয় বিদ্যাপতি, গোবিন্দদাস ও রাধামোহন বৈষ্ণব পদাবলীর পদের যে উপযোগিতা লাভ করেন, তা-ই অনেক ভাবে প্রাকৃত না লৌকিক হয়ে উর্দু-ফারসি শব্দ গ্রহণ করেও কবিতায় পাওয়া যায়। নজরুল বিশেষভাবে রফিকুল ইসলাম নজরুলের প্রেমের মিশ্র ভাষারীতিতে লেখা একটি কবিতার নমুনা দেখিয়েছেন—

কেন দিল খেলে ছিলে মেরী খাতুনে আমান,
হাত পায়ে ওঠে ইশক মে জান পেরেশান।
প্রেমে তোমার বন্দি
চশ্ম কাফিরি
দিল কি যে বলবে গোলা, আহেতারা প্রাণ।
বুলবুল কাঁদে এসেছে বাকী শুধু গান।

কবির দক্ষতা হলেই নজরুল সেটা নাচ-গান এবং কথার সঙ্গে সংযোগ করতে থাকেন। এই প্রসঙ্গে রফিকুল ইসলাম সাহেবের মন্তব্যটি নজরুলের কাব্যভাষা নির্মাণের ক্ষেত্রে বিশেষ ভাবে প্রণিধানযোগ্য বলে মনে হয়—

"বস্তুত সেটাই বাংলা গানে প্রথম আরবি নজরুলকে বিচিত্র অভিজ্ঞতা দান করেছিল। কবি ও শিল্পী নজরুলের হাতে-গড়া সেটাই নয়। কেবল ছন্দ কবিতা, গান বা নাটক রচনা নয়, হিন্দু পুরাণ ইতিহাস এবং ঐ সমস্তের থেকে সংস্কৃতির ধারার সঙ্গে নজরুলের পরিচয় ঘটে সেটো দলে। পরবর্তীকালে তাঁর সৃষ্টিতে মুসলমান ঐতিহ্যের সঙ্গে হিন্দু ঐতিহ্য এবং বাংলার প্রাচীন ও লোক সংস্কৃতির উপাদান ব্যবহারের যে বৈচিত্র্য ও স্বচ্ছন্দ পরিলক্ষিত হয় তার সূত্রপাত ঘটে সেটো কবি নজরুলের জীবনে।"

'মোসলেম ভারত' পত্রিকার সম্পাদককে লেখা মোহিতলালের চিঠিতে নজরুলের 'খেয়াপারের তরণী' ও 'বাদল প্রাতের শরাব' কবিতা দুটির ভাষা সৌন্দর্যের অনুপম আলো অনেকেই উদ্ধৃত করেছেন। সেই উদ্ধৃতাংশের দুটি বাক্যের পুনরাবৃত্তি করতে চাই—

"কবিতাটি আবৃত্তি করিলেই বোঝা যায় যে, শব্দ ও অর্থগত ছন্দের কোনখানে হৃদয়ের তীব্রতা নাই। মিত্রাক্ষর, যতি, ভঙ্গি, সংযম, নিখুঁত বিন্যাস এবং সর্বোপরি প্রকাশ ভঙ্গির লোভ পর্যন্ত একটি উজ্জ্বল শক্তির কবিপ্রকৃতি কল্পনার রূপ, শব্দ বিন্যাস ও ছন্দ ঝংকারে মূর্তি দীপ্তিতে ফুটিয়া উঠিয়াছে।"

'কবিতাটি আবৃত্তি করিলেই'—এই তিনটি শব্দে উপরে বিশেষত আবৃত্তি শব্দটির উপর আমরা জোর দিতে চাইছি।

রবীন্দ্রনাথের বিচিত্র প্রতিভার কাহিনি অতুল, প্রতিষ্ঠিত হিমালয় পর্বতমালার মতো। কবিতাকে বিদ্রোহ রবীন্দ্র শিল্প ও সাহিত্য মহাসাগর জাতীয়, নিরবচ্ছিন্ন ভাবনায় রবীন্দ্রনাথ ছিল, অন্তঃপ্রবাহের দিক থেকে মহাকাব্যিক তুলনা কিন্তু এই সময়েই ছিলেন তিনি, বিদ্যুৎ বিদ্যুৎ গতি থেকে পর্যায়ে বাংলা জাতিকে জীবনপ্রবাহের সামগ্রিক মহাসম্প্রীতির জন্য শক্তিময়। এমন সুদীর্ঘ প্রতিভার মধ্যে একটি অরণ্য প্রতিভা জন্মগতভাবে ক্রমায়ে 'রবীন্দ্রনাথ' হয়ে উঠেছিলেন। রবীন্দ্র-প্রতিভার ক্রমবিকাশের পথে কোথাও আকস্মিকতার চমক অভাবনীয় অভূতপূর্ব কীর্তিতে দেয়। বুদ্ধদেব বসু রবীন্দ্র-প্রতিভা বিকাশের প্রক্রিয়া প্রসঙ্গে মনে করিয়ে দিয়েছিলেন, তিনি যা লেখেন বললে যদি রবীন্দ্রনাথকে পৃথিবী থেকে চলে যেতে হত, তাহলে রবীন্দ্র-সৃষ্টির ভারতীয় ঐশ্বর্য কি থাকত?

যখন নজরুলের কথা ভাবি, তখন মনে না হয়ে পারে না, ১৩২৮ সালের ২২ পৌষ তারিখে 'বিজলী' পত্রিকায় 'বিদ্রোহী' কবিতাটি যেদিন প্রথম ছাপা হল সেদিন নজরুলের (জন্ম ১১ জ্যৈষ্ঠ, ১৩০৬) বয়স ছিল বাইশ বছর। 'বিদ্রোহী' প্রকাশের সঙ্গে সঙ্গেই অর্থাৎ আর মাসে 'প্রবাসী' পত্রিকায় পুনর্মুদ্রিত হয়েছিল। শুধু তাই না, অনেক পত্রপত্রিকায়ে 'বিদ্রোহী' কবিতাটির পুনর্মুদ্রণের খবর পাওয়া যায়। বাংলা ভাষায় লেখা আর কোনও কবিতা নিয়ে অনুরূপ উন্মাদনার সৃষ্টির ঘটনা কি আমাদের মনে পড়ে?

এমন নয় যে আমাদের এত কম বয়সে অথবা এর চেয়েও আরও উল্লেখযোগ্য কম বয়সে উল্লেখযোগ্য আলো বা কবিতা লিখে আর কেউ নজরুলের আগে লেখেননি। ছাত্রের কাছেই দৃষ্টান্ত হিসেবে আছেন সুকান্ত-সুকান্ত। এবং গদ্য রচনায় ক্ষেত্রে লেখেন। 'ছবি' রবীন্দ্রনাথের কবিতার উৎকৃষ্ট রচনার নিদর্শন রেখে গেছেন। তবু কেউ বা অর্জন করতে পারেননি এমনকি রবীন্দ্রনাথও, একমাত্র নজরুলই তা পেয়েছিলেন তা হল এই একটিমাত্র কবিতা লিখবার সঙ্গে সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে শুধু চাঞ্চল্যকর নয়, আলোড়িত স্থান তিনি অর্জন করেছেন।

এই কবিতা রচনার প্রায় আশি বছর পরে, এখনও নজরুল এই কবিতাটির বিদ্রোহের জন্যই উল্লিখিত ও চিহ্নিত হয়ে আছেন, সাহিত্যের ইতিহাসে এই ঘটনার তুলনা মেলা ভার।

আরও একটি গুরুত্বপূর্ণ সাহিত্যিক তথ্যের এই সূত্রে অবতারণা হবে না। রবীন্দ্রনাথের 'সন্ধ্যাসঙ্গীত' (১৮৮২) এবং 'কড়ি ও কোমল' (১৮৮৬) প্রকাশিত হওয়ার পর অতি তরুণ বয়সে যথাক্রমে একুশ ও পঁচিশ বছর বয়সেই কবি-কথাশিল্পী সেদিনের সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের কাছ থেকে অভিনন্দন লাভে ধন্য হয়েছিলেন। উদ্দেশ্য ঘটনা, বঙ্কিমচন্দ্র রবীন্দ্রনাথকে কোনও গ্রন্থ উৎসর্গ করেননি।

রবীন্দ্রনাথ কিন্তু রবীন্দ্রোত্তর কাল সাহিত্যিকদের এবং বিজ্ঞান ও রাজনীতির জগতে বিশিষ্ট কোনও কোনও ব্যক্তিকে গ্রন্থ উৎসর্গ করার ক্ষেত্রে কোনওরকম কার্পণ্য করেননি। তবু 'বিদ্রোহী' কবিতাটির নজরুল প্রতিভার এমন কোনও মৌলিকতা ও উৎকর্ষ বিশেষত্বে নিঃসংশয় অভিভূত করেছিল যে, বয়স-সাপেক্ষ রবীন্দ্রনাথের তাঁর সেই পরিণত বয়সেও একজনের মধ্যে একটি নতুন গ্রন্থ দিয়ে নজরুলকে উৎসর্গ করে নিজের অপরিসীম স্নেহ-শ্রদ্ধা, তাঁর তরুণেরও জানান করে দিলেন। নতুন রবীন্দ্রনাথের প্রেরণা ও তরুণ সাহিত্য বহুলের আশীর্বাদ উল্লিখিত অনাবৃত হয়েছিলেন—কবি নজরুলকে বিদগ্ধ রবীন্দ্রনাথকে তাঁর পক্ষে

বিরূপ উচ্ছ্বাসের সঙ্গে তুলনা করে দেওয়ায়। রবীন্দ্রনাথ তাঁর ভক্ত ও পার্ষদদের মনোভাব অনুধাবন করেছিলেন। প্রসঙ্গটি তাঁদের কাছে উত্থাপনও করেছিলেন। নিজের সিদ্ধান্ত থেকে সরেও আসেননি।

অনুজ তরুণ কবি লেখকদের মধ্যে যাঁদের স্নেহ ও স্বত্ব রবীন্দ্রনাথের কাছেও সমূহ উল্লেখযোগ্য বলে মনে হয়েছিল, তাঁদের তিনি সদর স্বীকৃতি জানাতেও সর্বদাই নিজের উত্তরাধিকারী বলে একমাত্র তরুণ নজরুলকেই স্বতঃস্ফূর্ত স্নেহ-মমতা সহ ও আশীর্বাণীরূপে বরণ করে নিয়েছিলেন।

কিন্তু ফিরে স্মরণ করতে পারি, 'দেশ' পত্রিকার ১৩৮৯ বঙ্গাব্দের মাঘ-ফাল্গুন যুগ্ম ও শারদ সংখ্যায় প্রকাশিত 'সাহিত্য-বিতর্কের দেশপটে' নামাঙ্কিত সুদীর্ঘ প্রবন্ধটিতে নজরুলকে উৎসর্গীকৃত 'বসন্ত' নাটিকার অধিক্রান্ত সর্বাংশে নজরুল প্রতিভার রবীন্দ্রকৃত সঠিকতম মূল্যায়ন বলে উল্লেখ করেছিলাম। এই ধরনের আরও একটি রবীন্দ্রকৃত নজরুল মূল্যায়ন আমরা পেতে পারি নজরুলের 'ধূমকেতু' পত্রিকার প্রথম সংখ্যায় প্রদত্ত রবীন্দ্রনাথের আশীর্বাণীটি থেকে। এই বাণীটিকে মূল্যায়নে আমরা সর্বাংশে সঠিকভাবে 'রাজনৈতিক আশীর্বাণী' বলে চিহ্নিত করে থাকি।

'ধূমকেতু' পত্রিকায় প্রদত্ত আশীর্বাণীটি রবীন্দ্রনাথের রাজনৈতিক উচ্চারণ বলে পাঠকসমালোচকগণের বুঝতে অসুবিধা হয় না। কিন্তু 'বসন্ত' নাটিকার সর্বাংশ সর্বাংশেও যে কবি রাজনৈতিক সাংগঠনিক নজরুলের উচ্চাকাঙ্ক্ষী রচিত, এই সত্যটি গভীরতর উপলব্ধি-সাপেক্ষ। নজরুল-সম্পাদিত সাপ্তাহিক অর্ধসাপ্তাহিক রবীন্দ্রনাথ এখানে 'ওরে নবীন, ওরে প্রেমিক' বলে আহ্বান করে লিখেছিলেন

আয়রে সবে
প্রলয়োল্লাসের মন্ত্রণাতে

আসলে রবীন্দ্রসাহিত্যে 'বলাকা'-র 'সবুজপত্র' পর্বটির সম্পূর্ণ তাৎপর্য উপলব্ধি না করতে পারলে কিছুতেই স্পষ্ট হবে না, কেন রবীন্দ্রনাথ 'বিদ্রোহী'র কবিকেই নিজের যথার্থ উত্তরাধিকারীরূপে বরণ করলেন। 'পূরবী'র 'আহ্বান' কবিতাও আসলে বিদ্রোহী নবীন বীর যুবকের শাসনকে বিধিহীন বন্দের উৎসাহ ও উদ্দীপনা। 'ঐকতান' কবিতাতেও রবীন্দ্রনাথ অস্পৃশ্যতার অর্থেই লোকায়তে জনগণের যোগ্য কবিকে 'এসো কবি' বলে আহ্বান জানালেন।

সমকালের বাংলা সাহিত্য পর্যালোচনা করলেই স্পষ্ট হয় কেন 'বিদ্রোহী' প্রকাশের বিশেষ লগ্ন থেকে নজরুলকেই রবীন্দ্রনাথ এই প্রসঙ্গে নবীকৃত মর্যাদায় ভূষিত করলেন। একদিকে 'কল্লোল' 'ক বিচিত্রা' ও 'প্রগতি' মনোবৃত্তিক 'কল্লোলের চিঠি'। কোনও গোষ্ঠীকেই রবীন্দ্রনাথ তাঁর জীবন, সাহিত্য ও কর্মসাধনার সুযোগ্য উত্তরাধিকারীরূপে গ্রহণ করতে পারেন না।

উল্লিখিত সমকালীন দুটি প্রধান সাহিত্য গোষ্ঠীর একটিকেও কেন রবীন্দ্রনাথ তাঁর যথাযথ উত্তরসাধকরূপে গ্রহণ করতে পারেননি, তার ব্যাখ্যা বিস্তৃত-আলোচনা নয়, তবে কিঞ্চিৎ পরিসরসাপেক্ষ। রবীন্দ্রনাথ বাংলা সাহিত্যে তাঁর পরবর্তী অভিভাবকরূপে প্রমথ চৌধুরীকে প্রতিষ্ঠা দিতে চেয়েছিলেন, সবুজপত্র প্রকাশনার (১৯১৪) দিন সেই অভিপ্রায়েরই রূপায়ণ প্রচেষ্টা। সার্থক ভূমিকায় ছিলেন রবীন্দ্রনাথই স্বয়ং। 'সবুজপত্র' একটি লেখক গোষ্ঠী তৈরিতে ভূমিকাও নিয়েছিল। যেমনটি চেয়েছিলেন রবীন্দ্রনাথ। কিন্তু বছর সাতেকের ভিতর 'সবুজপত্র' সম্পাদক যদি মিটিয়ে ক্রমশ প্রাকৃতিক ও সাহিত্যিক বিশীর্ণতার দিকেই অগ্রসর হচ্ছিল। ১৯১৭ সালের রুশবিপ্লব ও সেই বিপ্লবোত্তর আন্তর্জাতিক পরিস্থিতি এবং বিশ্বসাহিত্যে তার প্রতিফলন একটি নবোত্থিত চেতনার

রবীন্দ্রনাথের ক্রমিক উত্তরণের সম্ভাবনা সৃষ্টি করেছিল। ১৯২২ সালের ৬ জানুয়ারি 'বিদ্রোহী' কবিতার প্রকাশলগ্নেই রবীন্দ্রনাথ চিনে নিতে পেরেছেন তাঁর বহু-প্রতীক্ষিত 'আগত রাতের কবি' কে?

বস্তুত, অনেকের কাছে অপ্রত্যাশিত ও আপাতঅপ্রাসঙ্গিক মনে হলেও অভ্যাস বিবেচনায় রবীন্দ্রোত্তর যে তিনজন কবি স্বয়ং রবীন্দ্রনাথকেও কম বেশি প্রাণিত করেছিলেন তাঁরা হলেন: সত্যেন্দ্রনাথ, নজরুল ও জীবনানন্দ। সময়ের সূত্র ধরলে, অগ্রজ প্রতিভাবান রবীন্দ্রনাথ সত্যেন্দ্রনাথের ছন্দের ও শব্দবোধের দ্বারা, নজরুল ইসলামের সমাজ পরিবর্তনের বিপ্লবী দর্শনের দ্বারা এবং জীবনানন্দের অপার ও অস্থির আধুনিকতার দ্বারা কমবেশি প্রাণিত হয়েছিলেন।

তবু সবুজ একজন রবীন্দ্রনাথ ও আধুনিক একজন জীবনানন্দ সত্ত্বেও নজরুল একজনই নজরুল। নজরুল বিষয়ে অসংখ্য বহু বাণী ছাপার অক্ষরে নিত্য উচ্চারিত হলেও কেন এখনও নিষ্পেষিত নয়। কোথায় তাঁর প্রাণশক্তি? কোথায় তাঁর নবীন প্রেমের উৎস? কোথায় তাঁর উচ্চারণের রহস্য?

ভাষা ও সমাজ নিয়ে যাঁরা বিভিন্ন কেতাবি চর্চায় নিবেদিত অর্থাৎ বিশেষজ্ঞ যাঁরা সম্ভবত দুটি বিষয়েই এমন অনেক নিগূঢ় সংবাদ রাখেন, যেগুলি যাঁদেরই একান্ত অনুশীলনের বিষয়। তাঁদের নিকট ভাষা সকলের বোধগম্য না হতেও পারে। ভাষা আর সমাজ—দুটি এলাকা জুড়েই যাঁদের কাজ তাঁদের কাছেও সর্বজনবোধ্য না হলেও অবজ্ঞাযোগ্য অবশ্যই। সেই 'সব' জন, যাঁরা এসব বিষয়ে বিশেষজ্ঞ না হলেও কিছু কৌতূহল, কিছু জিজ্ঞাসা পোষণ করেন।

ভাষা ও সমাজ পরস্পর বিচ্ছিন্ন চর্চার বিষয়ই নয়। কিন্তু সকলেই জানেন, [illegible] জগতে অনেক শব্দেরই বিভিন্ন [illegible] নির্দেশ করবার ছলে।

ভাষা নিয়ে মানুষের [illegible] এমন [illegible] জানেন, ভাষা [illegible] ও বৈশিষ্ট্য [illegible]। মানুষের ভাষা, চিন্তার ভাষা, সুখের ভাষা, দুঃখের ভাষা—প্রক্রিয়া ও ব্যবহার অনুসারে ভাষার নানা ধরন আছে। যেমন, যেখানে বা [illegible] করছি, তাঁকে চিন্তা করতে গেলেই [illegible]। একটি শব্দ থেকেও বেশি পরিবর্তন ঘটে যায়, অথবা [illegible] একই জায়গায় স্থির থাকে না। আমরা সেই কথাটি (অর্থাৎ শব্দটা) যখন তাদের অনুবাদ করি। একেবারে অনুবাদই হোক। তার [illegible] এবং একটি অর্থও শেষ পর্যন্ত আসে যায়। সেই [illegible] গড়ে ওঠে, হয়ে পড়ে বিকৃত। অবশেষে [illegible] অনুবাদ প্রক্রিয়ার মাধ্যমেই যেতে হয়।

এইভাবে প্রথম অনুবাদ থেকে দ্বিতীয় [illegible] যেন [illegible] যায়। কয়টা ধাপ কী হবে, তার অনুপুঙ্খ গবেষণা করতে পারেন [illegible] ভাষাবিজ্ঞানী। ব্যক্তিগত [illegible] সাহিত্যসৃষ্টির [illegible] 'ব্যক্তিগত' [illegible] সাহিত্যের [illegible] পাশাপাশি ভাষা ইতিহাস এবং সমাজবিজ্ঞান [illegible] মনোবিজ্ঞানের [illegible] প্রকৃতি হয়ে ওঠে।

সাহিত্য 'পাঠের' প্রধান এলাকা। 'ব্যক্তিগত' এলাকা পাঠের কথাও। কিন্তু সে সবই অপেক্ষাকৃত আধুনিক সময়ের কথা। কেননা, মুদ্রণ শিল্পের [illegible] অপেক্ষাকৃত আধুনিক অভিজ্ঞতা।

সাম্প্রতিক কবি এবং পাঠক-সমালোচক কবিতার সৃষ্টি ও আস্বাদন [illegible] মুদ্রণশিল্পের বাইরের [illegible] সহজে ভাবতে না পারলেও [illegible] মুদ্রণ যুগের সৃষ্টি ও পাঠ যে অন্যরকমই ছিল। স্মৃতি ছিল [illegible]। বিশেষ সামাজিক প্রক্রিয়া। এমনকি পুঁথির যুগেও, [illegible] পর্বে ব্যক্তিগত নিভৃত পাঠ ছিল বিরল ব্যতিক্রমধর্মী ঘটনা। [illegible] ও [illegible] পাঠের [illegible] কোনটি তাল, কোনটি ছন্দ অথবা কোন শব্দটি উচ্চারণ ও আস্বাদনের ক্ষেত্রে শ্রেয়, তা নিয়ে তর্ক আছে, [illegible] সন্দেহ। তবুও, কোনও বিদগ্ধ ও বিচক্ষণ সমালোচক এ-রকম [illegible] পারেন, এ-রকম অভিমত পোষণ করতেই পারেন যে, "মুদ্রণ শিল্প [illegible] সাহিত্যিক অনুভবের সম্পর্ককে ধোঁয়াটে করার ক্ষেত্রে [illegible] দায়ী। [illegible] এই সূত্র ধরে বলেছেন, "[illegible] বৈশিষ্ট্য বা ধর্ম আছে। [illegible] শতাব্দী মুদ্রিত পৃষ্ঠায় [illegible]। কবিতার অন্তর্নিহিত সাংগীতিক [illegible] শুধুই [illegible] অবজ্ঞার কারণে [illegible] বিবর্ণ, [illegible], [illegible] হয়ে যায়।"

[illegible] তাঁর [illegible] একটি [illegible] ও [illegible] স্মরণ করেছেন, যা আমাদের প্রাথমিক [illegible] সমৃদ্ধ করতে পারে—ঠিক যুগের [illegible] পর্যন্ত, আমাদের [illegible] তৃতীয় ও চতুর্থ শতাব্দীতেও গদ্য ও পদ্যের একক ও নিভৃত পাঠের [illegible] তৈরি হয়নি, গদ্য ও পদ্যপাঠ [illegible] ও [illegible]।

প্রাচীন সাহিত্যপাঠে নীরব পাঠের [illegible] বিরল দৃষ্টান্তের উল্লেখ পাওয়া যায় অগাস্টিনের কনফেশনস্-এ একটি অংশ থেকে—সে তার গুরু অ্যামব্রোজকে একেবারেই নীরবে পড়তে দেখে [illegible], কেননা অ্যামব্রোজ তাঁর [illegible] সামগ্রিক [illegible] পাঠ করেন এবং [illegible] একদিন এরকম দেখা গেছে, বইয়ের পাতায় নীরবে তিনি তাঁর চোখ বুলিয়ে চলেছেন। এর কী অভিপ্রায়—তাঁর কাছে ও কিছু গুপ্ত ও নিভৃত। [illegible] বইয়ের এত বড়ো [illegible] নীরবে পড়া হল, তার [illegible] কারণ [illegible]। 'কনফেশনস্' থেকে উদ্ধৃত অংশ পুনরুদ্ধার করি—

His eyes scanned the pages, but his voice and tongue were silent ....whatever the reason, no doubt it was a good one in such a man.

[illegible] ও ইংরেজ [illegible] ভারতবর্ষে [illegible] আজই [illegible] মূল্য রয়ে। তার বিশ্বসংস্কৃতির ইতিহাসেই এ মুদ্রণশিল্প কতটা [illegible], [illegible], মানুষের [illegible] ভাষা, [illegible] কত প্রকার বহু ভাবে, কে তা বলতে পেরেছে। কিন্তু এ নিয়ে তো তর্কের বিন্দুমাত্র সুযোগ নেই যে, মানুষের [illegible] অর্থাৎ সামগ্রিক অর্থে 'মানুষের সাংস্কৃতিক অভিযাত্রা' অথবা মানুষের [illegible]। কিন্তু সংসারে সাংস্কৃতিক জীবন শুধু মানুষেরই থাকে। কেন না শুধু মানুষেরই আছে মানসিক জীবন।

এই মানসিক জীবনের বৈশিষ্ট্যকেই আমাদের নজরুল [illegible] সার্থকভাবেই দেখায়। তাঁর জীবনকাল ১৮৯৯-১৯৭৬ [illegible] কিন্তু [illegible] কর্মময় জীবনের সময়সীমা ১৯১৯-১৯৪১ দীর্ঘ ছিল না। এই বাইশটি বছরের মধ্যেই তাঁর প্রতিভার [illegible] উন্মোচিত হতে পেরেছিল। আরও একটি সহজ সরল তথ্য মনে রাখা দরকার। এই বাইশটি বছরের অধিকাংশ জুড়ে অবিভক্ত বঙ্গ ও ভারত ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের শাসন ও শোষণের শিকার। [illegible], সেই শাসন ও শোষণ পর্বের সূচনা আনুষ্ঠানিক ভাবে ১৭৫৭ সালের পলাশির যুদ্ধ থেকে এবং আনুষ্ঠানিক অবসান ১৯৪৭ সালের আগস্ট মাসে ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে।

শৈশবেই [illegible], প্রতিকূল জীবনের বিরুদ্ধে নজরুলকে অবতীর্ণ হতে হয়েছিল [illegible] এক ভয়ঙ্কর অসম যুদ্ধে। [illegible] ১৯০৮ সালে পিতার মৃত্যুর পরে। নয় বছরের শিশু নজরুল এই পারিবারিক সংকটকালে আনুষ্ঠানিক শিক্ষার সুযোগ বঞ্চিত হলেন, [illegible] তাঁর জীবনে [illegible] না, তাঁর [illegible] সৃজনশীল [illegible] প্রত্যাশিত আনুকূল্য খুঁজে পেল না।

মক্তবের শিক্ষা শেষ করে উচ্চ ইংরেজি বিদ্যালয়ে যখন তাঁর পড়ার কথা, তখন তাঁকে [illegible] মক্তবেই [illegible] শিক্ষকতার কাজ করতে। ধারাবাহিক কোনও ছাত্রজীবনও পাননি তিনি। অর্থোপার্জনের জন্য নানা রকম কাজ করতে হয়েছে তাঁকে। গ্রামে গ্রামে [illegible], বাজারে [illegible], [illegible] এই সবই তাঁকে করতে হয়েছে [illegible]। নজরুল [illegible] ছিলেন না, পারিবারিক আর্থিক [illegible] সমাধানের চেষ্টায় সুখ-শান্তি-বিলাস সবকিছু ভুলে নজরুলের যে [illegible] সৈনিকের [illegible] শুরু হয়েছিল, তাঁর পরবর্তী জীবনের [illegible] এবং [illegible] বিপন্ন মানুষের জন্য সেই একটি আবেগময় [illegible] ও [illegible] অর্থময় [illegible]। এই [illegible] ও [illegible] মানবতাবাদী নজরুলের লেখাগুলি ও [illegible] [illegible] অনুপ্রাণিত [illegible]।

[illegible] থেকেই তাঁকে সমস্ত পরিবারের [illegible] জন্য [illegible] [illegible] [illegible] 'ব্রেকিং [illegible]' [illegible] [illegible] [illegible] তিনি [illegible] করেছেন। [illegible]

পীড়নের বৈষম্য বা সাম্রাজ্যবাদের পরে, কীর্তন, কথকতা, যাত্রা, জিকির মহ্ফিল তথা ভক্তিমূলক লোকায়ত গানের আসর। বিশেষত ত্রিশের দশকের রবীন্দ্রোত্তর, ভিক্টোরিয়ান আধুনিক বিশ্বের বোধের পক্ষে নিঃসঙ্গতা তথা আধুনিক অর্থে প্রাগাধুনিক বাংলা সাহিত্যে ভক্তি, মুক্তি, ইত্যাদি তথা কবিতার সাধকদের পরম্পরা ও অবলোকন প্রেরণা সত্তার এক কথায়, যে সম্মিলিত বিচিত্র ধারা কবিতাকে বাংলা গান হয়ে উঠিয়ে দিয়েছেন রবীন্দ্রনাথ—সেই বিচিত্র সম্ভার ফেলেফেলাতেই সমৃদ্ধ হয়েছিল নজরুলের।

অপরাপর উৎস থেকেও রবীন্দ্রনাথের সঙ্গে নজরুলের তফাৎ খুঁজে পাওয়া কঠিন নয়। তবুও জীবনানন্দের অনুভবে এসেছিল। অন্যদের ব্যক্তিস্বাতন্ত্র্য যেন থেকে বলা যেতে পারে যেমন লেখার হলে না যে, লোকায়ত ঐতিহ্যের সূত্রে নজরুলের ভারতীয় সমন্বয়ের সঙ্গে যে অর্থে, সেই অর্থে রামপ্রসাদ ও লালনের সঙ্গেও নজরুলের আত্মীয়তা অকাট্য ভাবেই বাংলার সুফল পাবে।

রবীন্দ্রনাথের প্রবল প্রভাবের ভিতরেও কিছু আত্মমগ্ন বাংলা তথা ভারতীয় সাহিত্যের লোকায়ত ধারাকে অর্থাৎ মূল ধারাটিকেই প্রতিষ্ঠা, দ্বিধাহীন ভাবেই বলা যায়, নজরুল এবং সম্ভবত আধুনিক এই উপমহাদেশে একমাত্র নজরুলই।

তাঁর কবিতা, কথাসাহিত্য ও অন্যান্য গদ্যরচনা (সাংবাদিক রচনাসহ) নিতান্ত, তাঁর ও একক পাঠ্যের প্রকাশকালে বিচার নয় হয়তো, বরং সেগুলি সংকলন করিয়েছেন কোথাও। তাঁর গানগুলির মূল্যবোধই সম্ভবত 'অসামান্য' বলে উপস্থাপনযোগ্য। বস্তুত, নজরুলের গান ও কবিতার মূল্যবোধ গান-কবিতা। তাঁর অধিকাংশ কবিতাই সুরসংযোগে অনুকেই 'গান' হয়ে ওঠে, আর কোনও আধুনিক কবির পক্ষেই এই কথা একচুলও খাটে না। তবু বিদগ্ধজনদের 'আলোচনা' প্রসঙ্গে 'গানে'র ক্ষতি অপূরণ পর্যন্ত প্রযোজ্য।

নজরুলের সাহিত্য সৃষ্টির প্রেরণা ও অসাম্প্রদায়িক লোকায়ত। তাই নজরুল সাহিত্যের আস্বাদন পদ্ধতিও হওয়া উচিত লোকায়ত।

এখন যদি বলা যায়, নজরুল সাহিত্যের মূল্যায়ন যে ভাবে হয়ে এসেছে, সেই পদ্ধতি ভুলত ভুল? সেইজন্যই নজরুল এ পর্যন্ত ভুলভাবে বিশ্লিষ্ট ও প্রশংসিত হয়ে এসেছেন? রবীন্দ্রোত্তর অন্যান্য আধুনিক বাঙালি কবিদের সঙ্গে তাঁর মিল যতটা, অমিল তার চেয়ে অনেক অনেক বেশি।

এ কথা কি ঐতিহাসিক ভাবেই সত্য নয় যে আধুনিকতা এক অর্থে 'অভ্যাস'। আমাদের মতে, রবীন্দ্রোত্তর বাংলা সাহিত্যের তিনি শ্রেষ্ঠ সমালোচক, সেই জীবনানন্দও নজরুল-মূল্যায়নে আধুনিক অভ্যাস ও অভ্যাসের শক্তিতে নিয়েও কেন লিখে বসলেন—

১.....এ রকম পরিবেশে মুক্ত শ্রেষ্ঠ কবিতা জন্মায় না কিংবা জন্মায়, কিন্তু যখন প্রতিভা ও অনুশীলিত সুস্থিরতার প্রয়োজন। নজরুলের তা ছিল না। তাই তাঁর কবিতা চমৎকার কিন্তু মহোত্তীর্ণ নয়।

২.....তিনি অনেক সফল কবিতা উৎসারিত করতে পেরেছিলেন। কোনো কোনো কবিতায় এত বেশি সফলতা যে কঠিন সমালোচকও বলতে পারেন যে নজরুলী শব্দ এইখানে-এইখানে সার্থক হয়েছে, কিন্তু তবুও মান এড়িয়ে গিয়েছে।

৪.....কিন্তু নজরুলের আন্তরিকতা ও সময় এই বুদ্ধির্মর্যাদার হাত থেকে তাঁকে নিয়ত নিয়েছিল। আধুনিক অনেক কবিতা থেকে তাঁর কোনো কবিতার অসীমতার হাই বেশি, অনিয়ন্ত্রণের উৎকর্ষ তা কমে আসে নয়। কিন্তু নিজেদের বিশেষিত করে কোনো প্রতিভা নেই এ সব কবিতার বিষয়ে, লেখকের কোন বিধান নেই।

ঈশ্বরের চিন্তা উদ্ধৃতাংশে 'চমৎকার কিন্তু মহোত্তীর্ণ নয়', 'তবুও মান এড়িয়ে গেছে' 'নিজেদের বিশেষিত করে কোনো প্রতিভা নেই এ-সব কবিতার বিষয়ে' প্রভৃতি 'মূল্যায়ন' বা 'মূল্যায়ন পদ্ধতি' নজরুলের কবিতা প্রসঙ্গে যে কেমন খাটে না তা জানতেন জীবনানন্দ। যে কবিতা সমাজ, রাষ্ট্র ও নজরুলী সম্পর্কে অন্তত কিছুটা আলোকপাত করে জনসাধারণকে কাছে টেনেছে, নজরুলের সেই কাব্য সম্পর্কে জনসাধারণের, প্রায় নির্বিবাদ সুর বিস্ময়কর সাড়া জাগিয়েছে, তবু তিনি বিচারের বলি হয়েছেন, "আমাদের কবিতা বিশেষ একটি সময়ের মেলা ধরে অতীতের বিষয়ে পরিণত। ... সব নিয়মকানুন তৌল করে নিতে শিল্পী বসে রয়েছেন।"

রবীন্দ্রোত্তর বাংলা সমালোচনা সাহিত্যে আমাদের সর্বাধিক শ্রদ্ধাস্পদ ব্যক্তিদের মধ্যে যাঁরা, জীবনানন্দ, তবু নজরুল মূল্যায়নেও তাঁর দুর্বল প্রতিপত্তির কথা নয়। (নজরুলের কয়েকটি কবিতা প্রসঙ্গে যখন জীবনানন্দ বলেন, "ভালো ভাব ও বিষয়ের আদর্শ সৌন্দর্য রয়েছে এই কবিতাগুলোর বিষয়। প্রেম, প্রকৃতি, ভাব ছেড়েও বরং অনেক বেশি কাছে প্রেম ও নবীন সমাজ প্রেম বাংলা কাব্যে নজরুলের আবির্ভাবের মুহূর্তে যে দুরন্ত সম্ভাবনা দেখেছিল, তিনি তা প্রৌঢ়ত্বেরই উৎসবে উৎসবে উজাড় দিয়ে গেছেন। তবে নিয়েও তার কোনও কোনও কবিতা প্রসঙ্গে আমার প্রতিবাদ স্পষ্ট ও সুস্পষ্ট। নজরুলের কবিতার জীবনানন্দ নির্দেশিত শৈলাকাঙ্ক্ষাগুলি বুদ্ধিবিলাসের যে প্রক্রিয়ায় প্রবণতাপথে হবে পারেন, সেই মাপকাঠিটিই এক্ষেত্রে প্রযোজ্য নয়।

বস্তুত, 'অগ্নিবীণা'র কবিতাগুলি এবং জীবনানন্দ প্রভৃতির অন্যান্য কবিতার লোকশ্রুতি অনুরণনসূত্র স্মরণ রেখেও বলতে হবে, নজরুলের চিন্তনের গভীর আর তাঁর মূল্যবোধের গভীরতা থেকে জীবনানন্দের মতো বিষয়ে অপ্রকাশিতের বা মনোবিকলনের নতুন সত্তা খুঁজে পাওয়ায় চৈতন্য ও বর্তমানের সংবাদ অতি-আধুনিক একজন কবি স্বতন্ত্র হয়।

নজরুল ত্রিশের উপনিবেশের কবিতাতেই অন্তত পীড়নকর কবিতার অনুশীলন শেষ করতে বাধ্য হয়েছিলেন, জীবনানন্দ অতীতের উত্তরকালের তাৎপর্যপূর্ণ এক সময় প্রায় কলকাতার শহরের আবহাওয়া নাগরিকতার ক্লান্তি, গ্লানি ও হতাশার পুনরুত্থানের সন্ধানে আত্মগোপনের সমুদ্রিত।

তথাপি, নজরুল যে-অর্থে লোকায়ত, আধুনিক পাশ্চাত্য কর্মবিভাজন ও সাম্প্রতিকতা-অভিমুখী জীবনানন্দ ততটুকুই হয় বাংলাদেশ থেকে; নজরুলের চেতনায় প্রোথিত উপমহাদেশ বিচিত্রপানি থেকে জীবনানন্দের 'ভোর' কবিতাটির পুরো সত্তা রোমান্সের এবং সার্বভৌম মনোবিকলনের প্রধান তিন বিজ্ঞানী ফ্রয়েড, ইয়ুং আর উটি। নজরুলের মধ্যে দুর্বিপাক ও মানবতার সত্তাদের কাছে কঠিন ক্রিয়া-বিক্রিয়া হয়ে থাকে না, একজনের একসূত্রে কাজ করেও উৎসারিত হয়। ব্যক্তিকতার, বিদ্রোহ, অনুভবে ও সক্রিয়তার কোনও ভেদরেখা থাকে না বলেই উচ্চারণ হয় খাঁটি, ও দ্বিধাহীন, উক্ত আশায় জাগরণও উদ্দীপ্ত হয় কবিতায়। এই হলেন নজরুল আর সেজন্য প্রতিটি উচ্চারণই কবির থেকে হন নজরুল। প্রেম ও প্রাণ সত্তায় সেই সুন্দরী নীড়ের অপর নাম, নজরুল ইসলাম।

নজরুল বাল্যকালে গান লিখেছেন ও গান গেয়েছেন, [illegible] তিনি [illegible] লিখেছেন ও অভিনয় করেছেন।—এ তো আমরা [illegible] সকলেই জেনে গেছি। কিন্তু সকলেই হয়তো জানেন না যে, তিনি ছিলেন [illegible] প্রতিভাসম্পন্ন। ১৯১৪ সালে নজরুল ছিলেন [illegible] বিদ্যালয়ের ছাত্র। সেখানকার ইংরেজির শিক্ষক [illegible] পরিচালিত একটি [illegible] অনুষ্ঠানে নজরুল রবীন্দ্রনাথের 'দুই বিঘা জমি' ও 'পুরাতন ভৃত্য' কবিতা দুটি আবৃত্তি করে শ্রোতাদের মুগ্ধ ও অভিভূত করে দিয়েছিলেন। পরীক্ষায় প্রথম বা দ্বিতীয় স্থান যে অধিকার করতেন, [illegible] এই সময়ে তিনি তাও [illegible] পারতেন।

[illegible] থেকে দশম শ্রেণী পর্যন্ত বিদ্যালয়ে পড়ার সময় নজরুল কী রকম ছাত্র ছিলেন, তার পরিচয় পাওয়া যায় সহপাঠী বন্ধু শৈলজানন্দ মুখোপাধ্যায়ের লেখায়—

"[illegible] পড়ায় খুব ভালো ছেলে নজরুল। প্রতি বছর ফার্স্ট হয়ে [illegible] পায়……হাঁ, খুব ভালো ছেলে। তখন প্রমোশন পেয়ে দুটি ক্লাস ডিঙিয়ে একেবারে সেকেন্ড ক্লাসে উঠে এসেছে।"

এই সময়েই তাঁর জীবনে আরও দু-একটি এমন ঘটনা ঘটে যার —যে ভূমিকা নজরুল ইসলামের [illegible] জীবনের ক্ষেত্রে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। [illegible] বিপ্লবী [illegible] সঙ্গে যুক্ত তাঁর শিক্ষক [illegible] সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক। নিবারণচন্দ্রের প্রভাবে নজরুল বিপ্লববাদের প্রতি আকৃষ্ট হয়ে ওঠেন। বিপ্লব ও বিপ্লবীদের প্রতি গভীর [illegible] ও সক্রিয় কর্মকাণ্ডে অংশগ্রহণের আকাঙ্ক্ষা এই সময় থেকেই নজরুল মনে সঞ্চারিত হয়।

এই সময়েই বিদ্যালয় থেকে [illegible] নজরুল কবিতার অভিনন্দনপত্র রচনা করেন। এই সময়েই তাঁর বন্ধু শৈলজানন্দ তাঁর [illegible] একটি [illegible] উপহার পেয়েছিলেন। সেই [illegible] নিয়ে [illegible] ইংরেজি [illegible] নজরুল। 'ভাঙার গান' আর 'প্রলয় নাচ' নামে দুটি কবিতা লিখেছিলেন নজরুল এই সময়ে। [illegible] একটি [illegible] তিনি। [illegible] খুলে একই [illegible] কাজ করে [illegible]। [illegible] একটি [illegible] তিনি [illegible] নজরুলের 'মধুবী' [illegible] নামক কবিতাটিও তাঁর [illegible]। [illegible] নজরুলের [illegible] কথা [illegible]। নজরুলের [illegible] বিশেষ [illegible] তাঁর [illegible] পরবর্তী সময়ের [illegible]।

১৯১৭ খ্রিস্টাব্দে নজরুল দশম শ্রেণীর ছাত্র। প্রি-টেস্ট পরীক্ষা চলছে। তিনি [illegible] ছাত্র [illegible] প্রথম মহাযুদ্ধকালে ইংরেজ আর জার্মানির [illegible] প্রতিদ্বন্দ্বিতা চলছে ভয়ংকর যুদ্ধে। ব্রিটিশ ভারতীয় সেনাবাহিনী [illegible] বিভিন্ন কারণে [illegible] ভারতীয় সেনাবাহিনীতে বিভিন্ন [illegible] বাঙালি সেনাদের নিয়ে বাঙালি পল্টনের দাবি জোরালো হয়ে উঠল। অবশেষে বাঙালি পল্টন গঠিত হল। নজরুল ও শৈলজানন্দ সেনাবাহিনীতে যোগদানের সিদ্ধান্ত গ্রহণ করলেও শেষ পর্যন্ত ভর্তি পরীক্ষায় নজরুলই উত্তীর্ণ হন। নজরুলের 'ব্যথার দান' ও 'বাঁধনহারা' গ্রন্থে [illegible] নজরুলের সেনাবাহিনীতে যোগদানের [illegible] মিলিয়ে আছে।

নজরুলের সৈনিকজীবন যুদ্ধে সক্রিয় অংশ গ্রহণের জন্য [illegible] নয়, [illegible] নজরুলকে প্রত্যক্ষভাবে যুদ্ধে [illegible] হয়নি। কিন্তু করাচির সেনানিবাস নানাভাবে হয়ে উঠেছিল নজরুলের সাহিত্যিক জীবনের প্রস্তুতি পর্ব—যেখানে নজরুলের বিচিত্র অভিজ্ঞতার সঙ্গে তাঁর [illegible] ও [illegible] সহজ হয়ে উঠেছিল। তার [illegible] পরিচয় পাওয়া যায় তাঁর নিজের জবানিতেই—

"আমি তখন [illegible] যুদ্ধে গেছি সে আজ ১৯১৭ সালের কথা। সেইখানেই আমার [illegible] সঙ্গে পরিচয় হয়। আমাদের বাঙালি পল্টনে একজন পাঞ্জাবি মৌলবী থাকতেন। একদিন তিনি দীওয়ান-ই-হাফিজ থেকে কতকগুলি কবিতা আবৃত্তি করে শোনান। শুনে আমি এমন মুগ্ধ হয়ে যাই যে, সেইদিন থেকে তাঁর কাছে ফার্সি শিখতে আরম্ভ করি। তাঁরই কাছে ক্রমে ফার্সি কবিদের প্রায় সমস্ত কাব্যই পড়ে ফেলি।"

তাছাড়া কলকাতার সাহিত্য জগতের সঙ্গে নজরুল করাচি সেনানিবাস থেকে [illegible] যোগাযোগ রক্ষা করে চলেছিলেন। তিনি কলকাতার উল্লেখযোগ্য সাহিত্য পত্রিকাগুলির গ্রাহক ছিলেন। 'সওগাত' পত্রিকার গ্রাহক তিনি প্রথম থেকেই। পত্রিকাটির কিছু [illegible] তিনি সংগ্রহ করে দিয়েছিলেন। খুব সম্ভবত এই সময়ে 'উপাসনা' মাসিক পত্রিকার সঙ্গেও তাঁর সংযোগ ঘটে।

সবচেয়ে বড় কথা, করাচী সেনানিবাস থেকে পত্রযোগে তিনি এমন দু-জন সাহিত্যবন্ধুকে লাভ করেছিলেন যাঁরা তাঁকে চোখে না দেখেই নিছক তাঁর রচনাপাঠের ভিত্তিতেই তাঁকে বাংলা ভাষা ও সাহিত্যের [illegible] কলকাতা শহরের প্রথম সারির বিভিন্ন পত্রিকার মাধ্যমে এমনভাবে পরিচিত করে দিয়েছিলেন যাতে বলা যায় কলকাতায় পদক্ষেপ করার আগেই সেখানে নজরুলের কলকাতা-কেন্দ্রিক [illegible] সম্পূর্ণ হয়ে গিয়েছিল।

কিন্তু নজরুলের কবিজীবনের সে আর এক পর্ব। সেই সময়ের নজরুল রবীন্দ্রনাথের ভাষাই বলতে পারতেন—

'মানুষ শুধু কবিই নয়, সে কবিও'।

কিন্তু সে-সব কথা আজ নজরুল অনুরাগী মাত্রেরই জানা কথা। এখানে শুধু করি নজরুলের [illegible] সেনাবাহিনী।

সাংবাদিক নজরুল

অঞ্জন বেরা

শতবর্ষে শতমুখেই কাজী নজরুল ইসলাম ও তাঁর প্রতিভার নানা দিক নিয়ে আলোচনা-পুনরালোচনা, মূল্যায়ন-পুনর্মূল্যায়নে জোর পড়েছে। নতুন করে মনে জাগছে সেই অনিন্দ্য প্রতিভাধর মানুষটিকে। আর সেই দেখায়, সঙ্গত প্রায় সবটা জুড়ে থাকবে কবি নজরুল বা সঙ্গীতকার নজরুল। নিজের সৃষ্টির কথা বলতে গিয়ে নজরুল একবার বলেছিলেন তাঁর সঙ্গীতের কথা। বলেছিলেন, তিনি বেঁচে থাকবেন তাঁর গানের জন্য। এ ছিল কবির নিজস্ব মূল্যায়ন, যা সবসময় সবার কাছে সঠিক হবে এমন মনে করা যায় না। তাই নজরুলকে কখনই শুধুমাত্র তাঁর কবিতা ও গানে খুঁজে পাওয়া যাবে না। নজরুলকে জানতে ও বুঝতে হলে তাঁর সাংবাদিকতাকেও বাদ দেওয়া যায় না। নজরুল-মানসের গতিপ্রকৃতি ও বিকাশ অনুধাবন করতে হলে সাংবাদিকতায় তাঁর আগ্রহ এবং অবদান না-বুঝলে চলবে না। তাঁর জীবনে সাংবাদিকতা কোনও প্রক্ষিপ্ত পর্ব বা তাৎপর্যহীন সময়যাপন ছিল না। সাংবাদিকতা তাঁর সৃষ্টির ক্ষেত্রগুলিকেও প্রভাবিত করেছে। এমনকি নজরুলের কবিতা ও সঙ্গীতকেও অনেক ক্ষেত্রে অনুধাবন করতে গেলে সাংবাদিকতায় তাঁর অংশগ্রহণকে না-বুঝলে চলে না।

এ প্রসঙ্গে বিশদে যাবার আগে গোড়াতেই একটি তথ্যের উল্লেখ করা যেতে পারে। সক্রিয় জীবনে যে সাতটি প্রকাশনার সঙ্গে নজরুল হাতে-কলমে যুক্ত ছিলেন তার মধ্যে মাত্র একটি বাদে, সবকটিই ছিল সংবাদপত্র। মানে, খবর সংবাদভিত্তিক প্রকাশনা। ব্যতিক্রমী ওই একটি কাগজ ছিল 'সওগাত'। মোহাম্মদ নাসিরউদ্দিনের 'সওগাত' ছিল সাহিত্য-পত্রিকা।

আমরা সবাই জানি, ১৯৭৬ সালে মারা গেলেও নজরুলের সক্রিয় জীবন শেষ হয়ে গিয়েছিল ১৯৪২ সালের জুলাই মাসে। তারপর থেকে অসুস্থতার পরিণামে পেয়ে বাকরুদ্ধ কবি ছিলেন জীবন্মৃত।

১৯১৯ সালে নজরুল যখন বেঙ্গলি রেজিমেন্টের সৈনিক (বয়স তখন মাত্র কুড়ি) তখনই হাবিলদার থাকতে নজরুলের প্রথম লেখা প্রকাশিত হয় নাসিরউদ্দিনের মাসিক পত্রিকা 'সওগাত'-এ। সেটি ছিল 'সওগাত'-এর প্রথম পর্যায়। পরবর্তীকালে 'সওগাত' সাপ্তাহিক হিসেবে প্রকাশিত হয়। নজরুলের মুদ্রিত প্রথম লেখাটি ছিল গল্প—'বাউণ্ডুলের আত্মকাহিনী'। প্রকাশিত হয় ১৩২৬ বঙ্গাব্দের জ্যৈষ্ঠ সংখ্যায়। নজরুলের মুদ্রিত দ্বিতীয় লেখাটি ছিল একটি কবিতা—'মুক্তি'। ছাপা হয়েছিল 'বঙ্গীয় মুসলমান সাহিত্য' পত্রিকায়। তখন সেই পত্রিকার সহ-সম্পাদক ছিলেন মুজফ্‌ফর আহমেদ (১৮৮৯-১৯৭৩)। মুজফ্‌ফর আহমদের সঙ্গে নজরুল ইসলামের সম্পর্কের সূচনাও বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকায় লেখালেখির সূত্রেই। যে সম্পর্কের বিশেষ তাৎপর্য ছিল নজরুলের সাংবাদিক জীবনে।

প্রথম বিশ্বযুদ্ধ মিটে যাবার পর বেঙ্গলি রেজিমেন্ট ভেঙে দেওয়া হলে নজরুল কলকাতায় ফিরে আসেন ১৯২০ সালের মার্চ। মুজফ্‌ফর

নজরুল সম্পাদিত ধূমকেতু পত্রিকার দপ্তর, ৩২ কলেজ স্ট্রিট

আহমদের ভাষায় 'আমাদের দেশ তখন টগবগ করে ফুটছে।' কলকাতায় আসার পর নজরুল ক্রমশ যুক্ত হয়ে পড়েন লেখালেখির সঙ্গে। মুসলমান সাহিত্য পত্রিকার অফিস (৩২, কলেজ স্ট্রিট) তখন তাঁর কলকাতার ঠিকানা। এর অল্প কিছুদিনের মধ্যেই নজরুল যুক্ত হয়ে পড়েন সাংবাদিকতায়।

সাংবাদিকতায় নজরুলের জড়িয়ে পড়ার এই ছিল পশ্চাৎপট। একটি জিনিস লক্ষ করার মতো যে, মূলত বিশের দশকেই নজরুল সাংবাদিকতাকে পুষ্ট করেছিলেন। বিশের দশকের একেবারে শেষ দিক থেকে পরবর্তী দশ-এগারো বছর নজরুল মূলত সঙ্গীতকার। শুধু সংগীত নয়, আকাশবাণী, গ্রামোফোন কোম্পানি, চলচ্চিত্রে অভিনয় ও সংগীত পরিচালনার ভূমিকাতেই তখন তিনি সক্রিয়ভাবে যুক্ত। প্রথম বিশ্বযুদ্ধ শেষে যে বিদ্রোহী-কবি বাংলা কাব্যজগতকে আলোড়িত করে আত্মপ্রকাশ করেছিলেন, সেই নজরুল তিরিশের দশকে অনেকটাই ম্লান, স্তিমিত।

একথা নজরুল নিজেও একাধিকবার উল্লেখ করেছেন। বিভিন্ন চিঠিপত্রে পরিষ্কার লিখেছেন। তবুও, আমরা দেখছি, ১৯৪১ সালের অক্টোবরে আবার একবার নজরুল যুক্ত হলেন সাংবাদিকতায়, 'নবযুগ'-এর সম্পাদনায়। যদিও মাত্র কয়েক মাসের জন্য; কেননা, ১৯৪২-এর জুলাই মাসেই কবি অসুস্থ হয়ে পড়েন।

বিশের দশকে নজরুল যখন সাংবাদিকতায় জড়িয়ে পড়েন তখন দেশের রাজনৈতিক পরিস্থিতি এক তাৎপর্যপূর্ণ বাঁকের মুখে এসে দাঁড়িয়েছিল। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে জাতীয় মুক্তি আন্দোলন তীব্রতর হয়ে ওঠে। তা ছড়িয়ে পড়ে শ্রমিক, কৃষক, মধ্যবিত্তসহ সমাজের বিভিন্ন অংশে। বিশের দশক শুরুই হয় গান্ধীজির নেতৃত্বে অসহযোগ আন্দোলন এবং খিলাফত আন্দোলনের প্রেক্ষাপটে। উল্লেখযোগ্য শ্রমিক শ্রেণির সংগঠিত উত্থানও। একটি সূত্রে মার্কসবাদী চেতনারও প্রসার শুরু হয় এদেশে, এই দশকেই। ১৯২০ সালে তাসখন্দে, অর্থাৎ বিদেশে প্রবাসী ভারতীয় বিপ্লবীরা ভারতের কমিউনিস্ট পার্টি গঠন করলেন, তার প্রভাব ক্রমশ দেশের মাটিতেও ছড়িয়ে পড়ছিল। ১৯২৫ সালে কানপুর ষড়যন্ত্র মামলার দায়ে মুজফ্‌ফর আহমদ, শওকত উসমানী, ডাঙ্গে প্রমুখ কারারুদ্ধ হন। দেশের বিভিন্ন অঞ্চলে যে-সমস্ত কমিউনিস্ট গ্রুপ গড়ে উঠেছিল। ১৯২৫ সালের ডিসেম্বরে এই গ্রুপগুলি কানপুর শহরে এক সম্মেলনে মিলিত হন সেটাই ছিল এদেশে প্রথম প্রকাশ্য কমিউনিস্ট সম্মেলন। বিশের দশকের গোড়া থেকেই কমিউনিস্টরা দাবি তুলেছিলেন পূর্ণ স্বাধীনতার। 'স্বরাজ' ও 'ডোমিনিয়ন স্ট্যাটাস' অর্থ পার হয়ে নতুন মতাদর্শের আহ্বান প্রকাশিত করতে শুরু করেছিল জাতীয় মুক্তি আন্দোলনকে। এবং বাংলা প্রদেশ ছিল তার অন্যতম প্রধান ঘাঁটি। অন্যতম কেন্দ্র।

এই রাজনৈতিক-সামাজিক পরিস্থিতি প্রভাবিত করেছিল সাংবাদিকতাকেও। বিশেষত বাংলা সংবাদপত্রকে। রাজনৈতিক সাংবাদিকতা বলতে যা বোঝায় তা যুদ্ধ—পরবর্তী সময়েই, সাম্রাজ্যবাদ-বিরোধী এক নতুন মাত্রা পায়। এই প্রেক্ষাপটে, নজরুলের মতো একজন সচেতন কবি-লেখক যে সাংবাদিকতায় যুক্ত হয়ে পড়বেন তাগিদ অনুভব করবেন এতে আর আশ্চর্যের কী থাকতে পারে! বলা যেতে পারে যে, সময়ের স্বাভাবিক টানেই নজরুল সাংবাদিকতার মধ্য দিয়ে মুক্তি-সংগ্রামে প্রকাশ করার ভাষা খুঁজতে চেষ্টা করেছিলেন। এবং এ কাজে একেবারে গোড়া থেকেই তিনি পেয়েছিলেন মুজফ্‌ফর আহমদের মতো একজনকে যাঁর সাহচর্য নজরুলকে নানাভাবে উপকৃত করেছিল।

সাংবাদিকতায় নজরুলের হাতেখড়ি সান্ধ্য দৈনিক 'নবযুগ'-এ। ১৯২০ সালের ১২ জুলাই কলকাতার ৬ টার্নার স্ট্রিট থেকে তৎকালীন খিলাফত নেতা এ কে ফজলুল হকের মালিকানায় 'নবযুগ' প্রকাশিত হয়। 'নবযুগ' প্রকাশিত হয় নজরুল ইসলাম ও মুজফ্‌ফর আহমদের যুগ্ম সম্পাদনায়। 'নবযুগ'-এ শুধু নজরুল নয় মুজফ্‌ফর আহমদেরও সাংবাদিকতায় হাতেখড়ি। মুজফ্‌ফর আহমদ তখনও কমিউনিস্ট নন। ১৯২১-এই শেষদিক থেকে মুজফ্‌ফর আহমদ মার্কসবাদ-লেনিনবাদে আকৃষ্ট হন।

তবে নজরুল ও মুজফ্‌ফর আহমদ সম্পাদিত সান্ধ্য দৈনিক 'নবযুগ' সেই সময়েই কৃষক ও শ্রমিকদের মধ্যে আত্মমর্যাদাবোধ জাগিয়ে তোলার কথা বলেছিল। বাংলার শ্রমিক কৃষকদের সমস্যা নিয়ে লেখালেখি প্রথম

৮. টার্নার স্ট্রিট 'নবযুগ' পত্রিকার অফিস

প্রকাশিত হয় 'নবযুগ'-এ। পরবর্তীকালে মুজফ্‌ফর আহমদ লিখেছেন, "...দেশ যে আন্দোলন তখন চলেছিল তারই প্রভাবে নিজেই আমরা সেদিকে ঝুঁকে পড়েছিলেম। কোনও মত তখনও আমাদের মনে স্থির হয়ে মূর্ত হয়ে ওঠেনি। তবে আমরা মজুরদের কথা, কৃষকদের কথা লিখছিলেম। অভিজ্ঞতা হতেই সেসব লিখতাম। আমার মনে হয় এইসব লেখা হতেই পড়াশুনা করে কিছু বোঝার বাসনা আমার মনে জেগেছিল।" 'নবযুগ'-এ নজরুলের সাংবাদিকতা-দক্ষতার কথাও বিশেষভাবে উল্লেখ করার মতো। তাঁর অনায়াস লিখনভঙ্গী, সাবলীল দৃপ্ত গদ্য, শিরোনাম দেবার কৌশল 'নবযুগ'-কে অচিরেই জনপ্রিয় করে তুলেছিল।

সেই ১৯২০ সালেই নজরুল 'নবযুগ'-এ লিখেছিলেন এমন সব লেখা তাতে পরবর্তীকালের 'বিদ্রোহী'-র কবিকে দেখতে পাওয়া যায়। যেমন, 'নবযুগ'-এ নজরুল লিখেছিলেন—"আজ মহাবিশ্বে মহাজাগরণ, আজ মহামাতার মহা আনন্দের দিন, আজ মহামানবতার মহাযুগের মহাউদ্বোধন। আজ নারায়ণ আর ক্ষীরোদ সাগরে নিদ্রিত নন। নরের মাঝে আজ তাঁহার অপূর্ব-মুক্তি-কাঙ্ক্ষা বেশ। ঐ শোনো, শৃঙ্খলিত নিপীড়িত বন্দীদের শৃঙ্খলের ঝনৎকার। তাহারা শৃঙ্খল-মুক্ত হইবে, তাহারা কারাগৃহ ভাঙ্গিবে। ঐ শোনো ইসরাফিলের শিঙ্গায় নবসৃষ্টির উদ্বোধন-মহাবোল! ...আজ নারায়ণ মানব। তাঁহার হাতে স্বাধীনতার বাঁশি।"

এ রচনা যেন একেবারে 'বিদ্রোহী' কবিতার ('বিজলী', ৬ জানুয়ারি ১৯২২) পদধ্বনি।

'নবযুগ'-এ নজরুল 'ধর্মঘট' নিয়েও লিখেছিলেন—"...ধর্মঘটের আগুন এখন দাউদাউ করিয়া সারা ভারতময় জ্বলিয়া উঠিয়াছে এবং ইহা সহজে নিভিবার নয়। কেননা ভারতের এই পতিত উপেক্ষিত নিপীড়িত হতভাগ্য এত কাঁদিয়াও যেন জাগিয়াছে, এ দেশেও মানুষের মনুষ্যত্বের অনুভব সকলেই করিতেছেন।"

স্বভাবতই এরকম একটি কাগজকে ব্রিটিশ সরকার বেশিদিন সহ্য করতে চায়নি। একাধিকবার কাগজের জামিন বাজেয়াপ্ত করা হয়েছিল।

এ সময়েই একবার জামানত জমা দেওয়া নিয়ে 'নবযুগ'-এর মালিক ফজলুল হকের সঙ্গে নজরুল ও মুজফ্ফর আহমদের মতপার্থক্য তৈরি হয়। মতপার্থক্যের মূলে ছিল রাজনৈতিক দৃষ্টিভঙ্গির পার্থক্য। ১৯২০ সালের ডিসেম্বরে 'নবযুগ' ছেড়ে দেন নজরুল। তার কিছুদিন পর মুজফ্ফর আহমদ। সান্ধ্য দৈনিক 'নবযুগ' সেই সময়কার মতো বন্ধ হয়ে যায়।

'নবযুগ'-পরবর্তী সময়ে নজরুল ও মুজফ্ফর আহমদ যৌথভাবে একটি দৈনিকপত্র প্রকাশের কথা ভেবেছিলেন। সেটা ছিল ১৯২১ সালের জুলাই মাসের মাঝামাঝি ঘটনা। কিন্তু শেষপর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। দেশের রাজনৈতিক পরিস্থিতিও তখন আরও জটিল হয়ে উঠছিল। ১৯২২-এর ফেব্রুয়ারিতে গান্ধীজি অসহযোগ আন্দোলন প্রত্যাহার করে নেন। দেশের মধ্যে, বিশেষত বাংলায় তখন মুজফ্ফর আহমদ কমিউনিস্ট পার্টি গড়ে তুলতে উৎসাহী হয়ে ওঠেন। যদিও তার সঙ্গে নজরুল যুক্ত ছিলেন না।

এরকম পরিস্থিতির প্রেক্ষাপটেই নজরুল প্রকাশ করলেন তাঁর বিখ্যাত কাগজ 'ধূমকেতু'। ১৯২২ সালের ১১ আগস্ট। তবে ধূমকেতু বের করার ঠিক আগে কিছুদিনের জন্য নজরুল মোহাম্মদ আকরম খাঁর দৈনিক 'সেবক'-এর সঙ্গে যুক্ত ছিলেন। আকরম খাঁ ছিলেন তখন খিলাফত আন্দোলনের নেতা। পরবর্তীকালে এঁরই প্রাদেশিক মুসলিম লিগের সভাপতিও হয়েছিলেন। 'সেবক'-এ নজরুল বিশেষ স্বস্তিতে ছিলেন না। শেষপর্যন্ত, কবি সত্যেন্দ্রনাথ দত্তের মৃত্যুতে একটি লেখা 'সেবক'-এ কাটছাঁট করে ছাপা হলে ক্ষুব্ধ নজরুল ইস্তফা দেন। এরপরই সশস্ত্র আন্দোলনের সঙ্গে তাঁর যোগাযোগ। তাঁর প্রভাব মধ্যে নজরুল বের করলেন 'ধূমকেতু'।

ধূমকেতু ছিল অর্ধসাপ্তাহিক। অর্থাৎ সপ্তাহে দুবার প্রকাশিত হত। প্রকাশক ছিলেন আফজালুল হক। কার্যাধ্যক্ষ ছিলেন শান্তিপদ সিংহ। দপ্তর ছিল সেই ৩২, কলেজ স্ট্রিট। অষ্টম সংখ্যা (১২ সেপ্টেম্বর ১৯২২) থেকে অবশ্য 'ধূমকেতু'-র দপ্তর উঠে যায় পাশেই, ৭ নম্বর প্রতাপ চ্যাটার্জি লেনে।

'ধূমকেতু'-র গুরুত্ব ছিল প্রথমত নজরুল এককভাবে এই পত্রিকাটি প্রকাশ করতেন। ফলে 'ধূমকেতু' ছিল নজরুলের নিজের কণ্ঠস্বর। দ্বিতীয়ত, নজরুলই সংবাদপত্রে প্রথম চলিত ভাষার ব্যবহার চালু করেন 'ধূমকেতু' মারফত। তৃতীয়ত, 'ধূমকেতু' প্রকাশের সময় নজরুল মূলত বাংলার যুক্ত সন্ত্রাসবাদী বিপ্লবীদেরদ্বারা প্রভাবিত থাকলেও এবং 'ধূমকেতু'-তে তার প্রভাব থাকলেও, বাংলার সাম্যবাদী পত্র-পত্রিকা প্রকাশের পূর্বসূরি হিসেবে 'ধূমকেতু'কেই ধরা যায়। তৎকালীন গোয়েন্দা বিভাগের গোপন কাগজপত্রে 'ধূমকেতু'-কে 'কমিউনিস্ট প্রকাশনা' হিসেবে চিহ্নিত করা হলেও, বাস্তবে তা ছিল না। কারণ তখন বাংলা প্রদেশে মুজফ্ফর আহমদ ছাড়া কমিউনিস্ট পত্রিকা প্রকাশের চিন্তা কারও ছিল বলে জানা যায় না। এবং মুজফ্ফর আহমদ 'ধূমকেতু'-র নীতিনির্ধারণের সঙ্গে যুক্ত ছিলেন না। নজরুল স্মৃতিকথায় বরং 'ধূমকেতু'-র সম্পাদকীয় নীতি সম্পর্কে মুজফ্ফর আহমদ সমালোচনাই করেছেন বলা যায়।

যাই হোক, ধূমকেতু প্রকাশমাত্রই পাঠকমহলে হইচই ফেলে দিয়েছিল। 'ধূমকেতু'-র প্রথম পাতাতেই লেখা হত একটি স্লোগান— "কলকাতার সব কাগজের চেয়ে বেশি কাটতি"।

[illegible]

'ধূমকেতু' রবীন্দ্রনাথের আশীর্বাণীও পেয়েছিল। প্রথম সংখ্যা থেকেই পত্রিকার শিরোভাগে হুবহু করে ছাপা হত রবীন্দ্রনাথের পাঠানো এই আশীর্বাণী—

"কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু,
আয় চলে আয়, রে ধূমকেতু,
আঁধারে বাঁধ অগ্নিসেতু,
দুর্দিনের এই দুর্গশিরে
উড়িয়ে দে তোর বিজয় কেতন।
অলক্ষণের তিলক রেখা
রাতের ভালে হোক না লেখা,
জাগিয়ে দে রে চমক মেরে
আছে যারা অর্ধচেতন।"

'ধূমকেতু' সম্পর্কে আরও একটি গুরুত্বপূর্ণ তথ্য হল সম্ভবত এটিই বাংলা ভাষায় প্রথম কাগজ যে পূর্ণ স্বাধীনতার দাবি তুলেছিল। জাতীয় নেতৃত্ব যখন 'স্বরাজ'-এর ধোঁয়াশাপূর্ণ স্লোগানের বাইরে বেরোতে পারেননি তখন 'ধূমকেতুর পথ' শীর্ষক একটি লেখায় (১৩ অক্টোবর ১৯২২) নজরুল বলেছিলেন—

"সর্বপ্রথম 'ধূমকেতু' ভারতের পূর্ণ স্বাধীনতা চায়। স্বরাজ টরাজ বুঝি না, কেননা ও-কথাটার মানে এক এক মহারথী এক এক রকম করে থাকেন। ভারতের এক পরমাণু অংশও বিদেশীর অধীনে থাকবে না। ভারতবর্ষের সম্পূর্ণ দায়িত্ব, সম্পূর্ণ স্বাধীনতা রক্ষা, শাসনভার, সমস্ত থাকবে ভারতীয়ের হাতে। তাতে কোনো বিদেশীর মোড়লী করবার অধিকারটুকু পর্যন্ত থাকবে না। পূর্ণ স্বাধীনতা পেতে গেলে সকলের আগে আমাদের বিদ্রোহ করতে হবে, সকল-কিছু নিয়ম-কানুন বাঁধন-শৃঙ্খল মানা নিষেধের বিরুদ্ধে।"



সংবাদপত্র হিসেবে 'ধূমকেতু' ছিল একটি পরিণত চিন্তা-ভাবনার ফসল। যেমন, 'ধূমকেতু'-তে পাঠক বিনোদনের জন্য বিভাগ-বিন্যাসও করেছিলেন নজরুল। যেমন, ছিল একটি বিভাগ 'সওদাগর সাহী'। এতে থাকত আন্তর্জাতিক সংবাদ। ছিল 'দুনিয়ার খবর' নামে একটি বিভাগ। 'দেশের খবর' বিভাগে দেশীয় রাজনীতির খবরাখবর। খাটিমিটিটিপুনি নামে একটি বিভাগ থাকত। ধারাবাহিক উপন্যাস সাথে প্রকাশিত হত এতে। 'সন্ধ্যাপ্রদীপ' শিরোনামে ছিল মহিলাদের বিষয় সংক্রান্ত বিভাগ। রাজনৈতিক পর্যালোচনা থাকত 'যদি সম্ভবনা' শীর্ষক বিভাগে। সম্পাদককে লেখা চিঠিপত্র ছাপা হত 'ধরির পত্র' বিভাগে। এ ছাড়াও ছিল সাময়িকের খোঁচা, টিকি-টিপ্পনী, 'চানাচুর' শীর্ষক কিছু অনিয়মিত বিভাগ।

ব্রিটিশ সরকার স্বভাবতই পূর্ণ স্বাধীনতাকামী এই জনপ্রিয় কাগজটিকে পছন্দ করত না। 'ধূমকেতু'-র ২৬ সেপ্টেম্বর (১৯২২) সংখ্যায় লীলা মিত্রর লেখা 'বিদ্রোহীর কৈফিয়ত' নামে একটি প্রবন্ধ এবং নজরুলের 'আনন্দময়ীর আগমনে' শীর্ষক কবিতার জন্য এই সংখ্যাটি পুলিশ বাজেয়াপ্ত করে।

পত্রিকাটি পুলিশ বাজেয়াপ্ত করার আগেই নজরুল কুমিল্লায় তাঁদের বিরজাসুন্দরী দেবীর বাড়ি চলে গিয়েছিলেন। সেখানে তিনি বিরজাসুন্দরী দেবীর নামে 'ধূমকেতু'-র স্বত্ব লিখে দেন। পুলিশ কুমিল্লা থেকেই নজরুলকে গ্রেপ্তার করে ২৩ নভেম্বর। তাঁর বিরুদ্ধে রাজদ্রোহের অভিযোগ আনা হয়েছিল। ১৬ জানুয়ারি (১৯২৩) কলকাতার চিফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট সুইনহো নজরুলকে এক বছরের জন্য কারাদণ্ড দেন। ডিসেম্বর মাসে (১৯২৩) নজরুল জেল থেকে ছাড়া পেয়েছিলেন। লক্ষণীয়, এই কারাবাসের সময়ই রবীন্দ্রনাথ তাঁর 'বসন্ত' গীতিনাট্যটি নজরুলের নামে উৎসর্গ করেছিলেন।

নজরুল গ্রেপ্তার হবার পর 'ধূমকেতু' বেশিদিন চলেনি। ২৭ জানুয়ারি বেরিয়েছিল সর্বশেষ সংখ্যা।

জেল থেকে ছাড়া পাবার পর তাঁর [illegible] দলে নজরুল যুক্ত হলেন। যদিও শিরোনামে থাকেন অল্প। পরবর্তীতে তাঁকে পাওয়া গেল শ্রমিক প্রজা স্বরাজ দলের সাপ্তাহিক মুখপত্র 'লাঙল'-এর পরিচালনায়। নজরুল ছিলেন এই দলের অন্যতম প্রধান সংগঠক। ১৯২৫ সালের ১ নভেম্বর এই দলের উদ্দেশ্য ও কর্মসূচি সম্পর্কে প্রথম ইশতেহারটি প্রকাশিত হয়েছিল নজরুলেরই নামে। প্রতিষ্ঠাতা সদস্য নজরুলের ৩৭ নম্বর হ্যারিসন রোড থেকে সাপ্তাহিক 'লাঙল' আত্মপ্রকাশ করে ১৯২৫ সালের ১৬ ডিসেম্বর (১ পৌষ ১৩৩২)।

কেমন কাগজ ছিল 'লাঙল'? এ ক্ষেত্রে প্রথমেই উল্লেখ করা দরকার যে এটা ছিল শ্রমিক প্রজা স্বরাজ দলের মুখপত্র। যে দলের 'উদ্দেশ্য' হিসেবে বলা হয়েছিল— নারী-পুরুষ নির্বিশেষে রাজনৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক সাম্যের উপর প্রতিষ্ঠিত ভারতের পূর্ণ স্বাধীনতালাভই এই দলের উদ্দেশ্য। অর্থাৎ, 'লাঙল' ছিল এই উদ্দেশ্যেরই অনুসারী।

নজরুল নামে যদিও 'লাঙল'-এর সম্পাদক ছিলেন না। সম্পাদক ছিলেন মণিভূষণ মুখোপাধ্যায়। নজরুল ছিলেন 'প্রধান পরিচালক'। প্রথম সংখ্যাতেই ছাপা হয়েছিল নজরুলের বিখ্যাত কবিতা 'সাম্যবাদী'। দ্বিতীয় সংখ্যায় প্রকাশিত হয় 'কৃষকের গান'। তৃতীয় সংখ্যায় নজরুলের 'সব্যসাচী' কবিতা। 'ধূমকেতু'-র মতো 'লাঙল'-কেও আশীর্বাদ পাঠিয়েছিলেন রবীন্দ্রনাথ:

"জাগো জাগো বলরাম ধরো তব মরুভাঙা হল,
প্রাণ দাও, শক্তি দাও, স্তব্ধ করো ব্যর্থ কোলাহল।"

কিন্তু, অনেক সম্ভাবনা জাগিয়ে 'লাঙল' যাত্রা শুরু করলেও দ্বিতীয় সংখ্যা বার হবার ঠিক একমাসের মাথায় (৫ জানুয়ারি ১৯২৬) নজরুল সপরিবারে চলে যান কৃষ্ণনগরে। ফলে 'লাঙল'-এর দৈনন্দিন কাজকর্মে যুক্ত থাকা তাঁর পক্ষে সম্ভব ছিল না। যদিও 'লাঙল'-এ তিনি লিখেছেন নিরবচ্ছিন্নভাবে। কবিতা থেকে গদ্য সবই। শুধু 'লাঙল' নয়, 'গণবাণী'-তেও তিনি লিখেছিলেন প্রায় ধারাবাহিকভাবে।

উল্লেখ্য, নজরুল কৃষ্ণনগরে চলে যাবার একদিন আগেই মুজফ্‌ফর আহমদ কলকাতায় এসে উঠেন। উঠলেন 'লাঙল'-এর দপ্তরেই। কানপুর বলশেভিক ষড়যন্ত্র মামলায় সাজা ভোগের পর কলকাতায় পা দিয়ে মুজফ্‌ফর আহমদ যুক্ত হন শ্রমিক-প্রজা স্বরাজ দলে এবং তার মুখপত্র 'লাঙল'-এর সঙ্গে। স্বাভাবিক এক প্রভাব পড়ে দলের নীতি ও কর্মসূচিতেও। ১৯২৬-এর ফেব্রুয়ারিতে কৃষ্ণনগরে অনুষ্ঠিত সম্মেলন থেকে শ্রমিক-প্রজা স্বরাজ দলের নাম বদলে হয় 'বঙ্গীয় কৃষক ও শ্রমিক দল'। নজরুল এই দলের কার্যনির্বাহকে অন্তর্ভুক্ত হন।

স্বাভাবিকভাবেই 'লাঙল'-এও মুখপত্রের আদলের রাজনৈতিক ভাবনার প্রভাব পড়তে থাকে। তবে আর্থিক অনটনে 'লাঙল' বেশিদিন প্রকাশিত হয়নি। মাত্র পনেরোটি সংখ্যা প্রকাশের পর 'লাঙল' বন্ধ হয়ে গিয়েছিল। অর্থাৎ, শেষ সংখ্যা বেরোয় ১৯২৬ সালের ১৫ এপ্রিল। তখন কলকাতা জুড়ে চলছে হিন্দু-মুসলিম দাঙ্গা। আবার প্রয়োজন একটি কাগজের। বঙ্গীয় কৃষক-শ্রমিক দলের নতুন সাপ্তাহিক মুখপত্র বার করে 'গণবাণী' নামে (১২ আগস্ট ১৯২৬)। 'গণবাণী'-র প্রতিষ্ঠাতা-সম্পাদক লেখা হয়েছিল মুজফ্‌ফর আহমদেরই নাম।

'গণবাণী'র আত্মপ্রকাশের সময়ও নজরুল কৃষ্ণনগরে। ফলে সম্পাদনার কাজে প্রত্যক্ষ যোগাযোগ সম্ভব ছিল না। যদিও তিনি লিখতেন। 'গণবাণী'র ২৬ আগস্ট (১৯২৬) সংখ্যায় ছাপা হয়েছিল

গণবাণী পত্রিকার দপ্তর

নজরুলের লেখা দাঙ্গা-বিরোধী একটি অনবদ্য প্রবন্ধ—'মন্দির ও মসজিদ'। 'গণবাণী'র পাতাতেই ছাপা হয়েছিল নজরুলের করা আন্তর্জাতিক সংগীতের অনুবাদ।

গণবাণী শেষপর্যন্ত চলেছিল ১৯২৮ সালের অক্টোবর পর্যন্ত।

কিন্তু দেখা যাচ্ছে, রাজনৈতিক সংগঠক হিসেবে নজরুল বিশের দশকের শেষদিক থেকেই সরে যাচ্ছেন। ১৯২৮-এর ডিসেম্বরে কলকাতায় অনুষ্ঠিত শ্রমিক কৃষক দলের সর্বভারতীয় প্রথম সম্মেলনে নজরুল উপস্থিত ছিলেন। মুজফফর আহমদ স্মৃতিকথায় লিখছেন, ১৯২৯-এর মার্চে কুষ্টিয়ায় হেমন্তকুমার সরকারের উদ্যোগে আয়োজিত কৃষক সম্মেলনে তিনি শেষবারের মতো নজরুলের সঙ্গে রাজনৈতিক মঞ্চে উঠেছিলেন। উল্লেখ্য, এই ১৯২৯ সালেরই ২০ মার্চের মীরাট ষড়যন্ত্র মামলায় তারা আরও অনেকের সঙ্গে মুজফফর আহমদ গ্রেফতার হয়ে যান। প্রতিষ্ঠিত সংগঠনগুলোর রাজনৈতিক সক্রিয়তাও এর ফলে স্তিমিত হয়ে আসে। রাজনৈতিক কর্মকাণ্ড থেকে সরে আসার প্রেক্ষাপটেই সেই পর্বে নজরুলের সাংবাদিকতা জীবনের ছেদ পড়ে।

অবশ্য, এর আগে ১৯২৭-২৮ সাল নাগাদ কৃষ্ণনগর থেকে কলকাতায় ফিরে আসার পর মূলত আর্থিক অনটন লাঘব করতেই নজরুল সাপ্তাহিক 'সওগাত'-এ চাকরি নিয়েছিলেন। তবে দ্বিতীয় পর্যায়ে শুরু হয় তাঁর কর্মজীবন।

সাংবাদিকতায় নজরুলকে দেখা যায় এরপর ১৯৪১ সালের অক্টোবরে। প্রভাতী দৈনিক 'নবযুগ'-এর প্রধান সম্পাদকরূপে। উল্লেখ্য, ১৯৪১ সালের 'নবযুগ'-এর মালিক ছিলেন সেই ফজলুল হক। অবশ্য তখন তিনি অবিভক্ত বাংলার প্রাদেশিক সরকারের প্রধান। সান্ধ্য দৈনিক 'নবযুগ'-এর সঙ্গে প্রভাতী 'নবযুগ'-এর রাজনৈতিক চরিত্রের ফারাক ছিল। হক সাহেব ১৯৪১ সালে যখন 'নবযুগ' পুনঃপ্রকাশের উদ্যোগ নেন তখন তাঁর মন্ত্রিসভার গণ্ডগোল শুরু হয়েছে। ততদিনে মুসলিম লিগের জিন্নাপন্থী নেতাদের সঙ্গে তাঁর বিরোধ দেখা দিয়েছে। সে সময় লিগ ছেড়ে বেরিয়ে এসে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গে জোট বেঁধে নতুন করে মন্ত্রিসভা গঠনের উদ্যোগ নিচ্ছেন তিনি। সেই পর্বে, তাঁর রাজনৈতিক প্রচারকার্যের হাতিয়ার হিসেবে 'নবযুগ' পুনঃপ্রকাশে তিনি তৎপর হন। নজরুলকে তিনি সম্পাদনার ভার দিয়েছিলেন মূলত কবির জনপ্রিয়তা পাঠক সমাজকে আকৃষ্ট করবে, এই ভেবেই।

এখানে একটা কথা বলা প্রয়োজন যে, বিশের দশকে মুজফফর আহমদের সাহচর্যে সাম্যবাদী মতাদর্শের প্রতি যে সখ্য থেকে নজরুল সাংবাদিকতায় এসে দাঁড়িয়েছিলেন তার সঙ্গে ১৯৪১ সালের পরিস্থিতির কোনও মিল ছিল না। তবুও প্রভাতী 'নবযুগ'-এ প্রকাশিত নজরুলের লেখাগুলি থেকে কবির দৃষ্টিভঙ্গিগত সততার স্পর্শ পাওয়া যায়। এটা ঠিকই, বিশের দশকের বিদ্রোহী কবিকে চল্লিশের সেই উত্তাল পর্বে বামপন্থী ও কমিউনিস্ট পত্র-পত্রিকার সংগঠকরূপে দেখাই ছিল স্বাভাবিক প্রত্যাশা; যা বাস্তবে হয়নি। তবুও স্বাধীনতার দাবিতে নির্ভীক বক্তব্য, হিন্দু-মুসলিম ঐক্য এবং শ্রমিকের অধিকার রক্ষার জন্য তাঁর দায়বদ্ধতা থেকে প্রভাতী 'নবযুগ'-এর নজরুল সরে আসেননি। তা ছাড়া, প্রভাতী 'নবযুগ'-এ বেশিদিনের জন্য আমরা তাঁকে পাইনি। ১৯৪১-এর অক্টোবরে প্রভাতী 'নবযুগ' প্রকাশিত হয়েছিল। নজরুল অসুস্থ হন ১৯৪২-এর জুলাইয়ে। অর্থাৎ, খুব বেশি হলে মাস আটেক।

তবুও, নানাবিধ অপ্রাপ্তির আক্ষেপের মধ্যেও, সামগ্রিক বিচারে সাংবাদিক নজরুলের কাছ থেকে বাংলা সাংবাদিকতা পেয়েছেও অনেক। 'নবযুগ' থেকে 'নবযুগ'—তাঁর কাছে আমাদের ঋণ বাড়িয়েছে।

নজরুলের জন্মশতবর্ষের স্মরণে
তিন বিখ্যাত বাঙালি

আব্দুল অলিল

কাজী নজরুল ইসলামের জন্মশতবর্ষ চলছে। নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মশতবর্ষ গত বছর শেষ হয়েছে। আর এক বিখ্যাত বাঙালি বিজ্ঞানাচার্য স্যার প্রফুল্লচন্দ্র রায়ের কথা কে না জানে। কিন্তু অতীতকে বাদ দিয়ে তো বর্তমানকে জানা যায় না।

বাঙালি জাতির পক্ষ থেকে ১৯২৯ সালে কলকাতায় নজরুল ইসলামকে সংবর্ধনা দেওয়া হয়। সেই সভায় এই তিন মনীষীই উপস্থিত ছিলেন। নজরুল ইসলামের জন্মশতবর্ষে তিন বিখ্যাত বাঙালি স্মরণ করে তাঁদের 'সওগাত'-এর পাতা থেকে সেই দিনের সংবর্ধনা সভার পুরো অনুষ্ঠানটি পাঠকদের জন্য পরিবেশিত হল।

১৫ ডিসেম্বর ১৯২৯ সাল রবিবার, দুপুর ২টায় কলকাতায় এলবার্ট হলে বাঙালি জাতির পক্ষ থেকে কবি নজরুল ইসলামকে সংবর্ধনা দেওয়া হয়। সভারম্ভের অনেক পূর্বেই এলবার্ট হল জনতায় পরিপূর্ণ, জায়গা না পেয়ে অনেককেই ফিরে যেতে হয়। সভায় বহু সাহিত্যিক, কবি, দার্শনিক, বৈজ্ঞানিক ও রাজনৈতিক কর্মী এবং হিন্দু মহিলা উপস্থিত ছিলেন। বিজ্ঞানাচার্য স্যার প্রফুল্লচন্দ্র রায় ঐ সংবর্ধনা সভার সভাপতি ছিলেন। দুপুর ঠিক দুটোর সময় একখানি পুষ্পসজ্জিত চেয়ারে কবিকে সভায় আনা হয়। তিনি সভার মধ্যে প্রবেশ করার সঙ্গে সঙ্গে উপস্থিত জনমণ্ডলী করতালি সহকারে তাঁহাকে অভিনন্দন জানান। সভারম্ভে প্রসিদ্ধ গায়ক উমাপদ ভট্টাচার্য নজরুলগীতি পরিবেশন করে সভাকে মুগ্ধ করেন।

আচার্য প্রফুল্লচন্দ্র রায় তাঁহার বক্তৃতায় বলেন, 'আজ বাঙলার কবিকে শ্রদ্ধা নিবেদন করিবার জন্য আমরা সমবেত হয়েছি। রবীন্দ্রনাথের অনুবর্তী প্রতিভায় বাংলাদেশ সম্মোহিত হয়ে গেছে। তাই অনেক প্রতিভা লোকচক্ষে তেমন করে ফুটতে পারছে না। আধুনিক সাহিত্যে মাত্র দু'জন কবির মধ্যে আমরা সত্যিকারের মৌলিকতার সন্ধান পেয়েছি। তাঁরা সত্যেন্দ্রনাথ ও নজরুল ইসলাম। নজরুল কবি, প্রতিভাবান মৌলিক কবি। রবীন্দ্রনাথের আওতায় নজরুলের প্রতিভা পরিপুষ্ট হয়নি। তাই রবীন্দ্রনাথ তাঁহাকে কবি বলে স্বীকার করেছেন। আজ আমি এই ভেবে বিপুল আনন্দ অনুভব করছি, নজরুল ইসলাম শুধু মুসলমানদের কবি নন। তিনি বাংলার কবি, বাঙালির কবি। কবি মাইকেল মধুসূদন খ্রিস্টান ছিলেন। কিন্তু বাঙালি জাতি তাঁহাকে শুধু বাঙালি রূপেই পেয়েছিল। আজ নজরুল ইসলামকেও জাতি-ধর্ম-নির্বিশেষে সকলেই শ্রদ্ধা নিবেদন করছেন। কবিরা সাধারণত কোমল ও ভীরু, কিন্তু নজরুল তাহা নন। কারাগারে শৃঙ্খল পরে বুকের রক্ত দিয়ে তিনি যাহা লিখেছেন, তাহা বাঙালির প্রাণে এক নতুন স্পন্দন জাগিয়ে তুলেছে।'

আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের বক্তৃতার পর নজরুল সংবর্ধনা সমিতির সহ-সভাপতি মি: এস. ওয়াজেদ আলী নিম্নোক্ত অভিনন্দন পত্র পাঠ করেন— 'কবি নজরুল ইসলাম করকমলেষু, কবি তোমার অসাধারণ প্রতিভার অপূর্ব অবদানে বাঙালিকে চির ঋণী করিয়াছ তুমি। আজ তাহাদের কৃতজ্ঞতা নিদর্শন স্বরূপ অভিনন্দন গ্রহণ কর। তোমার কবিতা বিচার বিশ্লেষণের ঊর্ধ্বে সে আপনার পথ রচনা করে চলিয়াছে [illegible] তোমার [illegible]। যে [illegible] বাঙালি যুগ [illegible] সিক্ত [illegible] দিয়ে গিয়াছে। আজ তুমি তাহাদের [illegible] অভিনন্দন লও। বাঙলার [illegible] তোমার প্রাণের [illegible] [illegible] উঠিয়াছে। [illegible] বাঙালির [illegible] নীল নয়নে [illegible] আশা [illegible] দিয়াছে। আজ তুমি [illegible] নয়নের [illegible] গ্রহণ কর। তুমি বাঙালির ক্ষীণ কণ্ঠে তেজ দিয়াছ, মূর্চ্ছিত প্রাণে অমৃত ধারা [illegible] করিয়াছ। আজ [illegible] তোমার [illegible] তোমার তরুণ [illegible] ইঙ্গিত [illegible] করিয়াছে। [illegible] তোমার [illegible] উদ্ভাসে [illegible] হইয়াছে। জাতির এ অভিযানে তুমি নবযাত্রার কণ্ঠ। তুমি বাঙলার [illegible] কণ্ঠে [illegible] তুমি দিয়াছ, [illegible] সহকারে [illegible] শক্তিতে [illegible] বন্ধন [illegible] করিয়াছ। তুমি বাঙালির [illegible] কণ্ঠে [illegible] সঙ্গীত [illegible] দিয়াছ। আজ তোমার সম্মুখে দাঁড়াইয়াছে। তুমি [illegible] গ্রহণ কর। [illegible] মাটির মানুষের গান গাহিয়াছ তুমি। সে গান [illegible]। তোমার নতুন [illegible] হইয়াছে। মানুষের [illegible] তোমার [illegible] দিয়াছে। ভবিষ্যতের ঋষি তুমি, চিরঞ্জীব মনীষী তুমি, তোমাকে আজ আমাদের সশ্রদ্ধ অন্তরের নমস্কার।' [illegible] বাঙালির পক্ষে নজরুল সংবর্ধনা সমিতির সভ্যবৃন্দ। কলকাতা ২৯ অগ্রহায়ণ, ১৩৩৬। ১৫ ডিসেম্বর ১৯২৯।'

অভিনন্দন পাঠের পর সভাপতি উপস্থিত জনগণ কবির হাতে সোনার দোয়াত, কলম, রূপার দোয়াত অভিনন্দনপত্র প্রদান করেন। তারপর উমা ভট্টাচার্য ও নলিনীকান্ত সরকার কবির অভিনন্দনের জন্য বিশেষভাবে রচিত একটি আবাহন সঙ্গীত পরিবেশন করেন। সঙ্গীতের পর নজরুল ইসলাম অভিনন্দনের উত্তর দিতে উঠলে সভায় জনমণ্ডলী বিপুল করতালিতে আনন্দধ্বনি করে কবি সংবর্ধনা জ্ঞাপন করেন। কবির উত্তরের অংশ বিশেষ

বন্ধুগণ! আপনারা যে সওগাত আজ হাতে তুলে দিলেন, আমি তা মাথায় তুলে নিলুম। আমার সকল তনু-মন-প্রাণ আজ বীণার মত বেজে

উঠেছে। তাতে শুধু একটি মাত্র সুরধ্বনি হয়ে উঠেছে। আমি ধন্য হলুম, আমি ধন্য হলুম। আমার হৃদয়-দ্বার যে ভরে উঠল। নবীন ও প্রবীণ [illegible] দুটি বন্দী হয়ে তুলে দিয়েছেন। আজ যদি আমি কিছু বলতে না পারি আপনারা আমায় সে অক্ষমতাকে ক্ষমা করবেন। আমি যে নবীন যৌবনের, সেই নবীন যুগকে বরণ করলেন আপনারা, তবে এ ঐশ্বর্য আমার জন্য, আমার স্থান সেখানে হতে পারে। [illegible] [illegible] এ [illegible] আপনাদের [illegible] অভিনন্দনকে [illegible] দিয়ে যে [illegible] দিতে পারব, সে [illegible] আমার নেই। [illegible] আমার [illegible] বন্ধু [illegible] এবং [illegible]। সে যদি আসতে পেরেই হয়, [illegible] আমার নিন্দা করতে পারবেন না। [illegible] অভিনন্দন হয়ে গেল। একটু আশ্চর্য হবে যাঁরা এ সভার আয়োজন করেছেন [illegible] বাদ দিয়েছেন। আমি দেশপ্রেমে সেই বহু বন্ধুদের কথা বলছি যাঁরা এখানে না এলেও [illegible] করতে পারতেন না এবং [illegible] একটু বেশি করেই [illegible] করেছেন। [illegible] [illegible] বন্ধুরা তাঁরা যেমন সমস্ত প্রাণ দিয়ে আমায় ভালবেসেছেন, তেমনি বন্ধুর উল্টো তাঁরা [illegible] ফুটিয়ে [illegible] করেছেন। এতে আমি [illegible] [illegible] উপভোগ করি। [illegible] বন্ধুদের চেয়ে ফুটিয়ে [illegible]। [illegible] বন্ধুর [illegible] যেন [illegible] করে [illegible] ধরতে না পারলে হয় না। তিনি আমার [illegible] এবং [illegible] পারেন, তিনি আমার নিন্দাই [illegible] অথবা [illegible]। আজকের দিনে তাঁদেরও আমার অন্তরের শ্রদ্ধা-নমস্কার নিবেদন করছি। অবশ্য বন্ধুরা যেমন পাখির একদিকে [illegible] পাখনার [illegible] দিয়েছেন, তেমনি নিন্দার [illegible], [illegible] ছড়িয়েছেন এবং ঐ দুই [illegible] দুই পাখার শক্তি এমন সমভাবে হয়ে উঠেছে যে তাতে আমি ঠিক থেকে গেছি, একটুও টলাতে পারেনি।

আমায় অভিনন্দিত আপনারা সেই দিনই করেছেন, যেদিন আমার লেখা আপনাদের ভাল লেগেছে। সেই ভাল লেগেছিলেন [illegible] করতে পারব এই উৎসবে আমার আজকে একটা ভয় [illegible]। সে [illegible] [illegible] সবার প্রতি নমস্কার নিবেদন করা। আমার [illegible] যে [illegible] এখন [illegible] দিন। আমাকে [illegible] বলায় [illegible] করবেন না। সত্যের প্রকাশ-পীড়াকে বলি হবার জন্যই আমি সত্যকে এবং সবাকে [illegible] পালিয়ে বেড়াচ্ছি। আমি [illegible] যদি আমায় ধরে এনে [illegible] ব্যবস্থা করে থাকেন তাহলে আপনাদের [illegible] হয়েছে। [illegible] [illegible] [illegible] এসে [illegible] দিয়েছেন। আমাকে বিদ্রোহী বলে খামাখা লোকের মনে ভয় ধরিয়ে দিয়েছেন কেউ কেউ। এ নিরীহ জাতটাকে আঁচড়ে কামড়ে তেড়ে নিয়ে বেড়াবার ইচ্ছা আমার কোনোদিনই নেই। তাড়া যারা খেয়েছে, অনেক আগে থেকেই মরণ তাদের তাড়া করে নিয়ে ফিরছে। আমি তাতে এক-আধটু সাহায্য করেছি মাত্র। আমি [illegible] [illegible] করেছি, [illegible] [illegible] দিয়েছি—[illegible], কিন্তু আমি জানি, আমাকে [illegible] দিতে পারিনি; আমার লেখার [illegible] [illegible] যেটুকু পেয়েছি। যে [illegible] [illegible] সাগর [illegible] [illegible] [illegible], সেই [illegible] [illegible] যেন [illegible] না করি। [illegible] [illegible] [illegible] না হারাই—এই আশীর্বাদ আপনারা করুন। আমি এই দেশে এই সমাজে জন্মেছি বলেই শুধু এই দেশেরই এই সমাজেরই নই। আমি সকল দেশের সকল মানুষের। সুন্দরের ধ্যান, তাঁর স্তব-গানই আমার উপাসনা, আমার ধর্ম। যে কুলে, যে সমাজে, যে ধর্মে, যে দেশেই জন্মগ্রহণ করি, সে আমার দৈব। আমি শুধু সুন্দরের হাতে বীণা, পায়ে পদ্ম ফুলই দেখিনি, তাঁর চোখে চোখভরা জলও দেখেছি। শ্মশানের পথে গোরস্থানের পথে তাঁকে ক্ষুধা-দীর্ণ মূর্তিতে, ব্যথিত পায়ে চলে যেতে দেখেছি। যুদ্ধভূমিতে তাঁকে দেখেছি, ফাঁসির মঞ্চে তাঁকে দেখেছি। আমার গান সেই সুন্দরকে রূপে-রূপে অপরূপ করে দেখার স্তবস্তুতি।

কেউ বলেন, আমার বাণী যবন, কেউ বলেন কাফের। আমি বলি ও দুটোর কিছুই নয়। আমি মাত্র হিন্দু-মুসলমানকে এক জায়গায় ধরে এনে হ্যান্ডশেক করাবার চেষ্টা করেছি। সে হাতে-হাত মিলানো যদি হাতাহাতির চেয়েও অশোভনীয় হয়ে থাকে, তাহলে ওরা আপনি আলাদা হয়ে যাবে। আমার গাঁটছড়ার বাঁধন কাটতে তাদের কোনো বেগ পেতে হবে না। কেননা, একজনের হাতে আছে লাঠি আর একজনের আস্তিনে আছে ছুরি। আমি আমার আপনাদের আমার অন্তরের শ্রদ্ধা-প্রীতি নমস্কার জানাচ্ছি। আমি ধন্য করতে আসিনি, ধন্য হতে এসেছি, তাই আপনাদের আমার অন্তর বন্দনা।

সুভাষচন্দ্র বসুর বক্তৃতা

কবির উত্তর দানের পর সমাদৃত হয়ে প্রসিদ্ধ গায়ক গোপালচন্দ্র সেনগুপ্ত একটি সঙ্গীত পরিবেশন করেন। তারপর সভাপতির অনুরোধে সুভাষচন্দ্র বসু বক্তৃতা করেন। তিনি বলেন, "স্বাধীন দেশে জীবনের সহিত সাহিত্যের স্পষ্ট সম্বন্ধ আছে। আমাদের দেশে তাহা নাই। দেশ পরাধীন বলে এ দেশের লোকেরা জীবনের সকল দিক থেকে উপাদান সংগ্রহ করতে পারে না। নজরুলের জীবনের নানাদিক থেকে উপাদান সংগ্রহ করেছেন, তার ফলে আমি একটি উদাহরণ দেব—কবি নজরুল যুদ্ধের ছবি দিয়ে কবিতা লিখেছেন। কবি নিজে বন্দুক ঘাড়ে করে যুদ্ধে গিয়েছিলেন, কাজেই নিজের অভিজ্ঞতা থেকে সব কথা লিখেছেন। তাঁহাদের দেশে ঐরূপ ঘটনা বহু অন্য স্বাধীন দেশে খুব বেশি। এতেই বুঝা যায় যে নজরুল একটা জীবন্ত মানুষ। কারাগারে আমরা অনেকে যাই, কিন্তু সাহিত্যের মধ্যে সেই জেল জীবনের প্রভাব কমই দেখতে পাই। তার কারণ অনুভূতি কম। কিন্তু নজরুল যে জেলে গিয়েছিলেন তার প্রমাণ তাঁর লেখার মধ্যে অনেক স্থানেই পাওয়া যায়। এতেও বুঝা যায় যে, তিনি একটা জ্যান্ত মানুষ। আমি ভারতের বিভিন্ন প্রদেশে সর্বদাই ঘুরে বেড়াই, বিভিন্ন প্রাদেশিক ভাষায় জাতীয় সঙ্গীত শুনবার সৌভাগ্য আমার হয়েছে। কিন্তু নজরুলের 'দুর্গম গিরি কান্তার মরু' র মত প্রাণ মাতানো গান কোথাও শুনেছি বলে মনে হয় না। কবি নজরুল যে স্বপ্ন দেখিয়াছেন, সেটা শুধু তাঁর নিজের স্বপ্ন নয় সমগ্র বাঙালি জাতির।"

সুভাষচন্দ্র বসুর পর রায়বাহাদুর জলধর সেন বক্তৃতা করেন। তিনি বলেন "আজিকার এই দিনে আমরা কবি নজরুল ইসলামকে সংবর্ধনা করিবার জন্য যেভাবে হিন্দু-মুসলমানে মিলিত হইয়াছি, জীবনের প্রত্যেক ক্ষেত্রে, দেশের প্রত্যেক মঙ্গল আয়োজনে যদি সেইভাবে আমরা মিলিতে পারি, যদি ভুলিয়া যাইতে পারি, আমরা হিন্দু বা আমরা মুসলমান; শুধু যদি আমাদের মনে জাগে আমরা বাঙালি, বাংলা মায়ের সন্তান, তবে আমাদের নজরুল সংবর্ধনা সার্থক হবে।"

সভাপতি আচার্য প্রফুল্লচন্দ্র রায় উপসংহারে বলেন, "আমরা আগামী সংগ্রামে কবি নজরুলের সঙ্গীত কণ্ঠে ধারণ করিয়া শ্রীমান সুভাষের মতো তরুণ নেতাদের অনুসরণ করিব। ফরাসি বিপ্লবের সময়কার প্রথম একখানি গীতে দেশকে মাতাইয়াছিলেন। তাহাতে দেখা গেছিলাম, সে সময় প্রত্যেক মানুষ অতি মানুষে পরিণত হইয়াছিল। আমাদেরও বিশ্বাস নজরুল ইসলামের কবিতা পাঠে আমাদের ভাবী বংশধরেরা এক-একটি অতি মানুষে পরিণত হবে।"

[আনন্দবাজার পত্রিকা [illegible]]

প্রসঙ্গ : 'গণবাণী' মুজফ্ফর আহ্মদ

[এই পত্রটি 'সংকল্প' নিবন্ধের সঙ্গে পত্রের আকারে মুজফ্ফর আহ্মদ লিখিত 'আত্মশক্তি' পত্রিকার তৎকালীন সম্পাদক শ্রী গোপাল লাল সান্যাল মহাশয়কে লিখিত। ১৯২৬ খ্রিস্টাব্দের ২০শে মার্চ সংখ্যা 'আত্মশক্তি' পত্রিকার পুস্তক-পরিচয় বিভাগে শ্রী ... 'চোরা না' ... পুস্তক-পরিচয় প্রসঙ্গে মুজফ্ফর 'গণবাণী'র সমালোচনা করেন। তারই জবাবে কবি এই পত্রটি লেখেন। 'গণবাণী' পত্রিকার সম্পাদক ছিলেন মুজফ্ফর আহ্মদ। —তখন সেই সঙ্গে 'গণবাণী'র অন্যতম পরিচালক ছিলেন।—সম্পাদক]

শ্রীযুক্ত 'আত্মশক্তি' সম্পাদক মহাশয় সমীপেষু,

বিনয় নমস্কারপূর্বক নিবেদন,

আপনার (১৯২৬ খ্রিস্টাব্দের) ২৬শে মার্চের 'আত্মশক্তি'র 'পুস্তক-পরিচয়'-এ নতুন সাপ্তাহিক 'গণবাণী'র যে পরিচয় দিয়েছেন তৎসম্বন্ধে আমার কিছু বলবার আছে। কারণ 'গণবাণী'র সাথে আমিও সংশ্লিষ্ট। অবশ্য 'গণবাণী' পুস্তক নয়, 'আত্মশক্তি'র পুস্তক-পরিচয়ের সুবিধা নিয়ে পরিচিত হলেও, যেমন আত্মশক্তি আপনার কাগজ হলেও, ঐ সমালোচনাটি আপনার নয়।

ঐ "পরিচয়" নিয়ে বলবার কথাটুকু আমারই দাবি-দাওয়া, তাদের কৃতক প্রতিবাদ নাকের নয়। আশা করি, আপনার প্রাচীন কাগজের সহৃদয়তা কখনো ছেড়ে দেবেন না আমার বক্তব্যটুকু জানাতে। এ অনুরোধ জানাবার এই কারণ যে, আপনার সম্পাদিত পত্রিকাটি 'তরুণদের আত্মশক্তি', 'শনিবারের পত্র' নয়। তবুও এ কথাটা বলবার হেতু আছে। কেউ বলেছিলেন, 'শনিবারের চিঠি' না-কি একীভূত হয়ে উঠেছে 'আত্মশক্তি'র সাথে। অবশ্য, আমার একথা বিশ্বাস করতে প্রবৃত্তি হয়নি, যদিও দু'দিনকাকে আমার এইরূপ ভুল ধারণা জন্মিয়ে দিয়েছেন আর কি। এ রকম ধারণার আরও কারণ আছে। হঠাৎ একদিন বাগানে পড়লাম ইটালির মুসোলিনি আর অস্ট্রিয়ার জার্মান রাজার ইতালি চলতে চলতে শেষে কি এক রকম সম্বন্ধ পাতাতে চলেছে। সেই ইতালিটা রকম যে, হয়তো শেষটা ইটালির সাথে একীভূত (Incorporated) হয়ে যাবে। হয়তো বা এত সময় V₁ হয়ে যাবেন, আর শীঘ্র V₁ ট্রীয়ের যদি থাকাও হতে পারে, তবে শনিবারের পত্র তরুণদের পত্রিকাটি না হয়ত হবে না কেন, একীভূত না হোক। আমরা আমার আপত্তি যত নয় ভাসূরের কথা নেওয়া দুটিতা নিশ্চয়ই। তবে জানেন কি, "কোন খবরের দুটি কি আছে" বলে একটা প্রবাদ আছে, যাদের চরিত্রে উচিত কথাও এর মত হয় "দুধ খবরের সত্য কি না তা"। আপনার "অবনির হার" এবং প্রবাসীর অশোকবাবুর তখন কথা ভাবিনাই চলছিল তখন ওটা ইতালির মত আর হাসির কেন হয় নাই, বা দেখে আমরা অবশ্য করতে পারতাম যে ওটা নিশ্চিতই একটা সমস্তে থেকে উঠবে। 'সজনে পদিনি' আমরা বুঝিনে, তবে আমার এক বন্ধু একদিন বলেছিলেন, এ লেখকদেরই নিশ্চিতই একটা প্রেরণায় হয়ে যাবে, কেননা অশোকবাবুর লেখার ক্ষমতা না থাক, তাঁর দুটি পড়বার ক্ষমতা আছে।

বিজ্ঞান বিষয়, সন্দেহ নেই। অশোক বাবুর লেখার ক্ষমতার মেধে আমার তাই মনে হয়েছিল বটে, কিন্তু বর্ষিং লিখতে যে শক্তিশালী লেখক হওয়া যায়, এ সন্ধান ও আগে আমার কেউ দেয়নি। তাহলে আমি আমার লেখার ক্ষমতাটা অশোকবাবুর কাছে থেকেই শিখতাম। আর অশোকবাবু ও তাঁর প্রেমবন্ধুরা আমার লিখতে শেখাবার জন্য কিরূপ সমুৎসুক, তা তাঁদের আমার উদ্দেশ্য যা অর্থবাদ হ'তে দিলেন। সংখ্যা 'শনিবারের চিঠি'গুলো পড়লেই বুঝতে পারবেন। প্রাণপণেই যে আজকাল বাংলার ছেলে হঠাৎ ইঁদা দেওয়া সমাজে কাষ্ঠের মতো বসেছেন, তাও দেখতে পাবেন।

আপনাকে যদি চিনি, তাই আমার তত হইলে আপনার কাগজের ইংরেজি লেখাগুলো দেখে যে, কোনদিন বা আপনার নামের শেষে (B.A. Cantab) দেখে ফেলি। চিঠি নামটা প্রতিষ্ঠা, এ কথা নির্দিষ্ট রাখতেনবাবুর বাড়ি থেকে প্রকাশিত না হলে কেউ কি বিশ্বাস করতে পারতেন? এ-রকম লেখা ঐরকম Oxon বা Cantab B.A. ইউনিয়ন-প্রচারক জাতির দ্বারা বোধ হয় কেউ শিখতে ও পারতেন না, পড়তেও পারতেন না। অশোক বাবুর প্রেমিক মন শীতল প্রতি কিরূপ অসীম হয়ে উঠেছিল জানা নেই। কিন্তু সে তার সরকারী ওপর পড়লে যে কিরূপ ভয়ানক হয়, তা বেশ বুঝি। আমার কথা হচ্ছে, কোনদিন বা শ্রীযুক্ত বলাই চটিয়ে লেখা শুরু করে দেন।

নিজেকে শীত পাহিয়ে বলে কোন নিরাময় চেখে ('খাস কলমের নিজের শীত নয়) আপনি হয়তো অসন্তুষ্ট হবেন, কিন্তু আপনাকে মনে করিয়ে দিচ্ছি যে এটা চিঠি, প্রবন্ধ নয়। আর, চিঠিতে যে আবোল-তাবোল বকবার অধিকার সকলেরই আছে, তা 'শনিবারের চিঠি' পড়লেই দেখতে পাবেন। তাই বলে আমার এ চিঠিটা রবিবারের উত্তরও নয়। কেননা তাঁরা এত চিঠি লিখেছেন আমায় যে, তার উত্তর দিতে হলে আমার গলেন হবে নিত্যাকে ডাকতে হয়। এটাকে মনে করে নিন আসল কথা পাড়বার আগে একটু ভাবনা করে নেওয়া, যেমন আপনারা ভাবনা করেছেন 'গণবাণীর' আলোচনা করতে গিয়ে।

শ্রীযুক্ত আমায় লিখেছেন "লাঙল উঠে গিয়ে এটা (অর্থাৎ গণবাণী) নামল"। কিন্তু 'গণবাণী'র কভারে লেখা আছে, এর সাথে 'লাঙল' একীভূত হয়েছে। যেমন Forward-এর সাথে Indian Daily News প্রভৃতি একীভূত হয়েছে। অতএব আসলে লাঙল উঠে গেল না, সে হয়ে গেল গণবাণীর মধ্যে। এর কারণও দেখিয়েছেন ওর সম্পাদক মুজফ্ফর আহ্মদ। 'গণবাণী'র কভারের লেখাটুকু বোধ হয় শ্রীযুক্ত অশোকের চোখে পড়ে নাই। অথচ আমি এ ইচ্ছা করছি না যে, তার

[illegible] লাঙল পড়ুক। ক্রমে অন্তর্মুখী পড়তেই সে রকম অবস্থা হয়ে উঠে।

তিনি যথার্থ লিখেছেন, এ লড়াই দল বেশীর মুসলিম প্রতিষ্ঠা দল। এদেশে প্রথম তৈরি হল, কাদা ভাষা, কোন ভাবাবেগের সংস্কৃতিহীন অসাম্প্রদায়িকতাভিত্তিক প্রতিষ্ঠান এর অর্জিত যা সমাজকে জানানো উচিত। কোন সময়ের সভায় এর উত্থান, সেটাও জানানো দরকার। 'উদ্ভূত আসামা' 'দখিনা পবনে' কথা বলেছেন, অনেক ব্যাপারে অনেক বড় কিছু লেখেন, সুতরাং শরীরের এতক্ষণ বেশী থাকতো তিনি বলেন এ বিষয়ে তথা অনাবশ্যক নয় নিশ্চয়। কিন্তু না বলাটা অন্যায়ের, অবশ্য তাঁর পক্ষে তিনি সুস্পষ্টিতে আলোচনা করেন। তিনি আপনার আপনার কালকে কৃষক-প্রজাদের ধরন-ধারণ অন্যতম সম্বন্ধে নিশ্চয় করছেন না। তিনি তিনি এ-সময় শুরু করে নিজেকে সামনে দেখছেন না। "বঙ্গীয় কৃষক-প্রজা দল" সম্বন্ধে দু'একটা খবর দিলি এবে, এর গুরুত্ব জানা আবশ্যক মনে করছি। গত ফেব্রুয়ারি মাসের এই ৬-৭ই তারিখে কৃষ্ণনগরে নিখিল বঙ্গীয় প্রজা সমিতির দ্বিতীয় অধিবেশন হয়, যার সভাপতি হয়েছিলেন ডাক্তার নরেশচন্দ্র সেনগুপ্ত। ঐ অধিবেশনের বিবরণী বাংলার ইংরাজি-বাংলা প্রায় সব কাগজেই বেরিয়েছিল। আনন্দ ও বেরিয়েছিলই। অবশ্য খবরকাগজের কাজ 'ক্যাবারে' সে বিষয়ে বলাবলি—শুধু সভাস্থ সাতকাণ্ডের কোন অতিকথনের চমকদার লেখা ছাড়া। এখানে একটি দল প্রবৃত্তি হলো বঙ্গীয় কৃষক-প্রজা দলের গঠনতন্ত্র সভাসমিতি হয়েছে, তার কোন সংবাদই হয়েনি 'ক্যাবারে'। আমরা দিতে আসছেন না। সম্পাদকীয় এই ধর্ম ও সৌজন্যবোধ বাংলার আর কোন কাগজ অতিক্রম করেনি। অবশ্যই 'ক্যাবারে' হিসেবেও ও অবজ্ঞে অন্য অনেক দেশের প্রতিবেদন কথা লেখে, সুতরাং এ-কাগজে বাংলার কখনো হাটি-মজুরের কথাও লিখতে হবে, এমন কোন কথা নেই। তবে আমার এ কৃষক-প্রজা দলটা তুলসীবাবুর, নলিনীবাবুর মত ধনিক লোকের জন্য নহে। গরম করলে খাবা না, যত সব বিভিন্ন জেলার দরিদ্রদের মজুর, কৃষকেরা হাড়-চামড়া বের করা, খালি-গায়ে পেটে-পিঠে এক মুখওয়ালা চাষা-মজুর। আর তাদের নেতাদেরও অবস্থা—না খেয়ে চাল না থাকে চুলো। তাতে সাম্প্রদায়িক ষড়যন্ত্রে অনাধি নয়। বোঝ জানা।

তাই ঐ প্রজা সমিতিতে প্রস্তাবসমূহ নানা সংখ্যা দেখিয়েছিল। ঐ সমিতিতে প্রথম প্রস্তাবই হলো, কৃষক-প্রজা দল গঠনের প্রস্তাব।

তিয়াত চতুর্থ প্রস্তাব হলো: "সকল পত্রিকাতে কৃষক ও প্রজাদের দুঃখদুর্দশা আলোচনা প্রচার করা উচিত।"

প্রস্তাবগুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রস্তাবক ও সমর্থক সকলেই বিভিন্ন জেলার কৃষক ও প্রজা।

অতঃপর আমাদের প্রতি প্রশ্ন—"কোন্ কোন্ আর-কাগজের সাম্প্রদায়িক অসাম্প্রদায়িকতা প্রমাণিত এর কর্মীরা।" উত্তরে আমরা বলুনতকে সানুনয় অনুরোধ জানাচ্ছি তিনি যেন দয়া করে একবার ৩৭, হ্যারিসন রোডের "গণবাণী" অফিসে পদধূলি দিয়ে যান। দেখে দেখতে পাবেন, বা প্রত্যক্ষণের পদধূলি "গণবাণী" অফিসে ধূলিকৃত হয়ে "গণবাণী"-কেও মাড়িয়ে উঠেছে। সে অফিসে মানুষের

নজরুলের প্রতি [illegible] ছিলাম। তাই আমি সাহিত্যে আমার প্রতিষ্ঠিত দেখতে পেয়েছিলাম। সে আমার প্রত্যাশার চেয়েও বেশী। এখন কেউ যদি এর প্রতি দৃষ্টি দিয়ে বিচার করেন, [illegible] আমার [illegible] নয় এ কথা [illegible]।

বিনত
মুজফ্‌ফর আহমদ

চেয়ে লোকেই বেশি, প্রেতাত্মা প্রাণীর ও মাকড়সার সমান। অনুষ্ঠানের প্রতিকারেই মহামনোযোগী সর্বদাই। অবশ্য খাবার বেলায় অনটন। বাক-পড়া, বাঁধা-নাড়া আসবাবের মত সব দাঁড়িয়ে আছে। দেখে আসে জল আসে, বিশেষ করে যখন দেখি, "গণবাণী"র কর্মীরা হতভাগ্য মুজফ্‌ফরের অবস্থাতেও। অবস্থা ও সব—'ফকির-দরবেশ, দাঁড়িয়ে তাড় নেই, পড়িয়ে চোকো।' আর পরিচয় দরকার নেই। যেন সমস্ত মানবসমাজের প্রতিনিধি! আমি জোর করে বলতে পারি মুজফ্‌ফরকে দেখলে যেমন তার শুধু দেখেও জল আসে। এমন সর্বত্যাগী আত্মভোলা বীর কর্মী, এমন সুন্দর প্রাণ, এমন খাঁটির মুসলী, এমন উজ্জ্বল প্রতিভা—সংসারে এমন উদার বিরাট বিপুল মন নিয়ে সে কি করে জন্মাল গোঁড়া মৌলবীর দেশে নোয়াখালীতে, এই মোল্লা-মৌলবীর দেশ বাংলায়, তা ভেবে পাইনে। ও যেন আল্লার নিজ, কাছে থেকে নিবৃত্ত করা যায় না। ও যেন গোলাপ গাছে ফুল ফোটায় কাঁটায় ভয় সুগন্ধ নিয়ে। যার তাকে দেখতে পেয়ে গেছেন, তার প্রতি দিন যে বাঁচিয়ে রাখি না। এই পাগল আমার মনে বিদ্রোহ করতে পারে না, এমন অনেক মুসলমান নেতা আছে এই সাম্প্রদায়িক অনুষ্ঠানের ও দুঃখের কথা খুঁজে নিয়ে গুছিয়ে নিলে, শুধু মুজফ্‌ফরের বিচার পর দিন অনশনে ক্লিষ্ট হয়ে গুছিয়ে মরছে। যদি জানি, এই "গণবাণী" বের করতে তাকে দুটো দিন কাটে কাটে অনশনে কাটাতে হয়েছে। দু চিঠিও ডাক দিয়েছে, তার মুজফ্‌ফর সমাজ তকদির করে। অথচ মুজফ্‌ফরকে মত সম্পূর্ণভাবে দেশনেতা বলে বারবারে, ভারতবর্ষে আসলে কোন মুসলমান নেতা দুরের কথা, হিন্দু নেতাকেও দেখিনি। এই সাম্প্রদায়িক হানাহানি নিয়ে যদি কারুর মাথা ঠিক থাকে, তা মুজফ্‌ফরের, "লাঙল" ও "গণবাণী"র লেখা প্রবন্ধ পড়লেই বুঝতে পারবেন।

দেশের ছোট বড় অনেকই সকল দেশপ্রেমিক মিলে যখন "এই দেশ যে বর খেয়ে" প্রতারণার সার্থকতা প্রমাণ করে নানা দিন দিন-কয়েক জেল খাদের বিনিময়ে অন্তত একবার নিজের "আর-কাগজের সংস্থান" করে নিলে, তখন যারা তাদের আগেকার দরিদ্রতাকে প্রতিষ্ঠা করল না অর্থবিত্তের স্বার্থ নিয়ে—তাদের অন্যতম হলো মুজফ্‌ফর। মুজফ্‌ফর আজও অর্থনৈতিক সত্যের জেলের সত্যাগ্রহী আন্দোলনের অন্যতম আসামী এবং বাংলার সর্বপ্রথম মুসলমান স্টেট প্রিজনার। বাংলার বাইরে নানান স্টেটই জেলে তার উপর অকথ্য অত্যাচার চলছে।

থেকে তখন [illegible] যে বৃহৎপ্রাণ এখন তাকে হিমালয় পর্বতস্থিত [illegible] ফিরে নিয়ে যেতে দেওয়া হয়। তখন একজন তার মাত্র ১৫ [illegible]। সেখানে নিজের পথ দিন কাটিয়েছে সে অসহায়, তবু সে চায়নি কিছু। সে বলেনি কোনদিনই মুখ ফুটে যে, দেশের জন্য সে কিছু করেছে। [illegible] না জানিয়েছে। সে বলে না বলেই যে তার জন্য এর [illegible] পায়, তার ওপর আমার এত বিপুল শ্রদ্ধা। সেই ছেলে তিনি [illegible] কর্পোরেশনের মোটরে চড়ে গাড়িতে হাওয়া খাইয়ে বেড়াচ্ছেন এবং [illegible] যাঁর অভাব অনুভব করে নিজের [illegible] ছেড়েই চলেছে দিনের পর দিন, তাকে কোলকাতা এসে তাঁর [illegible] অভিভাবক লিখিয়ে নিতে কাগজে কাগজে তাঁর নামে [illegible] বড় করে তুলল সেই মুজফ্‌ফর তার [illegible] একটা পয়সা বা এক [illegible] সাহায্যটি পায়নি ঐ নিজের সাহায্যের জন্য। সে অনুযোগ করে না তার জন্য, কিন্তু আমরা করি।

যে মুসলমান সাহিত্য-সমিতির প্রাণ প্রতিষ্ঠা করেন মুজফ্‌ফর, আজ তার নিজের এক [illegible] গোপন রেখে গেল, সেই মুসলমান সাহিত্য-সমিতির যখন নতুন করে প্রতিষ্ঠা হল এবং তার নতুন সম্পাদক [illegible] এবং তাদের অধিকাংশই [illegible] যখন তার [illegible] বা মৃত হওয়ার কথা আর পর্যন্ত নিলে না—তার আগে কৃতজ্ঞতা স্বীকার ও [illegible] কথা তখন একটি কথা করে দুঃখ প্রকাশ করেনি মুজফ্‌ফর। ও যেন প্রদীপের তেল, ওকে কেউ দেখে না, দেখে শুধু সেই শিখাকে, যা বুকে প্রদীপের তেলকে শোষণ করে। শুধু মুজফ্‌ফর নয়, এদেশের প্রায় সকলেরই এই অবস্থা। হালিম, নলিনী, সব সমান। এ বলে আমায় দেখ, ও বলে আমায় দেখ। একজনের [illegible], একজনের [illegible], [illegible], একজনের [illegible] একজনের [illegible] আছে। তার [illegible] ও [illegible] সৃষ্টি। [illegible] হলে সব [illegible] উল্লা। কোনদের নীচে ঢাকা ছুটতো না [illegible], আর পেটের ভিতর [illegible] যেন তেলা তৈরি হচ্ছে—কিসের [illegible] এমন গড়গড় করে। [illegible] আছে—[illegible] বেরিয়ে যাওয়া [illegible] নয়। [illegible] অবিরাম [illegible] পড়ে আছেন। [illegible] তাঁর ইলেকট্রিক ফ্যান [illegible] এবং [illegible], [illegible] টেবিল [illegible] পরিশোভিত, [illegible] সজ্জিত, [illegible] অফিসকে ত্যাগ করে একটু নীচু হেঁটে (সিঁড়ি দিয়ে)। তাঁদের অফিসের মেঝেতে [illegible] "গণবাণী" অফিসের ও তার কর্মচারীদের দেখে আসার নিমন্ত্রণ রইল। [illegible] অন্তত তাঁর পয়সায় একটু চা খেয়ে নেবে। একলা একেও এক কাপ খেতে। আমি নিজে নিয়েই [illegible] নিয়ে যেতাম, কিন্তু এদিকের [illegible]। কতোদিন, কোলকাতায় [illegible] বিশেষ প্রয়োজন থাকলেও যেতে পারছিনে ট্রাম ভাড়ার অভাবে। [illegible] ইঁদুরেরা বক্সিং খেলছে, ডন ফেলছে! [illegible] আমার ক্ষেত্রেও দেখেনা, তারা বলে "হাত [illegible] হয়,

পারে বুঝোও [illegible], মাথার নয়, তোমার হাত শক্তটা নিতে পারে, কিন্তু এ কাজটা হবে না তার। এমন কি মুজফ্‌ফরের মত খুঁটিও হবে তার মন ভোলেও না।"

তারপর "গণবাণী"র লেখা নিয়ে "[illegible]" বলেছেন— "বাঙলার কৃষক ও শ্রমিকেরা লেখাপড়ার সঙ্গে [illegible] কতক কতক শিখলে ওগুলো লিপিগুলিই বুঝতে পারবেন?"—তাঁর ইঙ্গিতটা এবং রসিকতাটা দুটোই বুঝলাম না, বুঝলাম শুধু তাঁর [illegible]—অন্তত সেই সম্বন্ধে, যে সম্বন্ধে তিনি আলোচনা করেছেন। তিনি কি জানেন না, যে কোন দেশের কোন শ্রমিক কার্ল মার্কসের "ক্যাপিটাল" পড়ে বুঝতে পারবে না। ঐ মতবাদটা যারা পড়বে, তারা কৃষক-শ্রমিক নয়, তারা [illegible] অনুসারী লোক। কার্ল মার্কসের মতবাদ সাধারণ শ্রমিক বুঝতে না পারলেও তা নিয়ে অনেক [illegible] সাহিত্য হয়েছে, হচ্ছে এবং হবে। এ মতবাদ নিয়ে এমন কতকগুলি লোকের সৃষ্টি হয়েছে যারা জগৎটাকে উল্টে দিয়ে নতুন করে গড়তে চেয়েছেন বা গড়ছেন। মজুররা কোনকালেই মতবাদ বুঝবে না, মতবাদ তৈরি করে তুলবে সেই সকল লোক যারা বুঝেছেন এ মতবাদের মর্ম জনসাধারণকে। ইঞ্জিন চালাবে ড্রাইভার কিন্তু গাড়িতে চড়বে সর্বসাধারণ। "গণবাণী" তাঁদেরই কথা। কৃষক-শ্রমিক দলের মুখপত্র, মনে আশার বেদনাতুর হৃদয়ের মূক মুখের বাণী "গণবাণী," তাদের বইতে না পারা ব্যথা কথায় ফুটিয়ে তুলবে "গণবাণী"। ইতি—

বিনীত

—নজরুল ইসলাম

৮ই ভাদ্র
১৩৩৩ সাল

আমার ধর্ম

দেশে একটা কথা উঠেছে যে, মুক্তির জন্য যে আন্দোলন আমরা চালাচ্ছি, আমাদের তা ধর্মের ওপর প্রতিষ্ঠিত করে নিতে হবে। দেশে যখন মুক্তির আলো [illegible] বহুদিন পর [illegible] লাখ লাখ লোক আপন ঘর থেকে বেরিয়ে এল, তখন তারা এক নতুনভাবে [illegible] অনুপ্রেরণা [illegible] মানুষ [illegible] তার পেছনে পেছনে চলতে লাগল। কিন্তু আজ যখন [illegible] দেওয়া হল তখন [illegible] নিয়ে তর্ক উঠে [illegible] মাথার গোলমাল হল। একটি কথাই [illegible] শক্তি অন্য থেকে [illegible] তুলে দিয়েছিল, শক্তিকে শুধু [illegible] একটা আচার। কিন্তু তেমনি আজ যেন আমাদের ভিতরে [illegible] বেরিয়ে [illegible] উপস্থিত হয়েছে—[illegible] তাকে ধরে রাখবার কোন [illegible] খুঁজছেন না। কেউ কেউ এর বেশি গোঁড়া [illegible] হয়ে পড়েছেন, কিন্তু [illegible] থেকে [illegible] আমাদের মনে তো নেই [illegible] শক্তি নেই।

আমরা শুনতে পাচ্ছি যে, আমাদের ধর্মের ভিতর দিয়ে চলতে হবে। কিসের জন্যে আমাদের ধর্মকে আশ্রয় করতে হবে? ওরে মূঢ়, তুই একবার ওঠ। উঠে বল, 'আমি ব্রাহ্মণ নই যে ধর্মের ব্যাখ্যা নিয়ে পড়ে থাকব। আমি আর তোমার মুখের দিকে চেয়ে থাকব না। আমার দাঁড়াতে হবে—[illegible] আমি দাঁড়াবো'। ওরে পণ্ডিত, ওরে [illegible], তুই শেষ [illegible] থেকে [illegible] করতে উঠেছ। দেবতা [illegible] নিয়ে, প্রকৃতি আর [illegible] নিয়ে খেলতে যায়। আমার [illegible] তোর বুকে [illegible]

দিয়েছে—সমাজ তোর [illegible] করে ফেলেছে। [illegible] তোর প্রাণের [illegible] কেড়েছে।

কিসের ধর্ম? আমার বাঁচাই আমার ধর্ম। দেবতার [illegible] প্রকৃতিকে আমি প্রতিবাদ [illegible] সমাজকে [illegible] করছে। সব [illegible] আমি বাঁচবো।

আমার আবার ধর্ম কি? যার [illegible] কথা বলিবার অধিকার নেই, দুপুর [illegible] ঘুম ভেঙে যায়, [illegible] চোখ [illegible] শক্তি নেই, তার আবার ধর্ম কি? যাকে [illegible] এসে [illegible] ফেলতে পারে, যার [illegible] মাকে [illegible] ফেললেও [illegible] নাই, তার আবার ধর্ম কি? দু'বেলা দুটি খাবার জন্যই যার বাঁচা, একটু [illegible] করে [illegible] বাঁচিয়ে [illegible] যার থাকা, তার আবার ধর্ম কি?

মানুষের দাস তুমি, তোমার আবার ধর্ম কি? তোমার ধর্মের কথা বলবার অধিকার কি?

ওরে আমার তরুণ, ওরে আমার [illegible] দল, তোরা আয়, তোরা ছুটে আয়—এই [illegible] থেকে চলে আয়। তোরা সব আমাদের আগে দাঁড়াতে হবে। কিসের শিক্ষা? কে শেখাবে? [illegible] শেখাতে পারে? আমরা কিছু শিখবো না, আমরা কিছু শুনবো না, আগে দাঁড়াবো—আমরা বাঁচবো।

একবার [illegible] ভেবে দেখ—তাদের কথা ভেবে দেখ। দেশ ছাড়া [illegible] দল [illegible] ঘুরে বেড়াচ্ছে। কে জানে তারা [illegible] গেছে, কত না সয়েছে? তারা ত কথাটি কয়নি। সেই [illegible] হয়ে প্রাণ [illegible] করে, হাটে মাঠে বেড়াচ্ছে, তবু তারা কথাটি কয়নি। তাদের [illegible] আজ কি তোমার বুকে [illegible] যাচ্ছে না? তুমি যে পথ দিয়ে [illegible] শুধু [illegible] চলে যাও, তারই [illegible] ঘরে তারা যে [illegible] দিন তিল তিল করে [illegible]। সে খবর তুমি রাখ কি? সেই [illegible] তারা যে [illegible] কাটিয়ে দিয়েছে, তাদের ধর্ম কি?

তারা বুঝেছে বাঁচাই তাদের ধর্ম—তারা জানে এই তিল তিল করে [illegible] জীবন। তাই তারা ঐ মরণের পথ বেছে নিয়েছে।

ওগো তরুণ, আজ কি তুমি ধর্ম নিয়ে পড়ে থাকবে—তুমি কি বাঁচবার কথা ভাববে না? ওরে অদীন, ওরে [illegible] তোর আবার ধর্ম কি? যারা তোকে ধর্ম শিখিয়েছে, তারা [illegible] এসে [illegible] নিয়ে পড়ে থাকবে? তারা কি [illegible] এসে [illegible] পড়তে [illegible] থাকবে? [illegible] ভুবে যেত, [illegible] প্রাণ [illegible] হয়ে যেত। তাই আগে বাঁচো।

(কাজী নজরুল ইসলামের এই লেখাটি প্রকাশিত হয়েছিল 'ধূমকেতু' পত্রিকার [illegible] সালের [illegible] সংখ্যায়।)

মন্দির ও মসজিদ

"মারো শালা যবনদের!" "মারো শালা কাফেরদের!"—আবার হিন্দু মুসলমানী কাণ্ড বাধিয়া গিয়াছে। প্রথমে কথা-কাটাকাটি, তারপর মাথা-ফাটাফাটি আরম্ভ হইয়া গেল। আল্লার এবং মা কালীর "প্রেস্টিজ" রক্ষার জন্য যাহারা এতক্ষণ মাতাল হইয়া চিৎকার করিতেছিল তাহারাই যখন মার খাইয়া পড়িয়া যাইতে লাগিল, দেখিলাম—তখন আর তাহারা আল্লা মিয়া বা কালী ঠাকুরানীর নাম লইতেছে না। হিন্দু-মুসলমান পাশাপাশি পড়িয়া থাকিয়া এক ভাষায় আর্তনাদ করিতেছে,—"বাবা গো, মা গো!"—মাতৃ-পরিত্যক্ত দুটি বিভিন্ন ধর্মের শিশু যেমন করিয়া এক স্বরে কাঁদিয়া তাহাদের মাকে ডাকে!

দেখিলাম, হত-আহতদের ক্রন্দনে মসজিদ টলিল না, মন্দিরের পাষাণ দেবতা সাড়া দিল না। শুধু নির্বোধ মানুষের রক্তে তাহাদের বেদী চিরকলঙ্কিত হইয়া রহিল।

মন্দির-মসজিদের ললাটে লেখা এই রক্তকলঙ্ক-রেখা কে মুছিয়া ফেলিবে, বীর? ভবিষ্যৎ তাহার জন্য প্রতীক্ষা করিতেছে।

সেই রুদ্র আসিতেছেন, যিনি ধর্ম-মাতালদের আড্ডা ঐ মন্দির-মসজিদ-গির্জা ভাঙিয়া সকল মানুষকে এক আকাশের গম্বুজ-তলে লইয়া আসিবেন।

জানি, স্রষ্টার আপনি-মোড়ল "প্রাইভেট সেক্রেটারি"রা হয়ত খুদিয়া, টুঁটি টিপিয়া, চিচি কাঁদিয়া আমার প্রাণ বধিবে, তবু উহাদের পতন হইবে। উহারা ধর্ম-মাতাল। উহারা সত্যের আলো পান করে নাই, শাস্ত্রের এলকোহল পান করিয়াছে।

পুরোহিত-মোল্লাদের অত্যাচারের বিরুদ্ধে দাঁড়াইবার শক্তি ভগবানও আজ হারাইয়াছেন।

মুহম্মদকে যাহারা মারিয়াছিল, ঈসা-মুশাকে যে-সব ধর্ম-মাতাল প্রহার করিয়াছিল, তাহারাই আবার মারিতেছে মানুষকে—ঈসা-মুসা-মুহম্মদের বড় মানুষকে।

যে-সব অবতার-পয়গম্বর মানুষের মার হইতে মানুষকে বাঁচাইতে আসিয়া মানুষের মার খাইয়া গেলেন, তাঁহারা আজ কোথায়? মানুষের অত্যাচারের জন্য মাথা পাতিয়াছিলেন তাঁহারা, তাঁহাদেরই মাতাল পাণ্ডা-পিয়াদা আজ মানুষের সর্ব অকল্যাণের হেতু হইয়া উঠিল।

যিনি সকল মানুষের দেবতা, তিনি আজ মন্দিরের কারাগারে, মসজিদের জিন্দানখানায়, গীর্জার gaol-এ বন্দী। মোল্লা-পুরুত, পাদরী-ভিক্ষু জেল-ওয়ার্ডের মত তাঁহাকে পাহারা দিতেছে। আজ শয়তান বসিয়াছে স্রষ্টার সিংহাসনে।

একস্থানে দেখিলাম, উনপঞ্চাশ জন ভদ্র-অভদ্র হিন্দু মিলিয়া একজন শীর্ণকায় মুসলমান মজুরকে নির্মমভাবে প্রহার করিতেছে, আর একস্থানে দেখিলাম, প্রায় ঐ সংখ্যক মুসলমান মিলিয়া একজন দুর্বল হিন্দুকে পশুর মত মারিতেছে। দুই পশুর হাতে মার খাইতেছে দুর্বল মানুষ। ইহারা মানুষকে মারিতেছে যেমন করিয়া দুর্বল কসাইরা পশুকে জবাই করিয়া মারে। উহাদের মুখের দিকে তাকাইয়া দেখিলাম, উহাদের প্রত্যেকের মুখ শয়তানের চেয়েও বীভৎস, শুয়োরের চেয়েও কুৎসিত। হিংসায়, কদর্যতায় উহাদের গাত্রে অনন্ত নরকের দুর্গন্ধ।

উহাদের দুই দলেরই চেহারা একরকম, উহারা আসল শয়তান। সে বারে বারে কখনো টুপি পরিয়া দাড়ি লাগাইয়া মুসলমানদের খেপাইয়া আসিয়াছে, কখনো পৈতা-টিকি রাখিয়া হিন্দুদের খেপাইয়া দিয়াছে, সে-ই আবার গোঁফ দাড়ি ছাঁটিয়া ঐ টিকি খসাইয়া হিন্দু-মুসলমানকে এক সাথে মারিতেছে। উহার লাঠি সম্প্রদায়ের দিকে দেখিয়াছি, উহার মুখ নরকপালের মুখের মত লাল।

দেখিলাম, আল্লার মসজিদ আল্লা আসিয়া রক্ষা করিলেন না, মা-কালীর মন্দির কালী আসিয়া আগলাইলেন না। মন্দিরের চূড়া ভাঙিল, মসজিদের গম্বুজ টুটিল।

আল্লার এবং কালীর কোনো সাড়াশব্দ পাওয়া গেল না। আকাশ হইতে বজ্রপাত হইল না মুসলমানদের শিরে, "আবাবিলের" প্রস্তর-বৃষ্টি হইল না হিন্দুদের মাথার উপর।

এই গোলমালের মধ্যে কতকগুলি হিন্দু ছেলে আসিয়া গোঁফ-দাড়ি কামানো দাঙ্গা-হত খায়রু মিয়াকে হিন্দু মনে করিয়া "বল হরি হরিবোল" বলিয়া শ্মশানে পুড়াইতে লইয়া গেল, এবং কতকগুলি মুসলমান ছেলে গুলী খাইয়া মৃত দাড়িওয়ালা সদানন্দ বাবুকে মুসলমান ভাবিয়া "লা ইলাহা ইল্লাল্লাহ" পড়িতে পড়িতে কবর দিতে লইয়া গেল।

মন্দির এবং মসজিদ চিড় খাইয়া উঠিল, মনে হইল যেন উহারা পরস্পরের দিকে চাহিয়া হাসিতেছে!

হানাহানি চলিতেছে। দেখিলাম রাস্তার এক জীর্ণ-শীর্ণ ভিখারিনী তাহার ক্ষুধাতুর শিশুটিকে বুকে চাপিয়া একটি পয়সা ভিক্ষা চাহিতেছে। শিশুটির তখনো নাড়ি কাটা হয় নাই। অসহায় ক্ষীণ কণ্ঠে সে যেন এই দুঃখের পৃথিবীতে আসার প্রতিবাদ করিতেছিল। ভিখারিনী বলিল, "বাছাকে আমার একটু দুধ দিতে পারছি না বাবু! এই সবে এসেছে বাছা আমার। আমার বুকে এক ফোঁটা দুধ নেই!" আমার কণ্ঠে যেন বিষ-জ্বালা কাঁদিয়া উঠিল। পাশের একটি বাবু যেন একটু হাসিয়া বিদ্রূপের স্বরে বলিয়া উঠিল, "হুঁ। এই ত চেহারা, এক ফোঁটা রক্ত নেই শরীরে, তবু ছেলে হওয়া চাই!"

ভিখারিনী নিষ্পলক চোখে তাকাইয়া রহিল লোকটির দিকে। সে কি দৃষ্টি! চোখ দুটো তার যেন আগুনের মত জ্বলিতে লাগিল। ও যেন নিখিল প্রতারিতা নারীর ধিক্কার! এমনি করিয়া নির্বাক চোখে তাহারা তাকাইয়া থাকিয়াছে আল্লারই দিকে—যে তাহাদের সর্বনাশ করিয়াছে। আমি যেন তার দৃষ্টির অর্থ বুঝিতে পারিলাম। সে বলিতে চায়, "পেটের ক্ষুধা এর চেয়েও বলিষ্ঠ, ও যে বিক্রয় করিয়াও সে ক্ষুধা মিটাইতে হয়।"

যে-লোকটি বিদ্রূপ করিল সে-ই হয়ত ঐ শিশুর জীবন দিয়াছে। সে

[illegible]
[illegible] ও [illegible]।

না হয়, তারই একজন আত্মীয়-স্বজন-বন্ধু অথবা তাহারই মত মানুষ এখেন ঐ শিশুর জন্মদাতা।

ঐ যে এক আকাশ তারা, উহারা ইহারই মত দুর্ভাগিনী ভিখারিনীদের চোখ, অনন্তকাল ধরিয়া ভোগ-তৃপ্ত বিশ্ববাসীকে কি যেন জিজ্ঞাসা করিতেছে।

তিনদিন পরে আবার দেখিলাম, পথে দাঁড়াইয়া সেই ভিখারিনী। এবার তাহার বক্ষ শূন্য। চক্ষুও তাহার শূন্য। যেদিন শিশু ছিল তার বুকে, সেদিন চক্ষে তার দেখিয়াছিলাম বিশ্বমাতার মমতা। অনন্ত নারীর করুণা সেদিন পুঞ্জীভূত হইয়া উঠিয়াছিল তাহার চোখের তারায়, তাই সে সেদিন এমন নিঃক কাতর বক্ষে ভিক্ষা চাহিয়াছিল। আজ তাহার মনের মা বুঝি-বা মরিয়া গিয়াছে তাহার শিশুর সাথে! আজও সে ভিক্ষা চাহিতেছে, কিন্তু আর সে কাতরতা নাই তাহার কণ্ঠে, আজ যেন সে চাহিবার জন্যই চাহিতেছে!...

আমায় সে চিনিল। আমি সেদিন তাহাকে আমার ট্রাম ভাড়ার পয়সা দুইটি দিয়াছিলাম।—ভিখারিনীর শুষ্কচক্ষে হঠাৎ অশ্রুপূর্ণ ভরিয়া উঠিল। আমি জিজ্ঞাসা করিলাম, "তোর ছেলে কোথায়?" সে উর্ধ্বে অঙ্গুলি নির্দেশ করিয়া দেখাইল। তাহার পর একটু থামিয়া আমায় বলিল, "বাবু, আমার সাথে একটু আসবেন?" আমি সাথে সাথে চলিলাম।

পথের ধারে কৃষ্ণচূড়ার গাছ। তারই পাশে ডাস্টবিন। শহরের যত আবর্জনা জমা হয় ঐ ডাস্টবিনে। আমি শিহরিয়া উঠিলাম। ভিখারিনী ডাস্টবিনের অনেকগুলো আবর্জনা তুলিয়া একটা ন্যাকড়া জড়ানো কি একটা যেন তুলিয়া লইয়া "বাপু আমার সোনা আমার" বলিয়া ভিখারিনীর মত চুমা খাইতে লাগিল।

এই তাহার খোকন।—এই তাহার বাপু, এই তাহার সোনা! ভিখারিনী ইহার পর কিছুক্ষণ স্তব্ধ হইয়া রহিল। তাহার পর শিশুটিকে আবার ডাস্টবিনে নিক্ষেপ করিয়া বলিতে লাগিল, "বাবু, ঐ পয়সা কয়টি দিয়ে সেদিন একটা খাবার-দুধ-খাওয়া বোতল কিনেছিলুম। এ-কয়দিন ছেলেটাকে দিয়েছি টাকা জলে গুলে শুধু ঐ শুধু বোতল। ভাবিও দেখেছি একটু করে—যদি আমার বুকে দুধ আসে! দুধ এল না এই হাড়-চামড়ার শরীরে! এক ফোঁটা দুধ পেলে না বাছা আমার, এই তিন দিনের মধ্যে! শেষে আর বোতলও দিতে পারলুম না, আজ সে চলে গেল! ভালই হয়েছে, বাছা আমার এবার খুব বড় লোকের ঘরে জন্মাবে। একটু পেট ভরে দুধ খেয়ে বাঁচবে!"

চলে গেল ভিখারিনী আবার ভিক্ষা মাগতে।

ডাস্টবিন হইতে ভিখারিনীর পুত্রকে বুকে তুলিয়া লইয়া আমি চলিলাম গোরস্থানের দিকে।...

আজ এমনি করিয়া প্রতি বৎসর বাংলার দশ লাখ সন্তানের মরা লাশ বুকে করিয়া চলিতেছে শ্মশানের পানে, গোরস্থানের পথে।

যাইতে যাইতে দেখিলাম, সেদিকে মন্দির আর মসজিদের ইট-পাথরের স্তূপ লইয়া হিন্দু-মুসলমান সমানে কাটাকাটি করিতেছে।

শিশুর লাশ-কোলে আমি অনেকক্ষণ সেখানে দাঁড়াইয়া রহিলাম। শিশুর লাশ যেন একটি প্রতিকার প্রার্থনা, একটা কৈফিয়ত তলবের মত দেখাইতে লাগিল। ধর্ম-মতবাদের তখন শিশুর লাশের দিকে তাকাইয়া দেখিবার অবকাশ ছিল না। তাহারা তখন ইট-পাথর লইয়া বিরাট মারামারি শুরু করিয়া দিয়াছে!

এমনি করিয়া যুগে যুগে ইহারা মানুষকে অবহেলা করিয়া ইট-পাথর লইয়া মাতামাতি করিয়াছে। মানুষ মারিয়া ইট-পাথর বাঁচাইয়াছে। বৎসরের পর বৎসর ধরিয়া বঙ্গ-জননী তাহার দশ লাখ অনাহার-জীর্ণ রোগশীর্ণ অকালমৃত সন্তানের লাশ লইয়া ইহাদের পাশ দিয়া চলিয়া যাইতেছেন, ইহাদের ভ্রুক্ষেপ নাই। ইহারা মানুষের চেয়ে

১৯২২ সালে? মস্কোতে এমএন

ইট-পাথরকে বেশি পবিত্র মনে করে! ইহারা ইট-পূজা করে। ইহারা পাথর-পূজারী।

ভূতে-পাওয়ার মত ইহাদের মন্দিরে পাইয়াছে, ইহাদের মসজিদে পাইয়াছে! ইহাদের বহু দুঃখ ভোগ করিতে হইবে।

যে-দশ লক্ষ মানুষ প্রতি বৎসর মরিতেছে শুধু বাংলায়,—তাহারা শুধু হিন্দু নয়, তাহারা শুধু মুসলমান নয়, তাহারা মানুষ—স্রষ্টার প্রিয় সৃষ্টি।

মানুষের কল্যাণের জন্য ঐ-সব ভজনালয়ের সৃষ্টি, ভজনালয়ের মঙ্গলের জন্য মানুষ সৃষ্ট হয় নাই। আজ যদি আমাদের মাতলামির দরুন ঐ ভজনালয়ই মানুষের অকল্যাণের হেতু হইয়া উঠে—যাহার হওয়া উচিত ছিল স্বর্গ-মর্ত্যের সেতু—তবে ভাঙিয়া ফেল ঐ মন্দির-মসজিদ! সকল মানুষ আসিয়া দাঁড়াইয়া বাঁচুক এক আকাশের ছাদতলে, এক চন্দ্র-সূর্য-তারা-জ্বালা মহামন্দিরের আঙিনাতলে!

মানুষ তাহার পবিত্র পায়ে-দলা মাটি দিয়া তৈরি করিল ইট, রচনা করিল মন্দির-মসজিদ। সেই মন্দির-মসজিদের দুইটা ইট খসিয়া পড়িল বলিয়া তাহার জন্য দুই শত মানুষের মাথা খসিয়া পড়িবে! যে এ কথা বলে, আগে তাহারই বিচার হউক।

দুইটা ইটের জন্য যদি দুই শত মানুষের মাথা দিয়া খেসারত করিতে হয়, তবে বাঙালি জাতির যে এই বিপুল দেহ-মন্দির হইতে দশ লক্ষ ঝরিয়া মানুষ ঝরিয়া পড়িতেছে প্রতি বৎসরে কলেরা-টাইফয়েডের খেলায়, এই মহা-ক্ষতির খেসারত হইবে কত লক্ষ মানুষের মাথা দিয়া?

মন্দির-মসজিদের চূড়া আবার গড়িয়া উঠিবে এই মানুষেরই পায়ে-দলা মাটি দিয়া, পবিত্র হইয়া উঠিবে এই মানুষেরই মনের পবিত্রতা দিয়া, শুধু তাহারাই আর ফিরিয়া আসিবে না, যাহারা পাইল না একটু আলো, একটু বাতাস, এক ফোঁটা ওষুধ, দু'ফোঁটা জল-পানি! যাহারা তিলে তিলে মরিয়া জাতির হৃদয়হীনতার প্রায়শ্চিত্ত করিতেছে। তাহাদের মৃত্যুর রক্ত দিয়া সমগ্র জাতি মরিতেছে তিলে তিলে!

আমি ভাবি, যখন রোগ-শীর্ণ জরা-জীর্ণ অনাহার-ক্লিষ্ট বিবস্ত্র বুভুক্ষু সর্বহারা ভিখারিদের দল লক্ষ করিয়া দল দিনের পর দিন ধরিয়া ঐ মন্দির-মসজিদের পাশ দিয়া চলিয়া যায়, তখন ধসিয়া পড়ে না কেন মানুষের ঐ নিরর্থক ভজনালয়গুলো? কেন যে ভূমিকম্প আসে না পৃথিবীতে? কেন আসে না সেই রুদ্র—যিনি মানুষ-সমাজের শিয়াল-কুকুরের আস্তা ঐ ভজনালয়গুলো ফেলাবেন গুঁড়িয়ে? দেবেন মানুষের ট্রেডমার্কের চিহ্ন ঐ টিকি-টুপিগুলো উড়িয়ে?

মন্দির-মসজিদের সামনে বাজনা বাজাইলে হয় তার প্রতিবাদ, আসে তার জন্যে দুরন্ত হাজার হাজার, আসে তার জন্য [illegible] দেওয়ার দল—গো-ভাগাড়ে শকুনি পড়ার মত!—শুধু দশ লক্ষ প্রাণের তার প্রতিকার হইল না!

মানুষের পশু-প্রবৃত্তির সুবিধা লইয়া ধর্ম-মদান্ধদের নাচাইয়া কত কাপুরুষই না আজ মহাপুরুষ হইয়া গেল।

সকল কালে সকল দেশে সকল লাভ-লোভকে জয় করিয়াছে তরুণ। ওগো বাঙলার তরুণের দল—ওগো আমার আগুন খেলার নির্ভীক সাথিরা, ঐ দশ লক্ষ অকালমৃতের লাশ তোমাদের দুয়ারে দাঁড়াইয়া। তারা প্রতিকার চায়।

তোমরা ঐ শকুনির দলের নও, তোমরা আকাশের শিখা, তোমাদের জাতি নাই। তোমরা আলোর, তোমরা গগনের, তোমরা কল্যাণের। তোমরা বাহিরে এস, এই দুর্দিনে তাড়াও ঐ গো-ভাগাড়ে পড়া শকুনির দলকে।

আমি শুনিয়াছি মসজিদের আজান আর মন্দিরের শঙ্খধ্বনি। তাহা এক সাথে উত্থিত হইতেছে ঊর্ধ্বে—স্রষ্টার সিংহাসনের পানে। আমি দেখিয়াছি, সারা আকাশ যেন খুশি হইয়া উঠিতেছে।

। কাজী নজরুল ইসলামের 'মন্দির মসজিদ' লেখাটি প্রথমে ছাপা হয়েছিল গণবাণী পত্রিকার ১৯২৬ সালের ২৬শে আগস্ট-এর সংখ্যায় ।

হিন্দু-মুসলমান

একদিন গুরুদেব রবীন্দ্রনাথের সাথে আলোচনা হচ্ছিল আমার হিন্দু-মুসলমান সমস্যা নিয়ে। গুরুদেব বললেন, দেখ, যে ন্যাজ বাইরের, তাকে কাটা যায়, কিন্তু ভিতরের ন্যাজকে কাটবে কে?

হিন্দু-মুসলমানের কথা মনে উঠলে আমার বারেবারে গুরুদেবের ঐ কথাটাই মনে হয়। সাথে সাথে এ প্রশ্নও উদয় হয় মনে, যে, এ ন্যাজ গজাল কি করে? এর আদি উদ্ভব কোথায়? ঐ সাথে এটাও মনে হয়, ন্যাজ যাদেরই গজায়—তা ভিতরেই হোক আর বাইরেই হোক—তারাই হয়ে ওঠে পশু। যে সব ন্যাজওয়ালা পশুর হিংস্রতা সরল হয়ে বেরিয়ে আসে বাইরে—শৃঙ্গরূপে, তাদের তত ভয়ের কারণ নেই, যত ভয় হয় সেই সব পশুদের দেখে—যাদের হিংস্রতা ভিতরে, যাদের শিং মাথা ফুটে বেরোয়নি! শিংওয়ালা গরু-মহিষের চেয়ে শৃঙ্গহীন ব্যাঘ্র-ভল্লুক জাতীয় পশুগুলো বেশি হিংস্র—বেশি ভীষণ। এ হিসেবে মানুষও পড়ে ঐ শৃঙ্গহীন বাঘ-ভাল্লুকের দলে। কিন্তু, বাঘ-ভাল্লুকের তবু ন্যাজটা বাইরে, তাই রক্ষা হয়েছে। কেননা, ন্যাজ আর শিং দুই-ই ভেতরে থাকলে কী রকম হিংস্র হয়ে উঠতে হয়, তা হিন্দু-মুসলমানের চোরা-মারা না দেখলে কেউ বুঝতে পারবে না।

যে প্রশ্ন করছিলাম, ঐ যে ভেতরের ন্যাজ, এর উদ্ভব কোথায়? আমার মনে হয় টিকিতে ও দাড়িতে। টিকিপুর ও দাড়ি-স্তানই বুঝি এর আদি জন্মভূমি। পশু সাজবার মানুষের একি 'আদিম' দুষ্ট ইচ্ছা—ন্যাজ গজাল না ব'লে তারা টিকি দাড়ি জন্মিয়ে যেন সান্ত্বনা পেল।

যে দিন মানব-জগতে পশু-জগতে না জানি কী উৎসবের সাড়া পড়েছিল, যে দিন মানুষের জগতে তারা দাড়ি-টিকির মত কোনো কিছু একটা আবিষ্কার করল!

মানুষের চিরন্তন আত্মীয়তাকে এমনি ক'রে বৈচিত্র্যের [illegible] দেওয়াল খাড়া করে। [illegible] যায়, কিন্তু যুগে যুগে অসহনীয় হয়ে উঠেছে বলেই তার বিরুদ্ধে যুগে যুগে মনুষ্যত্ব বিদ্রোহ করেছে। হিন্দুত্ব মুসলমানত্ব দুই সওয়া যায়, কিন্তু তাদের টিকিত্ব দাড়িত্ব অসহ্য, কেননা ঐ দুটোই মারামারি বাধায়। টিকিত্ব হিন্দুত্ব নয়, ওটা হয়ত পণ্ডিত্ব! তেমনি দাড়িত্ব ইসলামত্ব নয়, ওটা মোল্লাত্ব! এই দুই 'ত্ব' মার্কা চুলের গোছা নিয়েই আজ এত চুলোচুলি! আজ যে মারামারিটা বেধেছে, সেটাও এই পণ্ডিত-মোল্লার মারামারি, হিন্দু-মুসলমানের মারামারি নয়। নারায়ণের গদা আর আল্লার তলোয়ারে কোনোদিনই ঠোকাঠুকি বাধবে না, কারণ তাঁরা দুইজনেই এক, তাঁর এক হাতের অস্ত্র তাঁরই আর এক হাতের উপর পড়বে না। তিনি সর্বনাম, সকল নাম দিয়ে [illegible]। এত মারামারির মধ্যে এইটুকুই ভরসার কথা যে, আল্লা ওর্ফে নারায়ণ হিন্দুও নন, মুসলমানও নন। তাঁর টিকিও নেই, দাড়িও নেই। একেবারে "ক্লিন"! টিকি-দাড়ির ওপর আমার এত আক্রোশ এই জন্য যে, এরা সর্বদা স্মরণ করিয়ে দেয় মানুষকে যে, তুই আলাদা, আমি আলাদা! মানুষকে তার চিরন্তন রক্তের সম্পর্ক ভুলিয়ে দেয় এই বাইরের চিহ্নগুলো।

অবতার-পয়গম্বর কেউ বলেননি, আমি হিন্দুর জন্য এসেছি, আমি মুসলমানের জন্য এসেছি, আমি ক্রীশ্চানের জন্য এসেছি। তাঁরা বলেছেন, আমরা মানুষের জন্য এসেছি—আলোর মত, সকলের জন্য। কিন্তু কৃষ্ণের ভক্তেরা বললে, কৃষ্ণ হিন্দুর; মুহম্মদের ভক্তেরা বললে, মুহম্মদ মুসলমানদের; খ্রীস্টের শিষ্যেরা বললে, খ্রীস্ট ক্রীশ্চানদের। কৃষ্ণ-মুহম্মদ-খ্রীস্ট হয়ে উঠলেন জাতীয় সম্পত্তি। আর এই সম্পত্তি নিয়েই যত বিপত্তি। আলো নিয়ে কখনো ঝগড়া করে না মানুষে, কিন্তু গরু-ছাগল নিয়ে করে। [illegible] সূর্য নিয়ে ঝগড়া বাধাতাম। এ বলত আমাদের পাড়ার সূর্য বড়, ও বলত আমাদের পাড়ার সূর্য বড়। [illegible]

নদীর পাশ দিয়ে চলতে চলতে যখন দেখি, একটা লোক ডুবে মরছে, মনের চিরন্তন মানুষটি তখন এ-প্রশ্ন করবার অবসর দেয় না যে, লোকটা হিন্দু না মুসলমান। একজন মানুষ ডুবছে, এইটেই হয়ে ওঠে তার কাছে সবচেয়ে বড়, সে ঝাঁপিয়ে পড়ে নদীতে। হিন্দু যদি উদ্ধার করে দেখে লোকটা মুসলমান, বা মুসলমান যদি দেখে লোকটা হিন্দু—তার জন্য ত তার আত্মপ্রসাদ এতটুকু ক্ষুণ্ণ হয় না। তার মন বলে, আমি একজন মানুষকে বাঁচিয়েছি—আমারই মত একজন মানুষকে।

কিন্তু আজ দেখছি কি? [illegible]

ফোটোগ্রাফের তাৎপর্য যাই হোক, তার সংক্রান্ত স্ন্যাপ-শটের সহজ স্মৃতিটুকু বনফুলের জানা ছিল। জীবনের প্রতি মুহূর্তের শত রকমের মধ্যে ফোটোগ্রাফ যে লুকিয়ে থাকে এ কথা তাঁরই ফোটোগ্রাফবিষয়ক একটি কবিতার বক্তব্য। 'ফোটোগ্রাফের গল্প' নামে তাঁর একটি গল্পও আছে। সে গল্পের মধ্যে কাগজের আকারে সাহিত্যের ব্যবসায়িক বাজারে ফোটোগ্রাফের মুহূর্তাংশটুকুর সহজ স্মৃতির জন্যে যে কত ব্যাকুল তা বোঝানো হয়েছে। ফোটোগ্রাফের বাজারের চলে গেছে, কোনো দিন উপন্যাসের স্ন্যাপ-শট ছাড়া তাকে আর কেউ চায় না। তাই লেখকের কাছে সে ফটো এসে হাজির হয়। লেখক দেখেন, 'ফোটোগ্রাফ আর সেই তন্বী কিশোরী নেই, তীক্ষ্ণদৃষ্টি এক সংসারী মহিলা।—তিন থাক চিবুকের খাঁজে খাঁজে পাউডার, মুখময় সন্দেশের ছাপ, দুটি আঙুলে দুটি আংটি, বিরাট খোঁপায় ঝকমকানো একটি বেনারসী শাড়ি, ব্লাউজের হাতায় সোনার কাজ, দুপাশে অলংকারের অঙ্গিতে অঙ্গিতে অলংকারের বাহুল্য, প্রায় সেটা তিনেক।' লেখক এই মহিলার কাছে পুরোনো দিনের গল্প প্রায়ই শুনেছেন—মহিলাটি বললেন, 'ও তো বুঝলাম। কিন্তু কি 'স্ন্যাপ-শট' চান। সামাজিক, রাজনৈতিক, অনুমূলক, তত্ত্বমূলক দার্শনিক না ঐতিহাসিক... ?' লেখক স্ন্যাপ-শটের মানে বুঝতে না পারায় মহিলা তাঁকে বিশ্লেষণ করে দেখালেন, টেবিলের ওপরে চটি, লজেন্স, কেক, বিস্কুট ইত্যাদি অসংখ্য খাবার (যার এখানে সাহিত্যের রূপক—সাহিত্যের বিভিন্ন genre বা শ্রেণির পরিচায়ক) ছড়াছড়ি। আর তাদের পরস্পরের মধ্যে বিজ্ঞাপনের তীব্র প্রতিযোগিতা। অন্যদিকে বড়ো কাঁচের আলমারি সেই ফুলশিশী মহিলাটি বৈজ্ঞানিক ফটো অ্যালবামটুকু দেখা যায়। আবার অন্যমনস্ক দৃষ্টিতে দেখা যায়, জানালার বাইরে একটি সবুজ গাছের শীষ বাতাসে দুলছে। সেই সবুজ শীষ লোকেদের প্রার্থনায় যে স্ন্যাপ-শট তিনি পাঠালেন বললে, সেটি হল তার পূর্বযৌবনের একটি মুহূর্তের স্মৃতি—প্রথম যৌবনে লাজুক মুখে সলজ্জ মুখ, আর তার সঙ্গে বাতাসে এলোমেলো খোঁপা। সেই কোলেঅব মুখে মুখ হয়ে একটি ফড়িং লাফিয়ে এসে বসেছিল তার খোঁপায়। আমাকে দিয়ে দিয়েছি সে উড়ে গেল। সেই মুহূর্তটুকুর জন্যেই, এই স্ন্যাপ-শট-নেওয়া ফুলদানি এখনো অন্ধকারে আছে।

এই গল্পটি থেকেই বুঝতে পারা যায়, বনফুল ফোটোগ্রাফের প্রয়োগে আবশ্যিক ও পরিমিতিবোধে বিশ্বাস করতেন। তত্ত্ব, তথ্য, ইতিহাস, অলৌকিকতা, সামাজিক পর্যবেক্ষণ বা ব্যক্তির প্রকাশ—গল্পে যাই থাক না কেন, বাস্তব পরিবেশ তার থাকা চাই। অর্থাৎ, উপকরণ বা তাৎপর্য যেমনই থাক, গল্পের শরীরকেই তিনি অগ্রাধিকার দিতেন; গল্পবলাই তাঁর কাজ ছিল। কিন্তু বিন্যাসের ক্ষেত্রেও তাঁর বিচিত্র উদ্ভাবনী শক্তি প্রকাশ পেয়েছে। সব উদ্ভাবনই তাঁর মৌলিক নয়। ত্রৈলোক্যনাথের মতো মজলিশী বা বৈঠকী ভঙ্গি যেমন চোখে পড়ে, তেমনি পারিবারিক বা দাম্পত্য জীবনের গল্পে (যেমন 'অদ্বিতীয়া') কিংবা জীবিকা ভিত্তিক গল্পে অপূর্ব পরিস্থিতি বা বিস্ময়কর চরিত্র রচনার মধ্যে প্রভাতকুমারের ছাপও পাওয়া যায়। আবার শরৎচন্দ্রের কোনো কোনো গল্পের মতো বৈঠকী মেজাজ, সংযমী বুদ্ধিদীপ্ত রসিকতা ও বিস্ময়কর চরিত্র সৃষ্টির ক্ষমতা বনফুল দেখিয়েছেন। তাছাড়া তিনি উদ্দেশ্যহীন পূর্বসূরির বনফুলের প্রতিভার বহুমুখী প্রকাশের ছাপ আছেন। আবার এই সব গল্পও বনফুলের অতিরিক্ত আত্মপ্রকাশ নতুন 'অণুকবিতা' বা 'গল্প'র জন্ম দিয়েছে—যেখানে সংযমের কঠিন আবরণের মধ্যেও গভীর সমানুভূতি, গোপন কোনো কামনার (যেমন

'অন্তর্দাহ' গল্প) বা তাঁর কোনো কোনো কাহিনি ('তোষ বেল') বা নিয়তি কিংবা, জগদীশ গুপ্ত কিংবা মানিক বন্দ্যোপাধ্যায়ের মতো কিছু বিদ্রূপ আছে ('বিড়ম্বনা' কিংবা 'কৌন')। আবার এখন বাড়াও তত্ত্বপ্রাণিত চমক কিংবা টিপিক্যাল বাঙলা ছোটগল্পের ক্ষেত্রে তাঁকে বিশেষ মর্যাদা প্রতিষ্ঠা দিয়েছে। ছোটো ছোটো আখ্যিক গল্পের লেখক ইংরেজি (এই শব্দ কবিতার নাম দিয়েছিলেন তিনি Sencla), চমক বা চেকভের বাঙলা কোপানী, ও হেনরি এবং সমারসেট মম যেন বনফুলের হাত তৈরি করেছে—হয়তো 'বিদ্রুপ' আরশাবেই তিনি এদের ঐতিহাসিকদিকে দাঁড় করাতে দিশিয়ে দিতে পেরেছিলেন। 'আরশারে'—কেননা এই তিনজনের গল্পবৈশিষ্ট্যের কথাই 'ছোটগল্প' নামক একটি অনতিদীর্ঘ প্রবন্ধে ('ভাষণ' বইটির অন্তর্ভুক্ত) তিনি উল্লেখ করেছেন।

[৪]

এতো বিভিন্ন ধরনের গল্প বনফুল লিখেছেন যে বিশেষ একটি কি দুটি সূত্রে তাঁকে বুঝতে গেলে তাঁর সম্পূর্ণ পরিচয় পাওয়া যায় না। মোটামুটি বলা যায়, তাঁর কিছু গল্প আছে যা একান্তই ব্যক্তিকেন্দ্রিক বা চরিত্রকেন্দ্রিক বা ব্যক্তি সম্পর্কের গল্প তার মধ্যে প্রেম অবশ্যই অন্যতম বিষয়, কিছু গল্প পারিবারিক সম্পর্কের গল্প আর কিছু আছে সামাজিক সমস্যার গল্প। যদিও ব্যক্তি, পরিবার ও সমাজ অনেক ক্ষেত্রেই পারস্পরিকভাবে বিজড়িত হয়ে আছে। প্রথমে ব্যক্তিকেন্দ্রিক প্রসঙ্গেই আসা যাক।

খুব ছোট ছোট গল্পগুলির মধ্যে (যাকে 'গল্পকণিকা' বলেছি) এমন কিছু গল্প আছে যা পাঠককে মানবিক বৈচিত্র্যেরই প্রতিনিধিত্ব করে। যেমন 'অমলের' গল্পটি। তুচ্ছ-পতিত কাহিনির এই কয়টির দেখি, সমস্ত তাঁর জন্যে জামা কিনে লোকে তাঁর খুশি দুর্গতি কল্পনা করতে করতে যাচ্ছেন এমন সময় একটি লোকের ধাক্কা খেয়ে পড়ে গিয়ে নতুন কেনা জামাটা নষ্ট হল। রেগে গিয়ে ভদ্রলোক লোকটিকে, ভুলের জন্য গালাগালিও করলেন। লোকটি নীরব। এক ভদ্রলোক পাশের বাড়ি থেকে বেরিয়ে এসে বললেন, ওকে মাপ করুন, ও অন্ধ বোবা ভিখিরি। মানুষের একটু মহিমার মর্মস্পর্শী অভিপ্রকাশেই ভিখিরি এখানে নায়ক হয়েছে। এখানে ব্যক্তি প্রায় টাইপ চরিত্র। এমন অসাধুক আরও অনেকেই। কিন্তু 'শ্রীপতি সামন্ত', 'শ্রীমতী ইয়াবতিবিয়ারী' 'অর্জুন মণ্ডল', 'কপাট' 'ঠাকুরদা', 'তাজমহল' বা 'সেকালের মানমনস্তু' প্রভৃতি ব্যক্তিকেন্দ্রিক বা চরিত্রকেন্দ্রিক গল্প। যদিও এগুলির কোনো কোনোটি ব্যক্তিকেন্দ্রিকতার সীমা ছাড়িয়েছে অনেক সময়। 'শ্রীপতি সামন্ত' গল্পের শ্রীপতি ব্যবসায়ী। বিয়ের নিমন্ত্রণ রক্ষা করে সে ফিরবে ট্রেনে। ফিরবে বলে সে বাধ্য হয়ে প্রথম শ্রেণীর কামরায় ওঠে। সেখানে একজন সাহেবের এক বাঙালি সাহেব আপত্তি করেন। বিনয় ও সৌজন্য দেখিয়ে কাজ হয় না। এদিকে বিয়ে বাড়ির পরিশ্রমে ক্লান্ত শ্রীপতির ঘুম দেওয়াটা খুবই দরকার। বসবারমতো কোথাও উঠলে শ্রীপতি প্রথম শ্রেণীর ভাড়া দেবেন। কিন্তু দেখা যায়, বাঙালি সাহেবের টিকিট নেই। টিকিটের চেকারবাবুর পক্ষ শ্রীপতি চেকার চেকার বাঙালির কান ধরে গালাগালি দেয়। তখন শ্রীপতির বাঙালি-প্রেম জেগে ওঠে। সে সাহেবের ভাড়া মিটিয়ে দেয়। গল্পের মধ্যে একদিকে বাঙালি সাহেবের অন্তঃসারহীন চরিত্রটি অন্যদিকে শ্রীপতির বাঙালি-সুলভ সৌজন্য ও অভিমান—দুয়েরই চমৎকার প্রকাশ ঘটেছে। তেমনি ঘটেছে 'অর্জুন মণ্ডল' গল্পের অর্জুন চরিত্রে। সাত বেলোয় তথা অনাহার-না-খাওয়া অর্জুন কাকা মায়ের ধমকা থেকে দূরত্ব অবসরে পড়াশোনা শুরু করে। চা খেয়ে, চোখে তেল দিয়ে, নিজের বাড়ে চান করে চড় খেয়ে সে নিখুঁত পড়াশোনা চলায়। তার অধ্যবসায় প্রশংসিত হলেও তেমনভাবে পরীক্ষার পরীক্ষক অন্যেরও বিরক্ত হয়ে থাকে কেন করিয়ে দেয়। ব্যর্থ অর্জুন কাকা আমাদের সামনে দুঃখপ্রাণতঃ কিন্তু হিরো, খুব ভাবায়। শেষ পর্যন্ত অশান্তিচর্চা পাঠ করে মামলাতলেও চাকরি করতে থাকে। বাঙালি বিশ্বাস তার পক্ষতা প্রমাণ করে দেখায় যতোই। গল্পের বক্তাকে বিদ্রূপ আমার জন্য অর্জুন কাকা ৪ হাজার টাকা দিয়ে যায় শুধু এই যুক্তিতে যে, তার ভাইপো এ দারিদ্র্য কোনো মানুষ হয়নি। বহুদিন পরে গল্পের বক্তার কাছে মৃত্যুসংবাদের পরিচয়ে অর্জুন কাকা আসেন। আগেকার মতোই অসহনীয় এবং খেয়ালী। এখন প্রত্যেকেরই অভিভূত। নিজেই সব কিছু করে। গোলাপীর পাড়ের বদলে উদ্ভিদটিকে দুপায়ের ফাঁকে রেখে নিজেকে শক্ত করে। এতেন প্রতিকূলতার অর্জুন কাকা এমন এক মজবুত নিখুঁত তৈরি করে যাতে তার সর্বস্ব হয়ে যায়। শেষ পর্যন্ত টিকে আছে যাবার সময় নিতুক থেকে না ট্রেনে। ট্রেন ছেড়ে দেয়। অর্জুন কাকা দরজাটিতে কিন্তু ঝিমিয়ে থাকে। চরিত্রকেন্দ্রিক এই গল্পে খেয়ালী জেদী ও অধ্যবসায়ী অর্জুনকাকার চরিত্র নিপুণ শিল্পদক্ষতায় আঁকা হয়েছে। অন্যদিকে 'কপাট' গল্পে দেখি, বাঙালি গৃহিণীকে কমিউনিস্ট লেখকেরা চতুর্থ পক্ষের বিয়ে এবং যুবকের বাপকে কেনা শেষে অবশ্য অন্যো তেল কড়ি পাঁঠার মাংস সরবরাহ করতে হয়। সরকারি সাবলীল পর্যন্ত সেই যুবকের লোভটির হাতে। একদিন কচি পাঁঠা না পেয়ে চতুর্থপক্ষের বোনটিকেই শিকার হিসেবে ধরতে হয়। পাশের ঘির বাড়ির কাছে কপাট 'কালিক্ষেত্র' মাংসের প্রাধিক পেলেন। সঙ্গে সঙ্গে এও পেলেন বাবুর ছেলেটা নিখোঁজ হয়েছে, খুঁজে দিলে বকশিশ পাবে। পরান মাইতির সম্ভাবনা বেশি এই মাংস কিন্তু পাঁঠার শেষ পর্যন্ত বাবুর ছেলে নিখোঁজ হয়েছে শুনে কিছুক্ষণ ব্যতিক্রম এই ছবি: 'হঠাৎ পাড় করে এক্ষণে খুড় খেলে নীচের মাংস ঝুলোতে লাগল। তার চোখ দিয়ে আগুনের হলকা বেরোচ্ছিল।' গুনবোর অকুণ্ঠ অন্তরালের মানিক যেভাবে তার শোধ নিয়েছে তা নাটকীয়। তবু বোধহয় অসম্ভব নয়। সোভিয়েত বিনিময় শেষ উদ্ভাবক বাবুদের (সোভিয়েত কমিউনিস্ট লেখকরা সব অন্তর্ভুক্ত) প্রতি নানা অভিযোগেই যে তারা ব্যবহার করে এবং উচিত

অনেক বড় বয়সীর সহানুভূতি প্রকাশে বাধা হয় দাঁড়ায়নি। অথবা 'মুহূর্তের প্রতিমা' কিংবা 'টেকির নিয়তে'র মতো বেশির ভাগ গল্পেই অনুভব ব্যক্তির অনুভূতি এ প্রেক্ষিতে অনুভবের সামাজিক গতি থেকে পৌঁছে দিতে পারেননি, কিন্তু 'কলকাতার' গল্পে দেখি, অচিন্ত্য অন্যতম দুটি সামাজিক দুশ্চিন্তা থেকে বাবাকে বেরোতে দিয়েছে মাথা দিয়ে। অন্য দিক থেকে মেয়েরা অচিন্ত্য জীবনের কথা বলা হলেও গল্পটি গাম্ভীর্যে সমস্যা বাড়িয়ে সামাজিক সমস্যাকে স্পর্শ করে। যেমনি তীব্র রেখে যায় 'অদ্বিতীয়া' গল্পে। সমরেশ বসু হিরণ্ময় মুখোপাধ্যায় পুরুষের বৈদিক আচরণের প্রতি তীব্র কটাক্ষ করেছেন এই গল্পে। গল্পের বক্তা বসু প্রশান্তির স্ত্রীর মৃত্যুর খবর পেয়ে মর্মাহত। পরে শালীর আগ্রহে তার কাছে দ্বিতীয়বার বিয়ে করতে এসে দেখতে পেলেন সামনে সন্তানের সঙ্গে স্ত্রী দাঁড়িয়ে আছে। ইতিমধ্যে শাশুড়ি মেয়েকে বউ সাজিয়ে বক্তার দ্বিতীয় বিয়েটি নিশ্চিত হয়ে গেছে। বাসর ঘরে এসে দ্বিতীয়ার মধ্যে সেই অদ্বিতীয়ার সঙ্গে সাক্ষাৎ। স্ত্রী তার দিদিকে বলেছিলেন সন্তুষ্টমাত্র সন্তান প্রসবের সময় যদি মারা যান তবে তার স্বামীর স্ত্রী হবে। স্ত্রী হবে কিনা সহজ কথাতেই বাকি রাখা। তাতেই শালীর এই কৌশল। বাকির কাজে টিকল সেল। তার ওপর দ্বিতীয়বার বিয়ের আয়োজন দেখে কথায়োর কালো ছাঁদ কাছে মর্মান্তিক কলমে কুটল। 'কুড়ানো মেয়ে', 'চন্দনীর রসিকতা' ইত্যাদি গল্পের লেখক প্রভাতকুমার অনেকটা এইরকম তীক্ষ্ণ বাক্য কৌতুকরসিক কটাক্ষ করেছেন। সামাজিক কলঙ্কেই মেয়াদে তার পুর ক্ষেপে বাড় তাতে গল্পটি শুধু ব্যক্তিকেন্দ্রিক বা চরিত্রকেন্দ্রিক হয়নি, লেখকের তীব্র সামাজিক তাৎপর্যে পৌঁছেছে। বিভূতিভূষণ এবং সমরেশ মিত্র জানিয়ে গেছেন, মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মুখোমুখি', নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'দুঃশাসন' কিংবা 'টোপ' ইত্যাদি বাংলা ছোটগল্পের এমন অধিক অনেকটি বিষয় শোষণভিত্তিক সংহত গল্পের পাশে এই কথাই বহুদিকে বসানো যায়। এই গল্পের নিষ্ঠ নিরাসক্তি কিন্তু সন্তুষ্টোর অনা

সুবিধাপ্রাপ্ত পুরুষ চরিত্রের প্রতি অবজ্ঞা যুক্তিহীন অবৈজ্ঞানিক সংস্কারের প্রতি। এসব গল্পে সামাজিক শর্ত কখনও কখনও পটভূমিকায় দেখা যায়। কিন্তু সামাজিক শ্রেণিগত পার্থক্য যে অনেক সময়েই মানবিক অনুভূতিগুলো বিকৃত রূপ পায় না যেমন ইঙ্গিত কি 'ডাক্তার' গল্পে নেই। আগের ডাক্তারদের কাছেই এক ডাক্তার চিকিৎসালয়ে এক বৃদ্ধ মুসলমান দুহিতা কবে ছেলেকে নিয়ে আসে চিকিৎসার জন্য। ডাক্তার যেমন বলে 'ক্যাংক্রাম অরিস' হয়ে মুখের আধখানা পচে গেছে। বাঁচার আশা নেই। এই নীচতলে কণ্টক সকালের ডাক্তারিতে বাঙাপাড়াদের বাইরে দাওয়ায় থাকতে হয়। মুসলমানে বৃষ্টিতে গাছের খুঁটিতে দেহ বেঁধে মুসলমান ফকির তার ছেলের মাথাটি আড়াল করার ব্যর্থ চেষ্টা করে। একদিন ফকিরের প্রতি ডাক্তারকেই বলতে হয়— ছেলে বাঁচবে না। তারপর ডাক্তারের আর তাকে দেখা যায় না। একদিন হাটের মধ্যে খাঁ খাঁ রোদ্দুরে দেখা যায়, তাকে ইট আর কাদা নিয়ে ফকির কী একটা করছে। ডাক্তার প্রশ্ন করলে বলে, ছেলের কবর তৈরি করছে। নাম ধাম জিজ্ঞেস করলে বলে, আল্লার আদেশমতো সে ভিক্ষে করে বেড়ায়। নাম ফকির-শাহজাহান। ডাক্তারদের বৈশরীয়ো ফকির শাহজাহানের কাদা ইটের তাজমহল গড়ার এই অপূর্ব ছবিতে মধুর হিসেবেই সমাজ ও ফকিরের প্রেমের শ্রদ্ধাশুভ্রতার প্রতি ইঙ্গিত করা হয়েছে। এবং কোনো সন্দেহ নেই, ফকির চরিত্রকে কেন্দ্র করে এই ইঙ্গিত সামাজিক বৈষম্যের প্রতি লেখকের তীক্ষ্ণ অঙ্গুলি নির্দেশ। কাজেই অনেক গল্পেই ব্যক্তি চরিত্র আপাতদৃষ্টিতে প্রাধান্য পেলেও ব্যাপক সামাজিক তাৎপর্যও যে একটু-আধটু উঁকি দেবে না তা নয়।

[৫]

বনফুলের লেখা বহু পারিবারিক গল্পের কোনোকোনোটিতে পরিস্থিতির দ্ব্যর্থতা বিশ্বাস প্রভাত মুখোপাধ্যায়কে স্মরণ করিয়ে দেয়। 'সন্ধ্যা' এমনই একটি গল্প। দুটি বন্ধুরকিশোরের স্বামী আর এক এক সচিব যোগাতে টেনে আরধার বলে টিকিট খুলে খুলে পড়ে দুর্গা আবার পড়। এই উদ্দেশ্যে পাঁচটি চিঠি খুলে চতুর্থটির মধ্যে ধুয়ো পেয়ে বন্ধ সে দশপ্রাণ তখন পঞ্চম চিঠিটি খুলে দেখে নিজেরই স্ত্রী অন্য এক প্রেমিকের সঙ্গে বেরিয়ে যাবার ব্যাকুল অপেক্ষায় রয়েছে। সাংসারিক বিপর্যয়ের এই আকস্মিক মাধ্যমেই গল্পটির সমাপ্তি। এই গল্পের সঙ্গে অনেকটা মিল পাই প্রভাত মুখোপাধ্যায়ের 'পোস্টমাস্টার' গল্পের। সেখানে অন্য লোকের সঙ্গে চিঠি-পড়ার বিকৃত ইচ্ছা গল্পটিকে ট্র্যাজিক পরিণতি দিয়েছে। তবে সেখানে অবিবাহিত পোস্টমাস্টারের ব্যক্তি-চরিত্রটি গল্পের ট্র্যাজিক পরিণতি এনেছে। আর এখানে সচিব তার নিজের অজান্তেই যে সাংসারিক বিপর্যয় ঘটিয়ে ফেলেছে তার প্রমাণ হাতে পেয়ে যায়। 'অদ্বিতীয়া' গল্পটিকেও শুধু ব্যক্তি চরিত্রকেন্দ্রিক নয়, পারিবারিক গল্প হিসেবেও ধরা যায়। এই ধরনের কথা আগেও বলেছি। এর সমতুল্য বর্ণনা-চাতুর্য 'হাত' গল্পেও আছে। কিন্তু সব পারিবারিক গল্পেই এই রকম আকস্মিকতার ফেরাফের নেই। আবার, পারিবারিক তাৎপর্যময়তায় যা স্বাভাবিক অনুভূত হয়ে আছে অনেক গল্পে। এবং পারিবারিক জীবন ছাড়িয়ে বৃহত্তর সামাজিক প্রেক্ষাপটের দিকে গেছে কোনো কোনোটিতে— যেমন, 'বৌদি' গল্পে দেখা যায়, বৌদির বাবার কলেরায় মৃত্যু এবং তার অসামাজিক মৃত্যুর ফলে সুন্দর একটি নাম রাখার তার বৌদির মুখে যায়। মামারবাড়িতে বৌদি নাম নিয়েই আছে মানুষ হতে হয়। যেমনি আমার 'বোকারাম বাবু' গল্পে দেখি, দুখির দোকানের পাওনা, আরও টাকা রেখে প্রমাণ থেকে বোকার আবেদন, বিবাহিত মেয়ের তত্ত্ব পাঠানোর অনুরোধ, প্রভুর পদের বিনিময়ে জনাদের সম্ভব করার উদ্দেশ্যে বোকারাম বাবুর অফিস-ফেরত গল্প করার নিশ্চিন্ত অবসরকে নষ্ট করে। 'বিন্দু দি গ্রেট' গল্পটিতেও দুটি পারিবারিক জীবনের অর্থনীতিক পরিণতিকে সমান্তরালভাবে গেঁথে তোলা হয়েছে। একটি শিক্ষিত পরিবারের

স্বামী স্ত্রী, ঠাকুর ভিখু এবং তার সুন্দরী স্ত্রী সিলিয়াকে নিয়ে কাহিনী গড়ে উঠেছে। বয়স্ক দম্পতির জীবনের সঙ্গে এখানে কি চাকরের দাম্পত্য-জীবনকে বৈপরীত্যে আনা হয়েছে। পরে দেখা যায়, বাড়ির কর্তাকে ছেড়ে চলে গেছে যেমন গিন্নি দিদি, তেমনি ভিখুকে ছেড়ে চলে গেছে তার স্ত্রী সিলিয়া। পরে দুটি পরিবারেই স্ত্রীর প্রত্যাবর্তন। দিদি ফিরেছে অনুতপ্ত হয়ে, দাগীক হয়ে; কিন্তু সিলিয়া ফিরেছে [illegible] বীভৎস ব্যাধি নিয়ে, পক্ষাঘাতে পঙ্গু হয়ে। কিন্তু বাড়ির কর্তা স্ত্রীর প্রতিষ্ঠিত আসনে স্থির স্থির অভিমানী। ওদিকে চাকর ভিখু সুন্দরী স্ত্রীর চরিত্রস্খলনে উদ্বিগ্ন এবং উদ্বিগ্ন বলেই উদার। সুন্দরী স্ত্রীর চরিত্রস্খলনে নিজেকে সে দায়ী করেছে, বারবার এবং অত্যন্ত যত্নে পতিপ্রাণ মানুষের মতো স্ত্রীকে বিপদ থেকে উদ্ধারের জন্যে ডাক্তারের আশ্রয় নিয়েছে বাড়ির কর্তার মাধ্যমে। স্ত্রীর অধঃপতনের সমস্ত দায়ির যেন তারই। এখানেই তাঁর জেতিলেন। এই পারিবারিক গল্পের বিশিষ্ট মধ্যবিত্ত ও অশিক্ষিত বাটীক হয় নিচু নিম্নশ্রেণীর মানুষের সামনে একজাতীয় সমস্যা এনে দুটি শ্রেণী অন্তর্গত সার্থকভাবে চমৎকারভাবে ধরা হয়েছে। 'ঢুঁড়িটি' নামে একটি গল্প ('বনফুলের নূতন গল্প') লক্ষ করি, ছাতকা স্টেশনে রোজ এক বৌদ্ধ ভুলুয়া নিয়ে যে বোবা মেয়েটি ভিক্ষে করে, তার মা-কে বাবা ছেড়ে চলে গেছে। মা ঝি-গিরি করে, বেশ্যাবৃত্তি করে রোজগার করে। তারপর একদিন সেই রাক্ষসে কেউ খুন করে ফেলে যায়। তারপর থেকে স্টেশনে ট্রেন এলেই মেয়েটি আসে বাবা আসছে। একদিন একটি হ্যাটকোট পরা দেখে, মতামতি পলতে তার বাবার বক্তব্য। অথচ না জেনে তার বাবার ভিড়ে সে বাবাকে দেখেও অসহায় হয়ে দাঁড়িয়ে থাকে। হঠাৎ 'বাবা' বলে চিৎকার করতেই পুলিশের ধাক্কায় সে জ্ঞান হারায়। এদিকে কাগজে বাবার বক্তৃতার সারাংশ বেরোয়— 'ভিক্ষুকই আমাদের দুশমন'। একটি ছোট থেকে সামাজিক অবস্থানের শিকার একটি মূক মেয়ের জীবনকে নির্ভর করে সমাজকর্মী মুখোশ মুখোশ ছেঁটা ছাড়া এ গল্পে আর কী আছে! 'ঐরাবত' গল্পে বর্ণিত হিন্দুস্থানের যৌন বিকারের আরো আত্মসমর্পণ সামাজিক এক বিশেষ প্রবণতার প্রতিটি বনফুলের পরিহাস প্রকাশ পেয়েছে।

[৬]

বনফুলের বেশ কিছু গল্পে প্রত্যক্ষভাবেই সামাজিক নানা সমস্যার ছবি ফুটেছে। সমস্যার পরিবেশনে কোথাও ক্ষোভ, কোথাও কৌতুক, কোথাও বা নিছক নিষ্ঠুরতা। উদাহরণ হিসেবে 'জাগ্রত দেবতা' গল্পটির কথাই ধরা যাক। সনাতনপুর গ্রামে মহাদেবের উৎসবে দুটি পাঁঠা বলে পুজো হয়। অবশ্যই বৈজ্ঞানিক উন্নতির কারণে এই উৎসবের এতো ঘটা-বটা। কিন্তু আশ্চর্যের ব্যাপার, প্রতি বছরই এই দিন একজন করে পাগল হয়। এবার উৎসব হল, কিন্তু পাগল কেউ হল না। সকলেরই দুর্ভাবনা নিশ্চয় কোথাও গোলমাল হয়েছে। অনেক খুঁজেও পাগল হবার প্রমাণ পাওয়া গেল না। অনেকেই অনেক খবর খাওয়া দিলেন। কিন্তু প্রবীণ নীলমণি কিছুতেই বিশ্বাস করলেন না। তিনি পথে পথে ঘুরে বেড়াতে লাগলেন 'শীতলকণ্ঠ হরহরশম্ভু' হয়ে। সনাতনপুরের গ্রামবাসীরা তখন স্বস্তির নিঃশ্বাস ফেললেন জাগ্রত দেবতার জাগরণ জেনে। উৎসবের সঙ্গে পাগল হবার বহুপ্রাচীন সংস্কার থাকায় যে সংস্কার বহুদিন ধরে চলে আসছে সেই সংস্কারই মানুষের মনে অস্বাভাবিক আবেগ সৃষ্টি করে—তার মানসিক ভারসাম্য নষ্ট করে দেয়। মনের ওপর সংস্কারের এই নিষ্ঠুর প্রতিক্রিয়াকেই বনফুল ঠাট্টা কৌতুক সঙ্গে ব্যক্ত করেছেন। 'উৎসবের ইতিহাস' গল্পে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কলের তারায় তার ভাইপোর চাকরির জন্যে কীভাবে একাধিক লোককে উৎকোচ দিয়ে শেষে কলমের খোঁচায় চাকরি জুটিয়ে তারই কাহিনী বলা হয়েছে। তেমনি 'আত্মা উৎস' গল্পটিতে লেখক দেখিয়েছেন কিছু শৌখিন তরুণ স্বদেশপ্রেমিকের আত্মিক চরিত্রের ছবি। শৌখিন স্বদেশপ্রেমিকদের দিকে সেপাইদের হয় না—এ জ্ঞান তখন তাদের থাকেই কোথায়, খাঁটি স্বদেশপ্রেমিক হবার জন্যে কালিদাসীর বিধবা স্ত্রী [illegible] নিয়ে সেই দলের দল [illegible] দুটি [illegible] শিং [illegible]। কিন্তু তাদের একজন পুলিশের হাতে অনশনের কারণে পরীক্ষা করতে গিয়ে দেখে সে তখন খেয়ে অন্য বন্ধুর নাম বলে দিয়েছে। স্বদেশপ্রেমিকের আত্মিক চরিত্রের প্রতি ধারাই এ গল্পের প্রকল্প। হয়তো এই গল্পে স্বদেশী চরিত্রের কোনো সাহসী ছবি নেই, কিন্তু 'লেখকের রায়বাহাদুর' গল্পে দেখি একবারের তৃপ্তী হয় ও ব্রিটিশ শাসন বিজ্ঞানের কথা খেয়াল পাওয়ার পথে এই রায়বাহাদুর, ব্রিটিশ শাসনের আনুগত্য করলে তাঁরই স্বাচ্ছন্দ্য হাতে এসে যাবে, অন্যথা করে বিশৃঙ্খলা সৃষ্টি করা 'শিক্ষিত ভদ্রলোকে'র কাজ নয়। এই মনোভাব নিয়ে তিনি যখন ব্রিটিশ এজেন্ট হিসেবে সেখানেদের ও বিদ্রোহ ধরতে যান তখন একদিন [illegible] বন্দুকের গুলি ও গুলির আওয়াজ শুনে বেরিয়ে এসে দেখেন [illegible] সংবাদ। কেবল একটি দুঃখের গল্প আছে—[illegible]। আশ্চর্য হয়ে রায়বাহাদুর দেখেন তাঁরই [illegible] পুত্র। কনিষ্ঠের জন্যে কিছু রায়বাহাদুর [illegible] নিতে অনিচ্ছুক তুলে [illegible] কথা প্রত্যর্পণের জন্যে। এ গল্পে বনফুলের অনেক গল্পের মতোই 'চমক' আছে ঠিকই কিন্তু রায়বাহাদুরের প্রতিরূপ অনুশোচনার পাশাপাশি আত্মিক স্বদেশপ্রেমের বিদ্রোহী প্রতিনিধির অন্তরে আত্মবলিদানের ছবিটি মুহূর্তে উদ্ভাসিত। রায় বাহাদুরের আকস্মিকই যে দুঃখের বৈপ্লবিক স্বদেশপ্রেমিক ব্যক্তিত্ব গড়ে উঠেছে এটা ধরে নিতে হয় কিন্তু রায়বাহাদুরের জীবনে এই আকস্মিক ঘটনার পেছনে সাহসী তরুণের আত্মোৎসর্গ ঘটনাটিকে নিছক চৌম্বকী ঘটনার হাত থেকে কিছুটা বাঁচিয়েছে।

কিন্তু 'কলাই' গল্পে যেমন বনফুল দুর্নাম ছড়ানো সুদখোর বাবার লোককাহিনি উদ্ঘাটন করেছেন, তেমনি আবার দুর্নাম ভরা কমুনিস্ট লেখক হিসেবে তার সমবায়ের

কাছে সাহিত্যের উপকরণ কোনোভাবে অবহেলিত এসেছে বলে অন্তরাগে তার প্রতি বিরক্তি দেখিয়েছেন। সমাজের মানুষের সমস্যার এগালেই প্রাণ দেখিয়ে কলাইকে ইতোমধ্যে হতে দেখি, কম্যুনিস্ট লেখকের বাবার গল্প সবচে কাছেও বাণ আছে বলে তার লেখক পুত্রের একটা কেমন বাধ হচ্ছে তা বোঝা যায় না। এই রকম অবস্থা সামাজিক বিদ্রূপ আছে 'বেটী লোক' গল্পেও। এই গল্পে রবিবারের বিকেলে এক ভর্গশাখী নায়ক বিক্ষোভে না যেতে বিক্ষোভের আগে আগে হাঁটে। বনফুল বুঝে যান, সমাধান সবাইকে গাড়ি-ঘোড়া ছেড়ে হাঁটতে শেখায় না, বিক্ষোভকারীদের মধ্যবিত্তীয় বিক্ষোভ মিছিল দিয়ে দুনিয়া বদলে না। অর্থাৎ লেখক হিসেবে রাজনৈতিক সমাজব্যবস্থা সম্পর্কে বনফুলের বিশেষ কোনো শ্রদ্ধা যে ছিল না তা বোঝাই যায়। এবং বিশুদ্ধ মানবতাবাদী হিসেবেই হৃদয়হীন যন্ত্র-প্রেমিক দিকে তাক করেছেন, আবার 'সেকালের রাজবাহাদুর'-এর মতো গল্পে রাজবাহাদুরের যন্ত্র-প্রেমি গল্পের আত্ম-নিবেদন ব্যাপারটিকে নির্ভর করে রাজবাহাদুরের হিটলার-বিরোধিতার প্রমাণ দেখিয়েছেন, 'নন্দর ও রোজারা' এবং 'দুই ভিখারি' গল্পে কিছু রূপকার্থে সাবলীলতায় প্রকৃতপক্ষে ও সম্প্রদায়ের আত্ম-পরিচয়ের প্রতি তাকেই দেখিয়েছেন তিনি। মানুষের বিচিত্র ব্যবহারেই কৌতূহলের বশে তিনি গল্প টেনে এনেছেন। শিল্পীর নিরাসক্তি কোথাও কোথাও ক্ষুণ্ণ হলেও মোটামুটি অনুযোগবিহীনভাবেই তিনি গল্পের গল্প টেনে এনেছেন।

আসলে আধুনিক সামাজিক ব্যবস্থা সম্পর্কে বনফুলের অনীহার কারণ আমাদেরই অনতিক্রম্য রাজনৈতিক আত্ম-কলহ ও হানাহানি এবং কিছু সাময়িকীর কণ্ঠ চরিত্র। কিন্তু মোটামুটি একটা মানবিক আদর্শবাদিতা ও চারিত্রিক শুদ্ধি দিয়ে বনফুলের কামনাই যে নজর ছিল তার প্রমাণ 'তিলোত্তমা'-র মতো বড় গল্পেই তিনি রেখে গেছেন। স্বাধীনতার পর যে সাংস্কৃতিক অবক্ষয় আমাদের চরিত্রমূল্য নষ্ট করেছে তার প্রতিনিধি 'আটকে গেল' গল্পের অতুল—যে বাড়ীর আবদারে নষ্ট হতে গিয়ে মাস্টারকে মাতলামি করে 'শালা' বলে তাড়ায়—আর অন্য মাস্টারদের সাহায্যে পরীক্ষায় হলে বাইরে থেকে খাতা লিখিয়ে জমা দিয়ে বি এ পাশ করে। পরে মোটা কারবারীদের সঙ্গে মিশে আরামে-বিলাসে তার বিলাসিতাও বেড়েই যাচ্ছে। হঠাৎ তাদের ক্লাসের একটি ভাল ছেলের সঙ্গে তার দেখা হয় ও তাদের বাড়ি যায়। বাড়ির অতি সাধারণ পরিবেশ, পরিচ্ছন্ন মা-র মুখে হাসি ও বইপত্রের বিন্যাস দেখে সাধারণ মধ্যবিত্ত ঘরের এই সহপাঠীর সঙ্গে নিজের দুর্দশা বারবার সে অনুভব করে। এই অনুভবের উত্তাপ কোনো বাইরের চাপ থেকে আসেনি, নিজেরই গভীর বিবেক থেকে এসেছে। এই রকম চারিত্রিক শুদ্ধতার প্রতি অঙ্গুলি নির্দেশ সামাজিক ও সাংস্কৃতিক অবক্ষয়ের প্রেক্ষাপটে স্পষ্ট হয়েছে 'আমি কি পারব' গল্পে। গল্পের নায়ক রাজনৈতিক হানাহানিতে বাবাকে হারিয়েছে। যে বাবাকে মেরেছে তার বাড়িতেই আগুন লাগিয়ে সে পালিয়েছে। তারপর থেকে নারকীয় জীবনের ভেতর দিয়ে গেছে সে। এক ভয়ংকর শহরের মোড়ে বোমা ফেলে পালাতে গিয়ে তার পা কাটে। তারপর কোনো এক বাড়িতে দৌড়াতে দৌড়াতে এসে অজ্ঞান। সেখানে সেবা-শুশ্রূষার পর জ্ঞান ফিরে পেয়ে সে দেখে, যে বাড়িতে সে আগুন লাগিয়েছিল সেই বাড়িতেই এসে উঠেছে। এই বাড়িটি যেহেতু সেখানে তার মনে হয়, নারকীয় জীবনে যে অন্তর্জালা লাগিয়েছিল বলে তার ধারণা, তা ভুল। অবক্ষয়মাত্র কোথাও যায়নি—এখানেই আছে। একই বাড়িতে ফিরে আসায় ব্যাপারটা একটু বেশি নাটকীয় মনে হলেও সম্প্রদায়ের সীমা হারায়নি এবং শুদ্ধতার বোধটি তাঁর আবেগের পদ্ধতির মধ্যেই বিশ্বস্ততায়।

বনফুলের অসংখ্য গল্পের মধ্যে প্রথাবহির্ভূত নানা নাটকীয় কৌশল ও তৃতীয় 'sting in the tail' জাতীয় আকস্মিকতা থাকলেও কিংবা অনেক বড় গল্পবস্তুর মধ্যে সাধারণ event বা ঘটনার পরিণতি পেলেও যে-সমস্ত গল্পগুলিকে বেছে নিয়ে ব্যক্তি বা চরিত্র নির্ভর, পারিবারিক ও সামাজিক—এই তিনভাগে ভাগ করে নিয়ে (যদিও সুবিধের জন্যে বলা। অনেক সময় তিন শ্রেণী পরস্পর মিশে যায়) আলোচনা করেছি তাতে এইটেই প্রমাণিত হয়, যে শ্রেণীর গল্পই তিনি লিখুন, মানুষের অন্তহীন বৈচিত্র্য যেমন তাঁকে টেনেছে, তেমনি মানুষের অন্তর্নিহিত শুদ্ধতার বোধটিকে তিনি কাউকে বাদতে ভোলেননি, ছোটগল্পের উজ্জ্বলিত মুহূর্তে সেই বোধটিকেই তুলে ধরতে চেয়েছেন।

[৭]

এবার শুধু ব্যক্তি, পরিবার বা সমাজ নয়, সামগ্রিকভাবে শুদ্ধ মানবিক চৈতন্যের জাগরণের প্রতি ইঙ্গিত দেবার সূত্রে বনফুলের গদ্য-কবিতা বা শ্লোক-শেষের জাতীয় রচনায় কিছু পরিচয় নেওয়া যাক। কখনো পৌরাণিক গল্পের ধাঁচে, কখনো রূপকথা-উপকথার ধাঁচে, বনফুলের বেশ কিছু গদ্য রস ছেড়ে দেয়। ভারতীয় সাহিত্যের নীতিকথা উপকথার ঐতিহ্য, বিদেশি কিছু রূপকথা-উপকথা, রবীন্দ্রনাথের 'লিপিকা'র কিছু অনুবাদ, টুর্গেনিভের 'সেনিলিয়া'র মতো গদ্য-কবিতা, পরে কাফকা-জিব্রানের গল্প কিংবা খলিল জিব্রানের গদ্য-কবিতা এই ধারাই বহন করে এনেছে।

বনফুলের এই জাতীয় রূপক গল্পের প্রচ্ছন্ন তাৎপর্যের কথা ভেবে দেখা যাক। যেমন 'বিধাতা' গল্পটি। বিধাতার কাছে একে একে অভিযোগ আসে। প্রথম উপস্থিত হাতি। মানুষ অপমানকে বলছে, বাঁচাও। বিধাতা বললেন, আচ্ছা। তারপর বাঘেদের পালটা অভিযোগ: শিকারীর উপদ্রব, বাঁচাও। বিধাতা বললেন, আচ্ছা। শহরের বাড়ির ক্ষেতি লিলি তাঁর শহরের বাড়ির কোনো মহিলার সম্পর্কে বললেন, নারীর বড় বেয়াক্কা। নিচু নতুন গয়না পরে থাকতে সদা ব্যস্ত থাকছিল। মেয়েরা তুমি চিৎ হয়ে যেন বলো পরাবার। মাদিকে যেন একটু শিক্ষা দিয়ে যাও তো। বিধাতা

বললেন, আচ্ছা। বার্নিক বললে, তোমাকে বুঝতে চাই। বিধাতার একটি উত্তর। চিনেয় চেঁচিয়ে বললে, কালনিদ্রার হাত থেকে বাঁচাও। একই উত্তর, আচ্ছা। বাংলাদেশ থেকে এক তরুণ কেউ লেখা ছাপাচ্ছে না বলে প্রবাসীতে লেখা ছাপাতে চায়। তাই রামানন্দবাবুকে সদয় হবার অনুরোধ করতে বললে বিধাতাকে। বিধাতা বললেন, আচ্ছা। নিবিষ্ট একগুলি আজ্ঞা দিয়ে বিধাতা ব্রহ্মাণ্ড-বাড়ি থেকে সবাকের তেজ আনিয়ে নাকে দিয়ে শুয়ে নিদ্রায় মগ্ন হলেন। আর ঘুম ভাঙেনি তাঁর। লেখাপোকের কাছে এই অবিরল প্রার্থনায় মানুষের আত্মবিশ্বাস ও আত্মচেতনার অভাবকে প্রতিটি লেখকের কৌতুকবিদ্ধ করল।

কিন্তু 'চৈতালী ও পূরবী' কবিতাটিতে এমন কৌতুক নেই, আছে ভালোবাসার অনিক বৈপরীত্য পেয়ে আর কারো প্রতীক্ষা। সৃষ্টির আবেগকে শিল্পী যেমন একবার পেয়ে পুরোপুরি তাকে ধরে রাখতে পারে না অথচ তাকে ধরে রাখার জন্যে আজীবন আপ্রাণ চেষ্টা করে, সেই পূর্ণতার অনুভূতি তার মন-প্রাণকে ভরিয়ে তোলে, কিন্তু অপূর্ণতার দৈব অসন্তোষ নিয়েই আজীবন কাটিয়ে দেয়, মানুষের বৈপরীত্যবোধ যেমন তাকে ভালোবাসায় কাতর করে চিরকাল, পারিপার্শ্বিক জীবনের গ্লানি যেমন তাকে বিচলিত করেও তার সেই বোধকে একেবারে নষ্ট হতে দেয় না তেমনি এখানে বনের একটি ফুল ভ্রমরের কাছে বিকাশের প্রশস্তি শুনে যৌবনলগ্নে হাসলে, কিন্তু আত্মসমর্পণ করতে পারেনি। ভ্রমর চলে গেলে তার সন্ধ্যা যৌবনের ঘুম ভেঙেছে। সন্ধ্যায় আবার আঁধারে জোনাকির কাছে তার প্রতীক্ষার বেদনা জানিয়েছে।—জোনাকিকে বলেছে, ভ্রমরের প্রতীক্ষায় সে রইল। ভ্রমরের কাছে খবর দিতে বলেছে। জোনাকি উড়ে গেছে। অন্ধকার নিবিড় হয়ে এসেছে। পরের দিন সন্ধ্যায় জোনাকি এসে বলেছে, তাকে সে খুঁজে পায়নি। ফুল বললে, 'কাকে?' 'তুমি কাল যার কথা বলেছিলে।' 'আমি তো কাল ছিলাম না—আজ ফুটেছি।' 'কালকের ফুল কোথায়?' 'সে ঝরে গেছে। তারই পাশের বোঁটায় আমি ফুটেছি আজ।' জোনাকি চুপ করে থাকে। তখন নতুন ফুলটি বলে, 'আচ্ছা, তুমি একজনকে চেন কি?' 'কাকে?' 'যে আজ সকালে কেমন গুঞ্জন গানে আমাকে বলে গেল, দুটি কোনো একটা কানমিতা/মর্ম জোগাড় না এমন কারণে। তার জন্যে সারাদিন বসে আছি আমি। যদি তার দেখা পাও জানিয়ে দেবো তাকে একবার।' বলবে? 'দেখা পাই তো বলব' বলে জোনাকি মেলে উড়ে গেল। লেখক বলছেন, 'আঁধারের বুকে কোটি একটি জোনাকি।' এমনি করেই একটি একটি ফুলের মতো একটি একটি প্রেমিক মানুষ ব্যাকুল প্রতীক্ষায় বসে রয়েছে—'সে কোথায়? সে কোথায়?' এই ব্যাকুলতা কীসের? সেই শুভ চৈতন্যেরই টানে একের পর এক মানুষ বুকের পাঁজর জ্বালিয়ে রেখে চিরদিন অপেক্ষা করছে। পূরবীর সুরে সেই চৈতালীরই প্রতীক্ষা।

আরেকটি গল্পের উদাহরণ দিই। পশু-পাখির মুখে বলা fable জাতীয় গল্পের কাঠামোতে তৈরি এমন একটি 'পাখি'। একদিন এক ময়ূরীর সামনে ময়ূর নাচছিল। হঠাৎ সিংহ এসে ময়ূরকে বললে, 'নাচ বন্ধ কর।' ময়ূরী রয়েছে কাছে, কাজেই ময়ূর নাচ থামায় না। সিংহ চিৎকার করলে—বন্ধ করো, বন্ধ করো। ময়ূরের ভ্রূক্ষেপ নেই। সিংহ তেড়ে গেল ময়ূরটাকে। ময়ূর-ময়ূরী উড়ে গিয়ে গাছে বসল। সিংহের আস্ফালনে লাভ হল না। বাঘকে ডেকে বললে, ভয়ানক অপমানিত হয়েছি আমি। ওকে শাস্তি দেবার ব্যবস্থা করো। বাঘ ব্যবস্থা করবে বলে বাড়ি গেল। কারণ, বাঘের শিকার করবে বলে বেরোলে ময়ূর চিৎকার করে সবাইকে সাবধান করে দেয়। এক দিন হঠাৎ এক শৃগাল এসে ময়ূরকে সমাচার জানাল। তখন ময়ূর বাড়ি ছেড়ে ডালে গিয়ে বসল। শৃগাল বললে, আমার স্ত্রীর সন্তান হবার পর কেমন যেন মাথা খারাপ হয়ে গেছে। বাঘ আমাদের চিকিৎসক। সে বললে, ওকে যদি ময়ূরের নাচ দেখানো যায় তো উনি সেরে উঠবেন।

ময়ূর কেকারবে হেসে বললে, আপনার স্ত্রী অসুস্থ। এ জন্যে দুঃখিত। কিন্তু আমার নাচ শুধু আমার স্ত্রীর মনোরঞ্জনের জন্যে। তোমার কেন প্রাণ। আর সিংহ দেখেছিল, সেখানেই নাচের সময় ময়ূর যখন নাচ দেখাবে তখন লাফিয়ে পড়বে বাঘ। পরের দিন এল একটা লাশ। লাশ তো ময়ূরের বাপা। তাকে দেখেই ময়ূর কিংকর্তব্যবিমূঢ় হয়ে আর্তনাদ করলে। শিকারের দিকে একাগ্র হয়ে বাঘের ঘাড়ে সিংহ লাফিয়ে পড়ল। কিন্তু ধরতে পারল না। ময়ূর উড়ে গেল গাছের ডালে। তাকে ডেকে বললে, এ দুর্ব্যবহারের কারণ কী? সিংহ বললে, তুমি আমাকে অপমান করেছ—। ময়ূর বললে, আমার স্ত্রীর মনোরঞ্জনের জন্যে নেচে থাকি। এতে আপনি অপমানিত হলে আমি নাচার। সিংহীকে দেখে আপনি যখন কেশর দুলিয়ে লাফ মেরে গর্জন করেন তখন তো আমি অপমানিত বোধ করিনি। ময়ূর তখন একটা আনন্দের নৃত্য করি না। সিংহ বললে, তুমি রাজার ক্রোধ অবজ্ঞা করেছ, আমি অপমানিত বোধ করছি, আপনি তো পশুদের রাজা, আমরা পাখি। সিংহ বললে, পাসপোর্ট ভিসা কী? ময়ূর তার পাখা দুটি মেলে দেখালে তার পাসপোর্ট-ভিসা! তারপর বললে, আমাদের আপনি আক্রমণ করতে পারবেন না। জলে স্থলে আকাশে আমাদের বিচরণ। এ আমাদের বিধিদত্ত অধিকার। আমার দুঃখের প্রাণ কেড়ে নিয়েছেন। আমি এর প্রতিশোধ নেব। সামান্য একটা পাখি তুমি প্রতিশোধ কী নেবে—সিংহ হা হা করে হাসলে। কয়েক দিন পরে একটা মেষশাবককে মেরে সিংহ যখন খাবার জোগাড় করছে তখন একটি ঈগল বজ্রের মতো আকাশ থেকে নেমে এসে তুলে নিয়ে গেল মেষশাবককে। বললে, তোমরা দুর্বল জীব। আমরা আকাশচারী, আমরা শিল্পী, আমরা কবি, আমরা যোদ্ধা। আমাদের এক প্রজাকে অপমান করে তুমি সমস্ত পাখী জাতিকে অপমানিত করেছ। তাই এই শিক্ষা দিলাম। আমরা নীচ নই। পরের মুখের গ্রাস কেড়ে খাই না। শূন্য থেকে মেষ শাবকটা ধপাস করে পড়ল। সিংহ নির্বাক।

অনেক রাজনীতির প্রেক্ষাপটে বিভিন্ন শ্রেণির বিভিন্ন বয়ঃক্রমের মানুষের যে জটিলতার প্রয়োজন এই প্রবণতা তো মানুষিক মেধারূপ অর্থহীন। গল্পের অবয়ব ছড় হয়ে আবার সেন্টিমেন্টালিজম চেষ্টা করেছি, বিভিন্ন চরিত্রে ও প্রতিবেশ জাতীয় বিকাশকে তৈরি করে বহু মানুষকে এবং সেন্টিমেন্টালিজম, বা ইমোশনাল যুক্তিতে কেমন চেষ্টা করেছি, নতুন সৃষ্টি করেছি, বিজ্ঞানে নতুন করেছি। কিন্তু এরই মধ্যে দু একটি বিচিত্র নতুন প্রমাণ করে দিয়েছে, মানুষের ব্যক্তিত্বকে নষ্ট করে 'ম্যানিফেস্ট ভাব' তৈরি হয়, পরে সত্য বড় রেখেছে ভুল হয়নি না। আধুনিক বিশ্বে পৃথিবীর বিভিন্ন দেশে যে বিপ্লবী বিজ্ঞান হয়েছে তার পেছনেও এক সংকীর্ণ স্বার্থ অপব্যয়কারী মনোভাব কাজ করছে। এশিয়া-ইউরোপের, শাদা কালোর দ্বন্দ্ব কমন ষাঁড় হয়ে উঠেছে। আবার মানবজাতির সার্বিক উন্নতিতে যেন বা কারো কোনো হুঁশ নেই, দেশ বিদেশে ধর্মান্ধ, শ্রেণিগত কিছু সন্ত্রাসেও মাততে হয়। সহযোগিতা ও ঋজুতা, ভালোবাসা ও আত্মত্যাগে মানুষের অগ্রগতি—শুধু স্বার্থে পরিচয়ে, অবশ্য সেতো আমরা এই সত্য সত্যকে ভুলে যাই। 'পরিচয়' ছবিটিতে মায়ের বাবটি কুমোর সাথে কুমোরের কথাবার্তায় আমরা শুনেছিলাম: 'আমি আকাশের আর তুমি মাটির। আমি আকাশ থেকে নেমে এসেছি মাটিতে তোমাকে দেখাতে হবে। এই পরিচয়ের বাঁধনেই আমরা চিরকাল বাঁধা। আমাদের জন্য পরিচয় নেই।' মানুষের সহমর্মিতা রাজনীতির এই ব্যাপক প্রয়োগে মানুষের প্রতি বনফুলের অন্তহীন ভালোবাসাই তাঁকে বড় শিল্পী করে তুলেছে। এই মুহূর্তে আর এক শিল্পী শরৎচন্দ্রের কথা মনে পড়ে যায়। সংসারের বিচিত্র মানুষ 'স্বকালের ব্যাপার' অন্তত নাটক কল্পনা সংসার ত্যাগ করে ব্রহ্মার কাছে মানুষ সাত্ত্বিক বৃদ্ধি চেয়ে এক তোরণ ইচ্ছা করলেন। কিন্তু মন একটিই রইল। সংসারের সব রকম মানুষের বিরূপ একটি উৎকট উপলব্ধি হতে লাগল। তখন ব্রহ্মার কাছে সম্পূর্ণ মন চাইলেন। তাতেও বিপদ। সম্পূর্ণ মনই বলে, আমি বলব। কথা বলার আবার একটি মনকেই দৃশ্যতঃ করতে হয়েছে। একবার ব্রহ্মার কাছে আর না গিয়ে সনকাদি তাপস মানুষের সেবায় আত্মনিয়োগ করলেন। সনকাদি তখন জ্যোতিষ্কণ হয়ে আকাশে একটি স্তরে একীকরণ হয়েছেন। সকলের সুখদুঃখ পৃথক করে বুঝতেন, আবার একত্রিত বুঝতেন। ব্রহ্মা সনকাদের খবর না পেয়ে একদিন দেখা করতে এলেন। সনকাদি বললেন, 'সুখের থেকেও একত্র বেশি হয়। একবার জ্যোতিষ্কণ হয়েছি, বিকল ইন্দ্রিয়, বিকল দেহমন। তাই মহার শক্তি আরও বেশি শিখেছি। সর্ব অবয়বের দায়ভার মুক্ত হলেও হয় প্রভু, আপনার মায়া নির্মম সাক্ষী হয়ে থাকতে পারি না।' নানা কর্মের ব্যাপ্তিতে সনকাদি ব্রহ্মাকে বলে ফেললেন, এইবার মুক্তি দিন। ব্রহ্মা মনে করিয়ে দিলেন, একসময় সবাকে মুক্তি দিতে তুমি একাই মুক্তি চাও? সনকাদি যেমন একটু লজ্জিত হয়েই বললেন, থাকবে। মুক্তির দরকার নেই। ব্রহ্মা বললেন, দরকার না থাকলেও তুমি পেয়ে গেছ। সনকাদি জানতে চাইলেন, এ কি রকম মুক্তি, লোকে আসক্তি চায় না, নাটির আবার আবরণ নেই।

বনফুল যেমন শরৎচন্দ্রের কথাশিল্পের মধ্যেই সহযোগিতা, ভালোবাসা, আত্মত্যাগ ও নিঃস্বার্থ সেবাতেই মুক্তি খুঁজে পেয়েছিলেন। তবু শরৎচন্দ্র ছিলেন রোমান্টিক, বনফুল বিজ্ঞাননিষ্ঠ। কিন্তু রোমান্টিক শরৎচন্দ্র দ্বিতীয় মহাযুদ্ধের সংকটকালে মুমূর্ষুর জন্য চিন্তিত হয়েছিলেন। 'মানুষ জাতির কথা' কিংবা 'ত্রিনিবাসের'র মতো রচনা নৈরাশ্যের গল্প লিখেছিলেন। কিন্তু বনফুল সমাজের অবক্ষয়ে বিষণ্ণ হয়েছেন, বিদ্রূপ করেছেন, কিন্তু মানুষকে ছেড়ে যেন বিজ্ঞানীর নতুন মানুষ জাতির জন্য অপেক্ষা করতে হবে—এমন চিন্তা গ্রাস করেনি তিনি বলেননি। তাঁর বিচিত্র সন্ধানী মনই তাঁকে নৈরাশ্যের হাত থেকে বাঁচিয়েছে। বিষয় হয়েও শেষ পর্যন্ত তিনি জগৎ দেখেছেন। তাঁর শেষদিকের লেখা 'ত্রস' আর 'সত্যে'র ছোট নাটিকাটি পড়লেই এই প্রসন্নতার মাত্রা বোঝা যাবে। গল্পের শৌখিন কথাকার 'ত্রস' নাট্যরূপদা সাক্ষাৎকারী 'ত্রসবাসী' হয়ে উঠেছে।

[৮]

বনফুলের গল্প বলার কৌশল বড় বিচিত্র। কখনো দশ-পনেরো লাইনের মধ্যে স্কেচ এঁকে, কখনো বা তার চেয়ে একটু বড় আকারের মধ্যে ঐতিহাসিক, পৌরাণিক ও রূপকথার ভঙ্গিতে, কখনো রূপকের আধারে, কখনো বা সংক্ষিপ্ত পরিসরে বৈপরীত্য ফুটিয়ে বা আকস্মিক চমক দিয়ে, কখনো বা রবীন্দ্রনাথের 'লিপিকা' জাতীয় গদ্যকাব্যের ভঙ্গিতে, কখনো বা অসাধারণ চৌকশী ভঙ্গিতে (নবমঞ্জরী সংকলনের 'চৌন' গোলায় এই ভঙ্গির অনাহুত শ্রেষ্ঠ গল্প। পৌরাণিক পুকুরে মাছের চার ফেলে কৈবর্ত স্ত্রী-কন্যা ধরা এবং পরক্ষণে বাইশটি হাতা ফেলে কেউ আর ধরার পর কেউ তুলতে পারে?) কখনো বা আত্মবিক রোটিশয়ের পরিসরে জীবনের নানা সমস্যা, দুর্নীতি বা আত্মজিজ্ঞাসাকে তুলে ধরে। সব সময়েই যে এই ভঙ্গি-বৈচিত্র্য সার্থক তা নয়। গল্প বা রূপক অনেক সময়েই জমা বাঁধেনি, বৈপরীত্য অনেক সময়েই স্বতঃস্ফূর্তি হারিয়েছে, আকস্মিকতা কৃত্রিম লাগে। তবু বনফুলের পরীক্ষাপ্রবণ মন জীবনের নানা অভিজ্ঞতা সম্পর্কে সজাগ—কখনো ব্যঙ্গে তীক্ষ্ণ, কখনো মমতার মেদুর। সমসাময়িক প্রকাশে অনেক সময় তিনি যথার্থ সমালোচক নন, রাজনৈতিক মতবিশেষের প্রতি তার বিদ্বেষ ভিত্তিহীন, তবু আদর্শবাদী, মানবতার সত্যানুসন্ধান তাঁর এই বিচিত্র পরীক্ষাপ্রবণ গল্পসাহিত্যে ছড়িয়ে আছে। নানান রূপে তাঁর গল্পে সেই রোটিশয়ের কিরণ প্রকৃতির চরিত্র 'ডানী' কিশোরীর কলকণ্ঠের মতোই সপ্রাণ ও উজ্জ্বল—সেই নীল আকাশের গায়ে উড়ন্ত বকের পাঁতির মতো—আর মুগ্ধ ভোরের প্রথম আলো, যার পরীতে খোলা জানলায় একটু রোদ লেগেই থাকে।

'বনফুল' ও কলকাতা

শান্তিদাশঙ্কর দাশগুপ্ত

বলাইচাঁদ মুখোপাধ্যায় (বনফুল)-এর জন্ম ৪ শ্রাবণ, ১৩০৬ সনে, ইং ১৮৯৯, ১৯ জুলাই পূর্ণিয়া জেলার মণিহারী গ্রামে। বাবা সত্যচরণ মুখোপাধ্যায় সেখানে সর্বজনপ্রিয় ডাক্তার ছিলেন। কয়েক বছর মণিহারীর মাইনর স্কুলে পড়ে ১৯১৪ সনে ভর্তি হন সাহেবগঞ্জের রেলওয়ে স্কুলের ৪র্থ শ্রেণীতে। থাকতেন স্কুল বোর্ডিং-এ। ক্লাসের সেরা ছাত্র ছিলেন। যখন থার্ড ক্লাসে তখন মনে সাহিত্য-প্রেরণা জেগে ওঠে। একটি-দুটি কবিতা লেখা শুরু হয়েছে তখন। একটি হাতে-লেখা কাগজ বের করলেন, নাম দিলেন 'বিকাশ'। সকাল-সন্ধ্যা পাঠ্যপুস্তক নিয়ে ব্যস্ত থাকতেন। 'বিকাশ'-এর জন্য কাজ করতেন একটু বেশি রাতে। শিক্ষক শুভানুধ্যায়ী, 'বড়ো' বলাইচাঁদের কবিতা পড়ে খুব খুশি। কয়েকটি কলকাতার বিভিন্ন মাসিক পত্রিকায় পাঠিয়ে দিলেন। প্রথম কবিতা ছাপা হল কাশীপ্রসাদ দাশগুপ্ত সম্পাদিত 'মালঞ্চ' পত্রিকায়।

সকলেই খুশি। খুশি হলেন না কেবল হেড-পণ্ডিত রামতনু ঝা। বলাইচাঁদকে ডেকে গম্ভীরভাবে বললেন, 'তোমার বাবা যে পয়সা খরচ করে তোমাকে বোর্ডিং-এ রেখেছেন তা কি কবিতা লেখার জন্য? সংস্কৃতে তোমার ৮০/৮৫-র বেশি নম্বর ওঠে না। কবিতা লেখা বন্ধ করলে তুমি সংস্কৃতে ১০০-র ভিতর ১০০ পাবে। আর কখনও কবিতা লিখবে না।' এখন উপায়? উপায় বাতলালেন বন্ধুরা। তিনি ছদ্মনাম গ্রহণের পরামর্শ দিলেন। বলাইচাঁদ ছেলেবেলা থেকে বনজঙ্গল ভালোবাসতেন। তাই ছদ্মনাম গ্রহণ করলেন বনফুল। বয়স তখন ১৫। সেই থেকে 'বনফুল' বলাইচাঁদকে প্রায় লুপ্ত করে দিল।

বনফুল একটু বেশি বয়সে লেখাপড়া শুরু করেন। সাহেবগঞ্জ থেকে ১০ টাকা বৃত্তি নিয়ে ১৯১৮ সনে ম্যাট্রিকুলেশন পাশ করলেন। তখন তাঁর বয়স আঠারো ছাড়িয়েছে। তাই এস-সি পড়তে ভর্তি হলেন হাজারিবাগের বিখ্যাত কলেজ সেন্ট কলম্বাসে। বিষয় নিলেন রসায়ন, গণিত ও বোটানি।

বনফুল ইতিমধ্যে কবিতা লেখায় যথেষ্ট সিদ্ধহস্ত হয়েছেন। নাটকেও হাত পাকিয়েছেন। ইতিহাস তাঁর কলেজের বিষয় না হলেও ইতিহাস পরীক্ষার সময় ছাত্রদের আনন্দ দিতে দ্বিজেন্দ্রলালের সাজাহান নাটকের একটি গানের অপূর্ব প্যারডি রচনা করেছিলেন—

"আমি এসেছি এসেছি বঁধু হে
টেস্টটি পাশ করে ইতিহাস,
আমার যেটুকু আছে, এনেছি তোমার কাছে
খাতা ভরে দেবো ফিরে পাস।
ঐ জেগে আসে উজ্জ্বল ইতিহাস গৌরব,
জেগে আসে আকবর বাদশার নাম।
জেগে আসে অশোকের "ধৌলি" লিপি পর পর
জেগে আসে পাল, সেন, শাহ।
ওগো অনেক লিখেছি আমি
কত দাও তাও জানি,
একেবারে ক'রো না ফুটান।"

যাই হোক, আই-এস-সি পাশ করার পর বনফুল বিহার সরকার কর্তৃক বাঙালিদের একজন মনোনীত হলেন কলকাতার মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ার জন্য। পাটনায় তখন মেডিক্যাল কলেজ ছিল না। এই জন্য বিহার সরকার প্রয়োজনীয় অর্থ দিতেন বাংলা সরকারকে।

মনোনীত হবার জন্য নিয়মানুযায়ী বনফুল দরখাস্ত করে ছিলেন বিহারের Inspector General Of Civil Hospitals-এর কাছে। তাই কি চিন্তা নিয়ে দেরি করছিলেন। শেষ পর্যন্ত একেবারে শেষ সময়ে আই জি-র টেলিগ্রাম এল যে বনফুল মনোনীত হয়েছেন। সেই টেলিগ্রাম নিয়ে মেডিক্যাল কলেজে ভর্তি হতে এলেন

১৯২০ সালের জুন মাসে। সেদিন ছিল ভর্তি হবার শেষ তারিখ। কলেজের অফিসের হেড ক্লার্ক ট্রেইনার সাহেব তাঁকে বললেন—'ট্রেইনারে ভর্তি হবে না, তাই কী-ও দিতে হবে।' বনফুল তো মহা মুশকিলে পড়লেন। কি করবেন বুঝতে পারছিলেন না। তখন পড়ে গিয়েছিলেন একটি বুদ্ধি—পরদিনই তিনি বিখ্যাত চিকিৎসক উইলসন সেন। তিনি সরকারি সিভিল এবং ক্রিমিনালের কর্তা হন। প্রিন্সিপাল ছিলেন সুদূর সংস্পর্শে ট্রেইনার হতে বনফুলকে নিয়ে দৌড়ে করে অফিসে ঢুকে নিজেই লিখলেন—'Admit him'। সেই ঘটনার জন্য ছিল কিছু উষ্মা প্রকাশ করে। তখন না পারলেও প্রায় দু'বছর পরে এই সেই ট্রেইনার বনফুলের কাছ থেকে ৫০ টাকা ঘুষ আদায় করতে চেয়েছিলেন।

সেই সময় মেডিক্যাল কলেজের হস্টেল ছিল না। বহু এবং মির্জাপুর স্ট্রিটে শুধু মেডিক্যাল কলেজের ছাত্রদের জন্য একটি মেস ছিল। সব সিট ভর্তি হয়ে বনফুল সেখানে জায়গা পেলেন না। দেওঘর থেকে ডেইলি প্যাসেঞ্জারি করতেন। সেই ডেইলি প্যাসেঞ্জারদের জীবন আজ ৯০ বছর পরেও অপরিবর্তিত। তখন স্টেশনে কিছু একটা বাঁশেই আজকের মতো ভাঙচুর হত না। এই নিত্য যাতায়াতকারীদের বিষয়ে বনফুল তাঁর আত্মজীবনী, 'পশ্চাৎপট' লিখেছেন:— "আমি জানতাম বাঙালি বেশিরভাগ এবং মধ্যবিত্ত বাঙালি চরিত্রের আভাস পাইলাম। বাঙালির প্রচুর বৈশিষ্ট্য তাহাদের অধিকাংশই অকিঞ্চিৎকর কেরানি। হয়তো কিছু কিছু থাকিত। কিছু ব্যবসায়ী, কিছু ভিক্ষুক প্রভৃতি আমার সঙ্গী হইত। আমরা বিশেষ করে সেদিন যে ছবি আঁকা হইয়াছিল তাহাতে নানা রং। ব্যানার্জি রং, মুখার্জি রং, বন্দ্যোপাধ্যায় রং, চট্টোপাধ্যায় রং, ভট্টাচার্য রং, অমুক রং-এর মিশ্রিত ছবি সেটি। এই ডেইলি প্যাসেঞ্জারদের একটি সংঘ গড়ে উঠেছিল ট্রেনের মধ্যে। মুড়ো, ঝাল, কানা, খাঁদা প্রভৃতি সম্বোধনে অনেকে অনেককে ডাকিতেন। অনেকে অনেকের জন্য বেঞ্চের সিটটি রিজার্ভ করিয়া রাখিতেন। বেঞ্চির শেষ প্রান্তে ও বেঞ্চিতে দুইজন মাঝখানে বেঞ্চিতে দুইজন বসিয়া হাঁটুর উপরে চাদর বা খবরের কাগজ বিছাইয়া তাস খেলিতেন। পরনিন্দা ও পরচর্চার আসরকে জমজমাট আরও করে তুলত হাসি ঠাট্টা। অনেক ডেইলি প্যাসেঞ্জার ছোট ছোট বোতলে শিশিতে তেল টিফিন লইয়া যাইতেন। একজন ডেইলি প্যাসেঞ্জার একদিন বসবার জায়গা একটি টিনের বাক্সে করিয়া আনিয়াছিলেন। ট্রেনে বসিবার জায়গা এমন বিচিত্র ভঙ্গিতে বসিয়াছিলেন যে উপর আর কেহ তাঁহার উপর দৃষ্টি দিতে পারেন নাই। ডেইলিওয়ালাদের অনেক হয়তো আজ শুনিলে দুঃখ।"

সে যুগেও মেডিক্যাল কলেজে ছাত্র-শিক্ষক মিলে নাট্যোৎসব করতেন। পুরুষরাই মেয়েদের পার্ট নিতেন। তখনও মেয়েরা মেডিক্যাল শিক্ষা নিতে এগিয়ে আসেননি। একবার অ্যানাটমির সহকারী অধ্যাপক নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বললেন, "বনফুল, আমাদের থিয়েটারের জন্য গান একেবারে না লিখে দিতে হবে তোমাকে।" বনফুল তিন ঘন্টার মধ্যে সম্পূর্ণ গান লিখলেন। তার প্রথম স্তবকটি এই:—

"মরণ লইয়া খেলা যার খাটে,
যেথা ঘোরে সাথী
আর্ত আতুর আতুর লইয়া
কাটাই দিন রাতি,
তারি মাঝখানে আমরা
হেথা আজিকার মিলিয়ে
ফুলপুষ্প আনন্দ গান
হাসিতে খেলেছি হিয়ে
এস গো তোমরা সবে
দুখীর মত খেলা খেলিবারে
আনন্দ উৎসবে।"

মেডিক্যাল কলেজে থাকতেই বনফুল তাঁর প্রথম নাটক লিখলেন "রূপকথা"। এক বন্ধু নাটক শুনে মুগ্ধ। তাঁর প্রস্তাব ও উৎসাহে দুই বন্ধু নাটকের পাণ্ডুলিপি নিয়ে হাজির হলেন শিশিরকুমার বন্দ্যোপাধ্যায়ের বাসায়। বেলা ১০টা তখন। নাটকটি শোনাতে চাইলে শিশিরবাবু সঙ্গে সঙ্গে উত্তর—"নিশ্চয় শুনব। একটু বসুন, খেয়ে নি।" খুব জম জমাট খেয়ে তারপর দুই বন্ধুকে তাঁর গাড়িতে তুলে গেলেন তাঁর থিয়েটারের নিজস্ব কামরায়। নাট্যকার ও তাঁর বন্ধুকে দুই চেয়ারে বসিয়ে নিজে তাঁর বিছানায় শুয়ে চুরুট ধরিয়ে বললেন, "এবার পড়তে শুরু করুন।" পড়া শেষ হবার পরে শয্যায় উঠে বসে বললেন—"খুব ভাল নাটক। আমার পয়সা থাকলে মঞ্চস্থ করতাম। কিন্তু এখন আমার দুর্দিন চলছে। তবে আপনার নাটক লেখার হাত আছে। আবার লিখে যান।" বহু বছর পরে শিশিরবাবু হঠাৎ একদিন ভাগলপুরে বনফুলের কাছে এসে হাজির। দেখা হতেই বললেন—"মনে আছে বহুকাল আগে বলেছিলাম, নাটক লেখার হাত আছে আপনার, এবার আপনার নাটক অভিনয় করার অনুমতি চাই।" বনফুল স-স্মিতে জানালেন—"অভিনয়ের অনুমতি ইতিমধ্যে শম্ভু মিত্র এসে নিয়ে গেছেন।" শিশিরবাবু নিরাশ হয়ে সেই দিনই কলকাতা ফিরলেন। পরে অন্য নাট্যকার দিয়ে মাইকেলকে কেন্দ্র করে নাটক লিখিয়ে অভিনয় করিয়েছিলেন।

পরীক্ষা পিছিয়ে দেবার আন্দোলন ছাত্ররা হামেশা করেছে। তবে আজকের মতো আন্দোলন অবাধে নয়। তখন কলকাতায় বাস চলা শুরু হয়নি। সেদিন tram strike ছিল। একদল তৃতীয় বার্ষিক মেডিক্যাল ছাত্র গেটে মোটর অধ্যক্ষের বাড়ি উপস্থিত। দাবি থার্ড এম বি পরীক্ষার দিন পিছিয়ে দেওয়া হোক। অধ্যক্ষ বাইরে এসে অত ছাত্র দেখে জিজ্ঞাসা করে বললেন—"এ কি! আমার বাড়িতে এত ডাক্তার কেন। বাড়িতে কারো তো অসুখ নেই।" বনফুল এগিয়ে এসে নম্রভাবে বললেন—"স্যার আমাদের থার্ড এম বি পরীক্ষার দিন পিছিয়ে দিন। কোর্স শেষ হয়নি, পরীক্ষা দেব কি করে?" অধ্যক্ষ বললেন—"বেশ, কোর্স শেষ না হয়ে থাকলে পরীক্ষা পিছিয়ে দেব। তুমি পরে ইউনিভার্সিটিতে দেখা করো।" পরের দিন অধ্যক্ষের নির্দেশে কলেজের প্রিন্সিপাল খোঁজ করে জানতে পারলেন "কাটি" পাওয়া যাচ্ছে না হলে অ্যানাটমির (anatomy)

কথাসাহিত্যিক বনফুল, অভিনেতা পাহাড়ী সান্যাল, কবি দীনেশ গঙ্গোপাধ্যায় ও উত্তমকুমার

কোর্স শেষ হয়নি। বিশ্ববিদ্যালয়ের সর্বেসর্বা কর্তা আশুতোষ পরীক্ষা তিন মাস পিছিয়ে দিলেন। এই সময় বনফুল এক অপূর্ব শোভাযাত্রা দেখেছিলেন। হাওড়া স্টেশন থেকে শুরু আর কলেজ স্কোয়ারে শেষ। শোভাযাত্রীদের বেশির ভাগ ছাত্র ও অধ্যাপক। পুরোভাগে নগ্ন পদ নগ্ন শিরে আশুতোষ। মস্তকে একটি পাত্র। তার ভিতর ভগবান বুদ্ধের দেহাবশেষের স্মারক। সেই পবিত্র বস্তুকে তিনি কলেজ স্কোয়ারে অবস্থিত মহাবোধি সোসাইটিতে স্থাপন করেন। আজকাল অনেক ডাক্তারের বিরুদ্ধে অভিযোগ শোনা যায় যে ওঁরা প্রাইভেট প্র্যাকটিসের খাতিরে হাসপাতালে ঠিক সময়ে আসেন না। এ রকম অভিযোগ উঠেছিল সেকালের নামী চিকিৎসক বার্নার্ডো সাহেবের নামে। একদিন অমৃতবাজার পত্রিকায় খবর ছাপা হল যে বার্নার্ডো সাহেব ওয়ার্ডের কাজে ফাঁকি দিয়ে প্রাইভেট রোগী দেখছেন। ক্লিনিক্স (clinics) ঠিকমত হচ্ছে না।

বার্নার্ডো সাহেব পরের দিন এই অমৃতবাজারের এক কপি হাতে করে ঠিক সকাল ৮টায় ওয়ার্ডে এসে তাঁর নিন্দুকদের জন্য দুঃখ প্রকাশ করলেন। বললেন এখন থেকে রোজ তিনি সকাল আটটায় ওয়ার্ডে আসবেন। ছাত্রদের বললেন তোমাদেরও ঠিক আটটায় ওয়ার্ডে আসতে হবে। এই যে ত্রুটি স্বীকার করলেন বার্নার্ডো সাহেব তা বিশেষভাবে তাঁর চরিত্রের গুণ-নির্দেশক। ছাত্ররা কিন্তু প্রথম মতো ঠিক সময়ে উপস্থিত হতে পারছিল না। একদিন ওয়ার্ডে এসেই বার্নার্ডো সাহেব বললেন— Joges, (পরবর্তীকালের বিখ্যাত চিকিৎসক যোগেশ ব্যানার্জি), Call the rolls", কিন্তু roll call-এর খাতা কই? কোথাও পাওয়া গেল না। বার্নার্ডো সাহেব রেগে গেলেন। তিনি [illegible] কামান দেগে বললেন। পুলিশ কমিশনার নানা কারণে বিখ্যাত টেগার্ট সাহেবকে ফোন করলেন তখনই চলে আসতে। টেগার্ট হন্তদন্ত হয়ে হাজির। কি ব্যাপার? বার্নার্ডোর অভিযোগ—Roll call-এর খাতা চুরি গেছে। টেগার্ট ছিলেন নাম করা চতুর। তিনি ওয়ার্ডের চারদিকে তাকিয়ে দেখলেন হলের শেষ প্রান্তে একটি রোগীহীন শয্যা। সেখানে গিয়ে শয্যার গদিটা তুলতেই খাতা পাওয়া গেল টেগার্ট সাহেব গুড-বাই বলে গটগট করে লালবাজার ফিরে গেলেন। ছাত্ররা রেগে গেল। এই সামান্য কারণে কলেজে পুলিশের বড় কর্তা কেন? তারা বার্নার্ডো সাহেবের ক্লিনিকই বয়কট করল। সাতদিন পরে বার্নার্ডোর এক দূত, জনৈক অধ্যাপক, এলেন ছাত্রদের কাছে। দূত বললেন—"দোষ তো তোমাদেরই। তোমরাই কেউ খাতাটা লুকিয়ে রাখবে। টেগার্টকে ডেকে বার্নার্ডো ভাল করেননি তা বুঝতে পেরেছেন।" ছাত্ররা আবার সাহেবের ক্লিনিকসে যাওয়া শুরু করল। ছাত্ররা ক্লিনিকসে যোগ দিতে রাজি হল দুই শর্তে। সব অনুপস্থিত চিহ্ন কেটে উপস্থিত লিখতে হবে। দ্বিতীয়ত, ক্লিনিকস শেষ হয়ে গেলে বার্নার্ডো সাহেবকে ছাত্রদের ভোজ দিতে হবে। সাহেব রাজি। বিরাট ভোজ দিলেন বার্নার্ডো সাহেব তাঁর বাড়িতে। ভোজন শুরুর পূর্বে সুরসিক বার্নার্ডো সাহেব উপস্থিত সবাইকে সম্বোধন করে বললেন— "Gentlemen, before we start let me remind you that the capacity

of normal human stomach is four ounces only. Now let us start". ছাত্রের চাহিদায় ছিল তখন বনফুলের। এ ধরনের ঘটনা বহু ঘটেছে। তার কি আর কোনও তালিকা করা যায় এ ধরনের বিশদভাবে লেখা। তবু যে উপায়ে সম্ভব তা নয়, শামলাও।

ছাত্রাবস্থায় বনফুল মেডিক্যাল পরীক্ষায় প্রথম হিসেবে উত্তীর্ণ হতে পারেন নি। তারপর উপেন ব্রহ্মচারীর কাছে কালাজ্বর নিয়ে গবেষণা শুরু করলেন। তখন কালাজ্বর রোগের জন্য এই কাজ সরকারিভাবে উৎসাহ দেওয়া হত এবং পুরস্কারও ঘোষণা করা হল। ডাঃ ব্রহ্মচারী তাঁর রিসার্চের ফলাফল কোন জার্নালে প্রকাশ করতে পারেননি। বনফুল তাঁকে দেখেছেন ইনজেকশন নিয়ে রোগীদের জন্য ঘুরে বেড়াতে হাসপাতালের পেছন দিকে বারান্দায়। এই বিষয়ে গবেষণার শেষ ফল কালাজ্বরের অব্যর্থ ওষুধ Urea Stibamine আবিষ্কার।

মেডিক্যাল কলেজে এ ধরনের অনেক ঘটনা ঘটেছে যা বলে শেষ করা যায় না। বনফুল নিজের অভিজ্ঞতা থেকে একটি উদাহরণ দিয়েছেন তাঁর "পশ্চাৎপট"-এ। একসময় বড় ডাক্তার ও সে সময়ের শ্রেষ্ঠ অস্ত্র-চিকিৎসক ছিলেন ডাঃ বসন্তকুমার মুখোপাধ্যায়। দুঃখের কথা তাঁর অমূল্য লেখাগুলি নানা কাগজে ছড়িয়ে-ছিটিয়ে আছে। লেখক হিসেবে তাঁর সুনাম বিশেষ ছিলেন উপন্যাস। কোন প্রকাশকও এগিয়ে এসে লেখাগুলি একত্র করে কোন সংকলন প্রকাশ করেননি। রবীন্দ্রনাথের দূর সম্পর্কের এক আত্মীয় পায়ের অস্ত্রোপচার করার জন্য জোড়াসাঁকো থেকে কলকাতা এসে সাহায্যের জন্য ধরলেন বনফুলকে। ডাঃ মুখোপাধ্যায় তখন Surgical outdoor-এ। বনফুল রোগীকে নিয়ে ডাঃ মুখোপাধ্যায়ের কাছে হাজির করলেন। ডাঃ মুখোপাধ্যায় অপারেশনের প্রয়োজন হবে বলে ওয়ার্ডে Prince of Wales হাসপাতালে ভর্তি করে নিলেন। বনফুলকে বললেন Senior House Surgeon-কে অনুরোধ করতে যাতে অপারেশনের জন্য দু-এক দিনের দিকে "Put up" করা হয়। তখন Senior House Surgeon "Put up" না করলে রোগীর অপারেশন হয় না। বনফুল অনুরোধ করতেই—Senior House Surgeon জবাব দিলেন—তাকে "Put up" করা। কিন্তু সে কাজ আর হলো না। হঠাৎ একদিন রোগী বললেন—"আমি কিছুতেই থাকব না।" শেষে রোগীটি ওয়ার্ড ছেড়ে দেখা করে সেই "ঘরে" সম্পূর্ণ করলেন। ভুল ছিল এই একটি কথা ও নাম পড়েছে তাঁর। দুশ্চিন্তায় বনফুলকে বললেন—"কেউ আমার পেছনে হাত দিয়ে রাখবেন বলে অপারেশন হয়ে গেল।" বনফুল আসলে ডাঃ বসন্তকুমার মুখোপাধ্যায় এই দুঃখের কথা জেনে প্রিন্সিপাল ডাঃ ব্র্যাডফোর্ড কাছে বিচার চাইলেন। নালিশ প্রথম ভুল। ব্র্যাডফোর্ড সাহেব কড়া শাস্তি দিতে চাইলেন। ডাঃ উইলসন সাহেব বললেন—"দুর তো জানতে পারেই নি। কোনদিন ধরি দিতে দিন দিতে আমরা কি এই রোগীকে ভর্তি মুলতুবি করে হাসপাতালে ঠিক দিই না? এও তো এক প্রকারের ঘুষ।" শেষ পর্যন্ত শাস্তি হিসেবে Senior House Surgeon-কে অন্যত্র বদলি করা হয়। Bunon এই ঘটনা সম্বন্ধে পরে বনফুলকে বলেছিলেন—"সুযোগ পেলেই অনেকে ঘুষ নেয়। কারণ সংসার বিশাল, মাইনে কম, প্রলোভনও কিছু বেশি। সবাইকে শাস্তি দেওয়া তো যায়। তার আগে ইনস্টিটিউটকে তো সারানো!"

বনফুল বন্ধু পরিমল গোস্বামীর মাধ্যমে জোড়াসাঁকোয় একদিন রবীন্দ্রনাথকে প্রণাম করে আসেন। পরিমল সেই সময় জোড়াসাঁকোতে কিছুদিন ছিলেন ও সেখানে এর এ পড়াচ্ছিলেন। তখন কথা বিশেষ কিছু হয়নি। এর কিছুকাল পরে যখন বনফুলের সাহিত্য-খ্যাতি বহু বিস্তৃত, তখন রবীন্দ্রনাথ বনফুলকে একাধিকবার শান্তিনিকেতনে সাহিত্যের তাঁর অতিথি গ্রহণ করতে নিমন্ত্রণ জানিয়েছেন। শ্রী দীপঙ্করী নিয়ে তাতে যদিও অন্য সম্পর্ক তৈরি করে উপহার দিয়েছিলেন। কবি একটি সম্পর্ক থেকে বলেছিলেন বললেন—"বাংলাদেশে দুজন বড় গল্পকার ছিল অনেকদূর—এক প্রভাত গেল, দ্বিতীয় রবীন্দ্রনাথ ঠাকুর। এবার তৃতীয়ের আবির্ভাব হল।" পিতৃপুত্র উভয়ে রবীন্দ্রনাথের শিক্ষার মধ্যে সাজানো জিনিসগুলিতে হাত লাগিয়েছে। বা-বাবা শাসন করতে গেলে—রবীন্দ্রনাথ বললেন—"আহা, কিছু বোলো না। শিশুর হাতে দু-একটি সাজানো পুতুল ভাঙলে কোনদিন দুঃখ পেয়ো।" রবীন্দ্রনাথ একদিন বনফুলকে বললেন—"তুমি আমার কাছ থেকে কিছু চেয়ে নাও। আমার লেখা একটা কথা দিই।" বনফুল বিনীতভাবে বললেন—"একটা আমার অনেক আছে। বরং আপনার পরিহিত পুরনো একটি জোব্বা দিন আমাকে।" কবি তখন বললেন—এমন অদ্ভুত উপহার আমি কেউ তো কোনদিন চায়নি তাঁর কাছে। তখন এ বিষয়ে আর কোনও কথা হয়নি। সে যাত্রায় ভাগলপুর ফিরে আসার অনেক পরে কবি খবর পাঠালেন বনফুলকে তখনই তাঁর সঙ্গে দেখা করতে। বনফুল গিয়ে দেখেন কবি চুপচাপ বসে আছেন। হাতে সুন্দর একটি প্যাকেট। বনফুল যেতেই ফিরে দেখে প্যাকেটটি তাঁর হাতে দিয়ে বললেন—"এই নাও যা চেয়েছিলে, আমার একটি জোব্বা।" লেখাপড়ার ঘর থেকে সুরক্ষিত সেই জোব্বা বনফুল আমাকে দেখিয়েছিলেন।

কলকাতায় দুটি বনফুলকে খুশি করেছে। নবনালন্দা ও জোড়া সব হাতের কাছেই। পাকাপাকি ভাবুকজন সব দেখেছেন আর লেখার দৃষ্টি করেছেন স্মৃতির প্রতিচ্ছবির। খাটি স্নানে বসে গল্পটি ফেরিওয়ালা নিয়ে সময়ানি প্রবাসী সম্পাদককে পাঠিয়ে জানাতে চাইছেন গল্পগুলি মনোনীত কিনা। সবকটির নামকরণও করেননি। সহ-সম্পাদক চারু বন্দ্যোপাধ্যায় জবাবে লিখলেন—গল্পটি গল্পই সুন্দর এবং প্রবাসীতে সেগুলি ছাপার জন্য মনোনীত হয়েছে। চারুবাবু বনফুলকে প্রবাসী অফিসে আসবার নিমন্ত্রণ জানালেন।

চঞ্চলাবু লেখক পড়া হয় বেশ ভেবেছিলেন কলকাতাই প্রেমী কোন মহাজ্ঞেয় হবেন। কেননা ভর্ত কলকাতী চঞ্চলাবু তা আসলেই পারেননি। এইভাবে বনফুলের সঙ্গে সজনীকান্তর প্রথম পরিচয়। উত্তরকালে এই দুজন গাঢ় বন্ধুত্বে আবদ্ধ ছিলেন।

মেডিক্যাল কলেজে পড়ার সময় একটি আশ্চর্য চরিত্রের সঙ্গে দেখা ও পরে গভীর বন্ধুত্ব হয়। ইনিও ডাক্তারির ছাত্র। নাম নিরঞ্জন বসুমল্লিক। বনফুলের সর্ববৃহৎ উপন্যাস "জঙ্গম"-এর বিখ্যাত চরিত্র শঙ্কর এই নিরঞ্জনের প্রতিচ্ছায়া। 'মানসপ্রতিমা', 'মধ্যবর্তী' প্রভৃতি উল্লেখযোগ্য গল্পগুলি নিরঞ্জনের সৃষ্টি। সংসার চালানোর জন্য চাকরি করতে হত। পড়া প্রতিভার সাহায্যে মেডিক্যাল কলেজের খাতায় নাম থাকত। আকস্মিকভাবে ডাক্তারি পাশ করে নিরঞ্জন ভাগলপুর এসে এ পাশ করেছিলেন। ১৯৩২-এ অল্পবয়সে তাঁর মৃত্যু হয়। মৃত্যুর পূর্বে ডি পি এইচ, এবং ল' পড়ছিলেন। খাঁটি অদ্ভুত লোক ছিলেন নিরঞ্জন।

কলকাতাই বনফুলকে সাহিত্যিক করে তুলেছে। নিজেই তিনি লিখেছেন—"আমার কলিকাতা জীবনের অনেক অভিজ্ঞতা আমার পরবর্তী অনেক লেখায় ফুটিয়াছে।" বনফুল কলকাতায় থাকবার সময় কোন সাহিত্যিক গোষ্ঠীভুক্ত হননি বা তাদের সঙ্গে মেলামেশার চেষ্টা করেননি। কাগজে কাগজে লেখা পাঠিয়ে দুঃসাহস অপেক্ষা করতেন। কোনরকম তদ্বির করতেন না।

বনফুল কলকাতার রাস্তায় রাস্তায় পায়ে হেঁটে ঘুরতে খুব ভালবাসতেন। বড় রাস্তা পেলে না হেঁটে সরু গলি পাকালেন ছোট রাস্তা বা অলিগলি দিয়ে হাঁটা পছন্দ করতেন।

বনফুলের পরমবন্ধু পরিমল গোস্বামী তাঁর "স্মৃতিচিত্রে" গ্রন্থে বনফুলের কলকাতার জীবনের কিছু পরিচয় দিয়েছেন। বনফুলের চরিত্রে একটি অদ্ভুতত্ব ছিল সব সময়।

চিত্র: বিকাশ ভট্টাচার্য

চারদিকে তীক্ষ্ণ চোখে সব দেখছেন। একবার এক অপরিচিত ভদ্রলোককে দেখে বললেন, "আপনার মুখে যে অসুখের লক্ষণ দেখা দিয়েছে—শীঘ্র খুব হবে, অবিলম্বে চিকিৎসা করা দরকার। চলুন আপনার বাড়িতে, সব বলছি।'

"লোক তাঁর বাড়িতে। অত্যন্ত গরিব পরিবেশ। ভাঙাচোরা বাসা। প্রস্তাব শুনে প্রায় কেঁদে ফেললেন ভদ্রলোক। বললেন বাড়ির জিনিসপত্র সব বেচে ফেলেছে। কিন্তু তিনি বললেন তাহলে চিকিৎসা ছাড়া তাঁর আর বাঁচবে না, মারা যাবে। বললেন 'ও সব ছাড়ুন, আগে বাঁচতে হবে তো খাটি পড়ুন, কড়ি-কৌড় জানেন।' অবশেষে ভদ্রলোক বনফুল যা বললেন, সবই করলেন।" চিকিৎসার সব ব্যয় বহন করেছিলেন বনফুল। পথের লোক ধরে বন্ধুত্ব করার ক্ষমতা ছিল বনফুলের। এ বিষয়ে সাক্ষী বন্ধুবর পরিমল গোস্বামী। বনফুল চরিত্রের আরও পরিচয় আছে "স্মৃতিচিত্রে"-এ। মেসের এক বন্ধু হঠাৎ খেতে বসে গোল করবে। তাঁর বনফুলের খেয়াল হল মেসের ভাত ভাল নয়। "হঠাৎ কাছে ডাক দেওয়া হল, সম্ভবত তাঁর এই খবর দেওয়ার দরকার এবং এর মধ্যেকার মজাটা দেখে এমন মুখ হবেন যে তাঁকে নিশ্চয়ই বড় থালা বসিয়ে সব সাজিয়ে খাওয়াইবার পাতে তুলে দিলেন, ইনিয়ে-বিনিয়ে নিষেধ করলেন না।" এরকম নিত্য ঘটনা শুধু বনফুলের পক্ষেই সম্ভব ছিল।

বিহার সরকার ছাত্রদের প্রতি উদাসীন মেডিক্যাল কলেজে প্রতিবাদ করেছেন। আসলে বিহারের মহামারীতে সব ছাত্রের জন্য অতিরিক্ত পাটনা খুলে হয়। বিহার সরকার সঙ্গে সঙ্গে এ কথাও জানালেন বিহারী ছাত্রদের পড়ার খরচ যা লাগবে তা বহন করে দেওয়া হবে। বনফুল এই খবরে মুষড়ে পড়লেন। মেডিক্যাল কলেজের শেষ বৎসর। কলকাতায়, পাশ হবে পড়লে, ভালবাসা জন্মেছে। তাঁর এই ভালবাসা ছেড়ে যান ভাগলপুরে ছুটে কলকাতা মেডিক্যাল কলেজ ছেড়ে অন্য কলেজে বিহার সরকারের সাহায্য না নিয়ে পড়লে শেষ পরীক্ষা পর্যন্ত অদ্ভুত কলকাতা থাকা সম্ভব হতে পারবে। বাবার বুক কেঁপে গেলেন তিনি কি করে মেডিক্যাল কলেজের তদানীন্তন প্রিন্সিপাল ডাঃ ব্রেনার সাহেবের কাছে। ব্রেনার সব বনফুলের সব কথা মন দিয়ে শুনলেন। কিন্তু বনফুলকে ভর্তি করতে রাজি হলেন না। তিনি উপদেশ দিলেন—"পাটনাতেই যাও। পাটনার প্রথম ব্যাচে এম বি হতে পারলে অনেক সুবিধে হবে।"

নিরুপায় বনফুল কলকাতার পাট তুলে পাটনায় এলেন। সেখানকার প্রিন্সিপালের সঙ্গে প্রায় ঝগড়া হল। তখন পাটনা মেডিক্যাল কলেজে যথোচিত Maternity Ward খোলা হয়নি। বনফুল ও তাঁর কয়েকটি Sixth-year-এর ছাত্রের ধাত্রীবিদ্যার শিক্ষা শুরু। সেখানকার Victoria হাসপাতালে ধাত্রীবিদ্যা শিক্ষার ব্যবস্থা হল। এম বি পরীক্ষায় বসবার আগে নিয়মানুযায়ী অন্তত তিনটি প্রসব করানোর অভিজ্ঞতা থাকতে হবে। বনফুল তখন এক পাকড় বন্দোবস্ত। কর্তৃপক্ষকে কথা দিয়েছিলেন বছর পরে। হাসপাতালের Matron কড়া প্রাণী। বলেছেন এ চলবে না। কাল থেকে পার্ট

পরে আসতে হবে। উনি একটি পার্টির মেট এ-দুটি মানতে না। বনফুল সেই ব্যাপারে খেলার জন্য অতিরিক্ত ধুতি নিয়ে যেতেন দুটি trouser বানালেন। ছিটের রঙিন বস্ত্রের পাঞ্জাবি। পরের দিন ক্লাসে সেগুলি দিয়েই খেলুন কটাক্ষ করে বনফুলের দিকে তাকালেন। আইন ভঙ্গ হয়েছে। ছাত্রাবাসে কয়েকজন তরুণী অতিথি রেখেছিলে বনফুল ইংরেজিতে একটি কবিতা পাঠিয়েছিলেন। যেমন পঙ্‌ক্তির এই কবিতার চারটি লাইন ছিলো তাৎপর্য হয়। যেমন বনফুলেরও মেয়েটির প্রতি অনুরাগ জন্মেছিল। পঙ্‌ক্তি চারটি এই:—

"When the heart is full and
feelings melting
We try to hide and alter
When the eyes speak,
the tongue denies
Words fail or falter."

বনফুলের পুরো নামটিও ঐ নাম জানতেন না। পাটনায় ফিরে এসে উনি একখানা বড় চিঠি পেলেন। ঠিকানা এইরূপ—

Student Mukherjee,
C/o. Principal, P. W. College
Patna, Bihar.

চিঠিতে উচ্ছল প্রেমের প্রকাশ ছিল না। ছিল পাওয়া রমণীদের অনিশ্চিত দাম্পত্য জীবনের ব্যথা-বেদনার কাহিনী।

বনফুল কৃতিত্বের সঙ্গে পাটনা বিশ্ববিদ্যালয়ের M. B. B. S. পাশ করলেন। সঙ্গে সঙ্গে বিহার সরকারের চাকরির নিয়োগপত্র। প্রথম পোস্টিং পাটনা মেডিক্যাল কলেজের জুনিয়র স্টাফ সার্জেনের পদে। চাকরিতে যোগ দিতে গিয়ে বনফুল প্রথম বিভ্রাটটি বেধে গেল। একটি ধারার লেখা— "Whenever a junior officer or a student meets the superiors, he must show him respect by touching forehead with his palm."

বনফুলের আঁকা "শীতের সকাল"

এটি পড়েই বনফুলের মাথায় রক্ত উঠল। সেই মুহূর্তে ঠিক করলেন কোন দিনই চাকরি করবেন না। যে অফিসার ডাক্তারের কাছে রিপোর্ট করতে এসেছিলেন তাঁকে বললেন যে চাকরিতে এই রকম শর্ত—তা গ্রহণ করা তাঁর পক্ষে সম্ভব নয়। Good-bye করে বের হয়ে এলেন। উত্তরে কোন উত্তর দেবার অবকাশ দিলেন না। সেখান থেকে সোজা গেলেন Patna Station-এর waiting room-এ। সারা জীবনের পথ সেখানে চিহ্নিত হয়ে গেল। নিজেরা ঘরে বসে Pathology Practice ও সাহিত্যচর্চা করবেন। Pathology Practice বই পড়ে হয় না। কোন বিজ্ঞ Pathologist-এর কাছে হাতেকলমে শিক্ষা নিতে হয়। কলকাতা গিয়ে শিক্ষক ও সেকালের নাম করা Pathologist ডাঃ চারুব্রত রায়ের শরণাপন্ন হলেন। প্রার্থনা জানালেন হাতেকলমে কাজ শেখাতে। চারুব্রত বনফুলের প্রার্থনা না-মঞ্জুর করলেন। নিরুপায় হয়ে তখন গেলেন ডাঃ বনবিহারী মুখোপাধ্যায়ের কাছে। তিনি ডাঃ চারুব্রত রায়েরও শিক্ষক ছিলেন। বনফুলের কাছে তাঁর চাকরি না করার কারণ শুনে বললেন—'বেশ বনফুল, যে দেশে জন্মেছ সে দেশে তাঁদের হয়ে সেবাও করতেই হবে। চাকরিতে একজন উচ্চ শিক্ষিত লোককে সেলাম করলে অন্য কাউকে সেলাম করতে হবে না। আর যদি চাকরি না কর তবে হাজার হাজার লোককে সেলাম করতে হবে। তা না হলে তোমার private practice চলবে না।' বনফুল তখন তাঁর শেষ যুক্তি দেখিয়ে বললেন—"আমি সাহিত্যচর্চা চালিয়ে যেতে চাই। Laboratory practice করলে তার সময় পাব। চাকরি করলে বা সাধারণ প্রাকটিস করলে তা পাব না।" বনবিহারী মুখোপাধ্যায় খুব খুশি হলেন। ডাঃ চারুব্রত রায়কে তখনই ফোন করে বনফুলকে হাতে-কলমে শিক্ষা দিতে রাজি করালেন।

বনফুল যখন আবার ডাঃ চারুব্রত রায়ের কাছে গেলেন তখন তিনি বললেন—'তা হলে হাতেকলমে শিক্ষা আমাকে দিতেই হবে—তবে তিনটি শর্ত তোমাকে মেনে নিতে হবে।

প্রথম—তোমাকে পুরো এক বছর হাতেকলমে আমার সঙ্গে কাজ করতে হবে।

দ্বিতীয়—ল্যাবরেটরির সব যন্ত্রপাতি এখনই কিনতে হবে।

তৃতীয়—শিক্ষা শেষে কলকাতায় প্র্যাকটিস করতে পারবে না।'

ডাঃ চারুব্রত রায়ের হয়ত সন্দেহ ছিল বনফুল শেষ পর্যন্ত Pathology-তে টিকে থাকবে কিনা—তাই পূর্বাহ্ণেই সব যন্ত্র কিনতে বলেছিলেন।

বনফুল তিনটি শর্তই মেনে নিলেন। বাবার টাকায় তখন একটি মাইক্রোস্কোপ কিনলেন। বাকি সব ডাঃ চারুব্রত রায়ের জামিনে শতকরা সাড়ে ১২ টাকা সুদে বাকিতে কিনলেন। এক বছর অক্লান্ত পরিশ্রম করে বনফুল ডাঃ চারুব্রতকে খুশি করলেন। বনফুল ডাঃ চারুব্রত রায় ও ডাঃ বনবিহারী মুখোপাধ্যায়ের আশীর্বাদ নিয়ে ভাগলপুরে ল্যাবরেটরি স্থাপন করে প্র্যাকটিস শুরু করলেন। প্যাথলজির শিক্ষাগুরুর তৃতীয় শর্ত না থাকলে বনফুল হয়ত কলকাতায় practice করতেন। সে

ক্ষেত্রে কলকাতার কথা ছিল ও বহুমুখ সাহিত্য-সাধনায় বিঘ্ন ঘটত। অধিকাংশ সময়ে কলকাতায়—কিন্তু সাহিত্যের বিচরণ ক্ষেত্র ভাগলপুরে। পরে উত্তরজীবনে আরও কত দেখেছেন, আরও কত অভিজ্ঞতা হয়েছে। তার অনেক কিছু তাঁর সাহিত্যে নানাভাবে উজ্জ্বল হয়ে আছে।

বনফুল সাহিত্যের ব্যাপারে মাঝে মাঝে কলকাতায় আসতেন। তাই কলকাতার সঙ্গে যোগাযোগ বরাবরই রক্ষা হয়ে এসেছে। ১৯৪০ সালে বনফুল ভাগলপুরের আদমপুরে ভাল একটি বাড়ি (পোড়াকুটি) কেনার সুযোগ পেলেন। কিন্তু টাকা? তাই বিশ্বাসী বনফুল কলকাতায় এলেন অর্থের সন্ধানে। এখানে এলেন সজনী দাস বন্ধুর সাহায্যে। একাধিক প্রকাশক, খদ্দের কাগজের মালিক, যার এদের দুয়ারে দুয়ারে ঘুরে বাড়ি কেনার টাকা জোগাড় করে ভাগলপুরে ফিরলেন। সম্ভবত সেই টাকা তিনি লেখার রোজগার থেকে যথাসময়ে শোধ করেছিলেন। কলকাতা তখন সাহায্য না করলে বনফুলের বাড়ি হত না।

দুই মেয়ের বিয়ে হয়েছে কলকাতায়। দুই ছেলে কলকাতায় কর্মরত। এদের ইচ্ছা অনুসারে শেষ বয়সে ভাগলপুরের বাড়ি বিক্রি করে পাকাপাকিভাবে বসবাস করতে এলেন ছেলেদের কাছে। এই বাড়ি বিক্রির ব্যাপারেও বনফুল সাধারণের বহু ঊর্ধ্বে ছিলেন। এক ক্রেতার সঙ্গে বাড়ি বিক্রির কথাবার্তা হবার পরে আর এক ক্রেতা এলেন পরের দিন। যে দাম উঠেছে তার উপর আরও ২০,০০০ টাকা দিতে চাইলেন। প্রলোভনমূলক প্রস্তাব। বনফুল বললেন—বাড়ি তো কালই বিক্রি হয়ে গেছে। নতুন ক্রেতা আইন দেখিয়ে বললেন—দলিল তো হয়নি, বেশি টাকা নিতে বাধা কোথায়? বনফুল তাকে অন্যভাবে পথ দেখিয়ে বললেন—কথার চেয়ে দলিল কখনও বড় হয়?

ভাগলপুরে বনফুল যে কতবড় মানুষ ছিলেন তা বলার অপেক্ষা রাখে না। বনফুলের বাজার-করা দেখবার মতো ছিল। রাস্তার মোড়ে দাঁড়িয়ে ও পথে তাঁর মোটরে ভাগলপুরে তাঁকে বাজার করতে সবাই দেখেছি একাধিকবার। বাজারে ঢুকতেই মাছ, মাংস ও তরিতরকারি-বিক্রেতা দাঁড়িয়ে। সবাই ডাকাডাকি। এটা নিন, ওটা নিন। ভাল মাছের খোঁজে সবার ডাকাডাকির দিকে নজর। দাম-দস্তুর কথা নেই, সঙ্গে সঙ্গে টাকা দেওয়া নেই। ডাকাডাকির সঙ্গে কোনো নির্দেশমতো থলি ভর্তি হয়ে যাচ্ছে। বিক্রেতা পরে কম্পাউন্ডারের এসে টাকা নিয়ে যেত। মাছ, মাংস কিনতেন প্রয়োজনের অতিরিক্ত। শীতকালীন দুপুরে এ নিয়ে নানান ঘটনা। ছুটি নিয়মিত। ভোজনবিলাসী ছিলেন। অতিথি-আপ্যায়নও ছিল বড় মাপের। আমাকে বলতেন—লেখার ছিটেফোঁটা না হলেও— জীবনটা ছিপের মতোই কাটিয়ে গেলাম। সঞ্চয়ের কথা ভাবতেন না। দেনা করা হলেও বাধ্য হতেন না। অটুট বিশ্বাস ছিল তাঁর জীবনের উপর।

অপেক্ষাকৃত কম বয়সে প্রিয়বন্ধু সজনী দাসের মৃত্যুতে বনফুল বড় বেদনা পেয়েছিলেন। বড় মেয়ের বিয়ের সময় টাকার থলি নিয়ে বরে বনফুল নয়, সজনী দাস। চিঠিতে বন্ধুর প্রতি দেনা-পাওনা মিটিয়ে যাচ্ছেন। বনফুল সাংসারিক বিষয়ে পটু ছিলেন না। সজনী দাসের মতো কোন না কোন লোকের সাহায্য পেয়ে গেছেন। সজনীর মৃত্যু-শোক প্রকাশ করেছিলেন একাধিক কবিতায়।

'...এই সেদিন তো তুমি একমনে
লেখার হাসায় ফিনিক
হঠাৎ—
তারপর থামেও।
হঠাৎ চলে গেলে
আমার রাস্তায় দাঁড়িয়ে দেখছি
দুহাত রাশে অন্ধকার ভিড়,
লোক বুঝছে
[illegible] জন্যে [illegible] করতে হয়—
এর মধ্যে কেমন করে এল তোমার ডাক?
তুমি চলে গেলে...'

এই শোকগাথায় চিত্রের পিছে বনফুল কলকাতার ধন-বাহনের [illegible] [illegible] ফুটিয়েছেন।

সজনী দাসের এক জন্মদিনের কবিতায় বনফুল এক অদ্ভুত ভবিষ্যদ্বাণী করেছেন।

'...আজ তোমার মোটা হয়েছে,
আমারও হয়েছে—
কিন্তু সেই ছিপকাঠি আজ হয়তো
খাচ্ছে খেয়ে,
আর সুতো ধরে টানাটানি করে
বসে আছে,
ঢাকা অন্তরাই।
যে ছিপের খাবার অন্তরে।
আমরাও মুড়ে ছিপকাঠ হয়ে থাকব,
অবনি টানাটানি করে
সেটাই আর থাকবে না,
কিন্তু এই ছিপকাঠ থাকবে।'

কলকাতার বাড়িতে [illegible] শান্তিতে মুক্তি থাকবে না। দেশের অধিকার যে আশা পূর্ণ করেনি তা বনফুল একাধিক কবিতায় প্রকাশ করেছেন। অতি দুঃখে এক পত্নীবিয়োগে অসুস্থ বনফুল লিখেছেন—

"অনেক পেয়েছি ঠিক কি।
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
যে [illegible]
সেটুকু [illegible]—[illegible]
তা হলে পূর্ণ [illegible] পূর্ণ [illegible]
পেয়ে যায়।"

কলকাতায় এসে অবসাদ [illegible] সঙ্গে মারা গেলেন থেকে উঠে গেলেন শেষ উঠিতে নিজের বাড়িতে। সেখানে লোকসমাগমের অন্ত ছিল না। সাহা-সমিতিও তাঁকে পেয়ে ধন্য। মাঝে মাঝে বলতেন—কলকাতার আরাম করা যায়, লেখা যায় না।

বনফুল অন্যত্র দু-একবার বলেছিলেন যে কলকাতাকে কেন্দ্র করে তিনি একখানি বড় উপন্যাস লিখবেন। শেষ জীবনে কলকাতায় দুর্দিনে পড়ে তা আর সম্ভব হয়নি। ভাগলপুরের নির্বিবিলিতে হয়তো বা তা সম্ভব ছিল।

যে কলকাতা বনফুলকে বৈচিত্র্যের সন্ধান দিয়ে সাহিত্যের খোরাক জুগিয়েছে, বাসস্থানে সাহায্য করেছে, সেই কলকাতায় নিজগৃহে মহাপ্রয়াণে বনফুল [illegible] বিলিয়ে গেলেন। তিথিটি ছিল ২৫ মাঘ, ১৩৮৬।

বনফুলের নাটক : একটি রূপরেখা

বিজয়কুমার দাস

ছদ্মনামটি গ্রহণ করেছিলেন ডাঃ বলাইচাঁদ মুখোপাধ্যায়। পেশায় ছিলেন চিকিৎসক। আর নেশা ছিল সাহিত্যচর্চা। সাহিত্যচর্চার গুণেই হয়ে উঠেছিলেন প্রথিতযশা সাহিত্যিক। বাংলা সাহিত্যের আকাশে এখনও তিনি উজ্জ্বল নক্ষত্র। বনফুল ঝরে পড়ুক অথবা না পড়ুক— তার সৌরভ অনুভূত হবেই। সাহিত্যিক বনফুল জীবিত নেই। কিন্তু তাঁর সাহিত্যের সৌরভে বাংলা সাহিত্য এখনও সমৃদ্ধ।

এখন তিনি স্মৃতিলোকে। তবু তাঁর সৃষ্ট সাহিত্য এখনও আমাদের, সৃষ্ট চরিত্রগুলিকে এখনও আমাদের কাছের মানুষ মনে হয়। তিনি প্রাত্যহিক মানুষ জীবন থেকে সাহিত্যের উপাদান সংগ্রহ করে সাহিত্য সৃষ্টি করে গেছেন, পাঠকের অন্তরে তাঁর আসনটি অম্লান পাতা আছে। বনফুল যে কালে লেখালেখি করেছেন, তখন বাংলা সাহিত্যের আকাশে অনেক উজ্জ্বল জ্যোতিষ্ক। তাঁদের সাহিত্য সৃষ্টির আলোয় উদ্ভাসিত সাহিত্যের জগৎ— অথচ সেই কালেই বিষয়বৈচিত্র্যে আর বৈশিষ্ট্যে উজ্জ্বল হয়ে 'বনফুল'ও তাঁর সাহিত্য প্রতিভার সুগন্ধ বিতরণ করে পাঠকের অন্তরে স্থান করে নিয়েছিলেন।

অন্যান্যদের মতোই কবিতা দিয়েই শুরু করেছিলেন তিনি। বিশেষত ব্যঙ্গ কবিতায় তাঁর দক্ষতা ছিল। পরে গল্প-উপন্যাসে তিনি সুখ্যাত হয়ে উঠেছিলেন যথারীতি, পাশাপাশি নাটক রচনার ক্ষেত্রেও। তাঁর নাটক নিয়ে বিস্তারিত বিশ্লেষণ করলে দেখা যাবে, নাট্যকলা সম্পর্কে তিনি যথেষ্ট অবহিত ছিলেন।

বনফুল যে কালে সাহিত্যচর্চা করেছেন, সেই সময় অনেকেই গল্প-কবিতা-উপন্যাস রচনার পাশাপাশি নাটকও লিখেছেন। এ ক্ষেত্রে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় এবং কাজী নজরুল ইসলামের নাম অবশ্যই করা যায়। আসলে বাংলার রঙ্গমঞ্চে সে সময়টা ছিল নাট্যকলার সুসময়। নাট্যজগতের বিশিষ্ট নট-নটী এবং নাট্যকাররা ছিলেন তৎকালীন কবি লেখকদের কাছের মানুষ। স্বভাবতই গল্প কবিতা উপন্যাস রচনার পাশাপাশি তাঁরা নাটক রচনার ক্ষেত্রেও মনোযোগী হয়েছিলেন। আর এক্ষেত্রে রবীন্দ্রনাথ অবশ্যই ছিলেন একটি দৃষ্টান্ত।

বনফুলের নাটক নিয়ে আলোচনার আগে সেই সময়ের নাট্যচর্চা বা নাট্য পরিবেশের দিকে চোখ রাখা যেতে পারে। তখনকার দিনে নাটক দেখা এবং নাটক নিয়ে আলোচনা করা লেখক বুদ্ধিজীবীদের একটা ঝোঁক ছিল। বলাইচাঁদ যখন ডাক্তারি পরীক্ষায় উত্তীর্ণ (১৯২৭) হলেন, বাংলা রঙ্গমঞ্চে তখন দাপিয়ে বেড়াচ্ছেন নাট্যাচার্য শিশির ভাদুড়ি। নাট্যকার হিসাবে খ্যাত হয়ে উঠেছেন মন্মথ রায়, বিধায়ক ভট্টাচার্য, শচীন্দ্রনাথ সেনগুপ্ত, [illegible], জলধর চট্টোপাধ্যায়। পাশাপাশি সাহিত্যিক হিসাবে খ্যাত, শৈলজানন্দ, তারাশঙ্করও তখন নাটকের জগতে বিচরণ করছেন।

বনফুল লিখে ফেললেন 'রূপকথা' নামে একটি নাটক। কিন্তু নাটক লিখলেই তো হবে না, একান্ত চাই তৎকালীন নাট্যাচার্যদের নজরে নাটকটি নিয়ে আসা। বনফুল নাট্যাচার্য শিশির ভাদুড়িকে নাটকটি দেখিয়েছিলেন। একটি সুপ্ত ইচ্ছা ছিল তাঁর মনে। শিশিরবাবুর ভাল লাগলেই নাটকটি মঞ্চে অভিনয়ের ছাড়পত্র পেয়ে যেতে পারে। আর মঞ্চে কোন নাটক অভিনয়ের ছাড়পত্র পেলে এবং সেই নাটকের অভিনয় সফল হলে নাট্যকার হিসাবে পরিচিত হওয়া খুবই সহজ হয়ে ওঠে। শিশিরবাবু নাটকটি পড়ে অনুপ্রাণিত করেছিলেন বনফুলকে। আরও নাটক লেখার পরামর্শও দিয়েছিলেন। তবে পরামর্শ অভাবে নাটকটি তিনি যে মঞ্চস্থ করতে পারছেন না, সেটাও শিশিরবাবু বনফুলকে জানিয়ে দিয়েছিলেন। নাটকটি মঞ্চস্থ হওয়ার ইচ্ছা পূরণ না

হলেও নাট্যজগতের তৎকালীন নক্ষত্র শিশির ভাদুড়ির এই প্রেরণা তাঁকে অনুপ্রাণিত করেছিল। আরও নাটক লেখার ইচ্ছেটা তাঁর থেকেই গিয়েছিল। পরবর্তীকালে বেশ কিছু নাটক লিখে প্রশংসা পেয়েছিলেন। গল্পকার-ঔপন্যাসিক বনফুল হয়ে উঠেছিলেন নাট্যকার বনফুল-ও।

বনফুলের আত্মজীবনী 'পশ্চাৎপট' গ্রন্থে নাটক লেখার ইতিহাস সম্পর্কে তিনি যা বলেছেন, তা এইরকম : বনবিহারী মুখোপাধ্যায় ছিলেন বনফুলের শিক্ষাগুরু। এই বনবিহারীবাবুর সঙ্গে সাহিত্যের নানা বিষয় নিয়ে বনফুলের আলাপ-আলোচনা হত। এইরকম একটি আলোচনায় একদিন ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের 'আলিবাবা' নাটকের প্রসঙ্গ ওঠে। ট্র্যাজেডি এবং কমেডি নিয়ে দুজনের তর্ক বাধে। বনবিহারীবাবু প্রশ্ন তুলেছিলেন, 'আলিবাবা' নাটকটি কি ট্র্যাজেডি হতে পারে?... বনফুল বলেছিলেন, পারে। তাঁর এই কথার সত্যতা প্রমাণের জন্য তিনি 'আলিবাবা' নাটক নিয়ে ভাবনাচিন্তা শুরু করলেন। লেখা হল 'রূপান্তর' নাটকটি। বনফুলের ভাবনায় নতুনভাবে নাটকটি নতুন মাত্রা পেল। 'আলিবাবা'-র চরিত্রগুলো এবং তাদের সুখ-দুঃখ যেন আলোকিত হল নতুন আলোয়। ১৩৩৪ সালে 'ভারতবর্ষ' পত্রিকায় পরপর তিনটি সংখ্যায় নাটকটি ধারাবাহিকভাবে প্রকাশিতও হল। উল্লেখ্য, যে নাটকটি তিনি ডাক্তারি পাশ করার পর লিখে শিশির ভাদুড়ির কাছে নিয়ে গিয়েছিলেন, সেই 'রূপকথা' নাটকটি প্রকাশিত বা মুদ্রিত হয়নি কোথাও।

এবার বরং তাকানো যাক বনফুলের নাট্যসম্ভারের দিকে। সেটি এইরকম : মন্ত্রমুগ্ধ (১৯৩৮), শ্রীমধুসূদন (১৯৩৯), বিদ্যাসাগর (১৯৪০), মধ্যবিত্ত (১৯৪৩), দশভাণ ও আরও কয়েকটি (১৯৪৩), সিনেমার গল্প (১৯৪৯), কঞ্চি (১৯৪৬), বন্ধন মোচন (১৯৪৮), আসন্ন (১৯৫৩)। এ ছাড়াও 'পুত্র' নামে তিনি একটি নাটক লিখেছিলেন স্বামী বিবেকানন্দের ভাবনাকে ধরে রেখে। দুটি জীবনী নাটক শ্রীমধুসূদন এবং বিদ্যাসাগর লিখে নাট্যকার হিসাবে যথেষ্ট খ্যাতি পেয়েছিলেন। পূর্ণাঙ্গ নাটকের পাশাপাশি একাঙ্ক নাটক রচনাতেও দক্ষতা দেখিয়েছিলেন বনফুল। 'দশভাণ ও আরও কয়েকটি' নাট্যগ্রন্থটি তাঁর একাঙ্ক নাটকেরই সংকলন। এইসব নাটকে বনফুল তাঁর নাট্য কুশলতার স্বাক্ষর রেখেছেন। ১৯৭০ সালে প্রকাশিত হয়েছিল 'ত্রিনয়ন' নাট্য সংকলন।

কেমন নাট্যকার ছিলেন বনফুল? তাঁর জীবনে তিনি নানা চরিত্রের মানুষ দেখেছেন। যে পেশার সঙ্গে তিনি জড়িত ছিলেন, সেই পেশার জোরেই নানারকম মানুষ, নানারকম চরিত্রকে কাছে পাওয়ার সুযোগ তাঁর ছিল। এইসব মানুষের, এইসব চরিত্রের নানা ঘটনা, নানারকমের সুখ-দুঃখ তাঁদের। 'নাটক' মানেই নানারকম চরিত্রের সমাবেশ। তাই গল্প লেখার অভিজ্ঞতাকেও তিনি এ ক্ষেত্রে কাজে লাগিয়েছিলেন। নাটকের তো একটি

যৌবনে বনফুল

গল্প থাকতেই হয়। স্বভাবতই বিচিত্র চরিত্রের সমাবেশে তিনি যেসব নাটক লিখেছেন, তাতে প্রাধান্য পেয়েছে তৎকালীন সমাজ এবং মানুষ। নানাধরনের নাটক লিখেছেন। জীবনী-নাটক, প্রহসন, ব্যঙ্গ নাটক এবং সিরিয়াস নাটক। ছোটগল্পের মতোই কোনও কোনও নাটকের শেষে তিনি দিয়েছেন চমক। বাংলা সাহিত্যে জীবনীনাটকের সংখ্যা তো হাতে গোনা। জীবনীনাটক লেখার চেষ্টা করে ব্যর্থও হয়েছেন অনেকে। সেক্ষেত্রে বনফুল কিন্তু অনেকখানি সফল।

বিদ্যাসাগর আর মধুসূদন। একজন শিক্ষা ও সমাজের অগ্রগণ্য ব্যক্তিত্ব, অন্যজন সাহিত্যের এক অসামান্য প্রতিভাধর ব্যক্তিত্ব। তাঁদের জীবনস্রোতে নানা ঘটনা—তা সবটাই নাটকের মতোই। এই দুটি জীবনের সুখ-দুঃখ, শোক-যন্ত্রণা রূপায়িত করলেন তিনি।

মধুসূদন জন্মেছিলেন সোনার চামচ মুখে নিয়ে। ছিল অফুরন্ত সাহিত্যপ্রতিভা। ইংরেজি সাহিত্যের বড় কবি হওয়ার বাসনা তাঁকে তাড়িয়ে নিয়ে বেড়িয়েছিল। নানা দুঃখকষ্ট ঘাত-প্রতিঘাতে ক্ষতবিক্ষত হয়েছিলেন মধুসূদন। তীব্র আবেগ তাঁকে এক দুঃখ থেকে আর এক দুঃখে পরিবাহিত তাড়া করে বেড়িয়েছে। তিনি যেন আশ্চর্য প্রতিভার অধিকারী হয়েও জীবননাট্যে হয়ে উঠেছিলেন এক ট্র্যাজিক হিরো। বনফুল আশ্চর্য দরদ এবং দক্ষতায় এই চরিত্রটিকে রূপায়িত করলেন। মধুসূদনের যৌবন থেকে মৃত্যু পর্যন্ত যে জীবন, সেই জীবনের নানা ঘটনাকে

ভূমিকায় প্রভাব নাটকে চিত্রিত করেছেন তিনি। কিছু ত্রুটি থাকলেও 'শ্রীমধুসূদন' বাংলা নাট্যসাহিত্যে অন্যতম জীবনীনাট্য হিসাবে চিহ্নিত। বস্তুত মানুষের একটি মানুষের জীবন নিয়ে নাটক লেখার কাজটি সহজ নয়। কিন্তু বনফুল সেই কাজটি করেছিলেন। ত্রুটিযোগ আছে, এই নাটকে নিয়ন্ত্রিত কিছু ঘটনার সঙ্গে মধুসূদনের জীবনের ঘটনার মিল নেই। তবুও 'শ্রীমধুসূদন' নাটকে মধুসূদন চরিত্রটি তাঁর একটি অমর সৃষ্টি।

'শ্রীমধুসূদন' এর পর 'বিদ্যাসাগর'। উনবিংশ শতাব্দীর এই মনীষী ব্যক্তির জীবন অবলম্বনে নাটক রচনার কাজটি ছিল দুঃসাহসী। বনফুল সেই দুঃসাহস দেখিয়েছিলেন ১৩৪৮ সালে। বনফুল 'বিদ্যাসাগর' নাটকটি লেখেন। সজনীকান্ত দাস সম্পাদিত 'শনিবারের চিঠি' পত্রিকায় বেশ কয়েকটি সংখ্যা ধরে নাটকটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল। পরে গ্রন্থাকারেও প্রকাশিত হয়েছিল। বিদ্যাসাগরের জীবনও ঘটনাবহুল। শিক্ষা ও সমাজ সম্পর্কিত নানা আন্দোলনের সঙ্গে তিনি জড়িয়েছিলেন। ব্যক্তিগত জীবনে ছিলেন বলিষ্ঠ, প্রতিবাদী এবং দয়াপরায়ণ। এই নাটক রচনার ক্ষেত্রে বনফুল ছিলেন আরও কিছুটা সতর্ক। বিদ্যাসাগরের জীবনের নানা ঘটনা, তথ্য ও উপাদান সংগ্রহে তিনি সচেষ্ট হয়েছিলেন। পরে সেগুলি নাটকে প্রতিফলিত করেছিলেন। বিদ্যাসাগরের চরিত্রের মানবিক দিক উদ্ভাসিত এই নাটকে। তাঁর চরিত্রে যে তেজ, দীপ্তি, পৌরুষ এবং উজ্জ্বলতা ছিল, বনফুল সেগুলিকে যথাযথ দক্ষতার সঙ্গে তুলে ধরার আপ্রাণ চেষ্টা করেছেন। এ জাতীয় চরিত্র অনেক সময়েই লেখকের অসতর্কতায় 'অতিমানব' হয়ে ওঠে। কিন্তু এক্ষেত্রে তা হয়নি।

বিধবা বিবাহ বহু প্রথার আন্দোলনে বিদ্যাসাগর নানা প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছিলেন। নিজের পকেট থেকে পয়সা খরচ করে বিধবা বিবাহ দিয়ে দিয়ে আর্থিক দিক থেকেও তিনি ক্ষতিগ্রস্ত হয়েছিলেন। তবু পিছিয়ে আসেননি বিদ্যাসাগর। নানা কারণে এক সময় স্ত্রী-পুত্রের সঙ্গেও সম্পর্কহীন(?) হয়েছিল তাঁর। এমন একটি পৌরুষ শেষ জীবনে হয়ে পড়েছিলেন একা নিঃসঙ্গ।

বনফুল অসাধারণ দক্ষতায় এইসব ঘটনার পরিবেশে বিদ্যাসাগরের আপসহীন চরিত্রটি রূপায়িত করার দিকে দৃষ্টি দিয়েছিলেন। বিদ্যাসাগরের এই নিঃসঙ্গতা বিদ্যাসাগরকে হয়তো হতাশাগ্রস্ত(?) করেছিল, কিন্তু বনফুল 'বিদ্যাসাগর' নাটকটি শেষ করেছিলেন অন্যভাবে। নাটকের শেষ দৃশ্যে আমরা দেখি, বিদ্যাসাগর এক বিধবা নারীর পুনরায় বিবাহিত জীবনের আনন্দ ছবি দেখে যেন আনন্দে উদ্ভাসিত হয়েছিলেন। সেখানে হতাশার অন্ধকার থেকে উঠে আসা আলোকপিয়াসী বিদ্যাসাগর বলে উঠেছেন: এই তো, এই তো, এই তো বিধ্বস্ত মরুভূমির মাঝখানে এই তো একটি সবুজ শিষ।... এই সংলাপে নাট্যকার বনফুল যেন বিদ্যাসাগর চরিত্রটিকে আশ্চর্যভাবে সুন্দর করে তুলেছেন।

নাটকটিতে প্রাধান্য পেয়েছে বিধবা বিবাহের ব্যাপারটি। তৎকালীন সমাজে এই ঘটনাকে কেন্দ্র করে বিদ্যাসাগর যে এত দুঃখ পেয়েছিলেন, তাতে সমগ্র সমাজ আলোড়িত হয়েছিল। বিদ্যাসাগরের পরবর্তী জীবনে যে যন্ত্রণা, যে নিঃসঙ্গতা—তার মূলে বিধবা বিবাহ আন্দোলনটি গভীরভাবেই জড়িয়ে ছিল। হয়তো এ কারণেই এই ঘটনা প্রাধান্য পেয়েছিল নাটকে। সর্বোপরি, ঘটনাগত দিক থেকে কিছু ত্রুটি থাকলেও 'বিদ্যাসাগর' চরিত্রটিকে তিনি সমাজের আদর্শ হিসাবে তুলে ধরতে পেরেছেন। সে ক্ষেত্রে বনফুল অবশ্যই একজন সার্থক নাট্যকার।

নাটক সমাজের দর্পণ। নাটকের ক্ষেত্রে এটাই সবচেয়ে বড় কথা। সকল নাট্যকারই তাঁর নাটকে সমাজের নানা ঘটনাকে তুলে ধরতে চান। তবে বিভিন্ন নাট্যকারের নাট্য উপস্থাপনার রীতিটি ভিন্ন হতেই পারে। বনফুলের বেশ কয়েকটি নাটকে তৎকালীন সমাজের প্রতিচ্ছবি পরিস্ফুটিত—তাই এইসব নাটককে সামাজিক নাটক হিসাবে চিহ্নিত করা যায়। মধ্যবিত্ত, কঞ্চি, দশভাণ(?) মোহন, আসর প্রভৃতি নাটক বনফুলের সামাজিক নাটক হিসাবে চিহ্নিত। একটা কথা বলা দরকার, সমাজকে বনফুল চিনেছেন গভীরভাবেই। মানুষের সঙ্গে মেলামেশা তাঁর স্বভাবজাত বৈশিষ্ট্য ছিল। তাঁর ছোটগল্পে, উপন্যাসে উঠে এসেছে তাঁর সমাজ দেখা নানা চরিত্র। তিনি নিজেও ডাক্তার হওয়ায় তাঁর সৃষ্টি সাহিত্যের চরিত্র হয়ে উঠেছেন। নাটকের ক্ষেত্রে বনফুল তাঁর চেনাজানা সমাজের ছবি আঁকতে চেয়েছেন বেশ কয়েকটি নাটকে। সেই সমাজকে চিত্রিত করতে গিয়েই উঠে এসেছে নানা চরিত্র। সমসাময়িক ঘটনাকে কেন্দ্র করে চরিত্রগুলি সক্রিয় হয়েছে। 'মধ্যবিত্ত' বনফুলের এইরকম একটি সামাজিক নাটক। আর্থিক অভাবে অসহায় মানুষের ট্র্যাজিক রূপটি এ নাটকে বাস্তবতার আলোয় প্রকাশিত। ১৩৪৮ সালের 'ভারতবর্ষ' পত্রিকায় নাটকটি প্রকাশিত হয়েছিল। বইটি পরবর্তীতে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল। দ্বিতীয় সংস্করণ প্রকাশের সময় নাটকটির কিছুটা পরিবর্তনও ঘটিয়েছিলেন বনফুল।

'কঞ্চি' নাটকের বিষয়বস্তু ছিল অসবর্ণ প্রেম এবং বিয়ে। 'মধ্যবিত্ত' নাটকটি প্রকাশিত হওয়ার ঠিক এক বছর পরে 'ভারতবর্ষ' পত্রিকাতেই (১৩৪৯, কার্তিক সংখ্যা) 'কঞ্চি' নাটকটি প্রকাশিত হয়েছিল। অসবর্ণ বিয়ে তৎকালীন সমাজে গর্হিত কাজ হিসাবে বিবেচিত হত। 'কঞ্চি' নাটকে বনফুল ব্রাহ্মণের মেয়ে সুলতার সাথে বৈদ্য জাতের ছেলে কিরীটির ভালোবাসার কথা বলেছেন। এখানেই মেয়ে ব্রাহ্মণী, বনফুল, সুলতা-কিরীটীর বিয়েও হয়েছে। অর্থাৎ বলা যায়, নাট্যকার হিসাবে তিনি ছিলেন সংস্কারমুক্ত। নাটকের পুরুষ চরিত্র কিরীটি তখন ভাবছে সুলতাকে বিয়ে করলে পিতার সম্পত্তি থেকে সে বঞ্চিত হতে পারে। সেই পরিস্থিতিতে দাঁড়িয়ে নাটকের নায়িকা সুলতাকে দিয়ে বনফুল বলিয়েছেন— 'তোমার টাকাকে আমি বিয়ে করতে চেয়েছি— এ কথা যদি তুমি ভেবে থাক, তাহলে আমাকে ভুল বুঝবে তুমি।'— এই একটি সংলাপেই



একটি নারী চরিত্রকে তিনি জীবন্ত করে তুলেছেন। এই সুন্দরীর ডাকনাম 'কঞ্চি'— তাই নাটকটির 'কঞ্চি' নামকরণ। সংলাপ ব্যবহারে বনফুল এ নাটকে বিশেষ দক্ষতা দেখিয়েছেন।

১৩৫৪ সালে বনফুলের আরও একটি নাটক প্রকাশিত হয়—নাটকটির নাম '[illegible]।' নামকরণেই নাটকটির বক্তব্য আন্দাজ হয়। এ নাটকের কেন্দ্রবিন্দুতেও নারী। পুরুষশাসিত সমাজে নারীদের জীবনে নানা অসহায়তা। অধিকাংশ ক্ষেত্রেই নারী সেই অসহায়তাকে মেনে নিয়েছে 'ভাগ্য' হিসাবে। কিন্তু এই অসহায়তা ভাঙতে চেয়েছে এমন সাহসিনী নারীচরিত্র সমাজেই দেখা গেছে। '[illegible]' আসলে এক নারীর মাথা তুলে দাঁড়ানোর, নারীজাতির প্রতি অবহেলার বিরুদ্ধে কেমন প্রতিবাদের নাটক। এই নাটকটি বনফুলের আর একটি সাহসী সৃষ্টি। এই নাটকে বনফুল যথেষ্ট একথার প্রমাণ করতে পেরেছেন, সামাজিক কুসংস্কার থেকে তিনি মুক্ত।

১৩৭২ সালে 'নবকল্লোল' পত্রিকায় বনফুলের একটি নাটক প্রকাশিত হয়েছিল। নাটকটির নাম ছিল '[illegible]'। ১৩৮০ সালে এই নাটকটি গ্রন্থাকারে প্রকাশিত হওয়ার সময় নাটকটির [illegible] নাটকে [illegible] বনফুলের [illegible] নাটককার বনফুল এখানে দুর্বল, বোধহয়।

বনফুলের নাটকগুলির মধ্যে 'মন্ত্রমুগ্ধ' উল্লেখ্য। এই নাটকটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল 'শনিবারের চিঠি' (১৩৫৯) পত্রিকায়। পরে নাটকটি একটি নামে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল। এ নাটকে অন্য এক বনফুলকে পাওয়া যায়, যিনি কৌতুকরস সৃষ্টিতে দক্ষ। নাটকটি একদা দর্শকদের অকুণ্ঠ প্রশংসা অর্জন করেছিল কৌতুকরসের গুণেই। রবীন্দ্রনাথ ঠাকুরও বনফুলের এই নাটকটির কৌতুকরসের প্রশংসা করে বনফুলকে অনুপ্রাণিত করেছিলেন। অনেকটা প্রহসনের রীতিতে 'মন্ত্রমুগ্ধ' রচিত। মঞ্চেও [illegible] অভিনীত হয়ে 'মন্ত্রমুগ্ধ' জনপ্রিয় হয়েছিল। নিউ থিয়েটার্সের উদ্যোগে [illegible] 'মন্ত্রমুগ্ধ' চলচ্চিত্রায়িত হয়েছিল। বনফুল নিজেই [illegible] দিয়েছিলেন।

এবারে আসা যাক বনফুলের একাঙ্ক নাটকের প্রসঙ্গে। নাটক একদা ছিল বিনোদনের মাধ্যম। নাটক করে এবং নাটক দেখে কিছু মানুষ সাময়িক আনন্দ পেতেন, তা নিয়ে ভাবনার অবকাশ বিশেষ ছিল না। ধর্ম বা নীতির প্রচারেও তখন নাটক একটি জনপ্রিয় মাধ্যম ছিল। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে নাটকের সংজ্ঞা এবং চরিত্র বদলাতে থাকে। নাটকের ক্ষেত্রেও সামাজিক সচেতন প্রতিনিধিরা এলেন। তাঁদের উন্নত ভাবনার ফলে নাটকের চরিত্র বদলে যেতে শুরু করল। বিনোদনের নাটক হয়ে উঠতে শুরু করল সমাজসচেতন নাটক। পরিবর্তন এল নাটকের [illegible] বিষয়েও। সমসাময়িক সামাজিক ঘটনা, জীবনের সংকট নাটকের বিষয় হয়ে উঠল। নাটক হল জনগণের সংগ্রামের হাতিয়ার। নাটক করা বা নাটক দেখা শহরবাসীর নিছক বিনোদন নয়, তার ভাবনার মাধ্যমও হয়ে উঠেছিল। এই পথ ধরেই এসেছিল একাঙ্ক নাটক।

একাঙ্ক নাটক তাই সমকালের সচেতনতার একটি হাতিয়ার হয়ে উঠেছিল এক সময়। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে একাঙ্ক নাটক বাংলা নাটকের ক্ষেত্রে যথেষ্ট জনপ্রিয়তার জায়গায় এসে দাঁড়াল। পরবর্তীকালের নাট্যকাররা তাই একাঙ্ক নাটক থেকে মুখ ফিরিয়ে থাকেননি। উনিশ শতকের দ্বিতীয়ার্ধ ছিল রাজনীতিতে এক উত্তেজনাপূর্ণ সময়। একদিকে শোষণ, বঞ্চনা—অন্যদিকে শোষণ আর বঞ্চনার নাগপাশ থেকে মুক্তির জন্য সংগ্রাম। ১৮৪৮ সালে প্রকাশিত হল কমিউনিস্ট ম্যানিফেস্টো। কার্ল মার্কস নতুন আলো জ্বাললেন মানুষের সংগ্রামী চেতনার পথে। এ সময়টা তাই অন্যায়-শোষণ-লাঞ্ছনা-অত্যাচারের বিরুদ্ধে সংগঠিত মানুষের মাথা তুলে দাঁড়ানোর সময়। সাম্যবাদের আদর্শে সে সময়ে দীক্ষিত হয়েছিলেন একটি সচেতন শ্রেণী। সোভিয়েত,

তিনীতিঃ মানুষকে সংগঠিত করতে তাঁরা তুলে নিয়েছিলেন কলম, তাঁরা নাটক লেখেন, তাঁরা সে ক্ষেত্রে নাটককেই হাতিয়ার করেছিলেন। প্রসার ও বৃদ্ধি ঘটেছিল একাঙ্ক নাটকের।'

একাঙ্ক নাটকের এই ধারায় বনফুলও শামিল হয়েছিলেন। ছোটগল্প-উপন্যাসের মত সাহিত্যিক বনফুলের ধাতে ছিল, নাটক একটি জনপ্রিয় মাধ্যম। তাই বেশ কিছু একাঙ্ক নাটকও লিখেছিলেন তিনি। তাঁর সমকালে বেশ কয়েকজন ছিলেন, যাঁরা কোন জাতাই নাট্যকার। এঁদের মধ্যে বনফুল বাদ ব্যতিক্রম। বনফুল কোন জাতই নাট্যকার ছিলেন না, কিন্তু নাট্যকার হিসাবে তিনি সবসময়েই দক্ষতার পরিচয় দিয়েছেন। সমাজসচেতনতার তাগিদেই যেন তিনি নাটক লেখার তাগিদ অনুভব করতেন।

১৯৪৪ সালে বনফুলের একাঙ্ক নাটকের একটি সংকলন প্রকাশিত হয়েছিল। এই সংকলনের নাটকগুলি ছিল বিষয়বৈচিত্র্যে ভিন্ন। অধিকাংশ ক্ষেত্রেই নাটক রচনার রীতিনীতিকে তিনি মান্য করেছেন। এর থেকে বোঝা যায়, নাট্যকলা সম্পর্কে তাঁর বিশেষ জ্ঞান ছিল। ১৯৪৪ সালে প্রকাশিত নাট্য সংকলনের সব নাটকগুলিই একাঙ্ক। মোট দশটি নাটক ছিল এই সংকলনে। 'দশভান' নামে এই নাট্য সংকলনটির নাটকগুলিতে বনফুল যথার্থই এক দক্ষ নাট্যকার—তিনি সমাজের বিভিন্ন ক্ষেত্রে আলো ফেলে দেখিয়ে দিতে চেয়েছেন সমাজের স্তরে জমা অন্ধকার। স্বভাবতই এই নাটকগুলি জনসমাদৃত হয়েছিল। দ্বিতীয় এবং তৃতীয় সংস্করণও প্রকাশিত হয়েছিল। তৃতীয় সংস্করণে যুক্ত হয়েছিল আরও পাঁচটি একাঙ্ক নাটক।

এই সংকলনের নাটকগুলির মধ্যে স্বপ্নঃ, শিককাবাব, মানগ্রহ, অবাস্তব, জল প্রভৃতি নাটক উল্লেখযোগ্য। বিভিন্ন নাটকের বিষয়বস্তু যেমন বিভিন্ন, নাট্যরসেও তেমনি বৈচিত্র্য। কোথাও তিনি প্রতিবাদী, কোথাও সমাজসচেতন, আবার কোথাও কৌতুকপ্রিয়। কিন্তু সব নাটকগুলিরই শিকড় প্রোথিত মানুষ ও সমাজকে কেন্দ্র করে।

'স্বপ্নঃ' বনফুলের অন্যতম জনপ্রিয় একাঙ্ক। এখনকার বিভিন্ন গ্রুপ থিয়েটারের কাছেও নাটকটি সমাদৃত। কাল্পনিক কাহিনীকে অবলম্বন করে নির্মল হাস্যরস বিতরণে বনফুল এই নাটকে সফল নাট্যকার। জম্বুদ্বীপের রাজকন্যাকে কবিতা লিখে যে খুশি করতে পারবে, রাজকন্যা বসুন্ধরা তাকেই বিয়ে করবে। স্বভাবতই কবিতা এ নাটকের একটি সহায়ক বিষয়। বনফুলের সাহিত্যজীবন বিশ্লেষণ করলে জানা যায়, সাহিত্যচর্চার শুরুতে তিনি কবিতাই লিখতেন। শুধু তাই নয়, ব্যঙ্গ কবিতা রচনার ক্ষেত্রে তিনি বিশেষ পারদর্শী ছিলেন। স্বপ্নঃ নাটকে বিভিন্ন চরিত্রের সংলাপে ব্যবহৃত হয়েছে কবিতা এবং সেইসব কবিতার ছন্দ-মাত্রা মিলিয়ে বনফুল রীতিমতো এ নাটক জমিয়ে দিয়েছেন। এই নাটকে ব্যবহৃত ব্যঙ্গ কবিতাগুলি কবিপ্রিয় বনফুলকে নতুন করে চিনিয়ে দিয়েছে।

এই সংকলনে 'শিক-কাবাব' নাটকটির কথা উল্লেখ করতেই হয়। না, রসকবিত্ব বনফুল নয়, এ নাটকে পাওয়া যায় প্রখর সমাজ-সচেতন এবং প্রতিবাদী নাট্যকার বনফুলকে। এ নাটকের উপজীব্য 'নারী'। বনফুলের সমকালীন এক কবি জীবনানন্দ দাশ তাঁর '১৯৪৬-৪৭' কবিতায় লিখেছিলেন—'পৃথিবীর এইসব উঁচু লোকেদের দাবি এসে সবই নেয়, নারীকেও নিয়ে যায়।'... এই একই কথার প্রতিধ্বনি যেন 'শিক-কাবাব' নাটকে। এক শ্রেণীর অভিজাতের কাছে নারী শুধু রসনাতৃপ্তির ভোগের সামগ্রী। দ্য, শিক-কাবাব সহযোগে ভোগ করা হবে এক নারীকে, অভিজাত সমাজের তরফে প্রস্তুতি নিচ্ছেন — এইরকম একটি মুহূর্তে নাটকের শুরু। প্রস্তুতি শেষ হলে মেয়েটিকে ডাকা হয়। কিন্তু মেয়েটি আসে না। দেখা যায়, গলায় শাড়ির ফাঁস লাগিয়ে মেয়েটি আত্মহত্যা করেছে। শেষ মুহূর্তে নাটকটি যেন চূড়ান্ত ক্লাইম্যাক্সে পৌঁছে সমস্ত সমাজের গালেই যেন চপেটাঘাত করেছে। নারীমাংসলোলুপ অভিজাতের হাতে নিজেকে নিবেদন করার চেয়ে মৃত্যু সেই মেয়েটির কাছে অনেক সম্মানের—আত্মহত্যার মাধ্যমে নাট্যকার বনফুল হয়তো এ কথাই বলতে চেয়েছেন। মৃত্যু তাই এখানে একটি প্রতিবাদ।

মানগ্রহ, অবাস্তব, জল প্রভৃতি নাটকেও বিষয়-বৈচিত্র্য। নাট্যকার বনফুলের মধ্যেও কিন্তু ছোটগল্পের বনফুল মাঝে মাঝে উঁকি দিয়েছে। তাঁর সব নাটকেই আছে টান-টান গল্প—যা নাটকগুলির সাফল্যে অনেকটাই সহায়ক। 'মানগ্রহ' একটি সার্থক এবং জমজমাট নাটক। 'জল' নাটকে বনফুলের বিজ্ঞান চেতনার প্রকাশ। 'অবাস্তব' নাটকে অতিপ্রাকৃত পরিবেশ। বিভিন্ন নাটকে বিভিন্ন বনফুল। 'নমুনা' নাটকে বনফুল আরও বেশি সচেতন। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মন্বন্তর, দুর্ভিক্ষজনিত বিপর্যয় এবং মুনাফাখোরদের অবস্থান এ নাটকের উপাদান।

'দশভান ও আরও কয়েকটি' শীর্ষক একাঙ্ক নাট্য সংকলনের নাটকগুলি হল—শিক-কাবাব, সোয়া, জল, অবাস্তব, নব-সংস্করণ, স্বপ্নঃ, মানগ্রহ, অনুষ্ঠিতে, আকাশ নীল, ১লা অঘ্রান ১৩৪৮। পরবর্তীতে সংযোজিত নাটকগুলি হল: কবিতা বিভ্রাট, কুজন পূর্ণিমা, ত্রিপদস্ফোট, নমুনা, আত্মজা মিলন। ১৩৫২-৫৮ সালের বিভিন্ন সংখ্যায় তৎকালীন সাহিত্য পত্রিকা শনিবারের চিঠি, ভারতবর্ষ, প্রবাসী প্রভৃতি পত্রিকায় নাটকগুলি প্রকাশিত হয়েছিল।

১৩৬৯ সালে সাপ্তাহিক 'অমৃত' পত্রিকায় ধারাবাহিকভাবে 'পুতুল' নামে তাঁর একটি নাটক প্রকাশিত হয়েছিল। প্রায় শেষ জীবনে ১৯৭৬ সালে তিনটি নাটক একত্রিত করে 'ত্রিনয়ন' নামে একটি নাট্যগ্রন্থও প্রকাশ করেছিলেন। টুইবি, ঘটকচূড়ি, কৈকেয়ী—এই তিনটি নাটক নিয়ে 'ত্রিনয়ন' নাট্য সংকলন। তাঁর 'তৈত্তির' উপন্যাসটিকে কেন্দ্র করে 'দিনেমার চক্র' নামে একটি রোমান্টিক চিত্রনাট্য লিখেছিলেন।

বাংলা সাহিত্যের জগতে অনেক খ্যাতকীর্তি নাট্যকার আছেন। কিন্তু সেই তালিকা থেকে বনফুলের নামটি কোনওভাবেই বাদ দেওয়া সম্ভব হবে না। একজন সচেতন এবং দায়বদ্ধ নাট্যকার হিসাবে 'বনফুল' তাঁর সৌরভকে বাংলা নাট্যজগতে এখনও যুক্ত করে রেখেছেন। এখানেই নাট্যকার বনফুলের সাফল্য।

অসাধারণ

অরবিন্দ মুখোপাধ্যায়

শতবর্ষে বনফুল

বনফুলের সাহিত্য সম্বন্ধে কিছু বলার ক্ষমতা আমার নেই। তবে যেহেতু তিনি আমার দাদা। মানুষ বনফুল সম্বন্ধে আমি দু-একটা কথা বলতে পারি। মানুষটা ছিলেন—আপাত বিদ্রোহী। খানিকটা অস্বাভাবিকও বলা যেতে পারে। রেগে গেলে জ্ঞান থাকত না। হাতও চলত। আবার মন ভাল থাকলে মাটির মানুষ। বিলাসিতা একেবারে ছিল না। বারোমাস খদ্দরের ধুতি এবং পাঞ্জাবী এবং পায়ে সাধারণ একটা জুতো। খাবারে চিনি নিতেন না। তিনটি জিনিসের খুব শখ ছিল। বই পড়া, খাওয়া এবং ফুল গাছ। বিশেষ করে গোলাপ। প্রতিদিন মাংস খেতেন। মাসে দু'দিন বাইরে। ছাদে বা উঠোনে শুতেন। এমন কি মানুষটা খামখেয়ালী ছিল। কিন্তু কর্তব্যবোধ ছিল। ওঁর ভাগলপুরের বাড়িতে বেশ কিছু আত্মীয়স্বজন থেকে পড়াশুনা করত। থাকতেন ভাগলপুরে। আমাদের আসল বাড়ি মনিহারী গ্রামে। ওইখানেই দাদার জন্ম এবং শৈশব ও বাল্যকাল কেটেছে। মনিহারীর মাইনর স্কুলে দাদা প্রথম বারেই ডিস্ট্রিক্টের মধ্যে প্রথম হয়ে স্কলারশিপ নিয়ে পাশ করে, সাহেবগঞ্জ হাইস্কুলে পড়েন। হাজারিবাগ কলেজ থেকে পাশ করে কলকাতা এবং পাটনায় মেডিকেল থেকে ডাক্তার হন। বিহারে নামকরা ডাকসাইটে প্যাথলজিস্ট ছিলেন। মনিহারীর কোন রোগী এলে ফি নিতেন না। আবার মনিহারীর কেউ অসুখ হলে, তার যদি ভাগলপুরে আসার সামর্থ্য না থাকত তবে দাদা ট্রেনে করে সাহেবগঞ্জ হয়ে সকরিগলি ঘাটে স্টিমারে পার হয়ে

মাইক্রোসকোপ সঙ্গে নিয়ে মনিহারীতে গিয়ে সেই রোগীকে দেখে আসতেন। অবশ্য এইসব করতেন বাবার জন্য। বাবা ডাঃ সত্যচরণ মুখোপাধ্যায় ওই অঞ্চলে প্রথম অ্যালোপ্যাথি ডাক্তার। তাঁরও খুব সাহিত্যের প্রতি অনুরাগ ছিল। অসুখ না সারলে ফিজিট নিতেন না। তাঁর মনিহারীর বাড়িতে অনেক পোষ্য ছিল। আত্মীয়স্বজন ছাড়া অনেক ছাত্র, শিক্ষক, তাঁদের মধ্যে কেউ কেউ মুসলমান ছিল। তাঁরা আমাদের বাড়ি থেকে পড়তেন এবং পড়াতেন। এক একদিন দেখেছি, বাবা মুসলমান ছাত্র মহম্মদিন মৌলভি সাহেবের সঙ্গে এক পঙক্তিতে বসে খেতেন।

তারাশংকর (তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়) বাবাকে খুব ভক্তি করতেন, মনিহারীতে গেলেই পায়ে হাত দিয়ে প্রণাম করতেন। যতদিন জীবিত ছিলেন প্রতি বছর বিজয়ার প্রণাম জানিয়ে পত্র দিতেন। বাবাও বাবার মতো তথাকথিত জাতপাত মানতেন না। বাবার ল্যাবরেটরিতে শুধু ইউরিন পরিষ্কার করার জন্যে সিতারি নামে একটি মেথর এবং জাতের লোক ছিল। এমনি সে জাতের ভুলের জন্য অনেকবার মারও খেয়েছে। বাবার ল্যাবরেটরিতে তা জানার ব্যবস্থা ছিল। সিতারি তা করতো। সিতারির মেয়ের বিয়েতে বাবা সেই মাধবপল্লিতে গিয়ে সিতারির মেয়েকে সুন্দর একটি শাড়ি দিয়ে আশীর্বাদ করে ওই মাধবদের সঙ্গে তৃপ্তি সহকারে মোটা লুচি, তরকারি, ডাল, শুয়োরের মাংস, টকদই খেয়ে এসেছিলেন। আবার ১৯৩৫ সালে একজন বিহারী ম্যাজিস্ট্রেট বাবার ল্যাবরেটরিতে এসে তাঁর স্ত্রীর ইউরিনটা এখুনি পরীক্ষা করে দিতে হবে, হাকিমি কায়দায় হুকুম করেছিল। বাবা তক্ষুনি তাঁর স্ত্রীর ইউরিনটা নালিতে ফেলে দিয়ে সেই ম্যাজিস্ট্রেটকে ঘাড় ধরে বার করে দিয়েছিলেন। সেই সময় ব্রিটিশ ম্যাজিস্ট্রেটদের আজকালের মুখ্যমন্ত্রীদের চেয়েও বেশি দাপট ছিল। বাবা সে সব পরোয়া করতেন না। বাবার অন্য সাহিত্যিক বন্ধুদের মধ্যে অনেকের বদ অভ্যাস ছিল, মদ্যপান করা ইত্যাদি। বাবা কিন্তু এসব ব্যাপারে খুবই কনসারভেটিভ ছিলেন। তিনি ওসব ছুঁতেনই না। নেশার মধ্যে ছিল চা এবং খৈনি। বাবার চরিত্রের সব চেয়ে বড় দিক ছিল কখনো মিথ্যে কথা বলতেন না এবং অন্যায়ের সঙ্গে আপস করতেন না। সেইজন্যে বাবাকে সবাই শ্রদ্ধা করত এবং ভয় করত। ভাগলপুরে আড়ালে অনেকে বলতো—বলাইবাবুকো আদমি নেহি হ্যায়, মহাদেব, শিউ (শিব) হ্যায়। বলেই মাথায় হাত ঠেকাত।

'ডানা' বইটি লেখবার সময় বাবা দিনের পর দিন, মাসের পর মাস বায়নোকুলার নিয়ে বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে পাখি দেখতেন। আর কত যে পাখির বই পড়তেন ভাবা যায় না। এই বইটা লিখতে উনি যে কত পরিশ্রম করেছেন ভাবা যায় না। সুরসিক রাজশেখর বসু (পরশুরাম) আমায় বলেছেন—'বনফুল ডানা বইটা অনুবাদ করে নোবেল পুরস্কারের জন্য পাঠাচ্ছে না কেন? যাহোক, বাবা এইসব পুরস্কার-টুরস্কার পছন্দ করতেন না। শিল্পের বিচার করবে কাল-সময়। সেই সময়ে রাজ্যপালের চিফ সেক্রেটারি মিঃ বি আর গুপ্ত না থাকলে বাবা বোধহয় পদ্মভূষণ খেতাবটা গ্রহণ করতেন না। বাবা বিনয়বাবু (বি আর গুপ্ত)-কে খুবই ভালবাসতেন। উনি খুবই

সম্পূর্ণ এক। নির্ভীক ব্যক্তি ছিলেন। এই বিনয়বাবুর প্রসঙ্গে একদিন একটি মজার ঘটনা ঘটেছিল। এটি খাকি ট্রাউজার্স ও সাদা শার্ট টাইট। আমি প্রতি মাসে অন্তত দুটি রবিবার সকালবেলা দাদার কাছে যেতাম টিফিন হাতে নিয়ে। সারাদিন থাকতাম। খুব ভাল লাগত। নানা নতুন লেখা শোনাতেন।

এমনি একদিন রবিবারে সেই টাইটে গেছি। দাদা সাধারণত খালি গায়ে লুঙ্গি পরে থাকতেন। আমাকে দেখে বললেন, এসেছিস, ভাল করেছিস। চল, বিনয়কে দেখে আসি। আমি জিজ্ঞাসু নেত্রে তাকাতেই—বিনয় একটু অসুখ করেছে বলে দাদা একটা হাফশার্টের পাঞ্জাবী পরে নিলেন। সাধারণত জামার বোতাম লাগাতেন না। বোতাম কাটিয়ে খোলানো … নিলেন। আর নিলেন ওঁর সব সময়ের সঙ্গী ছোট্ট সুটকেসটি। দাদার ছোট্ট নট সুটকেস। এর মধ্যে প্রয়োজনীয় ওষুধ, পোস্টকার্ড, খাম, কলম, ডাইরি, চিনি, পড়ার চশমা, ল্যাবেন্ডুস, টিপ, কান খুসকি, ছুরি, ছোট্ট কাঁচি, আর একটা মানিব্যাগে কিছু খুচরো টাকা-পয়সা থাকত।

বিনয়বাবুর বাড়িটা দাদার বাড়ির কাছেই। কি-ব্লকের পেছন দেখেন দিকে। বাড়ি থেকে বেরিয়েই দেখি দাদার বাড়ির পাশের খালি জায়গাটায় আগের দিন রাতে বিয়েবাড়ির ভোজ হয়ে গেছে। তারই উচ্ছিষ্ট, পাতা, লুচি, সন্দেশের অবশিষ্টাংশ ফেলেছে। সেখান থেকে কয়েকটা ছোট্ট ছোট্ট দরিদ্র ঘরের ছেলেমেয়েরা মাংস, চপ, মিষ্টি খুঁজে খুঁজে বার করে খাচ্ছে। দাদাকে দেখে আমায় হাসল। দাদা একটা চার-পাঁচ বছরের কালো মেয়েকে ডাকলেন। মেয়েটা ভয়ে ভয়ে এল। দেখলাম তার দু'নাক দিয়ে সাদা শিকনি ঠোঁটে এসে ঠেকেছে। দাদা তাকে আদর করে বসালেন। পকেট থেকে একটা রুমাল বার করে তাকে কাছে ডেকে তার নাকের শিকনি সযত্নে মুছিয়ে পরিষ্কার করে দিয়ে রুমালটি আবার পকেটে রেখে দিলেন। এরপর ছোট্ট সুটকেসটি খুলে তার থেকে একটি করে টাকা ও সন্দেশ

প্রত্যেক বাচ্চার হাতে দিয়ে আবার হাঁটতে উঠে, মাথা উঁচু করে ইলেকট্রিক তারের দিকে তাকিয়ে আমায় বললেন, ওই দ্যাখ একটা বুলবুল ফিঙে। এই ফিঙেটা খুব তেজী টাইপ। তারপর ফিঙে পাখির ইতিহাস বলতে বলতে বিনয়বাবুর বাড়ির দিকে চললেন। বিনয়বাবু তখন আছেন। খুব দুর্বল এবং অসুস্থ। দাদা দেখলেন। এর আগে বলে রাখি দাদা যেহেতু মাংসাশী তাই বিনয়বাবুর স্ত্রী প্রায়ই দাদার জন্য বেসিন'র রান্না করে রাখতেন খাবার জন্য। মাঝে মাঝে বাড়িতেও লোকের জন্য পাঠিয়ে দিতেন। দাদা বিনয়বাবুর দুর্বলতা ও অসুস্থির কথা শুনে গম্ভীরভাবে বললেন তোমাকে ভালভাবে পুষ্টিকর মাংস খেতে হবে। আমি তোমার রেসিপি মাংস রান্না করে পাঠাচ্ছি। খুব ভেঙে গেছে। বিনয়বাবুর নির্মল হাসিতে মুখটা ভরে গেল।

দু'সপ্তাহেই বিরাট কিছু হতে শুরু করল। দাদার প্রসঙ্গে বলতে গেলে বৌদিকে না উল্লেখ করলে অন্যায় করা হবে। তিনি ছিলেন আমার মায়ের মতন বৌদি, শিক্ষা দেবী। সাহিত্যিক বনফুলের তিনি শুধু যথার্থ সহধর্মিণী ছিলেন না, ছিলেন প্রেরণা, শিক্ষয়িত্রী এবং পরিচালিকা। দেখাশুনার দায়িত্বেই ছিলেন। দাদার লেখার উৎসাহ দেওয়া এবং দাদা প্রত্যেকটি লেখা লিখে প্রথমে বৌদিকে দেখাতেন। বৌদি ছিলেন খুব স্পষ্টবাদিনী। লেখার কোথাও ত্রুটি থাকলে না বলে ছাড়তেন না। জনৈক আমেরিকান … কি … গ্রেট … আর্টিস্ট … স্কুল আমেরিকার … বৌদি ছিলেন তাই। দাদাও বৌদিকে কত ভালবাসতেন, তা বৌদি চলে যাবার পর বুঝলাম। বৌদির মৃত্যুর পর 'কী' নামে একটি উপন্যাস লিখেছিলেন—এটি দাদার একটি অসাধারণ সৃষ্টি। তারপর প্রতিদিন বৌদিকে চিঠি লিখতেন যেগুলো ঠিক চিঠি নয় প্রতিদিনের ডায়েরি। এছাড়া দাদা বর্তমানে দেশের বিভিন্ন ঘটনা নিয়ে যে সব মন্তব্য এবং ব্যঙ্গ কবিতা লিখেছেন, তা অনেকেই আজকালকার ভবিষ্যৎবাণী যেন। দাদা সম্বন্ধে বলতে গেলে বিরাট একটা বই হয়ে যাবে। শিবনাথ শাস্ত্রী সম্বন্ধে রবীন্দ্রনাথ একবার বলেছিলেন তাঁদের—'শিবনাথ শাস্ত্রী যথার্থ রূপ দেখাতেন অণুবীক্ষণ যন্ত্র দিয়ে যেমন ক্ষুদ্র অণু পরমাণুকে বড় করে। ঐ মাইক্রোস্কোপের বিপরীত কোন যন্ত্র যদি থাকত, যার দ্বারা হিমালয়ের মতো বিরাট বস্তুকেও ক্ষুদ্র করে দেখানো যায়, সেই যন্ত্র যদি আমার কাছে থাকত তাহলে আমি বিরাট মহান শিবনাথ শাস্ত্রী মহাশয়কে আপনাদের দেখাতে পারতাম।' আমার দাদাও আমার কাছে ঠিক ঐ শিবনাথ শাস্ত্রীর মতন বিরাট মহান।

আজকে দাদার শতবর্ষে তাঁকে স্মরণ করে আপনারা যে বিশেষ রচনা বার করেছেন তার জন্যে আমি তাঁর কনিষ্ঠ ভ্রাতা হিসেবে আপনাদের অভিনন্দন এবং কৃতজ্ঞতা জানাই।

পরলোকে বনফুল : বাংলা সাহিত্যের একটি অধ্যায়ের অবসান

বাংলা সাহিত্যের অন্যতম প্রবীণ ও উজ্জ্বল জ্যোতিষ্ক বনফুল শুক্রবার ৯ ফেব্রুয়ারি, ১৯৭৯, ২৬ মাঘ, ১৩৮৫ প্রাণত্যাগ করেন। সরস্বতীর বরপুত্র পুজোর দিন, ১ ফেব্রুয়ারি মস্তিষ্কে রক্তক্ষরণ-যোগে সংজ্ঞাহীন হয়ে পড়েন এবং নয় দিন অবিরাম মৃত্যুর সঙ্গে সংগ্রাম করে শুক্রবার প্রত্যুষে শেষনিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর ৭ মাস।

বনফুলের দেহাবসানের খবর প্রচারিত হবার সঙ্গে সঙ্গে লেকটাউনে তাঁর বাড়িতে গুণমুগ্ধ মানুষ, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব উপস্থিত হন চিরনিদ্রায় শায়িত বনফুলকে শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য। কলিকাতা পৌরসংস্থা, পশ্চিমবঙ্গ সরকার সহ বিভিন্ন প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংস্থা, বিদ্যালয়, বিভিন্ন পত্র-পত্রিকা বনফুলের মরদেহে মাল্যার্পণ করে।

দ্বিপ্রহরে বনফুলের মরদেহ নিয়ে শোকযাত্রা বিভিন্ন অঞ্চল পরিক্রমার পরে বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলিকাতা বিশ্ববিদ্যালয় ও কলিকাতা মেডিক্যাল কলেজ সহ বিভিন্ন সংস্থা ঘুরে নিমতলা মহাশ্মশানে উপস্থিত হয়। এখানেই তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

বনফুলের পূর্বপুরুষ আদিতে ছিলেন হাওড়া জেলার অধিবাসী। তাঁর প্রপিতামহ বিহার রাজ্যে পূর্ণিয়া জেলার মণিহারী গ্রামে বসবাস করতে যান। বনফুলের পিতা স্বর্গীয় সত্যচরণ মুখোপাধ্যায় মণিহারীতে চিকিৎসক হিসাবে খ্যাতি অর্জন করেছিলেন। সত্যচরণের পঞ্চপুত্রের মধ্যে জ্যেষ্ঠ বলাইচাঁদ অর্থাৎ বনফুল পূর্ণিয়া

জেলার মণিহারী গ্রামে ১৯ জুলাই, ১৮৯৯, বঙ্গাব্দ ৪ঠা শ্রাবণ, ১৩০৬ সালে জন্মগ্রহণ করেন।

মণিহারী গ্রামে প্রাথমিক শিক্ষালাভের পর তিনি সাহেবগঞ্জ রেলওয়ে স্কুলে ভর্তি হন। কৈশোরেই তাঁর সাহিত্য প্রতিভার বিকাশ ঘটে। বিদ্যালয়ে পাঠ্যাবস্থায় তাঁর লিখিত প্রথম কবিতা দুটি ছোট সাময়িক পত্রিকায় প্রকাশিত হলে তিনি বিদ্যালয়ের প্রধানশিক্ষক কর্তৃক তিরস্কৃত হন। লেখা না লিখে সময়টা পাঠে ব্যয় করার জন্য প্রধানশিক্ষক বলাইচাঁদকে সদুপদেশ দেন। সাহিত্যচর্চা অব্যাহত রাখতে কৃতসংকল্প বলাইচাঁদ হয়তো প্রধানশিক্ষকের চোখে বা অন্য কোনো কারণে 'বনফুল' ছদ্মনাম গ্রহণ করেন। বলাইচাঁদ যখন দ্বিতীয় শ্রেণীর ছাত্র ১৯১৮ সালে প্রবাসী পত্রিকায় প্রথম তাঁর গদ্য রচনার আত্মপ্রকাশ ঘটে। এইবার প্রধানশিক্ষক বলাইচাঁদকে আশীর্বাদ করে 'বনফুল' নামে সাহিত্যসাধনায় ব্রতী হবার কথা বলেন। এই বছরেই তিনি বৃত্তি পেয়ে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন এবং হাজারিবাগের সেন্ট কলম্বাস কলেজে আই-এস-সি পড়তে ভর্তি হন। ১৯২০ সালে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়ে কলকাতা মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়তে শুরু করেন এবং যথাসময়ে সসম্মানে উত্তীর্ণ হন। ডাক্তারি পাশ করার পর প্রথম চাকুরির তিক্ত অভিজ্ঞতায় তিনি চাকুরি-জীবন চিরদিনের জন্য পরিত্যাগ করেন এবং কলকাতাতেই জীবিকার জন্য একটি চিকিৎসালয়ের প্রয়োজনীয় যন্ত্রপাতি যোগাড় করেন। এই প্রচেষ্টায় তাঁর চিকিৎসক বন্ধুরা সাহায্যের জন্য এগিয়ে আসেন।

বলাইচাঁদ এই সময়েই গার্হস্থ্য জীবনে প্রবেশ করেন। বিবাহের একদিকে থাকার তখন বনফুল ছদ্মনামে তাঁর প্রথম কবিতা মুদ্রিত আকারে মাসিক পত্রিকায় প্রকাশিত হয়। পর তাঁর স্ত্রী লীলাবতী দেবীর আড়াই বছর আগে মৃত্যু ঘটে।

কলকাতায় দোকান দেবার এক বছর পরেই তিনি আজিমগঞ্জে যান এবং স্থানীয় একটি হাসপাতালে মেডিক্যাল অফিসারের চাকুরি করেন মাত্র এক বছরের জন্য। ১৯২৯ সালে তিনি ভাগলপুর যান এবং সেখানে একটি ল্যাবরেটরি খোলেন যেটি তিনি পরবর্তী ৪০ বছর চালিয়ে এসেছেন তাঁর সাহিত্যসাধনার সঙ্গে সঙ্গে। ১৯৬৮ সালে ভাগলপুরের পাট চুকিয়ে এক বছর বসবাস করে ১৯৬৯ সাল থেকে বনফুল লেকটাউনের স্থায়ী বাসিন্দা হন। ব্যক্তিগত জীবনে সুদর্শন ও সুকাঞ্চনবর্ণ অধিকারী এই পুরুষ ছিলেন সুরসিক। সকলের অতি কাছের মানুষ। লেকটাউনে তাঁর বাড়িতে সকলের দ্বার ছিল অবারিত।

১৯২৯ সাল থেকেই বনফুল সাহিত্য সাধনায় সর্বপূর্ণভাবে আত্মনিয়োগ করেন এবং সাহিত্যের সকল বিভাগ তাঁর অবদানে সমৃদ্ধ হয়ে ওঠে।

বাংলার ১৩৩৫ সালে তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস 'তৃণখণ্ড'। এই উপন্যাসের নায়ক বলেছেন, ''আমি ডাক্তার, আমি কবিও। আমার জীবনকাহিনী যদি শুনিতে চান তবে আমার কবিতাও পড়িতে হইবে। তবেই আমার জীবনের সত্যপ্রকাশ।' ডাক্তারি জীবনের অভিজ্ঞতা ও শিল্পীজীবনের অনুভূতিতে মিশ্রিত হয়ে উঠেছে এই 'তৃণখণ্ড'। এ যেন বনফুলের নিজের জীবনেরই একটা প্রতিবিম্ব মাত্র। তাঁর পরবর্তী বই 'বৈতরণীর তীরে'। এই বইয়ের উৎসর্গপত্রে বলা হয়েছে, ''ইহা শুধু তৃণের মত নহে—বর্তমানেরও নহে এবং খুব সম্ভব ভবিষ্যতেরও।'' এই বইতে একজন অনিচ্ছুক ডাক্তারের কথা বলা হয়েছে। এখানেও সেই ডাক্তার। তিনি অপ্রকৃতিস্থ মনস্তত্ত্বে কয়েকটি অসম্পূর্ণ ছবির রেখাচিত্র এবং সেই সাথে ফুটে উঠেছে কয়েকটি জীবনের তথা তুলির ও উদ্বেগ রূপ। এই বই পড়ে রবীন্দ্রনাথ বনফুলকে লেখেন, ''এর মধ্যে বীভৎস রস ও করুণ রসের যে মিশ্রণ ঘটিয়েছ তাতে তোমার সাহস এবং নৈপুণ্য প্রকাশ পেয়েছে। এর মধ্যে রচনার অপূর্বতা আছে।''

''কিছুক্ষণ'' বইটি সম্বন্ধে রবীন্দ্রনাথ বলেছেন, ''ইস্টেট-পড়া জোগানটি যে আসলের জমা বিক্ষিপ্ত করে দিয়েছে তার মধ্যে থেকে তুমি দ্রুতই ধন আদায় করে নিয়েছ।''

বনফুল একশো তেত্রিশেরও বেশি বই লিখেছেন। ডানা, বাঁশ, উদয়াস্ত, স্থাবর জঙ্গম, ভুবনসোম, হাটে বাজারে, অগ্নীশ্বর, দ্বৈরথ, জঙ্গম, সুখদুঃখ, চতুর্দশী, মৃগয়া, মানদণ্ড, পঞ্চপর্ব ও অন্যান্য বইয়ের মধ্যে উল্লেখযোগ্য। তাঁর বহু রচনার চিত্ররূপ হয়েছে। তাঁর লেখা শেষ উপন্যাস 'হরিশ্চন্দ্র'। বিভিন্ন সাময়িক পত্রিকা নিয়মিত তাঁর উপন্যাস প্রকাশ করে। বনফুল ছোটগল্পের ক্ষেত্রেও এক নতুন ধারার সৃষ্টি করেছেন। তাঁর লেখা নাটকের মধ্যে শ্রীমধুসূদন ও বিদ্যাসাগর নাটক দুটি বাংলা রঙ্গমঞ্চে জনপ্রিয়তা লাভ করেছে। কবিতা রচনাতেও তিনি সিদ্ধহস্ত ছিলেন।

প্রাক্তনীদের দুই হাতে যে লেখনী বনফুল তুলে নিয়েছিলেন পূর্ণ মর্যাদায় প্রথমবয়সেও সে লেখনীকে বনফুল নিজের হাতে বিশ্রাম দেননি। তাঁর নিরীক্ষাধর্মী 'পশ্চিমতট' এক অসাধারণ লেখনাক্ষর। শুধু কলম নয় তুলিতেও বনফুল পারদর্শিতা দেখিয়েছেন। তাঁর মনোজগতের কল্পনাকে নানান রঙে ফুটিয়ে তুলেছেন তাঁরই আঁকা অসংখ্য ছবিতে।

বাংলার বাইরে জীবনের শ্রেষ্ঠ এবং দীর্ঘতম অংশ কাটিয়ে যে ব্যক্তি বাংলা সাহিত্যের সকল ধারাকে সমৃদ্ধ করেছিলেন তিনি বনফুল। তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে সাহিত্যিক সাগরময় ঘোষ বলেছেন, ''বাংলার বাইরের কোনও বাঙালি যদি কথাসাহিত্যে বহির্বঙ্গকে এনে থাকেন, তবে প্রথম নামটি বনফুল। শরৎচন্দ্রের রচনায় তুলনায় বাংলার বাইরের প্রসঙ্গ অল্পই। আর সতীনাথ ভাদুড়ী এসেছেন অনেক পরে। কিন্তু বনফুল প্রথমে সেই রাজপথটি তৈরি করে দিয়েছিলেন বললেই হয়!''

বনফুলের মৃত্যুর সঙ্গে সঙ্গে বাংলা সাহিত্যের একটি অধ্যায়ের অবসান ঘটল।

[লেখাটি ১০ ফেব্রুয়ারি '৭৯ তারিখে বনফুলের মৃত্যুর পরে যুগান্তরে প্রকাশিত হয়েছিল]

বনফুল পরিচিতি

রঞ্জনকুমার দাস

জন্ম: ৪ঠা শ্রাবণ ১৩০৬ (১৯ শে জুলাই ১৮৯৯)/মঙ্গলবার / বিহারের মনিহারি গ্রামে।

আদি নিবাস: হুগলী জেলার শিয়াখালা গ্রামে।

পিতা: ডাঃ সত্যচরণ মুখোপাধ্যায়।

মাতা: মৃণালিনী দেবী।

পত্নী: লীলাবতী দেবী (কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট)।

পুত্র কন্যা: কেয়া বন্দ্যোপাধ্যায় (স্বামী: শান্তি কুমার, কন্যা: [illegible])। ডাঃ অসীম কুমার (প্যাথলজিস্ট) (স্ত্রী: মাধবী, কন্যা: [illegible], পুত্র: সমুদ্র)। চিরঞ্জন (সিভিল ইঞ্জিনিয়ার) (স্ত্রী: ডঃ [illegible], কন্যা: [illegible])। করবী (স্বামী: অরুণ কুমার, কন্যা: মাধবী, [illegible])।

কর্মস্থল: ভাগলপুর। বাস: ভাগলপুরে 'গোলাপবাগ' নামে বাড়িতে। শেষ দশ বছর কলিকাতার লেক টাউনে।

শখ: ছেলেবেলায় কুকুর, বেড়াল, খরগোশ, পাখি ইত্যাদি পোষা, বাগান করা—বিশেষ করে গোলাপ ফুলের বাগান ও টবে গোলাপ চর্চা। বার্ড ওয়াচিং, নক্ষত্র চর্চা, ছবি আঁকা এবং দেশি বিদেশি বই কেনা ও নিয়মিত পাঠ।

উপাধি ও সম্মান লাভ: রবীন্দ্র পুরস্কার (হাটে-বাজারে উপন্যাসের জন্য)। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের জগত্তারিণী স্বর্ণপদক, শরৎচন্দ্র-স্বর্ণপদক, কুমার বিশ্বনাথ রায়-স্মৃতি-স্বর্ণপদক। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শরৎচন্দ্র ও ডি এল রায় লেকচারার। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের লেকচারার: সুরেশচন্দ্র স্মৃতি পুরস্কার প্রাপ্তি। ভারত সরকার কর্তৃক 'পদ্মভূষণ' সম্মান লাভ। ভাগলপুর বিশ্ববিদ্যালয়ের 'ডি-লিট' উপাধি প্রাপ্তি। তাছাড়া বহু সাহিত্য সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সংবর্ধনা জ্ঞাপন ও মানপত্র প্রদান।

সংক্ষিপ্ত জীবনী

শিশুকালে বাড়ির মুসলমান মক্তব ভ্রমণে শ্রীম ক্রমান্বয়ে বর্ণমালা লাভ। মনিহারিতে মাইনর স্কুলে বৃত্তি পেয়ে পাশ করে ১৯১৪ সালে সাহেবগঞ্জ রেলওয়ে হাইস্কুলে ভর্তি। সেখানে বিন্দু বোর্ডিং এ বাস।

সাহেবগঞ্জ বোর্ডিং এ বাল্যকালীন কবিতা চর্চা ও 'বিকাশ' নামে হাতে-লেখা পত্রিকা প্রকাশ। হস্ত-লিখিত পত্রিকা বোর্ডারের সঙ্গে প্রথম সাক্ষাৎ পরে সুধাংশুশেখর মজুমদার (ঘুঁটু)-র প্রচেষ্টায় কালীপ্রসন্ন দাশগুপ্ত সম্পাদিত 'মালঞ্চ' পত্রিকায় প্রথম কবিতা প্রকাশ। কবিতা প্রকাশে স্কুলের হেড পণ্ডিত জানতে পেলে রোষ এবং তাঁর ভয়ে 'বনফুল' ছদ্মনাম গ্রহণ। 'বনফুল' ছদ্ম নামে জোতিরিন্দ্রের 'ভারতী' পত্রিকা এবং 'ভারতী' পত্রিকায় কবিতা প্রকাশ। পরে ওই পত্রিকা সম্পাদকের উৎসাহে সংস্কৃত শ্লোকের অনুবাদ চর্চা এবং তার সাইনের একটি অনুবাদ কবিতা 'প্রবাসী'তে প্রথম প্রকাশ (১৯১৮ সাল)। সেখা গুরুর অধীনে কিছু দিন গোড়া লেখা। বিশ্বভারতী ও মাতৃভাষায় আশ্রয়।

১৯১৮ সালে প্রথম বিভাগে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় পাস। হাজারিবাগের সেন্ট কলোম্বাস কলেজে ভর্তি। সেখানে 'শর'র বিষয়ে কবিতা লিখে কলেজে সম্মান লাভ। সহপাঠী সাহিত্যিক সরোজকুমার রায়চৌধুরীর সঙ্গে পরিচয়। কলেজে 'সাজাহান' অভিনয়ে 'দারা'-র ভূমিকায় অভিনয়। কলেজের ইতিহাসের অধ্যাপক জ্ঞানবাবুর 'মানুষের অতীত' বিষয়ে বক্তৃতা শুনে 'জঙ্গম' উপন্যাস লেখার কল্পনা। বটানি পরীক্ষককালে যোগেশচন্দ্র রায় বিদ্যানিধির সঙ্গে সাক্ষাৎ। মহেশ অধুনা উপলক্ষে কলিকাতায় ডাঃ বিধানচন্দ্র রায়ের সঙ্গে পরিচয়।

আই-এস-সি পাসের পর কলিকাতায় মেডিক্যাল কলেজে ভর্তি (১৯২০)। প্রখ্যাত অভিনেতা শিশির ভাদুড়ির সঙ্গে পরিচয়। 'প্রবাসী' অফিসে 'শনিবারের চিঠি'-র সজনীকান্ত দাসের সঙ্গে পরিচয়। নিয়মিত কবিতা ও গল্প লেখা ও নানা পত্রিকায় প্রকাশ। ডাঃ বনবিহারী মুখোপাধ্যায়ের সঙ্গে পরিচয় ও ঘনিষ্ঠতা। স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের সংস্পর্শে আসা এবং তাঁর নির্দেশে তাঁর লাইব্রেরিতে ইতিহাস পাঠ। বিনয় বসুমল্লিকের সঙ্গে পরিচয়। তাঁরই প্রতিষ্ঠিত কালক্রমে 'জঙ্গম' উপন্যাসে 'ভন্টু' চরিত্র অঙ্কন। অবসর মতো প্রতিদিন বসে মাসিক পত্রিকা পাঠ। এর মধ্যে মিনিটে প্রতি দুলালীন নামের হবি-র নির্বাক ছায়াছবি দেখার আগ্রহ। বিদেশী লেখার নেশা।

বিহারের অধিবাসী হওয়ায় নতুন নিয়ম অনুসারে ষষ্ঠ বর্ষে পাটনা প্রিন্স অফ ওয়েলস মেডিক্যাল কলেজে ছাত্ররূপে যোগদান। সেখানে Maternity ward না থাকায় গাইনোকোলজি বিভাগের হাসপাতালে শিক্ষা গ্রহণ। সেখানে তাঁর প্রতি তরুণী অ্যাংলো-ইন্ডিয়ান নার্সের অনুরাগ। নার্সটির অনুরোধে ইংরেজিতে কবিতা রচনা। বনফুল কর্তৃক নার্সটির প্রেম প্রত্যাখ্যানে সে দেশের সামাজিক অবস্থা বর্ণনা করে বনফুলকে সকরুণ চিঠি প্রেরণ।

বর্ধমান অ্যাডভোকেট গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জ্যেষ্ঠা কন্যা, কলিকাতার বেথুন কলেজের ফার্স্ট ইয়ারের ছাত্রী লীলাবতীর সঙ্গে বিবাহ। তারিখ ২৫ জ্যৈষ্ঠ ১৩৩৪।

পরে এম বি বি এস পরীক্ষায় পাস।

পরিবারের সুবিধার জন্য General Physician না হয়ে ডাঃ চারুব্রত রায়ের অধীনে প্যাথলজিতে ট্রেনিং। আজিমগঞ্জ হাসপাতালে ৮০ টাকা বেতনে মেডিক্যাল অফিসারের চাকরি (১৯২৮)। আজিমগঞ্জে স্ত্রী লীলাবতীকে নিয়ে সংসার। কথার

ভাগলপুরে মিশনারি Maternity হাসপাতালে প্রথম সন্তান কেতার জন্ম।

পরে মণিহারির কাছে ভাগলপুরে ক্লিনিক্যাল ল্যাবরেটরি 'The Seco Bacto Clinic' স্থাপন ও প্র্যাকটিস শুরু। জ্যেষ্ঠপুত্র জন্ম, দ্বিতীয় সন্তান অসীমের জন্ম। ক্লিনিকে দুটি যেকেন বিভাগ, পরে তার ছেলে সীমান্তিকে নিয়ে। ল্যাবরেটরিতে তার হাতে তৈরি মা-পসা এবং সুন্দর মডেল দেখানো শার্টিফিকেট। ভাগলপুর ইনস্টিটিউটে নিবন্ধিত পুস্তক পাঠ। এই সময়ে বিহারে বিধ্বংসী ভূমিকম্প।

শনিবারের চিঠির উৎকর্ষীয় সম্পাদক সজনীকান্ত সোস্বামীর তাগিদে নিয়মিত ব্যঙ্গ কবিতা রচনা। কবিতা ও প্রবন্ধের উদ্যোগে প্রথম উপন্যাস 'তৃণ খণ্ড' প্রকাশ। সম্পাদক সাহিত্যিক কেদারনাথ বন্দ্যোপাধ্যায় (দাদামশাই)-এর সঙ্গে সাক্ষাৎ ও তাঁরই নির্দেশে ব্রজেন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক 'গল্প সংগ্রহ' প্রকাশ। ভাগলপুরের বঙ্গীয় সাহিত্য-পরিষদের সভাপতির পদ গ্রহণ। বহু বিখ্যাত উপন্যাস রচনা। হঠাৎ সজনীকান্তর পরিবারের সঙ্গে মণিহারিতে উত্তর ভারত ভ্রমণের ব্যবস্থা। 'দ্বৈরথ' উপন্যাসটি মাকে উৎসর্গ করা ও অগ্রিম হিসাবে ১০০ টাকা পাওয়ায় মাকে দিতে গেলে মায়ের আপত্তি এবং সে কারণে মায়ের পুরী দর্শনের ব্যবস্থা।

এই সময় 'বনফুল রচনা' নামে বহু রচনা এবং নানা পুস্তকাদি প্রকাশ। 'শ্রীমধুসূদন' ও 'বিদ্যাসাগর' নাটক রচনা। তবে এ ধরনের আরও নাটক রচনা হওয়ায় সে প্রচেষ্টা ত্যাগ। রাজনীতিতে যোগ না দিয়েও স্বাধীনতায় আগ্রহ। সুভাষচন্দ্রের প্রতি বিশেষ আকর্ষণ। অনেক স্বদেশী বিপ্লবী যুবকের সঙ্গে যোগাযোগ। 'অগ্নি' উপন্যাসে ইংরেজের অত্যাচার কাহিনী 'রাত্রি', 'বিদ্যাসাগর', 'আত্মকথা' বইগুলি দেশের যুবকদের উদ্দেশে রচিত।

সজনীকান্ত দাসের প্রচেষ্টায় ভাগলপুরে 'খোলঘুটি' বাড়ি ক্রয়।

মণিহারিতে মায়ের মৃত্যু।

সুরেশ মজুমদারের অনুরোধে আনন্দবাজার পত্রিকার পূজা সংখ্যার জন্য 'মানদণ্ড' উপন্যাস রচনা। দক্ষিণা স্বরূপ ১,০০০ টাকার জায়গায় ৭০০ টাকা প্রাপ্তি ও প্রতিশ্রুতি মতো সুরেশ মজুমদারের নিজের থেকে ৩০০ টাকা দেওয়া। কারণ এই সংখ্যায় রবীন্দ্রনাথের জন্যও সর্বোচ্চ দক্ষিণা ধার্য ছিল ৭০০ টাকা।

মহাত্মা গান্ধীর মৃত্যু। বঙ্গীয় সাহিত্য পরিষদের শোকসভায় 'হে মহা পথিক হে মহাপ্রাণ' স্বরচিত কবিতা পাঠ। এই সময়ে তেলেঙ্গানার রাজনৈতিক আন্দোলনের ভিত্তিতে 'ত্রিবর্ণ' উপন্যাসের পরিকল্পনা।

জ্যেষ্ঠপুত্রের বিবাহের পর শান্তিনিকেতনে প্রাইভেটে বি. এ পরীক্ষায় পাস। ভাগলপুরে ও সাহিত্য সম্বন্ধে শিক্ষিত হয়ে থাকা সত্ত্বেও স্বামী-স্ত্রী দুজনেই অবিচ্ছেদ্য।

মেডিক্যাল কলেজে পড়ার সময় পক্ষিতত্ত্ববিদ সত্যচরণ লাহার কাছে পক্ষী চর্চা শিক্ষা এবং পরে ইংল্যান্ড থেকে বড় অধিকার প্রাপ্ত ডাক্তার সেনগুপ্তের কাছে কার্যকরী শিক্ষা। পরে এই বিষয়ে 'ডানা' উপন্যাস রচনা।

কলকাতায় বড় মেয়ে কেতার বিবাহ। এই বছরই বিহারে বড়ছেলেকে ডাক্তারিতে অ্যাডমিশন পেয়ে ম্যাট্রিকুলেশন পাস, তবে বাঙালি হওয়ায় স্কলারশিপ না পাওয়া। তাই কলকাতায় ডাক্তারের প্রেসিডেন্সি কলেজে ভর্তি। পরে ছোট ছেলে কিরণের ম্যাট্রিক পাস ও প্রেসিডেন্সিতে ভর্তি। একই সময়ে অসীমের কলকাতা মেডিক্যাল কলেজে ভর্তি। ও কিরণের শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি। সাহিত্যিক মনোজ বসু ও শচীন মুখোপাধ্যায়ের যৌথ আগ্রহে বেঙ্গল পাবলিশার্স কর্তৃক দুই ছেলের পড়ার খরচ জোগান এবং সে কারণে এই প্রতিষ্ঠানের জন্য নানা বই লেখা।

সেই সময় সিনেমায় 'মন্ত্রমুগ্ধ' ও বিদেশের প্রশংসা এবং পারিবারিক অন্তর দিয়ে ইন্দ্রনাথ বিভূতিভূষণের অসমর্থ হীরেন্দ্রনাথ মজুমদারের সহায়তা ভাগলপুরে তাঁকে দেখানো।

৪০সালের জীবিতকালীন নিমিত্তে সাহিত্য-আকাদেমিতে সদস্যপদে যোগদান এবং তাঁদের পুরস্কার নির্বাচনের ব্যবস্থা মনঃপূত না হওয়ায় সদস্যপদ ত্যাগ।

অসমর্থ ভ্রাতু পিতাকে নিয়ে স্মৃতিকথা লেখানো এবং সেই ভিত্তিতে 'উদয়-অস্ত' উপন্যাস রচনা।

ডি এম লাইব্রেরির গোপালদাস মজুমদার কর্তৃক বনফুলের জন্য নতুন অস্টিন গাড়ি ক্রয় এবং সেই ঋণ শোধের জন্য এই প্রতিষ্ঠানের অনেক বই লেখা।

ভাগলপুরে তাঁর বাড়িতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় প্রমুখ বহু সাহিত্যিকের আগমন, তাঁদের ঘনিষ্ঠ আলাপনে ও নানারকম কৌতুককর ঘটনা।

সপরিবারে দক্ষিণ ভারত ভ্রমণ।

মণিহারিতে পিতার মৃত্যু—ফেব্রুয়ারি ১৯৪৪।

ছোট মেয়ের বিবাহের পর ভাগলপুরের বাড়ি বিক্রয়। ১৯৬৮ সালের জুন মাসে ভাগলপুর ত্যাগ।

কলকাতার কাঁকুড়গাছিতে কুমারেশ ঘোষের বাড়ির কাছেই এক বছর একটি ভাড়া বাড়িতে বাস এবং পরে লেক টাউনে বাড়ি ক্রয়।

কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদে সভাপতির পদ এবং পানিহাটির বঙ্গীয় সাহিত্য তীর্থ-র তীর্থপতি পদ গ্রহণ। কলকাতার বাসকালীন বহু রকমের পুস্তক রচনা, বিজ্ঞাপন এবং প্রতিদিন দিনলিপি 'মর্জি মহল' লেখা (১৯৭১-১৯৭২ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত।)

স্ত্রী লীলাবতীর মৃত্যু ২৭ জুলাই ১৯৭৬ সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে। লেক টাউন বাসভবনে।

বনফুলের মৃত্যু ৯ ফেব্রুয়ারি ১৯৭৯ শুক্রবার বেলা ৪টেয়। ৮০ বছর বয়সে। লেকটাউন বাসভবনে।

বনফুলের গ্রন্থপঞ্জী ও বিভিন্ন কাহিনীর চলচ্চিত্র রূপায়ণ পঞ্জী

মিত্রা মুখোপাধ্যায়

(বনফুলের গ্রন্থ ও কাহিনীর চলচ্চিত্রায়ণ তালিকা প্রকাশ কাল অনুযায়ী পরপর সাজানো হয়েছে। গ্রন্থপঞ্জীতে প্রথমে গ্রন্থের নাম, প্রকাশক, প্রকাশ কাল, গ্রন্থ পরিচয়, মূল্য এবং চলচ্চিত্রায়ণ তালিকার ক্ষেত্রে চলচ্চিত্রের নাম, পরিচালক, মুক্তির বছর, প্রযোজক এবং অভিনেতাদের নাম পরপর দেওয়া হয়েছে।)

গ্রন্থপঞ্জী

বনফুলের কবিতা॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৩৬। কবিতা সংকলন। মূল্য: ৫.০০।

তৃণখণ্ড॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৩৫। উপন্যাস। মূল্য: ১.০০।

বৈতরণী তীরে॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৩৬। উপন্যাস। মূল্য: ১.২৫

বনফুলের গল্প॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৩৬। গল্প সংকলন।

দ্বৈরথ॥ বেঙ্গল পাবলিশার্স, ১৯৩৭। উপন্যাস। মূল্য: ৩.০০।

কিছুক্ষণ॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৩৭। উপন্যাস। মূল্য: ১.৫০।

বনফুলের আরও গল্প॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৩৮। গল্প সংকলন। মূল্য: ১.৫০ টাকা।

মন্ত্রমুগ্ধ॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৩৮। নাটক। মূল্য: ২.০০।

রূপান্তর॥ মিত্র ও ঘোষ, ১৯৩৮। নাটক। মূল্য: ২.০০।

শ্রীমধুসূদন॥ ডি এম লাইব্রেরী, ১৯৩৯। নাটক। মূল্য: ১.৭৫ টাকা।

অঙ্গারপর্ণী॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৪০। কবিতা সংকলন। মূল্য: ১.৮০।

চতুর্দশী॥ ডি এম লাইব্রেরী, ১৯৪০। কবিতা সংকলন।

মৃগয়া॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪০। উপন্যাস। মূল্য: ২.০০।

নির্মোক॥ ডি এম লাইব্রেরী, ১৯৪০। উপন্যাস। মূল্য: ৩.৫০।

রাত্রি॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪১। উপন্যাস। মূল্য: ৩.০০।

বিদ্যাসাগর॥ ডি এম লাইব্রেরী, ১৯৪১। নাটক। মূল্য: ২.৫০।

ভূয়োদর্শন॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪২। প্রবন্ধ সংকলন। মূল্য: ৩.০০।

সে ও আমি॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৪৩। উপন্যাস। মূল্য: ৩.০০।

আহবনীয়॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৪৩। কবিতা সংকলন।

বাহুল্য॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৪৩। গল্প সংকলন। মূল্য: ২.০০।

মধ্যবিত্ত॥ ডি এম লাইব্রেরী, ১৯৪৩। নাটক। মূল্য: ০.৭৫।

জঙ্গম (১ম খণ্ড)॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৪৩। উপন্যাস।

বিন্দু বিসর্গ॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪৪। গল্প সংকলন। মূল্য: ২.৫০।

[illegible]॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৪৪। প্রবন্ধ সংকলন। মূল্য: ২.৭৫।

জঙ্গম (২য় খণ্ড)॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৪৫। উপন্যাস।

মূল্য: ৩.০০

জঙ্গম (৩য় খণ্ড)॥ গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯৪৫। নাটক।

কঞ্চি॥ ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৪৫। নাটক। মূল্য: ১.০০।

সপ্তর্ষি॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪৫। উপন্যাস। মূল্য: ৩.৫০।

অগ্নি॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪৬। উপন্যাস। মূল্য: ২.০০।

নঞ তৎপুরুষ॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৪৬। উপন্যাস। মূল্য: ৫.০০।

সিনেমার গল্প॥ মিত্র ও ঘোষ, ১৯৪৬। নাটক। মূল্য: ১.৭৫।

স্বপ্ন সম্ভব॥ রঞ্জন পাবলিশিং হাউস, ১৯৪৬। উপন্যাস। মূল্য: ৩.০০।

অনুগামিনী॥ মিত্র ও ঘোষ, ১৯৪৬। গল্প সংকলন। মূল্য: ২.০০।

আরও কয়েকটি॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৪৭। গল্প সংকলন।

[illegible]॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৪৮। নাটক। মূল্য: ২.৫০।

ডানা (১ম খণ্ড) ॥ ডি এম লাইব্রেরী, ১৯৪৮। উপন্যাস। মূল্য: ৪.০০।

মানদণ্ড ॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৪৮। উপন্যাস। মূল্য: ৪.৫০।

স্বপ্নসম্ভব ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৪৯। উপন্যাস। মূল্য: ৪.৫০।

করকমলেষু ॥ বেঙ্গল পাবলিশিং হাউস, কবিতা সংকলন। মূল্য: ৫.০০।

নবদিগন্ত ॥ ডি এম লাইব্রেরী, ১৯৪৯। উপন্যাস। মূল্য: ৩.৫০।

ডানা (২য় খণ্ড) ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫০। উপন্যাস। মূল্য: ৪.০০।

কষ্টিপাথর ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫১। উপন্যাস। মূল্য: ২.৫০।

স্থাবর ॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৫১। উপন্যাস। মূল্য: ৭.০০।

নদী ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫২-। গল্প সংকলন।

উত্তর ॥ বিহার সাহিত্য ভবন, ১৯৫৩। প্রবন্ধ সংকলন। মূল্য: ১.৭৫।

লক্ষ্মীর আগমন ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৩। উপন্যাস। মূল্য: ৫.০০।

বহুবর্ণ ॥ গুরুদাস চট্টোপাধ্যায় এন্ড সন্স, ১৯৫৪। গল্প সংকলন।

পিতামহ ॥ গুরুদাস চট্টোপাধ্যায় এন্ড সন্স, ১৯৫৪। উপন্যাস। মূল্য: ৯.০০।

বিষম জ্বর ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৪। উপন্যাস। মূল্য: ১.২৫।

পঞ্চপর্ব ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৪। উপন্যাস। মূল্য: ৫.০০।

ডানা (৩য় খণ্ড) ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৫। উপন্যাস।

[illegible] ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৫৫। প্রবন্ধ সংকলন। মূল্য: ৩.৭৫।

[illegible] ॥ শান্তি লাইব্রেরী, ১৯৫৫। গল্প সংকলন।

নিরঞ্জনা ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৫। উপন্যাস। মূল্য: ৫.০০।

রঙ্গনা ॥ ইন্ডিয়ান পাবলিশিং, ১৯৫৬। গল্প সংকলন। মূল্য: ২.৫০।

ভুবন সোম ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৭। উপন্যাস। মূল্য: ২.০০।

[illegible] ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৫৭। নাটক। মূল্য: ১.৭৫।

মহারাণী ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৮। উপন্যাস। মূল্য: ৩.৫০।

অনুগামিনী ॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৫৮। গল্প সংকলন। মূল্য: ৩.০০।

বনফুলের আরো কবিতা ॥ বেঙ্গল পাবলিশিং হাউস, ১৯৫৮। কবিতা সংকলন। মূল্য: ৬.৫০।

ছোটদের শ্রেষ্ঠ গল্প ॥ অনুপম, ১৯৫৮। গল্প সংকলন। মূল্য: ২.০০।

[illegible] ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৫৮। গল্প সংকলন। মূল্য: ১.৭৫।

অগ্নীশ্বর ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৯। উপন্যাস। মূল্য: ৫.২৫।

জলতরঙ্গ ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৫৯। উপন্যাস। মূল্য: ৪.০০।

নূতন বাঁকে ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৫৯। কবিতা সংকলন। মূল্য: ২.৫০।

উদয় অস্ত (১ম খণ্ড) ॥ ডি এম লাইব্রেরী, ১৯৫৯। উপন্যাস। মূল্য: ৮.৫০।

দুই পথিক ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬০। উপন্যাস। মূল্য: ২.৫০।

ওরা সব পারে ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬০। উপন্যাস। মূল্য: ২.৫০।

সপ্তমী ॥ মিত্র-ঘোষ, ১৯৬০। গল্প সংকলন। মূল্য: ৫.০০।

হাটে বাজারে ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬১। উপন্যাস। মূল্য: ২.৫০।

দূরবীন ॥ [illegible] সাহিত্য, ১৯৬১। গল্প সংকলন। মূল্য: ৪.০০।

ছোটদের ভালো ভালো গল্প ॥ শ্রীপ্রকাশ ভবন, ১৯৬১। গল্প সংকলন। মূল্য: ২.০০।

[illegible] ও আরো কয়েকটি ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬২। প্রবন্ধ সংকলন। মূল্য: ৩.০০।

বনফুলের গল্প সংগ্রহ (১ম শতক) ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬২। গল্প সংকলন। মূল্য: ৮.৫০।

কন্যাসু ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬২। উপন্যাস। মূল্য: ২.৫০।

সীমারেখা ॥ [illegible] বুক হাউস, ১৯৬২। উপন্যাস। মূল্য: ২.৭৫।

মনন ॥ বেঙ্গল এজেন্সী, ১৯৬২। প্রবন্ধ সংকলন।

মণিহারী ॥ গ্রন্থপ্রকাশ, ১৯৬৩। গল্প সংকলন। মূল্য: ৫.০০।

পীতাম্বরের পুনর্জন্ম ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬৩। মূল্য: ৩.০০।

[illegible] ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬৩। নাটক। মূল্য: ১.৭৫।

ত্রিবর্ণ ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬৩। উপন্যাস। মূল্য: ১৪.০০।

বর্ণচোরা ॥ এম সি সরকার, ১৯৬৪। উপন্যাস। মূল্য: ৯.০০।

পক্ষীমিথুন ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬৪। উপন্যাস। মূল্য: ৪.০০।

[illegible] ॥ গ্রন্থপ্রকাশ, ১৯৬৫। গল্প সংকলন। মূল্য: ৪.০০।

বনফুলের গল্প সংগ্রহ (২য় শতক) ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬৫। গল্প সংকলন। মূল্য: ৮.০০।

গন্ধরাজ ॥ [illegible], ১৯৬৬। উপন্যাস। মূল্য: ৮.০০।

মানসপুর ॥ ডি এম লাইব্রেরী, ১৯৬৬। মূল্য: ৬.০০।

তীর্থের কাক ॥ ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৯৬৬। মূল্য: ৬.০০।

এক ঝাঁক খঞ্জন॥ বাক্ সাহিত্য, ১৩৬৭। গল্প সংকলন। মূল্য: ৬.৫০।
প্রচ্ছন্ন মহিমা॥ ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, ১৩৬৭। উপন্যাস।
কিছু স্মৃতি॥ ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, ১৩৬৮। স্মৃতিকথা। মূল্য: ৪.২৫।
অধিকলাল॥ বাক্ সাহিত্য, ১৩৬৯। উপন্যাস।
[illegible]॥ [illegible] পাবলিশার্স, ১৩৬৯। উপন্যাস।
গোপালদেবের স্বপ্ন॥ উপন্যাস, ১৩৬৮।
বিন্দুবিসর্গ॥ ১৩৬৭। প্রবন্ধ সংকলন।
রূপকথা ও তারপর॥ ১৩৭০। উপন্যাস।
রৌরব॥ [illegible] পাবলিশার্স, ১৩৭০। উপন্যাস। মূল্য: ৪.০০।
নব-দিগন্ত॥ ডি এম লাইব্রেরী, ১৩৭০। উপন্যাস। মূল্য: ৫.০০।
[illegible]॥ ডি এম লাইব্রেরী, ১৩৭০। কবিতা সংকলন। মূল্য: ১২.৭৫।
তুমি॥ করুণা প্রকাশনী, ১৩৭২। উপন্যাস। মূল্য: ৩.০০।
সন্ধিপূজা॥ প্রকাশ ভবন, ১৩৭২। উপন্যাস। মূল্য: ৬.০০।
এরাও আছে॥ ডি এম লাইব্রেরী, ১৩৭২। উপন্যাস। মূল্য: ৪.৫০।
কৃষ্ণপক্ষ॥ ডি এম লাইব্রেরী, ১৩৭৩। উপন্যাস।
[illegible]॥ ডি জি পাবলিশার্স, ১৩৭৩। নাটক। মূল্য: ৪.০০।
প্রথম গরল॥ বাক্ সাহিত্য, ১৩৭৪। উপন্যাস। মূল্য: ৮.০০।

উদয় অস্ত (২য় খণ্ড)॥ ডি এম লাইব্রেরী, ১৩৭৪। উপন্যাস। মূল্য: ২২.০০।
নবীন দত্ত॥ মণ্ডল বুক হাউস, ১৩৭৪। উপন্যাস। মূল্য: ১০.০০।
ধূমাবতী॥ মিত্র ও ঘোষ, ১৩৭৪। উপন্যাস। মূল্য: ৭.৫০।
[illegible]॥ সাহিত্যম্, ১৩৭৫। গল্প সংকলন।
[illegible]॥ [illegible] প্রকাশ ভবন, ১৩৭৫। কিশোরপাঠ্য। মূল্য: ১৫.০০।
বনফুলের শ্রেষ্ঠ গল্প॥ গ্রন্থ প্রকাশনী, ১৩৭৮। গল্প সংকলন। মূল্য: ৫০.০০।
[illegible]॥ গ্রন্থম, ১৩৭৬। রম্যরচনা। মূল্য: ৪.০০।
[illegible]॥ গ্রন্থালয়, ১৩৭৬। নাটক সংকলন। মূল্য: ৬.০০।
সাত সমুদ্র তেরো নদী॥ বাণীশিল্প, ১৩৭৬। উপন্যাস। মূল্য: ৭.৫০।
বনফুলের নতুন গল্প॥ বাণীশিল্প, ১৩৭৬। উপন্যাস। মূল্য: ১০.৫০।
[illegible]॥ বাণীশিল্প, ১৩৭৮। উপন্যাস। মূল্য: ১০.০০
অলংকারপুরী॥ নির্মল বুক এজেন্সী, ১৩৭৮। উপন্যাস।
ভাষণ॥ সাহিত্যলোক, ১৩৭৮। প্রবন্ধ সংকলন। মূল্য: ২০.০০।
পশ্চাৎপট॥ গ্রন্থালয়, ১৩৭৮। আত্মজীবনী। মূল্য: ১৮.০০।
মায়াকানন॥ নির্মল বুক এজেন্সি। গল্প সংকলন। মূল্য: ৩.৫০।
হরিশ্চন্দ্র॥ শরৎ পাবলিশিং হাউস, ১৩৭৯। উপন্যাস। মূল্য: ১৫.০০।

চলচ্চিত্রায়ণ পঞ্জী

মন্ত্রমুগ্ধ॥ বিমল রায়, ১৯৪৯। নিউ থিয়েটার্স। অভিনয়াংশে: মীরা সরকার, বিপিন বসু, রেবা বসু, কালী সরকার, তুলসী চক্রবর্তী প্রমুখ।
মানদণ্ড॥ রতন চট্টোপাধ্যায়, ১৯৫৩। বীরেন দত্ত। অভিনয়াংশে: মনোরঞ্জন ভট্টাচার্য, চন্দ্রা দেবী, ছবি বিশ্বাস প্রমুখ।
বৈতরণী॥ রতন চট্টোপাধ্যায়, ১৯৫৫। মিলন দত্ত। অভিনয়াংশে: বীরেশ্বর সেন, পাহাড়ী সান্যাল, মমতা সরকার প্রমুখ।
একটি রাত॥ চিত্ত বসু, ১৯৫৬। বঙ্কিম পিকচার্স। অভিনয়ে: উত্তমকুমার, সুচিত্রা সেন প্রমুখ। (মূল গ্রন্থ: [illegible])।
কিছুক্ষণ॥ অরবিন্দ মুখোপাধ্যায়, ১৯৫৯। এম পি প্রোডাকশনস। অভিনয়ে: অসীমকুমার, জাহ্নবী দেবী, দীপেন বসু, সোমা সেন, গঙ্গাপদ বসু, রবি ঘোষ প্রমুখ।
বর্ণচোরা॥ অরবিন্দ মুখোপাধ্যায়, ১৯৬৩। এম পি প্রোডাকশনস। অভিনয়ে: কালী বন্দ্যোপাধ্যায়, বিকাশ রায়, অনুপ মুখোপাধ্যায়, সুমিত্রা সান্যাল প্রমুখ। (মূল গ্রন্থ: [illegible])।
আলোর পিপাসা॥ তরুণ মজুমদার, ১৯৬৫। [illegible]। অভিনয়ে: সন্ধ্যা রায়, বসন্ত চৌধুরী, অনুপকুমার প্রমুখ।
অর্জুন পণ্ডিত॥ ঋষিকেশ মুখোপাধ্যায়, ১৯৬৫। [illegible]। মুখ্য ভূমিকায়: সঞ্জীব কুমার। (হিন্দি)।
হাটে বাজারে॥ তপন সিংহ, ১৯৬৭। নেপাল দত্ত। অভিনয়ে: অশোককুমার, বৈজয়ন্তীমালা, অজিতেশ বন্দ্যোপাধ্যায়।
ভুবন সোম॥ মৃণাল সেন, ১৯৬৯। মৃণাল সেন। অভিনয়ে: উৎপল দত্ত, সুহাসিনী মুলে। (হিন্দি)।
অগ্নীশ্বর॥ অরবিন্দ মুখোপাধ্যায়, ১৯৭৫। [illegible]। অভিনয়ে: উত্তমকুমার, মাধবী মুখার্জী, অসিতকুমার, সুমিত্রা মুখোপাধ্যায়, দিলীপ রায়, কাজল গুপ্ত, নন্দিনী মুখোপাধ্যায় প্রমুখ।
মন্ত্রমুগ্ধ॥ অরবিন্দ মুখোপাধ্যায়, ১৯৭৭। কে এস ফিল্মস। অভিনয়ে: উৎপল দত্ত, সৌমিত্র চট্টোপাধ্যায়, সাবিত্রী চট্টোপাধ্যায়, সুমিত্রা মুখোপাধ্যায়, রবি ঘোষ, সোমা সেন প্রমুখ। (পুনর্নির্মাণ)।
পাকা দেখা॥ অরবিন্দ মুখোপাধ্যায়, ১৯৮০। রঞ্জিত মিত্র। অভিনয়ে: মহুয়া রায়চৌধুরী, উৎপল দত্ত, তরুণকুমার, রেবা ঘোষ, রবি ঘোষ, সন্তোষ দত্ত, সোমা সেন প্রমুখ।
তিলোত্তমা॥ দীনেন গুপ্ত, ১৯৭৮। অজয় বসু। অভিনয়ে: রঞ্জিত মল্লিক, সুমিত্রা মুখোপাধ্যায়, উৎপল দত্ত প্রমুখ।
[illegible]॥ [illegible] ঘোষ, ১৯৯৬। এন এফ ডি সি। অভিনয়ে: শাবানা আজমী, নীনা গুপ্তা, কুলভূষণ খারবান্দা, পরেশ রাওয়াল প্রমুখ। (হিন্দি) (মূল গল্প: [illegible])।
এছাড়া বনফুলের জীবনভিত্তিক 'অন্তরালে বনফুল' নামে একটি তথ্যচিত্র তৈরি হয়েছিল। তথ্যচিত্রটি পরিচালনা করেছিলেন বিজন দাশগুপ্ত। প্রযোজক ছিলেন নিরঞ্জন মুখোপাধ্যায়।

রুচিশীল ও মনের মত বিভিন্ন স্বাদের বই পেতে হলে কলকাতা পৌরসংস্থার প্রকাশিত বই পড়ুন ও পড়ান

ছোটদের জন্য

আমাদের বিদ্যাসাগর

আমাদের সুভাষচন্দ্র

সাধারণের জন্য

মুক্তি সংগ্রাম ও কলকাতার পার্ক

C. V. Raman Birth Centenary Issue

Anthology Number 1924-1947

Netaji Birthday Com. Vol. Cent. eve-tribute

C. M. Gazette-Netaji Centenary Issue

Mayors of Calcutta

Calcutta-a Glimpse

Calcutta-a set of Pictures

Calcutta at a Glance

C. M. C. Year Book	২৫.০০
Compendium on Assessment & Collection	২০০.০০
Building Permit Manual	২০০.০০

কলকাতা সম্বন্ধে বিশদ জানতে হলে পুরতথ্যসমৃদ্ধ পুরশ্রী নিয়মিত পড়ুন ও পড়ান

উল্লিখিত বইগুলি কলকাতা পৌরসংস্থার তথ্য ও জনসংযোগ বিভাগ এবং
রেকর্ড বিভাগের কাউন্টারে সারা বছর পাবেন।
তথ্য ও জনসংযোগ বিভাগ
১, হগ স্ট্রিট, হগ বিল্ডিং, কলকাতা-৭০০ ০৮৭

সামান্য কিছু সতর্কতা

ম্যালেরিয়া

তাড়াতে পারে

- জ্বর হলেই রক্ত পরীক্ষা করান ও পুরোমাত্রায় ওষুধ খান
- ম্যালেরিয়ার মশা কেবল পরিষ্কার জলে জন্মায়—খোলা চৌবাচ্চা, হাঁড়ি-কলসি বা ড্রামে ধরা জল সপ্তাহে কমপক্ষে একদিন পরিষ্কার করুন
- বর্ষার জল বাড়ির ছাদে বা আনাচে-কানাচে জমতে দেবেন না
- জলের ট্যাঙ্ক ঢেকে রাখুন যাতে মশা ঢুকতে না পারে
- শোয়ার সময় অবশ্যই মশারি টাঙান

॥ ম্যালেরিয়া জীবন নেয় সাবধানের মার নেই॥

তথ্য ও জনসংযোগ বিভাগ
কলিকাতা পৌরসভা

কলকাতা পুরশ্রী

জীবনানন্দ সংখ্যা

নাগরিক পরিষেবা অক্ষুন্ন রাখতে বকেয়া কর অবিলম্বে মিটিয়ে দিন

জলই জীবন—এর অপচয় রোধে সক্রিয় সহযোগিতা করুন

আবর্জনা নির্দিষ্ট স্থানে সঠিক সময়ে ফেলুন

কলকাতা আমার—আপনার। এর ঐতিহ্য বজায় রাখার দায়িত্ব আমাদের সবারই

কলিকাতা পৌরসংস্থা

কলকাতা

পুরশ্রী

[illegible] সংখ্যা | ২২ বর্ষ | ১৫ ডিসেম্বর, ১৯৯৯

জীবনানন্দ সংখ্যা

বিষয়সূচি

[illegible]

শতবর্ষের কবি জীবনানন্দ ● [illegible]

[illegible] ● সমরেন্দ্র সেনগুপ্ত

জীবনানন্দ [illegible] ● প্রভাতকুমার দাস

[illegible]

● সৈয়দ হাসমত জালাল

[illegible] ● [illegible]কুমার [illegible]

[illegible] ● [illegible] বন্দ্যোপাধ্যায়

[illegible] ● [illegible] ঘোষ

[illegible] ● [illegible] চক্রবর্তী [illegible]

[illegible] ● [illegible] চক্রবর্তী

[illegible] ● [illegible] চক্রবর্তী [illegible]

[illegible] ● প্রভাতকুমার দাস

প্রচ্ছদ : শিবশংকর ভট্টাচার্য

সহ সম্পাদক : প্রসাদ সেনগুপ্ত

সহযোগী : অরুণকুমার রায় ও সোমা বন্দ্যোপাধ্যায়

মূল্য : ৮ টাকা

সম্পাদক : অমলেন্দু ভট্টাচার্য

[illegible]


পরিবেশগত দিক থেকে কলকাতা ভারতের সবচেয়ে
নিরাপদ বাসযোগ্য মহানগরী।
নগর সভ্যতায় পরিবেশ সংরক্ষণ আজ অত্যন্ত জরুরী।
এই শহরকে দূষণমুক্ত করতে আমরা সর্বদাই সচেষ্ট।
এই কাজে চাই নাগরিকদের সচেতন প্রয়াস ও
আন্তরিক সহযোগিতা।
কলিকাতা পৌরসংস্থা

সম্পাদকীয়

রবীন্দ্রনাথ নজরুলের পর কবি জীবনানন্দ দাশ বাংলার অতি প্রিয় কবি। যত দিন যাচ্ছে তত তিনি নতুনভাবে আবিষ্কৃত হচ্ছেন। বাংলার রূপ-রস-গন্ধ-মাটি ভালবেসে কবি বাংলার প্রকৃতিপ্রেমে নিমগ্ন হয়েছিলেন। সভ্যতার আদি লগ্ন থেকে মানুষের প্রকৃতিলগ্নতা, ইতিহাসবোধ, মানুষী ভাবনা-চিন্তা কবির কাব্যে এক আশ্চর্য জীবনবোধ গড়ে তুলেছে। আবহমানকালের হাজার বছর ধরে চলে আসা মানুষের পদধ্বনি শুনতে পাওয়া যায় তাঁর কবিতায়। আম, জাম, হিজল গাছের ছাওয়ায়, বক-চিল-শালিখের ভিড়ে, রাতের আকাশের নক্ষত্রমালায়, ধানসিঁড়ি-জলঙ্গী-পদ্মার ঢেউ-এ আমরা চিরকালই তাঁকে অনুভব করব।

কবির শতবর্ষে তাই আমাদের পত্রিকার পক্ষ থেকে তাঁর মূল্যায়নের ক্ষুদ্র প্রয়াস এই বিশেষ সংখ্যা। কবির বৈচিত্র্যময় জীবনের নানা দিককে স্পর্শ করার চেষ্টা করা হল কয়েকটি প্রবন্ধে। এই বিশেষ সংখ্যাটি প্রকাশ করার জন্য আমরা বিশেষভাবে কৃতজ্ঞতা জানাই 'বিভাব' পত্রিকা গোষ্ঠীকে।।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] বাঁচো না!

[illegible] বাঁচো না!

[illegible] বলিতে পারে!

[illegible]

[illegible]

কে বলিতে পারে আজ! — [illegible]

কে বলিতে পারে আর? — [illegible]

কে বুঝিতে চাহে আর! — [illegible]

[illegible] বলিতে পারে [illegible]!

[illegible]

[illegible]! — [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

সময়গ্রন্থির কবি জীবনানন্দ

সরোজ বন্দ্যোপাধ্যায়

ধূসর পাণ্ডুলিপি-র বেশিরভাগ কবিতায় ফুলের প্রসঙ্গ প্রায় অনুপস্থিত। ইয়েটস্ যে অর্থে ফরাসি ওয়েলেসলিকে বলেছিলেন, Why can't you English poets keep flowers out of your poetry?—কবি জীবনানন্দের এই ফুল-বিমুখতার সঙ্গে সে অর্থের কোনও সম্পর্ক নেই। এই অনুপস্থিতি একটা তাৎপর্যপূর্ণ সত্য। আমরা যখন রবীন্দ্রনাথ-সত্যেন্দ্রনাথ দত্তদের সৌরভময় এবং পুষ্পভারের পরিমণ্ডল পেরিয়ে সেই ধূসর প্রান্তরে প্রথম প্রবেশ করলাম তখন সন্ধ্যা ঘনিয়ে এসেছে। যে সন্ধ্যায় মনে হয়, পৃথিবীর কপালের সূর্যের ক্ষত, এ সন্ধ্যা সে সন্ধ্যা নয়। এ হেমন্তের সন্ধ্যায় যেন কোনও দুটি অন্ধকারের কাঠে পাওয়া গেল। তাই ধূসর পাণ্ডুলিপিতে কবিতার ধরিত্রী স্বাভাবিকভাবে ফুলের বাগান ফোটেনি বললেই হয়। ফলিত এক ভাবটি পার্থিব ফুলের বিমুক্তিকে যেন শুধুই মানা প্রকাশি। নতুন ধূসর পাণ্ডুলিপি-তে ফুল নেই। ফুল নেই সে সন্ধ্যায়—সে আত্মবিশ্ব অন্ধকারকে মৃত হেমন্তের ফুলের মতো বিবর্ণ নক্ষত্রেরা ফুটে উঠেছে। জীবনানন্দের সমগ্র কবিজীবনে আগাগোড়াই জীবনানন্দ শুধু হেমন্তের কবি নন—হেমন্ত সন্ধ্যার কবি। কেবলমাত্র হেমন্তের অনুষঙ্গ, অন্তত যতদূরে নিছকই বিষণ্ণতাবাচক নয়। হেমন্তের অনুষঙ্গে কখন যেমন আমাদের আনন্দই বাঙালী কৃষকের মনে জাগিত। কিন্তু হেমন্ত সন্ধ্যার বিষণ্ণতাকে জীবনানন্দ অন্যতর অর্থে নিযুক্ত করতে পেরেছেন। বিশ্বব্যাপী যে প্রাণ বাঙালি যুবকেরও উত্তাপ ও উৎসাহকে ঘুচিয়ে দিয়েছিল জীবনানন্দের হেমন্ত-সন্ধ্যা ক্রমাগত সেই বিষণ্ণতার প্রতীক। আর বর্তমানের অর্থে ধূসর পাণ্ডুলিপিতে ক্রমশই একটা কথা স্পষ্ট হয়ে উঠেছে যে জীবনানন্দ মানুষের বিপন্ন সৌন্দর্যবোধের কবি। আক্ষরিকভাবে মানুষের প্রতীককে যদি বেশি গুরুত্ব দেওয়া যায় তাহলে আমাদের বিপন্ন সৌন্দর্যবোধের প্রসঙ্গটি বাংলায় কথা হবে সম্ভবত জীবনের উপপ্রান্তের কথা ওঠে। কিন্তু এ সৌন্দর্যবোধের বিপন্নতার ইতিহাস আছে। হয়তো তার সঙ্গে জড়িয়ে আছে রোমান্টিকতার ভাবপ্রবণতার শেষ; জড়িয়ে আছে বিশ্বযুদ্ধের পরবর্তী ব্যক্তির আত্মস্মৃতির অভিজ্ঞতা, জড়িয়ে আছে ক্রমবর্ধমান আত্মসংশয়ের ফলে সমগ্র ব্যক্তির আত্মস্মৃতির অভিজ্ঞতা, জড়িয়ে আছে ক্রমবর্ধমান আত্মসংশয়ের ফলে সমগ্র ব্যক্তির নৈঃসঙ্গ্যের চেতনা। হয়তো শেষ পর্যন্ত এই সবকিছুরই ফলে কবিচেতনার ভেতর এক উপলব্ধির সৃষ্টি প্রথম হয়েছে—বাংলাকাব্যের মন আজকে ছিন্নমূল হয়ে নয়। কবি জীবনানন্দের মধ্যে মানুষের সেই বিপন্ন সৌন্দর্যবোধের চেতনা নক্ষত্রের প্রতীকে রূপ খুঁজে নিয়েছে। 'যেদিন সরিয়া গেলে নিঃস্ব মৃত্যু আসবে', আর সায়ংকাল মানু চিত্রলেখাদিনী, ছল-ছোঁয়া-হাতে ঝিনুক-ঠাণ্ডা মেয়ে সেই চেতনারই ইঙ্গিত নিয়ে পথে দেখা দিয়েছে।

বিষণ্ণ হেমন্তের যে অন্ধকার ক্রমশ বাড়তে থাকে মানুষের এবং সভ্যতার প্রতিদিন নিরাশা-উদাসীনতার দ্বারা, সে-অন্ধকার, সন্দেহ-বাহিত আত্মসংশয়ের যে ঘূর্ণাবর্ত কিছু, তার বিস্তারের কোনও অন্ত নেই। এ অন্ধকারে নক্ষত্রই একমাত্র আশ্রয়। রবীন্দ্রনাথের সূর্যের আলোয় যে আলোক সৌন্দর্যচেতনা শতধা প্রকাশের পথে বিকীর্ণ হয়েছে, আলোছায়ার বিচিত্র আলপনা এঁকেছে, জীবনানন্দীয় জগতে সে প্রভাব নেই—থাকার কথাও না। অন্ধকার সেখানে সর্বব্যাপী, দূরাগত কম্পমান নক্ষত্রটুকুই সেখানে সম্বল। তখন আমরা কেউ কেউ জেনেছি যে সূর্যের আলোকে সেখানে জীবনের প্রাণ পাই সত্য নয় নক্ষত্রের আলোকেই সেই অন্ধকারকে যথাসম্ভব এড়াতে হবে। এই নক্ষত্র প্রেমের প্রতীক, এই নক্ষত্র শান্ত জীবনের প্রতীক, এই নক্ষত্র ক্লান্ত মানুষের সন্ধ্যার নিজের কাছে (নীড়ে) ফিরে আসার প্রতীক

বুদ্ধদেব বসুর 'আধুনিক-র এই তন্দ্রাময় নক্ষত্রকে দেখলে একথা মনে না হয়ে পারে না যে জীবনানন্দ যতটা নূতন চেতনার উদ্বোধক কবি, তার চেয়ে তিনি অনেক বেশি পুরাতন চেতনার বিস্তারক কবি। বৌদ্ধদের মতোই মানুষের সংস্কারের বিস্তারকে জীবনানন্দ উপলব্ধি করেছেন। তাঁর শব্দচিত্র-রচনায় জীবনের অনুভবে স্মৃতি দুঃখ, কিন্তু দুঃখ।

(১) বাতাসে 'ঝিঁঝিঁর গন্ধ...বৈশাখের প্রান্তরের সবুজ বাতাসে;
নীলাভ নোনার বুকে ঘন রস গাঢ় আকাঙ্ক্ষায় নেমে আসে;

(২) চারিদিকে দেখিয়াছি যেমনমুখরে,
অন্ধকারে ব'সে আমি দেখিয়াছি যেমনমুখরে,
চুপ ক'রে দেখিয়াছি যেমনমুখরে;

নীলাভ নোনার বুকে রস ঘন হয়ে আসে, অথবা 'যেমনমুখ' শব্দটির প্রয়োগ নিঃসন্দেহে সেই রূপ প্রকাশনে বুদ্ধদেব বসুর দেখেছেন শরীরিকতা। কিন্তু এ শরীরিকতাকে কোনও মতেই শব্দচিত্রগতভাবে বলা যাবে না। বরং একে বলা যাবে শব্দচিত্রের স্মৃতিসঞ্চরতা। উদ্ধৃত অংশ দুটিতে শব্দচিত্রগতভাবের প্রকাশ যতটা পরিস্ফুট তার চেয়ে বেশি ফুটে উঠেছে শব্দচিত্রের আকুলতা। জীবনের অন্তরতম সত্যকে লেখে চায় যেখানে যে কাব্য স্মৃতি এক অস্পষ্ট আকুলতায় ভর দেয় এই আকুলতা সেই জাতীয়। এখানেও সন্ধ্যার স্মৃতি অনিবার্য আত্ম-প্রসঙ্গ হিসাবে দেখা দিয়েছে। এই সন্ধ্যার অন্তর্লোকেই ফুটে উঠেছে জীবনানন্দের নক্ষত্রেরা।

(ক) তুমি আর আমি
উঠো যেন ঝিনুকের মত বুকে থামি
সেইখানে ঝরে পড়ে
যেখানে সমস্ত রাত্রি নক্ষত্রের আলো পড়ে ঝরে।

(খ) মানুষের অন্তরের অন্তরে—বুকের ভিতর
সমুদ্র ডাকিয়া যায়;—নক্ষত্রের সাথে কত কথা
যখন নক্ষত্র শুধু আকাশের অন্ধকার রাতে—
তখন হৃদয়ে জাগে নতুন সে এক কবিতার
তাই সাথে সেই উচ্চ আকাশেতে যাই যে অন্তরে
জোনাকির মেতে যেন, নক্ষত্রের মত ঝরে নক্ষত্রের সাথে।

(গ) জীবন পুড়িয়া যায়—আকাশের অন্ধ পুড়ে যাই
আকাশে নক্ষত্র হয়ে জ্বলিবার মত শক্তি—শুধু শক্তি চাই।

(ঘ) তোমার পায়ের 'পথ যেন ঝরে যাই'
আমার এ নক্ষত্রের মতো!

—আমি শুধু—তীর জলের মত পা তোমার চলে;—
প্রসঙ্গত রবীন্দ্রনাথের গানগুলিতে যে অন্ধকার এবং নক্ষত্রের ছবি ও প্রতীক ব্যবহৃত হয়েছে তার সাথে জীবনানন্দের নক্ষত্র প্রসঙ্গের অমিলটুকুও লক্ষণীয়।

তরুণ জীবনানন্দ

(ক) যখন রাত্রি আঁধার হবে
হৃদয়ে মোর গানের তারা উঠবে ফুটে সবে সবে॥

(খ) প্রভু তোমার বীণা যেমনি বাজে
আঁধার মাঝে অমনি ফোটে তারা।

(গ) আমায় না বলা বাণীর ঘন যামিনীর মাঝে
তোমার ভাবনা তারার মত বাজে।

(ঘ) আঁধারের মাঝে মাঝে পড়ল তব
সারারাত ফোটাক তারা নব নব।

রবীন্দ্রনাথের গানে 'তারা' এক নিঃসংশয় আশ্বাসের বার্তাবহ। অন্ধকারের পরতের ইঙ্গিত রয়েছে তাঁর নক্ষত্রাবলিতে, তাঁর নিশীথ আকাশের তারার মেলায়। জীবনানন্দের নক্ষত্রের ভিতরে এই আশ্বাসের প্রেরণার চেয়ে আশ্বাসের জন্য কবির আকুলতাই ফুটে উঠেছে বেশি। সেখানে নক্ষত্রের ইঙ্গিত অপেক্ষা তার শুধু প্রকাশটিই প্রধান কথা। তাই বুদ্ধদেবের আলোচনা কবি-পরিচিতির প্রথম চরণ যতটা সত্য, (সে পথ নির্জন যে পথে তোমার যাত্রা,) এই কবিতাটির শেষাংশে—(একটি কলস্ক তারা আকাশের কলস্ক কপালে যেন এঁকে যায় সেই পথ...)—ততটা জীবনানন্দের কবিত্বের পরিচয়বাহী হয়নি। আকাশের কলস্ক তারা জীবনানন্দের নয়। সে আকাশ অধিকাংশ সময়ে কুয়াশায় আকুলিত এবং চাঁদতারা হারানো। নক্ষত্র সেখানে মৃত্যুর সংকেত।

নক্ষত্রের আলোকের রাস্তায় যে সন্ধ্যাকে জীবনানন্দ উক্ত কবিতায় পথ করে দেখেন সেই সন্ধ্যাই আশ্রয়হীন জীবনানন্দ সৃষ্টি করেছেন উপ জাত এক পুনর্জন্মকামী কথা-প্রসঙ্গ। এ কথা-প্রসঙ্গ এক নীড়। এখানেও দেখা যাবে যে-নীড় রবীন্দ্রনাথের সে-নীড় জীবনানন্দের নয়। রবীন্দ্রনাথ নীড়ের প্রতি মমতাসম্পন্ন নন। রবীন্দ্রনাথের আকাশ-নিলয়ের যে অর্থ-গৌরব তারই বিপরীত আশ্রয় 'নীড়' শব্দটিতে ধরিয়ে। প্রেমপাত্রীকে চিরবিদায় দেবার মুহূর্তেও তাই রবীন্দ্রনাথের 'বলাকা' কাব্যে নীড়-ছাড়া পাখির প্রতিভূরূপে নিজেকে বিদায় জানান যদি খুঁজে পায়। 'নীড় ছেড়ে পাখি যায়/ সম্মুখে আকাশ রবে/ বিদায়বেলে বুক ভরি দোলে'—আটপৌর অংশ এ প্রসঙ্গে স্মরণীয়। কিন্তু জীবনানন্দ যে নীড়-প্রসঙ্গ সৃষ্টি করেন সে নীড় আকাশে অস্থির-অক্ষম। জীবনানন্দের সৃষ্টি সন্ধ্যার মধুর-বাতি সেই নীড়। অসহায় পরিবেশের দেয়ালে বিবর্তিতনির্মিত প্রাচী, নীড়ের জন্য বিধুর বেদনাকে জানিয়ে। এখানে আমরা স্মরণীয় যে রবীন্দ্রনাথের আকাশ-নিলয়ের চেতনাটির কাছে ব্যক্তির ব্যক্তির অসহায়তার সঙ্গে জড়িতবদ্ধ। পরবর্তী প্রথম মহাযুদ্ধের পরে উনিশের শতকের অবক্ষয়ী যুগের সেই ব্যক্তির আশ্রয় নানা বিপর্যয়ে ছিন্ন হয়ে গেছে। জীবনানন্দ এই সময়ের শান্তি নিভৃতির সন্ধান প্রায় কুলায়সম নীড়ের কল্পনা করেছেন। নীড় নক্ষত্রের মতোই কবির আবেগের, স্মৃতির, কল্পনার আশ্রয়। যেখানে প্রত্যক্ষভাবে 'নীড়' শব্দটির ধ্বনি সেখানেও প্রত্যাবর্তনের প্রসঙ্গ বা অনুষঙ্গে প্রসঙ্গ নীড়ের আবহবিধানকে প্রশ্রয় দিয়েছে। যেমন:

(ক) অন্ধকারের অন্তরে যেন নড়—

জানালার মাঝখানে অঙ্গন করে

ভাবনার সন্ধ্যার আলো শেষ হয়

হৃদয়ে নদীর মতো সুর তুলে অন্য এক ঘ্রাণ—অবসর—

আমাদের ঘেরে শব—তুলে শব অন্ধকারের প্রায় মাথা—

অবসন্ন হয়।

(খ) পুকুরের পাড়ে হাঁস সন্ধ্যার আঁধারে

পেয়েছে ঘুমের ঘ্রাণ—মেয়েলি হাতের স্পর্শ

লয়ে গেছে তারে।

(গ) সন্ধ্যায় কাকের মতো আকাঙ্ক্ষায় আমরা ফিরেছি ঘরে।

(ঘ) সূর্যের আলোয় পড়ে নক্ষত্রের মতো আলো জ্বেলে

সন্ধ্যার অন্ধকার নিয়ে দিন তার পেয়েছে সে ঘুম অবশেষে।

(ঙ) আকাশে জ্যোৎস্না হলো চাঁদের আকাশ দিয়ে ছেড়ে

চলে যাই; কোন এক বন্ধ ঘরে অন্ধকারে ঢিলে?

পাখির বাসার মত আমাদের দিয়েছে সে ছেড়ে

আরো অন্ধকারের দিকে—অন্তরায়—

অনেক অনেক অন্ধকারের দেশে।

এই সব এক একটি রূপসী বাংলার নীড়—বস্তুত আর কবিতাগুলির কথা এবং ধূসর পেন কাব্যগ্রন্থের নীড় প্রসঙ্গকে যদি আমরা স্মরণ করি তাহলে একথা দৃঢ় ভাবেই পরিণত অব

যে জীবনানন্দের কল্পনায় প্রথম আশ্রয় সন্ধ্যার নীড়। অথচ জীবনানন্দ জানেন এ নীড় নিরাপদ নয়ে উদাসীন এক নিষ্ঠুর পৃথিবী যাতে অনেক সহজে ছেড়ে যায়।

(চ) —মধুকর তারা যায়

নিভিয়ে দিয়েছে ঝিকে—পথের উপর

পাখির ডিমের খোসা ঠান্ডাকড়কড়—

(ছ) একটি হয়ে গেছে কবে যেন ফেলে যায়

গাছে আছে বা

পাতা ফুটি তারা ছিঁড়—সাদের খোসার নীড় নীড়

তাই এ মৃত্যুর নিরাপত্তা নয় যে নীড়ের আশ্রয়ে পাখি এবং পাখির জীবনের অনিশ্চয়তার মৃত্যুকে বাধ, তাতেও বাসের মৃত্যুকে চরিত্রের প্রথম জীবনানন্দের কবিজীবনের প্রথম অধ্যায়ে এক চমৎকার বৃত্ত-বলয়ের সৃষ্টি করেছে:

ধূসর পাণ্ডুলিপি-র কাব্যের এবং বনলতা সেন-এর কিছু কবিতা দুটি এই সূত্রে পৃথকভাবে স্মরণীয়। দুটি কবিতাতেই মৃত্যুর একটি বিষণ্ণ পরিবেশ সৃষ্টি করা হয়েছে। জীবনানন্দের কবিতার অস্তিত্বের যে প্রবণতাটুকু অনুভব করা যায় তার সূত্রপাত এখানে। তবু এ বিষয়ে অবশ্যই যে জীবনানন্দের কবিচেতনার মৃত্যু-চেতনা শেষ পর্যন্ত অবিনাশ্য বিস্তার করতে পারেনি। মৃত্যুতে জীবনানন্দ যে পৃথিবী দেখেছেন তা অস্তিত্ব-বর্জিত সৃষ্টি নয় বলেই একটি ঘটেছে। জীবনানন্দ মানুষকে 'মহা-জীবনের' মাধ্যমে অকালে বিচ্ছিন্ন এক সত্তা বলে মনে করেছেন বটে, কিন্তু তাকেই মৃত্যুর হলে শেষ পর্যন্ত মেনে নিতে পেরেছেন এ আশায় যৌক্তিকতা মেনে নেওয়া যায় না। এ কথার প্রকাশবহনেই উল্লেখ করা দরকার 'বনলতা সেন' কাব্যগ্রন্থের 'সুচেতনা' কবিতাটি:

এই পৃথিবীর রণে রক্তে সফলতায় সত্য বটে কখন এসেছি

বা এসেছি আলো হয় অনুভব করে;

এসে যে গভীরতর লাভ হল সে সব বুঝেছি

শিশির শরীর ছুঁয়ে সমুজ্জ্বল ভোরে;

ঊদ্বেগ অন্তের শেষ পথে যে উপলব্ধি তা কিছুতেই মানুষের নিরবচ্ছিন্ন অধিকার নয়। মানুষের চেতনার অভাবিতার অবশ্য এখনো দ্বিতীয়। কিন্তু হাল পরে যেখানে সেই চেতনারই সমাহরণ। তাই সেই প্রেমের প্রতীক যে নারী সে সুচেতনা। বনলতা সেন কাব্যগ্রন্থে 'আমি' ধূসর পাণ্ডুলিপি-র 'আমি' অপেক্ষা সত্তার পরিচয়ে অনেক বেশি স্পষ্ট হয়েছে। 'ধূসর পাণ্ডুলিপি'তে যে ছিল প্রতীক্ষায়—'বনলতা সেন'-এ সে নিজের পরিপূর্ণ অস্তিত্বের আত্মচেতনা সম্বন্ধে সচেতন। কিন্তু এ প্রসঙ্গে 'আমি পথ হাঁটিতেছি'র কথায় যেতে হবে যেখানে 'সেদিনের এক একা একটি পৃথিবী আমি খুঁজে নিতে/ কেন যেন; অথচ আমি জানিনাকো হাজার হাজার বছর ধরে'। তাই 'বনলতা সেন'-এ পথিক এক কবিকে প্রায় দেখেন সমগ্রতার সাধিকার অন্তরালে দুর্লভ অধিক মহিমা। হাতে হাতে যুগযুগান্তরের মুক্তগুলি নিয়ে-ধাওয়া মানুষগুলির কথা মনে পড়েছে। অনুরূপতি সেই সব অভিজ্ঞতার দুঃখের ছায়া তাদের আলিঙ্গ হয়েছে বিচ্ছিন্নতা, শেষ পর্যন্ত তার এক সত্তা খুঁজে পেতে চেয়েছে। এই সমাসমতা-বিমুখ 'বনলতা সেন'-এর কবিকল্পনার উপলব্ধি:

> মানুষ কাটিয়ে রাত—প্রাণ সেই নিরত উজ্জ্বল
> উদ্বেগের পরিধিতে জল কোনো সাগরের জল।

সেই সাগরেরই সন্ধ্যা সুচেতনা—যার অপর নাম; 'মানুষের মতো এক-মানুষীর পবিত্র হৃদয়।' কিন্তু কবিচিত্তের এই অন্বেষণ জীবনানন্দের দুটি ঘটনা প্রাসঙ্গিক পরিচিতিতেই প্রাপ্ত হবে। এই দুটিই পরিণতি পেয়েছে বনলতা সেন পেরিয়ে 'বেলা অবেলা কালবেলা'য়। তবে ধূসর পাণ্ডুলিপি ও সেই উক্তির সাযুজ্যতা তার নেই। 'বেলেমানুষ' শব্দ 'অভিমন্যু'। এই মহিমা তিনি মনস্তাত্ত্বিককে স্পর্শ করেছেন—তিনি অপূর্ব শব্দ রচনা করেন প্রত্যেক মনস্তত্ত্বে, তাঁর শক্তিতেই প্রতিষ্ঠা করা হয়েছে। এই বেদনা আত্মশীলতায় পড়া দুঃখময় হয়ে 'বেলা অবেলা কালবেলা'র অভিমানী সাম্প্রতিক নক্ষত্র শব্দের ব্যঞ্জনাগত পরিবর্তন ঘটিয়েছে।

ধূসর পাণ্ডুলিপি থেকে বনলতা সেন পর্যন্ত দুটি পর্যায়ে জীবনানন্দের কবিতায় এক বিশেষ বড়ো প্রাধান্য লক্ষ্য করা যায়। 'ঝরাপালক হতে' বা তার পরেও দু একটি কবিতা বাদ দিলে এই সময়ের জীবনানন্দের অধিকাংশ কবিতায় পাঠ-রচিত প্রতিক্রিয়ায় এক বিষয় পরস্পর নারীকেন্দ্র শেষ দুঃখের আবহাওয়া, ও অনুভূতি তুলিত হয়ে যায়। যেন শুধু কোনও পথ পরমবিশ্রামী মাধ্যমের আত্মনিবেদনকে জানা গেল, যেন অপরিহার্য নিরর্থকতাকে মেনে নিতে হল—তাদের কাছে আমি বিষয় অনুভবেছি। আমার মনস্তত্ত্বকে উপেক্ষা করে কথাগুলি নীরব প্রেমকেন্দ্রিক উদ্দেশ্যে বিনা প্রয়োজনে অন্তরালে গুমিয়ে দেওয়া হয়েছে। এক একটি কবিতা আছে যাকে মনে হয় কোনও আত্মজিক কাহিনীর সোপান। ধূসর পাণ্ডুলিপির 'পরিণ মৃত্যু পরে', বনলতা সেন-এর 'দুটি মৃত্যু পরে', 'ধান কাটা হয়ে গেছে', 'আকাশ নদী শুধু খেলা করে' এবং 'আবার আসিব'এ কাহিনী কবিতা। এই দুটি গ্রন্থের কবিতায় আত্মার কাঁদিয়ে রয়েছে এক সমাপ্তি বোধ। ধূসর পাণ্ডুলিপি-র নক্ষত্র প্রান্তরের সেই কলাপ। সমাপ্তিবোধের প্রতিধ্বনি। সন্ধানী হিসেবে দেখা দিয়েছে কখনও বিষাদ, কখনও ক্লান্তি, কখনও বা শান্তির নিশ্চিন্তি। এই সমাপ্তি বোধের পিছনে রয়েছে অধিক প্রাচীন অবচেতন। সময় কিছুক্ষণ তিনি তাঁর অন্তর-ভূমির আড়ালে অন্তর্গত পথে দিয়েছেন। এর পরেই জন্মান্তর সমাপ্তি ঘটেছে। যে সমাপ্তি-বোধ জীবনানন্দের কবিতায় 'বনলতা সেন' কাব্যগ্রন্থে কখনও কখনও ক্লান্তির সুরও বাজিয়েছে তারও মূলকথা এই জীবনের সমাপ্তি। নায়ক বলেছেন—আমার জন্য শেষ হয়েছে এই কাহিনী, যে অভিনয় থেমে গেলে সাধ আর আমার নেই।

সুতরাং কবি ঠিকই জেনেছিলেন যে এই সমাপ্তির অনুভূতিকে সঞ্চারিত করার জন্যে এক কালগত সুদূরতার অভিজ্ঞতা ঘুচিয়ে দেওয়া দরকার। এই দৈশিক উপলব্ধির সূত্রেই জীবনানন্দের কবিতার আবহিক রহস্যও উদ্ঘাটিত হতে পারে। ইতিহাস এবং কালগত দূরত্বকে বাহিত করার জন্যই দীর্ঘস্বরধ্বনির প্রতি জীবনানন্দের পক্ষপাত। দীর্ঘ স্বরধ্বনি, বিশেষ 'আ'-স্বর জীবনানন্দের উক্ত উদ্দেশ্যসাধনে বিশেষ সহায়ক।

(ক) পড়ে গেছে পৃথিবীতে এশিয়ার ক্ষেত মাঠ প্রান্তরের পর
এই সব স্তব্ধ পাখী কয়েক মুহূর্ত শুধু;—
তারপর কাহিনী অন্তরালে
তাঁহার বিশাল ডানা পার হয়ে,—পাহাড়ের দিকে দিকে
সমুদ্রের পারে;

(খ) ঢুল তারা কবেকার সমুদ্রের বিভিন্ন দিশা,
দূর তারা প্রাগৈতিহাসিক কালস্রোত;

(গ) কাল তারা অতি দূরে আকাশের সীমানার কুয়াশায় কুয়াশায়
দীর্ঘ বর্শা হাতে
করে কাতারে কাতারে দাঁড়িয়ে গেছে যেন—

(ঘ) মনে পড়ে কবেকার পাড়াগাঁর অরুণিমা সান্যালের মুখ;

(ঙ) সুদর্শনা আমারে তো এক প্রাণের
শামলা পালিশ, কাশ্মীরী-শাল, সেদিন তোমাকে নিয়েছিল মুক্ত
প্রবাহ আমার বিদ্যুৎ হবে,' আমার মৃত চোখ, আমার
বিলীন হয় আকাঙ্ক্ষা আর তুমি নারী—

অবচেতনের সঙ্গে কালচেতনার সম্পৃক্ত জীবনানন্দের স্বভাবতই অবস্থার অন্বেষা। যেমন মুহূর্তে তাঁর কালচেতনাকে প্রত্যয় দিতে পারেনি যে সমস্ত মুহূর্তে তাঁর অবচেতনের রাত্রিরই অভিজ্ঞতার অভিপ্রকাশমাত্র। পূর্বে কথিত সমাপ্তি-বোধকে সার্থক করে তোলার জন্য নাগরিক-ক্লান্তি এবং পথিক-ক্লান্তির যে পটভূমিকা দরকার 'আ' ধ্বনি কালসৌধকে দুটিয়ে তুলে সেই ক্লান্তিকে পূর্ণ করেছে। এই প্রয়োজন মেনে নিয়েই জীবনানন্দ দৈশিক ক্রিয়াপদকে এড়িয়ে বিদায় নিতে পারেননি। বনলতা সেন কবিতাটির প্রথম এবং শেষস্তবকের দৈশিক ক্রিয়াপদ দুটি এখানে স্মরণীয়। 'হাঁটিতেছি'-র বিলম্বিত স্বরধ্বনি ছাড়া হাজার বছরের ক্লান্তিকে ধ্বনিত করা যেত না। আবার শেষ স্তবকের 'বসিবার' ক্রিয়াপদটিও সমস্ত

পাঠকসমাজের এক অনুরাগিতার সাথে বিশেষণ করে গেছি। এবং এই প্রসঙ্গেই কবিতার কথা বলার জন্যই জীবনানন্দ বলেন:

...সেই সঙ্গে কবিতার মধ্যে পাঠকসমাজকে নির্দিষ্টভাবে নিযুক্ত করতে গিয়ে 'যে যুগ ও যে দেশে আমি রয়েছি সেখানকার মানুষের দুঃখের প্রকাশ কবিতা কিংবা একরূপ, বা যে কোনও রকম সংকল্পে কবিতা ইত্যাদি না, সংকল্পের সঙ্গে কবিতার সংযোগ নেই বলে নয়, সম্পূর্ণ ব্যাপার, সার্থক কবিতা অবশ্য দুঃখের তাপে ফুটে উঠবে, কিংবা ঠিক দুঃখের তাপ নয় এমনি কোনও তাপে; কিন্তু কোনও বিশেষ সাহিত্যিক অর্থে সেখ উদ্দিষ্ট এই সংকল্পের ভিতর থেকে নয়।

[—কবিতার কথা : মহাযুদ্ধোত্তর : জীবনানন্দ দাশ।]

নিজ কবিজীবনে জীবনানন্দ যে কারণে তাঁর কবিতাকে বিশিষ্ট ভূমিকা পালন করতে দিয়ে এই সিদ্ধান্তে পৌঁছেছিলেন তার ব্যাখ্যা এখানে তিনি দেন নি। তিনিও একটি সংকল্প নিয়োগ করেছেন মাত্র। এবং এই সংকল্প তাঁকে পথ করতে দৈহিক সার্থকতার পথ দেখায় নি। প্রথম পাণ্ডুলিপি থেকে এই বাক্যগুলি-সংক্রান্ত তার পাঠভেদের নিদর্শন তুলনামূলকভাবে দেখি।

(ক) জেগে নিয়েছে যেতে যেন মধ্য যেতে তার পাখা মধ্য লোকান্তির বিস্তারের পথ

(খ) কালো,—অনেক মধ্য—অনেক মধ্যে অন্ধ থেকে আমার রাখিতে আছি, জীবনের এই আলো থেকে

(গ) শিশুর এডিমিয়ের চলে অস্তুতার রাত্রির মতন হৃদয় উঠিতে আছে কোলাহলে কেঁপে বারবার।

এই রকম আরও কিছু জায়গায় দৈহিক ক্রিয়া ও যৌগিক চিন্তার মধ্যে সন্ধি স্থাপনের চেষ্টা দৈহিক আবহাওয়ার পরিণতি হয়েছে। 'বিয়োগের শেষ নেই আর'—এখানে 'বিয়োগের' শব্দে আপত্তি নেই। যে নারীর রূপ ধরে যাবে তার সম্বন্ধে আরতির অনুভূব তাৎপর্যবিহীন নয়। কিন্তু 'বিয়োগে যেতে' এই উক্তির মধ্যে দৈহিক ক্রিয়াগুলির সঙ্গে একান্তই প্রাকৃতি ক্রিয়াটির মিলন সাধন সম্ভব হয়নি। 'রাখিতে আছি' এবং 'উঠিতে আছে' একদিকে দৈহিক ক্রিয়াপদ অন্যদিকে অনাদিকে জেগে থাকার বিশেষণের অনুভূতির বিশেষত্বের পরিচয়। এই অভিব্যক্তিও কার্যকর হয়নি।

কিন্তু তাই বলে আমার বলার উদ্দেশ্য এই নয় যে জীবনানন্দের কাছে কথাকবেরই গুরুত্ব ধরা পড়েনি। শাব্দিক বিন্যাসে জীবনানন্দের পারদর্শিতা বাস্তব। তাঁর কোনও কোনও কবিতার অংশবিশেষ এক্ষেত্রে আলোচ্য হতে পারে। সে সব ক্ষেত্রে তাঁর ভাবনা হৃদয়ের প্রতিমূর্তি যেন কথাকবেকে ধরে নিয়েছেন জীবনানন্দ। যেমন:

কড়ির অন্ধকারের ভূমির আবহে আমার আত্মা লালিত;
যে চির হাওয়া,
আমাকে জাগাতে চাও কেন?

অনেক অন্ধকারের ঘুম থেকে নদীর ছল ছল শব্দে জেগে উঠতে না চাই; কিন্তু আপনি একটা পদ্ধতিতে কিছু বাক্যানি জীবনানন্দের ইঙ্গিত প্রতিকে আলো করে রয়েছে। অন্ধকারের



বাক্যটা ক্রিয়াকে নিরর্থকতা থেকে উদ্ধার। সে অস্তিত্ব সকল শাস্ত্রের উত্তরণ। তার অস্তিত্বের শীর্ষ। তার অস্তিত্ব শীর্ষ দ্বিতীয় পঙক্তির শীতল কলারতি সেই নিরাময়তার বিষয় উল্লিখিত। প্রথম স্তবকে নিরাময়তা ব্যতীত গতি—দ্বিতীয় স্তবকে তা চরম। এ প্রতিশব্দ অন্যের প্রতি যাবে অস্তিত্বের সার্থকতার কথা আলো, শব্দে, বাক্যনীতিতে স্মরণ করিয়ে দেয়। তৃতীয় ও চতুর্থ পঙক্তির বিশেষণগুলির সঙ্গে যোগ দিল স্বরাঘাত ধ্বনির সুমিত প্রয়োগ—নির্বাচনের মাধুর্য এল। অতঃপর পঞ্চম পঙক্তিতে আবার দ্বিতীয় স্তবকটি নিয়ে এল—শুধু 'কেন' শব্দটি প্রশ্ন বদল করে একটা আর্টিকলিটিকে ধ্বনিত করেছে। এর পরেই আবার অন্ধকারে অপরিচিত-বিস্মৃতির ধারণা—'অবসর' বিশেষণটি বীজের পরিণত শব্দ হয় না। 'অবসর' শব্দে নীরবের বিস্তার নেই। বিশেষণটির ইঙ্গিতে কোথাও বাক্যের ধ্বনি বাজেই অপরিচিত। তার কাছে মূল অন্ধকারের কঠিন আস্বাদও পুনরায়ে ঘুরিয়ে তোলা। এই পুনরায় অনুভূতিকে বাড়ে বাড়ে জীবনানন্দ উক্ত কবিতার নানাভাবে দুই অধ্যায়ে রেখেছেন।

'অবসর অন্ধকার', 'উটের গ্রীবার মতো কোনও এক নিস্তব্ধতা এসে', 'পাখির নীড়ের মতো চোখ', 'ঘোড়ার অশ্বের মতো তার প্রাণ রোদ', 'ভূল যার কথা শুনছে যেন', প্রভৃতি বিশিষ্ট জীবনানন্দীয় শব্দচিত্রের মধ্যে তাঁর কবিতাকে দুঃ বহুল স্বাক্ষিত। এগুলি তাঁর কাব্যের স্বতন্ত্র স্বরের সঙ্গে জড়িয়ে গেছে। এই স্বর-আওয়াজ, সকল কবির ক্ষেত্রেই যেমন তাঁর ক্ষেত্রেও তেমনি, তাঁর শিল্পসৃষ্টির ধারা। 'অবসর অন্ধকার' এবং 'উটের গ্রীবার মতো কোনও এক নিস্তব্ধতা এসে'—এই দুটি ক্ষেত্রেই অন্ধকার ও নিস্তব্ধতা শব্দ নয়, কবি-সত্তা ছিল এক অতীন্দ্রিয় পুনরায়

শরীরের বিনাশের অনিবার্যতাকে স্বীকার করে। 'পাখির নীড়ের মতো চোখ' এই উপমায় ব্যবহৃত 'চোখ' কবির উদ্দিষ্ট নয়। উদ্দিষ্ট কবির নিজেরই আশ্রয়াকুল মন। অর্থাৎ, যে জন্য সেখানে চোখ তুলে, তার প্রসঙ্গে অর্থাৎ বনলতার আশ্রয় পাখি বা খুঁজেই পেয়েছে বলেই উপমার সার্থকতা। 'চুল তার কবেকার অন্ধকার মতো' অন্ধকার উপমা, প্রসঙ্গ প্রতীক। কখন শব্দটি সেই প্রতীককে বহিয়ে দিয়েছে। শ্রাবস্তী, বিদিশা, বিদর্ভ প্রভৃতি নানা কালের মধুরতম এবং মানুষের সমস্যা ও সমাধান শান্তি একসাথে। মাঝে মাঝে জীবনানন্দ অতি মাত্রায় শব্দ করে থাকেন তবে। যেমন তাঁর রচনা থেকে একটা দেখা যায়: 'অন্ধকারের স্তনের ভিতর যোনির ভিতর অনন্ত মৃত্যুর মতো মিশে থাকতে চেয়েছি।' এখানে 'অনন্ত মৃত্যুর মতো' এই উক্তির আর প্রয়োজন ছিল না। কারণ শব্দের মতো শব্দ নিঃশব্দের জীবনানন্দের মানুষজনের প্রতিনিধিত্বকারী প্রতীক। প্রসঙ্গত উল্লেখ্য, ধূসর পাণ্ডুলিপি-র প্রেমিকা-কল্পনা এবং বনলতা সেনের প্রেমিকা-কল্পনার মধ্যে যে পার্থক্য অনুভূত হয় তাও এই সূত্রেই বিচার্য। বনলতা সেনের প্রেমিকা কল্পনায় জীবনানন্দের মাতৃ-কল্পনার প্রভাব পরিপ্রেক্ষিতে পাওয়া গেছে। প্রেমিকা সেখানে আশ্রয়দাত্রী। অন্যদিক থেকে আবার মৃত্যুর উত্তরণও সেই আশ্রয়ের মধ্যে। তাই কবির মনের মূলের প্রধান জীবনানন্দের মৃত্যু-চেতনার সঙ্গে জড়িত হয়ে তাঁর কাব্যিক মানসলোককে স্পষ্টতা দিয়েছে। ধূসর পাণ্ডুলিপি-তে প্রেমিকা-কল্পনার এই বৈশিষ্ট্য ছিল না।

কিন্তু এর সত্ত্বেও জীবনানন্দের যে সমষ্টি-চেতনার কথা আগে পূর্বে বলেছি তা কিছুতেই পূর্ণতার চেতনা নয়। পূর্ণতার চেতনার জন্য যে দার্শনিক বিশ্বজনীন প্রয়োজন তার অভাব জীবনানন্দে ছিল না। কিন্তু এই বিচিত্র দৃষ্টিভঙ্গিকে তিনি কোনও সামগ্রিক দর্শনে অর্জন করেননি। করেননি বলেই এটা তাঁর কাছে সহজ আয়ত্তের ব্যাপার ছিল। যেমন রবীন্দ্রনাথ যেমন অনেক উঁচুতে আবেগনার বিষাদের সঙ্গে যৌক্তিক ও দার্শনিক বিশ্বাসের সাযুজ্য ঘটিয়ে পারেন, জীবনানন্দ তেমন পারেননি। মানুষের প্রতিক্রিয়া, নিঃসঙ্গতা, তার গ্লানি ও বিষাদের কথা তিনি লিখেই গেছেন। তা থেকে উত্তরণের জন্যও একজন মানবতাবাদী কবির বিশ্বাসী আত্মমগ্নতা-সচেতন প্রতিক্রিয়া কাব্য তিনি প্রকাশ করেন কিন্তু এই দুই প্রান্তকে মেলাতে পারেন না। বনলতা সেন এবং অনুরূপ কয়েকটি কবিতার মধ্যকালের সার্থকতা সত্ত্বেও একথা অবশ্যস্বীকার্য যে, জীবনানন্দের প্রায়-কবিতাগুলিতে কোনও মধ্যপথ নেই। প্রথম স্তবকে বা কয়েক লাইনেই কবিতাটির মূল কথা শেষ হয়ে যায়। অবশ্য, রবীন্দ্রনাথের অনেক কবিতাতেই এ লক্ষণ ছিল। কিন্তু কবিতার দুপক্ষের মাঝখানে রবীন্দ্রনাথ যে সূক্ষ্ম পরম্পরার অন্তর্বর্তী সৃষ্টি করেছেন তার সর্বাঙ্গীণ অভিজ্ঞতা। সে ক্ষেত্রে জীবনানন্দের আশ্রয় ছিল তাঁর আত্মমগ্ন বিশ্বাস। এই যে সীমাবদ্ধতা তার দায় তাঁকে বোধ করতেই হয়েছে। তবু 'শব্দ' কবিতা এবং দীর্ঘ কবিতার সমাপ্তিতেই এই নৈতিক বিচ্যুতি ঘটেছে। তাঁকে অবশ্যই বিচার-কবিত আবেগময় বিশ্বাস এবং যৌক্তিক বিশ্বাসের পার্থক্যের সমস্যা এবং এলিয়টের মতাদর্শ এখানে আলোচনা করতে চাই না। বরং এলিয়টকে আমরা এখানে বিশ্বাসের ব্যাপারে বিরোধী হিসাবে দেখি না। বিশ্বাসের শাস্ত্রে দুজনে বিশ্বাস সমস্ত চৈতন্যেরই বিষয়। আত্মগত ভূমিকা সেখানে স্বতঃই গৌণ। কিন্তু সেখানেই সে সিদ্ধান্তের পার্থক্য পাওয়া যাবে। বিশ্বাসে একবারে স্থির বা কবিতামধ্যে স্থির থাকতে পেরেছে কিনা। 'বেলা অবেলা কালবেলা'র বিশ্বাসের সেই ভূমিকা প্রধান। তবে 'বেলা অবেলা কালবেলা'র জীবনানন্দের দার্শনিক অভিপ্রায় আরও স্পষ্টতা লাভ করেছে, সেই অভিপ্রায় দ্বিধার স্তর কবির প্রয়াসও যুক্ত হয়েছে। বস্তুত 'আট বছর আগের একদিন'-এর সেই শূন্যতা সংক্রামী ক্লান্তিবোধ, সেই নিঃসঙ্গ চেতনা থেকে 'বনলতা সেন'-এ 'সুচেতনা' কবিতায় পৌঁছে জীবনানন্দ আশ্চর্য প্রতিষ্ঠায় প্রতি অবিচল নিষ্ঠার পরিচয় দিয়েছেন। 'বেলা অবেলা কালবেলা'র অবিচল নিষ্ঠাই [illegible] দিক থেকে তাঁকে আরও অগ্রসর করে দিয়েছে। কিন্তু কবিতা তো শুধু নিষ্ঠা নয়, শুধু দর্শন নয়। 'বেলা অবেলা কালবেলা'র এখানে ওখানে নিঃসঙ্গ কয়েকটি বিচ্ছিন্ন কাব্যোক্তি অসংবৃত প্রসঙ্গগুলির পুতুল নাচের শব্দে শব্দে কম্পমান। সে পুতুলরা আপন বিচ্ছিন্নতাই হয়। 'আট বছর আগের একদিন'-এ নৈতিক বিচ্যুতি ঘটেছে, কিন্তু সে বিচ্যুতি অন্য জাতীয়। এই কবিতাটির প্রধান অসঙ্গতি দৃষ্টিকোণ সংক্রান্ত অসঙ্গতি। যে সব দীর্ঘ কবিতায় দ্বিতীয় পুরুষ সম্বোধন আমরা প্রত্যক্ষ করেছি সেখানে উত্তমপুরুষের উক্তি, 'তার' এই সর্বনামের প্রয়োগ এবং নৈর্ব্যক্তিক বক্তব্যগুলি সাম্যপরিধির মধ্যে কবিতাটি পূর্ণতা প্রদান করে। প্রসঙ্গত আমরা এলিয়টের বিখ্যাত দীর্ঘ কবিতা The Love Song of J. Alfred Prufrock-এর কথা স্মরণ করতে পারি। 'আট বছর আগের একদিন'-এ রয়েছে, যেখা কোথাও উত্তমপুরুষের নিজের কাহিনী বা কথা নেই। 'লোকটা' বলে যাকে সম্বোধন করা হচ্ছে তার ভূমিকাও স্বভাবতই গৌণ। সমস্ত কবিতাটিই 'তার' কথা। এই কবিতায় যাকে 'তুমি' বলা হয়েছে এবং যাকে 'তার' এই সর্বনামে উল্লেখ করা হয়েছে এরা এক ব্যক্তি। 'লোকটা' বলে বলা হয়েছে সেই চৈতন্যের ওপারের বন্ধু প্রেতাত্মা। কবিতাটির শেষে 'আমি' এসেছে। একেবারে শেষে এসেছে 'আমরা'। 'আমি' বলে যে কথা বলেছে তার দার্শনিক উক্তি এবং পরিশেষে 'আমরা' যে উক্তি করেছে-সেই 'আমরা'র অন্তর্বর্তী আমি এক নয়। 'তবু' শব্দটিই তার প্রমাণ। 'আমরা' শব্দে যে ঔচিত্য-বিচ্যুতি তার প্রকৃতি কবিতাটিতে নেই। আমার যে দ্বি-ব্যক্তিত্বের কল্পনা থেকে আয়াস বিস্তার করেছে তার অনিবার্য জীবনদর্শন-সংক্রান্ত পুনর্বিবেচনা জন্য উচিত হতে পারেনি। এইভাবে কবিতাটি বিভাজিত হয়েছে। তাছাড়া যে কবিতাটি শিরোনাম পেয়েছে সে 'তার' কথা। কিন্তু 'বেলা অবেলা কালবেলা'র যে নৈতিক বক্তব্য তার অভিপ্রায়ের কোনও অসঙ্গত বাধা হয়ে ছিল না। 'মাঘ সংক্রান্তির রাতে' কবিতাটি 'বেলা অবেলা কালবেলা'র কবি-অভিপ্রায়ের সফল বহন করেছে। আমরাও সচেতন হয়ে উঠি এই বোধে যে যৌক্তিক



বিষণ্ণতার মধ্যে কোন্ বাসন্তী আশ্বাসের জোয়ারে কবি পৌঁছোলেন দেখা যাক:

মহাবিশ্ব তমিস্রায় মৃত্যু হয়ে গেলে
সূর্য বা রজনী, নারী, মনে না রেখেও তার প্রীতি
শক্ত হেনে অন্ধকার শক্তি যদি আর সূর্যের মতো
শেষ হয়ে চলে যাবে—তুমি হবে সে-সবের জ্যোতি।

নিঃসন্দেহে এই অংশে আশার বাণীতে আশাবাদটি ধরা। কিন্তু এই আশার বাণীকে কবিতার আবহে প্রসারিত করতে গেলে যে প্রকরণ প্রয়োজন সেখানে কবির শৈথিল্য ঘটেছে। কেননা, যে বিশিষ্ট সৌন্দর্য ধারণার মধ্যে জীবনানন্দের ইন্দ্রিয়মুখী চিত্রকল্প গ্রথিত ছিল তার সাযুজ্য না থাকায় অবিশ্বাসেই ছিল অতীতনির্ভর। তিনি মূলত বিষণ্ণতার কবি, শেষোক্তিগুলি দুঃখ-বেদনার গীতের কথা বিধুর করি। আমরা আগেই বলেছি যে বেদনাবোধ যে গভীর ধান কাটা হয়ে গেছে যার সম্মুখে পড়ে শূন্যতা, তা কবি জীবনানন্দের প্রিয় প্রসঙ্গ। এইখান থেকে যাত্রা সম্প্রসারিত হতে উত্তরণের প্রয়োজন অনস্বীকার্য। কিন্তু এই উত্তরণের প্রকৃতির দিকে জীবনানন্দের তেমন দৃষ্টি ছিল না। ছিন্নভিন্ন আশ্রয় থেকে নিজেও একটা আর একবার জন্ম নেবার 'সুচেতনা' জীবনানন্দের কবি জীবনের সর্বশেষ লিখিত কবিতা। এইখানে তার সেই বিশুদ্ধ বিষয়ে কথা নেই যা আমাদের স্পর্শ করে। যার এক বিষয়ের কথা আছে, তা আমাদের বুক ভরে রাখে। তবু সে বিষয়কে উপেক্ষা করেই প্রতীতিকে ভর-প্রায় শব্দের আহ্বান। কবিদের সৃষ্টির বিবর্তনের কথা জীবনানন্দ এর আগেও বলেছেন। কিন্তু 'সুচেতনা' কবিতায় দেখা গেল ঐ বিবর্তনই সব কথা নয়। এই পথে আলো জ্বেলে এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে—এই দৃঢ় প্রত্যয়টুকু এত আলোকে উদিত। বিশ্বাসও এই কবিতায় প্রথম দেখা গেল। 'সুচেতনা' কবিতায় এর আগে এমন করে জীবনকে ভয় করলে উচ্চারণ করেন নি, যেমন করলেন সুচেতনায়। 'সূর্যের রৌদ্রে আক্রান্ত এই পৃথিবী যেন কোটি কোটি শুয়োরের আর্তনাদে উৎসব শুরু করেছে'—এ অনুভূতি এবার বিদায় নিল।

তথাপি এই কবিতাতেই আমরা উপলব্ধি করি যে যে জীবনানন্দ তাঁর অন্তর্গত বিশ্বাসের সব খুঁটিনাটি মনের সাহায্যেও প্রতিষ্ঠা করতে পারছেন না। যেই তিনি অনির্দিষ্ট মানবতার মুক্তির পথে নক্ষত্রলোক নক্ষত্রের ভিন্ন আলোকে খুঁজতে যান, তখনই তাঁকে ইতিহাসের প্রসঙ্গকে অনিবার্য বলে মেনে নিতে হয়। কিন্তু সেই মুহূর্তেই তাঁর সেই সুপ্ত অতীতের পাণ্ডুলিপি অবাধ ভূমিকা শুরু হয়ে পড়ে। তখনই তাঁর প্রবল নৈতিক আকাঙ্ক্ষা থেকে আমরা বঞ্চিত হই। জীবনানন্দের কাব্যজীবনে যে ভঙ্গি দীর্ঘকাল ধরে বিদ্যমান তা অসতর্কতার ফলে থেকে এখানে প্রকট হয়ে উঠল। দীর্ঘদিন ধরে রয়েছে, প্রাবল্যের শিক্ষা থাকল। 'প্রথম শতাব্দী' কবিতার মধ্য পঙক্তি থেকে সংগ্রাম পঙক্তি এর একটি সাধারণ প্রমাণ বলে উপস্থাপিত করা চলে। জীবনের যে বিকৃতির বিকটি কবি কোনওদিন দেখেননি—মানুষের জীবনের দিকে তাকাতে গিয়ে সেই বিকৃত জীবনের কথাই তাঁর মনে পড়েছে। কিন্তু এই বিকৃতিকে আয়ত্ত করতে গেলে তাঁর দরকার ছিল নতুন করে টেকনিকের সন্ধান করা। দুর্ভাগ্য তাঁকে সেই সময় দেয়নি। জীবনানন্দ তাঁর আবেগের ভিতর দিয়ে মানুষকে দেখিয়েছেন; অন্যভাবে। আর তাঁর বাস্তবতার ভিতর দিয়ে নিষ্ঠাকে দেখিয়েছেন: যদি আমরা আত্মিক একক্রমে এর কোনোটাই যেন নির্দিষ্ট করে সত্য বা absolute না হয়।

কাছের মানুষ জীবনানন্দ

সমরেন্দ্র সেনগুপ্ত

জীবনানন্দকে প্রথম দেখি ১৯৫৫ সালে। সেদিক দিক থেকে কথা বলতে গেলে আলাপটুকুন এক মাসের মধ্যে। তখন রাসবিহারী ও ল্যান্সডাউন রোডের মোড়ে 'সুতৃপ্তি' রেস্টুরেন্টকে কেন্দ্র করে লেখক ও চিত্রশিল্পীদের একটি চমৎকার আড্ডা ছিল। আজকের এমন কোনও নামকরা কবি সাহিত্যিক বা চিত্রশিল্পী নেই যে এখানে আড্ডা দেয়নি। প্রতিদিন সন্ধ্যায় জীবনানন্দ বেড়াতে বেরিয়ে ফিরতেন। একদিন ল্যান্সডাউন ও রাসবিহারী অ্যাভিনুর সংযোগস্থলে দাঁড়িয়ে আছি, আমার এক সাহিত্যিক বন্ধু হাত তুলে জীবনানন্দকে দেখিয়ে দিয়ে বললো "ঐ দ্যাখ জীবনানন্দ"। আমি তখনও কিছু লিখি না, তবে যা পাই তা গোগ্রাসে পড়ি। অকালেই অনেক কবিতা স্মৃতিধার্য হয়ে যায়। জীবনানন্দের অনেক কবিতা তখনই আমার কণ্ঠস্থ। একটু মাথা নিচু করে হাঁটছিলেন জীবনানন্দ। পরে লক্ষ করেছি এটাই তাঁর স্বাভাবিক চলার ধরন। হাত থাকতো ঠিক তার এপাশ দিয়েই হাঁটতেন। দিক ঠাহর না করা ছিল তাঁর স্বভাব অভিজ্ঞ। তখন দুটিমাত্র কিছুটা আগে হাত থাকতো দেখতাম মোটামুটি দ্রুতপদে হেঁটে কবি রাস্তা পার হয়ে গেলেন। যেখানে আমরা দাঁড়িয়ে ছিলাম তার ঠিক উল্টো দিক প্রায় তিন কোণা ফুটের পেট্রোল পাম্প। তার একটা বাড়ি পরেই জীবনানন্দ ১৮৩ নম্বর ল্যান্সডাউন রোডের একতলায় থাকতেন। এখন সেখানে নাকি চিত্রতারকা মৈত্রী রায় তাকে নিয়ে থাকেন। বহুতলের চেহারা স্বাভাবিক ভাবেই বদলে একেবারে অত্যাধুনিক হয়ে গেছে। শুধু পুরনো সামনের গাছ ও নিম গাছটি আছে। নিম গাছটি নতুন। পুরনো নিম গাছটির পাশেই এর ঠিক তেমনই সবুজ হয়েছে। আমার প্রথম বন্ধু কবি শক্তি চট্টোপাধ্যায় পাশেই দাঁড়িয়ে ছিল। তাকে সঙ্গে আমরা একদিন গিয়ে হলাম জীবনানন্দের বাড়ি। শক্তি আগে থেকেই ছিল কবির বাড়ি।

পড়ুয়া বনিতা শাখা নিয়ে যেতো। সঙ্গে আসতে বেশিই কবি জেনেছেন শক্তিচার্য ও সুধাংশু রায় ছিলেন। এই সুধাংশু রায় ছিলেন জীবনানন্দের ঘনিষ্ঠতম পার্শ্ব। মনে পড়ল সেদিন সন্ধ্যার শেষ থেকে ফেরার সময় জীবনানন্দ শক্তি একাই দেখছিলাম। আমাকে দেখে কিছুই বললেন না, শুধু শক্তিকে বললেন 'বসো।' কিন্তু বসার জায়গা কোথায়? একটি ঘরজোড়া খাট। পাশে একটা বাক্স (সম্ভবত টিনের)। বাক্সটির ওপরে পাঁচ নম্বরের একটা এক্সারসাইজ খাতা। টেবিলের দিকে পুরু কাগজের ছাত্র-ছাত্রীদের একমাত্র খাতা ব্যবহার করতেন। জানিনা ঐ খাতা থেকে কিছু পড়ে শোনাচ্ছিলেন কিনা। আমরা ঢুকতেই খাতাটি পাশের ঘরে চলে গেল এবং জাফরি জানলাগুলোর উপর। আর বসে কবির দিকে তাকালাম। খুবই সাধারণ চেহারা। একজোড়া চোখ ছাড়া আর কিছু লক্ষণীয় কিছু নেই। চোখ দুটি প্রায় গোলাকৃতি এবং বেশ বড়, প্রায়শই অন্যমনস্ক। আমাদের সামনেই শক্তিকে বললেন "বীরেন (কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়) আমার সম্পর্কে কি লিখেছে দেখেছো?" শক্তি নিরুত্তর। আসলে জীবনানন্দ কোনও উত্তর চেয়ে যে প্রশ্নটি করেছিলেন এমন মনে হয় না। সে সময় বীরেন্দ্র চট্টোপাধ্যায় জীবনানন্দ বিষয়ে একটি লেখা লিখেছিলেন, তাতে বেশির ভাগই প্রশংসার সঙ্গে জীবনানন্দের লেখায় দেশকাল ও সমাজ চেতনার কিছুটা অভাব দেখতে পেয়েছিলেন বীরেন্দ্র। তাছাড়াও জীবনানন্দের ব্যক্তিত্ব যে কবির প্রতিভানুসারী নয়, এমন ইঙ্গিতও বোধহয় ছিল। হঠাৎ জীবনানন্দ জানত বসে বসে উঠলেন "বীরেন আমার কবিতা বুঝতেই পারেনি।" একথা বলেই যেন খেয়াল হলো এখানে আমিই একমাত্র তাঁর অপরিচিত। আমাকে সরাসরি না জিজ্ঞাসা করে শক্তিকে বললেন "এ কি করে?" আমার দিকে একবার তাকিয়ে শক্তি বললো কাঁচ ইস্কুলে পড়ে। আপনার কবিতার ভক্ত। আপনার



শুধু কবিতা ঢুকে যেতে পারে। যেখানে এসেছে আনন্দে। শুনেই জীবনানন্দ কাকোকাহিনিরকে হঠাৎই হো হো করে হেসে উঠলেন। পর মুহূর্তেই হাসিটি গিলে ফেলে বললেন বেশ তো? আমার এ চেহারা কি বর্ণনীয়।" বলতে বলতেই বাচ্চাদের মতো মিটে গেল কাঁধিকের দিকে। আর দেখে রুগ্ন ঘরের অন্যান্য কাজ ছিলেন সঞ্জয়কে দেখে ছিলেন—যেন ওরকম উচ্চহাসে হেসে ওঠাটা তাঁর উচিত হয়নি।

সত্যি জীবনানন্দ কোনও অর্থেই তেমন আকর্ষণীয় ছিলেন না চেহারায়। একজোড়া চোখ দুটি ছাড়া। চোখ একেবারেই সাধারণ মানুষের মতো নয়। ঠোঁট দুটি চাপা, ওপরের ঠোঁটটি অনুপাতে একটু বেশি পুরু। দেখলে মনে হয় এখনি কিছু বলবেন, কিন্তু বলছেন না। তারপর তিনি যথারীতি সুতোর চাদর নিয়ে ঢাকতে মনে হলো বাড়িয়ে কোথাও বেরুবেন। ফিরে আসতে আসতে সঞ্জয়কে বললাম উনিতো সারাক্ষণ আমার সঙ্গে একটি কথাও বললেন না। কেনরে? সঞ্জয় জানালো অচেনা লোকের সামনে উনি সাধারণত স্বল্পবাক্‌ই থাকেন। খুব ঘনিষ্ঠ—যেমন অরবিন্দ গুহ, ভূমেন্দ্র গুহ, অরুণ সরকার, সঞ্জয় ভট্টাচার্য, বুদ্ধদেব বসু এবং চিত্রশিল্পী সুবোধ দাস ছাড়া আর কারও সামনেই জীবনানন্দ তেমন স্বচ্ছন্দ নন। তাঁর সমসময়ে, এমনকি 'বনলতা সেন' প্রকাশিত হবার পরও, তিনি যোগ্য মর্যাদা পাননি। এই উপেক্ষা তাঁকে মনের দিক থেকে প্রায় সর্বদাই বিষণ্ণ করে রাখতো। পরে যখন আমার সঙ্গে ঘনিষ্ঠতা হয়, তখন আমি এবং অরুণ সরকারের সামনে এক সন্ধ্যায় গভীর বিষাদ নিয়ে তিনি বলে উঠেছিলেন "আমার কিছু কবিতা কি থেকে যাবে না?" এতদিন পরে মনে পড়ছে না তাঁর কথাগুলো ঠিক এমনই ছিল কিনা। তবে মূল প্রতিপাদ্য ছিল তাই।

দেখা গেছে পৃথিবীর প্রায় অধিকাংশ আন্তর্জাতিক কবিই সমকালে কম বেশি উপেক্ষিত হয়েছেন। জীবনানন্দের ক্ষেত্রে উপেক্ষা ছিল অনেক বেশি মাত্রায়। তার কারণও ছিল। বাংলা কবিতার ক্ষেত্রে কি ভাষা ব্যবহারে, কি প্রকরণে, বা অন্তর্বস্তুগত ভাবনায় তাঁর তুল্য কবি রবীন্দ্রনাথের পরে কেউ আর আসেননি এ কথা অনেকে মেনে নিতে পারেন না। নিজেকে কোনওভাবে জাহির করার প্রবণতা তাঁর ছিল না। তথাপি তিনি উপেক্ষিত, অনাদৃত, এমনকি নিজের তীব্র প্রত্যয়ের প্রতিনিধিত্ব তিনি নিজেই করে গেছেন। রবীন্দ্রনাথকে জীবনানন্দ একাধিকবার সবিনয় অনুরোধ করেছিলেন। (বিস্তারিত: জীবনানন্দ সংখ্যায় প্রকাশিত চিঠি দুটি দ্রষ্টব্য) তাঁর অনুরোধ একটা কাব্যগ্রন্থ সম্পর্কে অভিমত জানাতে। রবীন্দ্রনাথ জীবনানন্দের সে অনুরোধ রাখেননি। নিতান্ত সাদামাটাভাবে "তোমার কবিতার চিত্ররূপময়তা আছে" বা "চিত্ররূপময়" এই কথার বাইরে সংক্ষিপ্ত মন্তব্য করেই ক্ষান্ত ছিলেন রবীন্দ্রনাথ। অথচ রবীন্দ্রনাথ অনেক অখ্যাত কবিকেও যেমন যেমন ক্ষেত্রে প্রশংসাপত্র দিয়েছেন তা আমরা দেখেছি। সম্ভবত জীবনানন্দের কবিতার মূল সম্পদটিকে ধরতেই পারেননি রবীন্দ্রনাথ।

আসলে, প্রকৃতপক্ষে জীবনানন্দ তাঁর সম-সময় থেকে অনেকটাই এগিয়ে ছিলেন। বাংলা কবিতায় তিনি ছিলেন একেবারেই অনন্য-পূর্ব। তিন দশকে একমাত্র যোগেন্দ্র নিয়ে বাদ দিলে জীবনানন্দের সমসাময়িক কবিরা সকলেই ছিলেন ইংরেজির ছাত্র এবং সকলেই কোনও না কোনও সময় অধ্যাপনা করেছেন। কেউ কেউ একাধিক ভাষাও জানতেন। এ প্রসঙ্গেই সুধীন্দ্রনাথ দত্ত, বুদ্ধদেব বসু, বিষ্ণু দের নাম উল্লেখ করা যেতে পারে। সুতরাং সঙ্গত কারণেই কোনও না কোনও সময় তাদের ওপর বিদেশী প্রভাব পড়েছিল। জীবনানন্দও এই প্রভাব থেকে মুক্ত ছিলেন না। তবে জীবনানন্দের ক্ষেত্রে এই প্রভাব অনুঘটকের কাজ করেছিল, তাঁর নিজস্বতার বিকাশেই সহায়ক হয়েছিল। নিজস্বতা ও বিদেশী প্রভাব একত্রেই মিশেছিল তাঁর। এভাবেই এগিয়ে ছিলেন তিনি যে সাধারণ কবিতা—অনেক পাঠকের পক্ষে তাকে সমান অনুধাবন করা অসম্ভব ছিল বললেও অত্যুক্তি হবে না। জীবনের অন্তরালেও—কি শারীরিক, কি অনুভূতিক্ষেত্রে প্রতিনিয়ত উপেক্ষারই শিকার হয়েছেন তিনি।

সমকালীনদের সূচনা থেকেই তাঁর প্রকৃত কাব্য প্রতিভা পাঠকের কাছে অনাবৃত হতে থাকে। তবে জীবিত অবস্থায় নয় বরং মৃত্যুর পরেই তিনি প্রথম তরুণ কবিদের মধ্যে দীপ্ত হয়ে উঠতে থাকেন। সিগনেট প্রেস ১৯৫০ সালের যে অর্থিক বছর শেষ হয়েছিল তাতে "বনলতা সেন" বইয়ের সাকুল্যে বিক্রি হয়েছিল মাত্র ৩০০ কপি। সিগনেট প্রেস থেকে রয়্যালটি পেয়েছিলেন একশোটির মত কিছু বেশি। প্রকাশের পর হঠাৎই তা অনেক থেকে বিলোহিল।

বলে অভিভাবিকা ছিলেন তাঁর মা। সদা নিজের জাতীয় উন্নতির জন্য চেষ্টা করতেও, একেবারে নয়, উপন্যাসে লিখেও জীবনানন্দকে কোথাও প্রগতি দিতুই। কি না করতে হয়েছেন কবি। টিউশিওয়েলের মাস্টারি, দৈনিক কাগজের বড়িবেশনীয়দের সম্পাদনা, ছাতার কাঁচ, ছিট—কোনোটাই পরিকল্পনায় করতে পারেননি। ব্যবসার একটি পার্টি জোগাড়ের জন্য রাইটার্স বিল্ডিং পর্যন্ত দৌড় মন্ত্রী না করায় শেষে অভাবেও রয়ে গেছেন। এরকম জীবনের শেষ দিকে হাওড়া গার্লস কলেজে অধ্যাপনার চাকরি তাকে খানিকটা মানসিক শান্তি দিয়েছিল। একবার অধ্যাপিকা জিজ্ঞেস করেছিলাম মেয়েদের পড়াতে আপনার কেমন লাগছে? বলেছিলেন, ক্লাসে মেয়েরা বড়বড়ই শান্ত। তবে এরা পড়াশোনা করে কম বেশি চাকরি পাবে জানে। সময়ের অভাবে, এখানে কয়েকজন মহান অধ্যাপিকা একসঙ্গে বেশ কিছু ছাত্রী আমার কবিতার খুব ভক্ত। কয়েকজন ছাত্রী তো লেখায় দুঃখও বলতে পারে।

দাম্পত্য জীবনে যে কবি সুখী ছিলেন না সেটা এখন সর্বজ্ঞাত। আমরা যখন নিয়মিত যেতাম তখন তাঁর স্ত্রী লাবণ্য দাশকে অতিথি সামনে বসিয়ে ঘরে আসতে দেখেছি। স্কুল থেকে ফিরে বেড়াতে গেছেন, সন্ধ্যা হয়ে গেলেও প্রায়ই দেখতাম তখনও লাবণ্য দাশ স্কুল থেকে ফেরেননি। তবে কি অসামান্য এক প্রতিভাবানের সঙ্গে ঘর করছেন তিনি কখনই, এমনকি নিজের মৃত্যু পর্যন্ত বুঝতে পেরেছিলেন বলে মনে হয় না! সংসার অর্থ কষ্টের জন্য লাবণ্য দাশকে স্কুলে কাজ নিতে হয়েছিল। লাবণ্য দাশ প্রাইভেটে আই-এ, বি-এ পাশ করে পরে সার্কাসে একটি মেয়েদের স্কুলে হেডমিস্ট্রেস হয়েছিলেন। জীবনানন্দই মাঝে মাঝে পড়া দেখিয়ে দিতেন। আমি তখন স্কুলের টিন ছোড়া বুদ্ধিতেই থাকতাম। প্রায়ই লাবণ্য দেবীর সঙ্গে দেখা হতো, দুটো কথা কেমন হতো না। চেহারা উজ্জ্বল শ্যামল হয়ে থাকিল; নানারকম রোগে ভুগছিলেন। উঁর অন্যান্য আত্মীয় স্বজনের তুলনায় তাঁর স্বামী জীবনানন্দ প্রায় কিছুই যে রোজগার করতে পারছেন না এই চিন্তাটাই লাবণ্য দাশকে নিয়ত পীড়া দিত। এ কারণেই একবার কোন কিছুদিন কবিতা লেখা থামিয়ে জীবনানন্দ তাকে পুস্তক-সমালোচনা, ও গল্প রচনায় মন দিয়েছিলেন। এমনকি নিজের নাম লেখার কথাও ভেবেছিলেন। কবির সমকালপ্রতিভাবান অশোকানন্দ অনেকবারই কবির নিদারুণ অর্থ সংকট উদ্ধার করেছেন। কবির ছোট বোন সুচরিতা দাশও মাঝে মাঝে দাদার স্বল্পতার মাঝখানে সাহায্য করতেন দাদাকে বুঝতে না দিয়েই। জীবনানন্দের পরিবারে একমাত্র সুচরিতাই জীবনানন্দের প্রতিভা সঠিক অনুধাবন করতে পেরেছিলেন।

আবাল্যকাল থেকে এক বাক্যেই ভাবনাবাদের কবি। তবে বরিশাল থেকে কোন বয় কবেকার থেকে তিনি ছিলেন খুবই আত্মকেন্দ্রিক, নিজেকে পরিহার প্রবণ। বরিশালে থাকতে অবসর সময়ে তাঁর প্রেমে অন্যমনস্ক ও নেশা ছিল গোলাপবাগানে ভ্রমণ। মাঝে

[illegible]

মাঝে তার কাঁটাদের দিকে, কেউ ফুল চুরি করত কিনা দেখতে রাতে একাকিনিবার খাটে উঠে জেগে দেখতো কেউ ফুল চুরি করছে কিনা। আমি নিজে যখন জীবনানন্দ প্রসঙ্গে বরিশালে গেছি, যে বাড়িটিতে তিনি থাকতেন সেই বাড়ির নাম তখন "সর্বানন্দ ভবন" থেকে বদলে "ধানসিঁড়ি" উপন্যাস বাড়িটির প্রতিটি কোণ ঘুরে দেখে এসেছি। বাড়িটার গেট দিকার উপরেই 'ধানসিঁড়ি' লেখা রয়েছে। নদীর ছবি তুলে পশ্চিমবঙ্গের পাঠকদের সেই ছবি প্রথম উপহার দিয়েছি। শুধু পশ্চিমবঙ্গের কেন পূর্ববঙ্গের জীবনানন্দপ্রেমীরা প্রথমবারের মতো সে নদীর ছবি প্রত্যক্ষ দেখেছেন ('দিবস' জীবনানন্দ শতবর্ষ সংখ্যা দ্রষ্টব্য)। বরিশালে অশীতিপর কিছু বৃদ্ধের সঙ্গে কথা বলে জীবনানন্দ সম্পর্কে অনেক তথ্য জ্ঞাত হয়েছি। জানিনা সত্যি কিনা, ওদের একজন যিনি জীবনানন্দকে ব্যক্তিগতভাবে চিনতেন (নাম রফিক আলী) বললেন কলকাতায় দেখা হতে এক সময় হঠাৎ জীবনানন্দ নাকি ওঁকে বলেছিলেন বরিশালের ব্রজমোহন কলেজের চাকরিটি ছেড়ে দিয়েছে অনভিপ্রেত পরে, স্ত্রীকে বরিশালে রেখে, কলকাতায় যাওয়া উচিত হয়নি। তাঁর অপ্রকাশিত ডাইরিতে এখন প্রকাশ ব্যক্তি জীবনের নানা চমকপ্রদ তথ্য আমাদের সামনে আসছে। এগুলি প্রকাশিত হলে পাঠকরা মানুষ জীবনানন্দকে যে নতুন ভাবে আবিষ্কার করতে পারবেন সে বিষয়ে সন্দেহ নেই।

কবির রাজনৈতিক মতাদর্শ সম্পর্কে অনেকে আগ্রহ প্রকাশ করেছেন। তাঁদের অবগতির জন্য বলা যায় তিনি সক্রিয়ভাবে কোনও দলের সঙ্গেই যুক্ত ছিলেন না। তবে মানসিকতায় বেশ খানিকটা বাম ঘেঁষাই ছিলেন। তাঁর আণবিক যুদ্ধ নিয়ে "Atomic energy and Nation" আলোচনা নিয়ে রাশিয়া ও আমেরিকার ভূমিকা সম্পর্কে নানা আলোচনা করে রাশিয়াকেই স্পষ্ট সমর্থন করেছিলেন। পঞ্চাশের শেষে ট্রাম ভাড়া বৃদ্ধির প্রতিবাদে যে ব্যাপক গণ-আন্দোলন হয়েছিল তার সঙ্গে অন্যান্য বাম রাজনৈতিক মানুষের সঙ্গে জীবনানন্দও সই করেছিলেন। 'পরিচয়' পত্রিকায় সে বিবৃতি প্রকাশিত হয়েছিল। এ বিষয়ে অন্যত্র

এটি উদ্ধৃতি দিয়েছি। তাঁর বহু লেখায় যে আধুনিকতার বিকাশ, যেখানে মূলত মানুষের সম্বন্ধে এবং শহুরে নাগর আচরণের বিরুদ্ধে তাকে উচ্চকণ্ঠ হতে দেখি। কবি হিসেবে শহর হবার জন্য গ্রাম থেকে কলকাতায় এসেও 'urbanisation of rural life'এর তিনি ছিলেন ঘোরতর বিরোধী। তাই লিখেছিলেন "হাতে আছে কেবলি নগর, ঘর এবং/গ্রামগঞ্জের পথ নয়।"

জনবিরোধী মোড়ে এখন যেখানে দেশ বিনিময় শীতল সে সময় সেখানেই ছিল 'দেশী বাড়ে।' যেদিন ট্রাম দুর্ঘটনা হয় সেদিন ওখানে গিয়েই রাস্তার একপাশে অন্যমনস্কভাবে রাস্তা দিয়ে কবি ট্রামের নিচে পড়েন এবং কয়েকদিন পরে শম্ভুনাথ হাসপাতালে তিনি মারা যান। "দেশী বাড়ে"-এর উল্টো দিকে মোড় থেকে অনেকটাই পশ্চিমে এবং মোড়ের ট্রাম লাইন থেকে অনেকটাই দূরে। সাধারণত ওখান দিয়ে তিনি কখনই রাস্তা পার হতেন না। আমি কতবার তাঁকে রাস্তা পার হতে দেখেছি। প্রত্যেকবারই মোড় দিয়ে এবং সবসময় চোখে এদিক ওদিক তাকিয়ে। দুর্ঘটনার দিন আলো ছিল বাড়ী অশোকানন্দের বাড়ির সামনে ট্রামলাইন পার্কের সামনের রাস্তার সাতকড়িবাবুদের বাড়ি পেরিয়ে ছুটেছিলেন অশোকানন্দের বাড়িতে। বাড়িতে সকলে নিরাপদে আছেন কিনা তাই দেখতে গিয়েছিলেন জীবনানন্দ। তিনি নিজেও ধুতি পরে ট্রাম দুর্ঘটনা কবলে পড়েন, তার এই দুটি ঘটনাকে বিচ্ছিন্ন করতে হয়। দুর্ঘটনার মাত্র কদিন আগে তাঁর রেডিওতে কবিতা পাঠ ছিল। সঙ্গে কট্টর, সুধীন্দ্রনাথ দত্ত আরও কয়েকজন সেখানে কবিতা পড়েন। জীবনানন্দ যে কেমন কাপড়ের জুতোটি পরতেন তা ছিঁড়ে গিয়েছিল। ফলে আঙুলটি প্রায়ই বেরিয়ে পড়তো। রাশভারি কোন সুধীরা দত্তকে কবি "বুড়ি" বলেই ডাকতেন। সেদিন অনুষ্ঠানে (তখন Live programme হতো) তাকে আসে বিকেলে সুধীরা এসে জীবনানন্দ বললেন "বুড়ি, আমার তো জুতো ছেঁড়া। সুধীনবাবুরা তো স্যুটবুট পরে আসবেন, আমি কি এ জুতো পরেই রেডিওতে কবিতা পড়তে যাবো?" কোন তাড়াতাড়ি বেরিয়ে পাম্পসু কিনে এনে দিয়েছিলেন গড়িয়াহাটের মোড় থেকে। নতুন চকচকে জুতো জোড়া পড়তে পরতে এই ভয়ে সেদিন টিকিটেওই রেডিওতে গেলেন কাটি দিয়েছিলেন কবি। পোষাক দিকে জীবনানন্দের খোঁচা একটু টাক উঁকি মারতে শুরু করেছিল। জীবনানন্দ বাড়ির যেন দুদিকে পেছনের চুলটা একভাবে আঁচড়ে দিতে বলেছিলেন যেন তার টাকটা দেখা না যায়। এতদিনের দেখেছি তিনি নিজেও চুল আঁচড়াতেন খানিকটা সময় নিয়ে। জীবনানন্দ রোজ রোজ সুখী ছিলেন। দুপুর আসে সাদাসিধে ছিলেন। এ সময়েই একদিন "দেশী বাড়ে"তে বসে (এর সাথে একটি বিলিতি মোকাম ছিল) তাকে ডালমুট খেতে দেখেছি। জীবনানন্দের খাওয়া ছিল অদ্ভুত। একসাথে এক একটি ডালমুট টপ করে মুখে দিতেন। যেন সেটি কখনই অন্য কেউ তোটটি সরিয়ে নেবে। একদিন আমাকে ডেকে আমাকে বলছিলেন, ভালো জল লিখতে গেলে জল অদ্ভুত অন্যায়। (রবীন্দ্রনাথের জন্য অনেক কিছু বাংলা বাদল ছিল) তবে রবীন্দ্রনাথ রবীন্দ্রনাথের মতো থাক। রবীন্দ্রনাথের কবিতা কত ওরা ছিল লক্ষ্য করেছেন আপনি?" জীবনানন্দ চুপ করে গেলেন। আমাকে নিয়মে কথাপ্রসঙ্গে তাঁর ছেলেমেয়েরা যেমন মানুষ হয়ে থেকে পারছে না সেটা তাকে পীড়া দিত। এই রবীন্দ্রনাথের কথাই অন্তরে তাঁর দুঃখ জাগিয়ে রেখেছিল। দুঃখের সান্ত্বনা দিতে হয়েছিল অবজ্ঞার ওষুধের মতো জিনিস। সুদেষ্ণ এই কবির শেষ কবিতের প্রায় শান্তনুর সঙ্গী ছিলেন। তার 'অনুপম' বইটিতে শেষ কবিতের আবহাওয়া ধরা আছে।

আমি ইচ্ছে করেই জীবনানন্দের কবিতা নিয়ে কোনও আলোচনায় প্রবেশ করলাম না। কেননা এর আগে ও বছরই প্রকাশিত একাধিক লেখায় তা করেছি। শুরু থেকে তাঁর কবি জীবনের অন্তিম তার সঙ্গে আছেন তারা তো জানেন জীবনানন্দের কাব্যালোচনা একটি এক ব্যাপক বিষয়, তার জন্য সমালোচনার এক বিপুল পরিসর দাবি করে। এ বছরেই কেন অন্ততঃ আলোচনাগ্রন্থ অসংখ্য প্রবন্ধ পুস্তিকা এবং ছোটো বড়ো সমস্ত কাগজেই জীবনানন্দের ওপর বহু বিশেষ সংখ্যা প্রকাশ করেছে। যা অনেক ক্ষেত্রেই সত্যিই পাঠকপ্রিয়। কোনও বিশেষ লেখকের শতবার্ষিকীর সময় আমরা বাঙালি পাঠকেরা মেতে উঠি। রবীন্দ্রনাথ থেকে জীবনানন্দ অবধি এই একটি জিনিস আমরা লক্ষ্য করে আসছি। যেমন লেখকের ওপর আলোচনা বিশ্লেষণ বড় বড় হয় সমৃদ্ধ হয় সাহিত্যের দিকটি। অভিজ্ঞতায় দেখেছি অনেক পাঠক লেখকই কি মনন প্রতিভায়, কি মনোসমীক্ষণে সময়কাল থেকে অনেক অনেক এগিয়ে থাকেন। পরবর্তী প্রজন্মই পরে কোনো ঘটনা দিয়ে লেখককে নতুন আবিষ্কারের আলোয় উদ্ভাসিত করেন। "মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়" কথাটি সন্দেহ নেই অক্ষত সার্থকতা হবে এটা। মানুষ জীবনানন্দকে আমার চেয়েও অনেকেই আরও অনেক বেশি কাছের মানুষ করে তুলতে পেরেছিলেন। যদিও আত্মীয়স্বজনের বাইরে তার সংখ্যা নিশ্চয় অনেক কম। দু হাতের কর্ণাঙ্গুলি সংখ্যা। একদিন হঠাৎ দুপুর কবিতার আকস্মিকেই আমি প্রথম তাঁর কাছে ছুটে গিয়েছিলাম। কিন্তু প্রত্যেক কবিই তো প্রথমে মানুষ তারপরে কবি। ঐ যে কটি বছর তাঁকে কাছ থেকে দেখেছিলাম, মনে হতো মানুষ নিয়ে এক বিশাল জগৎ বাড়ের সামনে বসে আছি, যতটুকু প্রত্যক্ষতার চেয়ে অনেকটাই বেশি নিরব ও আত্মগোপনতা। যে অনিশ্চয়তা তাঁর অন্যমনস্কতার জন্ম দিয়েছিল, যে অন্যমনস্কতা তাঁর জীবনকে অকালে মৃত্যুর দরজায় পৌঁছে দিল সেই অনিশ্চয়তা, বেদনা, সমস্ত সৃজনশীল মানুষেরই এক অনিবার্য নিয়তি। তবু রবীন্দ্রনাথের পরে বাংলা কবিতার প্রধানতম কবি জীবনানন্দ আমাদের যেখানে পৌঁছে দিয়ে গেলেন, আগামী একশো বছরেও কি আরেকজন তুলনীয় কবি আমাদের হবে আসবেন? কবির প্রতিভা দিয়ে লেখা শেষ করতে হয় না, তাই শতবর্ষে কবি জীবনানন্দ দাশের জন্মশতবার্ষিকীর উৎসব এই বাংলায়। একমাত্র কবিতা কমাই তো পুনর্জন্ম ঘটানো যায়।

জীবনানন্দ : বন্ধুমণ্ডলী

প্রভাতকুমার দাস

'জীবনানন্দর চরিত্রে এক' দুর্ভেদ্য দুর্গ ছিলো—যে মহিমান্বিত আত্মগুপ্ততা তাঁর কবিতা, তা-ই যেন অনুবাদিতেও দিয়ে থাকতো সব সময়—তার ব্যবধান অতিক্রম করতে ব্যক্তিগত জীবনে আমি পারিনি, অন্তরঙ্গ অন্য কোন পরিস্থিতিতেও না। এই দূরত্ব তিনি শেষ পর্যন্ত অক্ষুণ্ণ রেখেছিলেন; তিন বা চার বছর আগে সন্ধ্যাবেলা লেকের দিকে তাঁকে বেড়াতে দেখতাম—আমি হয়তো পিছনে চলেছি, এগিয়ে গিয়ে কথা বললে তিনি খুশিও হতেন, অপ্রস্তুতও হতেন, আলাপ জমতো না; তাই আবার দেখতে পেলে আমি ইচ্ছে করে পিছিয়েও পড়েছি কখনো কখনো, তাঁর নির্জনতা ভাঙতে চাইনি।' —জীবনানন্দের মৃত্যুর পরে, তাঁর সম্বন্ধে এরকম অভিজ্ঞতার কথা লিখেছিলেন তাঁর অন্যতম পৃষ্ঠপোষক সম্পাদক বুদ্ধদেব বসু। বলা যায়, প্রায় কুড়ি-সাতাশ বছরের পরিচয় তাঁদের, ঢাকার উজ্জ্বল হাতে হাতে লেখা 'প্রগতি' পত্রিকা যখন মুদ্রিত আকারে প্রকাশ করেন বন্ধু অজিতকুমার দত্তর সঙ্গে, তখন থেকে। পাঁচ বছর আগেই সম্ভবত জীবন শেষ হতে সম্ভাবনা শুরু করেছেন, দেখা-সাক্ষাৎ না হলেও, তখন এই যুবক ছাত্রের আহ্বানে সাড়া দিয়ে 'প্রগতি'তে লিখেছেন একটির পর একটি কবিতা। বছর তিনেক পরে, ঢাকার রামমোহন লাইব্রেরিতে জীবনানন্দ-র বিবাহ-বাসরে আমন্ত্রিত হয়েছিলেন এই যুবক কবি বন্ধু। 'প্রগতি'র পরে যখন 'কবিতা' পত্রিকা প্রকাশিত হল, তখনও বুদ্ধদেব-এর কাছে জীবনানন্দই প্রধানতম কবি। বাংলা পত্র-পত্রিকার জগতে তাঁর কবিতাগুলির প্রথম পর্বের আনুপূর্বিক বর্ণনার সময় তিনি একটি পত্রে প্রাবন্ধিক লেখককে জানিয়েছিলেন 'বুদ্ধদেব বসুর 'প্রগতি' এল নতুন সম্ভাবনা ও উৎসাহ নিয়ে। ব্যক্তিগতভাবে প্রগতি ও বুদ্ধদেব বসুর কাছে আমার কবিতা বেশ বেশি আদর নিয়ে উপনীত হয়েছিল। সে কবিতাগুলোর হয়তো বুদ্ধদেবের ততো আমার নিজের জগতের এবং তাঁরও পরিচিত পৃথিবীর বাইরে কোথাও নয়.....আমার কবিতার জন্য বেশ বড় স্থান দিয়েছিলেন তিনি প্রগতিতে এবং পরে কবিতায় প্রথম দিক দিয়ে।' সেই বুদ্ধদেব-এর সঙ্গে বন্ধুত্বের ঘনিষ্ঠতায় আবদ্ধ হওয়ার কোনও সুযোগ ঘটেনি। পারস্পরিক অনুরাগের প্রকাশ পরিলক্ষিত হলেও উভয়ের মধ্যে নিবিড় সখ্যের সম্পর্ক তৈরি হয়নি কোনও দিন। আসলে বন্ধু হিসাবে একটা নিজস্ব ধারণা ছিল জীবনানন্দর, যখন-তখন যে কোনও মানুষের সান্নিধ্য সহজভাবে গ্রহণ করতে পারতেন না।

জীবনানন্দ-র প্রয়াণের পর তাঁর নির্জনতার প্রসঙ্গ তুলে এক স্মৃতিচারণায় অশোকানন্দ দাশ লিখেছিলেন 'তিনি নির্জনতাপ্রিয়, লোকের সঙ্গে মিশতে চান না, এ-রকম একটা কথা মুখে মুখে প্রচারিত হয়েছিল। সন্দেহ নেই, তিনি লাজুক স্বভাবের ছিলেন। কিন্তু এ কথা সত্য নয় যে, তিনি সব সময় নির্জনতাপ্রিয় ছিলেন। বহু লোকের কাছ থেকে বহু আঘাত পেয়েছিলেন, অনেক জ্ঞানপাপী তাঁকে যথার্থ মূল্য দিতে নারাজ, এমন একটা ধারণাও বোধহয় তাঁর ছিল। সুতরাং অভিপ্রায় সম্বন্ধে নিশ্চিত না হওয়া পর্যন্ত সকলেই তাঁর কাছে 'suspect' হয়ে থাকত। কিন্তু তাঁর হৃদয়ের কপাট বন্ধ করে যদি কেউ একবার ঢুকে নিতে পারত, সেই সুজনকে সকলের তিনি আপনই পেতেন। সকল দিক বদলে নিয়েছেই তাকে আত্মীয় করে নিতে পারতেন।' আলোচনা প্রসঙ্গেই অশোকানন্দ, বুদ্ধদেব বসুকে লেখা জীবনানন্দর একটি পত্রের বা নিবন্ধের উদ্ধৃত করেন, যেটি তাঁর কবি-স্বভাবের একটি অভ্যাসের দিককে স্পষ্ট করে তুলতে পারে। প্রকৃত বাস্তববোধ সম্পন্ন মানুষ হিসেবে তিনি মনে করেছিলেন 'কলকাতার জটিলতা মানুষের চাহিদার বহরে বাড়ে বটে, কিন্তু কলকাতার দৈনন্দিন জীবনে একটা প্রাত্যহিক



[illegible]

যাতে বৃত্তি পাওয়া যায়; এখন যখন জীবনে কর্মব্যস্ততার যেন প্রয়োজন, কলকাতার এই স্বাস্থ্য পটভূমির থেকে বিচ্ছিন্ন হয়ে থাকা হয়ে না যায়।'

'কল্লোল' পত্রিকায় তৃতীয় বর্ষ একাদশ সংখ্যায় (ফাল্গুন ১৩৩২) 'নীলিমা' কবিতাটি প্রকাশের মুহূর্তে তিনি আধুনিকপন্থীদের দলভুক্ত হয়ে গেছিলেন অচিন্ত্যদের মতো। কবিতাটি পাঠ করে অতিআধুনিকদের অন্যতম পথিকৃৎ অচিন্ত্যকুমার তাঁকে একটি চিঠি দিয়ে অভিনন্দিত করেছিলেন। শুধু তাই নয়, 'এক টুকরো নীল আকাশের সারল্যের মত', 'নীলিমা' কবিতাটি পাঠ করে অচিন্ত্যকুমারের মন যে অপরিচিত খুশিতে ভরে উঠেছিল, তার প্রত্যক্ষ-প্রমাণে অচেনা এই লেখককে [illegible] বেচু চ্যাটার্জি স্ট্রিটের বাসায় গিয়ে সংবর্ধনা জানিয়ে এসেছিলেন। অনেকটা 'কল্লোল'র প্রতিনিধির মত সেই দেখা-সাক্ষাৎ। অচিন্ত্যকুমার বুঝতে পেরেছিলেন, 'বাংলা কবিতায় জীবনানন্দ নতুন স্বাদ নিয়ে এসেছে; নতুন চেতনা। নতুন ছন্দ, নতুন চিন্তা, কোনোটিই কারো থেকে ধার করা চলতি মাটি নয়, সে একটি নতুন নিঃসঙ্গ নদী।' এ প্রেম অচিন্ত্যকুমার-প্রেরিত পত্র পাঠ করে সেদিনই জীবনানন্দ তাঁকে লিখেছেন: 'আমার কবিতাটি আপনার দৃষ্টি আকর্ষণ করিয়াছে বলিয়া নয়, একজন যথার্থ সৌন্দর্য পূজারীর সাথে পরিচিত হইবার সুযোগ ও সৌভাগ্য পাইয়াছি বলিয়া।' অন্য দিকে, 'কল্লোল'-এর একই সংখ্যায় অচিন্ত্যকুমারের 'বাসরবাত্রি' কবিতাটি জীবনানন্দকে অভিভূত করেছিল, চিঠিতে তাঁর 'রচনায় অতুল সৌন্দর্যে মুগ্ধ', এ কথা জানাতে গেলে তিনি আনন্দ বোধ করলেন: 'ফাল্গুন মাসের কল্লোলে আপনার 'বাসরবাত্রি' কবিতাটি কি যে মনোমুগ্ধকর হইয়াছে এতদিন কথা আপনাকে জানাইবার তরসা এতদিন আমার ছিল না। আজ আমাকে সে অধিকার কাড়িয়াছে বলিয়া পরিতৃপ্তি লাভ করিয়াছি।'

বরিশাল থেকে ফিরে, জীবনানন্দের পরবর্তী ঠিকানা হয় হ্যারিসন রোডের প্রেসিডেন্সি বোর্ডিং-এ 'কল্লোল'-এর নাগালের মধ্যে। অচিন্ত্যকুমার 'কল্লোল'-এর অফিসের আড্ডায় থেকে নিজেকে সরিয়ে নিয়ে, মধ্যে মধ্যে জীবনানন্দের 'আন্তর্জাতিক সাহিত্য' 'অনুবাদ শীর্ষক' উপলক্ষে কথার জন্য আসতেন। জোর করে দু-একদিন 'কল্লোল' অফিসে টেনে নিয়ে গেছেন অচিন্ত্য, কিন্তু জীবনানন্দ তাতে একটুও অভ্যস্ত হননি, 'সুর মেলাতে পারেননি সম্পূর্ণ।' যেমন তিনি তাঁর মানু থেকে চলিতে পরিণত হয় দুটি পত্র থেকে, যেমন তিনি সম্বোধন ও প্রথম পত্রের 'সবিনয় নিবেদন' থেকে দ্বিতীয় পত্রে সুপ্রিয়বাবু তৃতীয়তে 'প্রিয় বন্ধু' হয়ে আর কিছু পরে 'ভাই অচিন্ত্য'-তে পরিণত হয়েছিল। এমনকি হয়তো নিবিড় বন্ধুত্বের সূত্রে আপনি থেকে তুমিতে নেমে আসতেও বেশি সময় লাগেনি উভয়ের। তা ছাড়া, অচিন্ত্যর বন্ধুত্বের উষ্ণ মনে জায়গা দেখা দিয়েছিল, কলকাতায় তাঁর প্রতিষ্ঠা ক্ষেত্র প্রশস্ত হবে ধীরে। জীবনানন্দ তাঁর নিঃসঙ্গ জীবনে এই সংযোগ স্বাদ পেয়েছিলেন বলেই হয়তো সহজে মনে তা না হারিয়ে যায়, তার জন্য বরিশাল থেকে লেখা একটি তারিখবিহীন পত্রে নিজেকে বঞ্চিত বোধ করেছেন: 'সারা দিন পাখি আমার এই টিনটিনে বুকি জীবনটি দপ্ করেই নিয়ে যাচ্ছে; অন্তত—আসছেন কিসের? আপনাদের নব-নব সৃষ্টির জোগানের ভেতর আলো ফুটে পর তো—আপনাদের সঙ্গে সঙ্গে সমতার আনন্দ থেকে বঞ্চিত হব না তো। সেই তো সবচে। আমার হৃদয় যে বাঁশী বেজে যাচ্ছে, —তোমার, বন্ধুর বুকে তা সানাই থেকে বাজছে—আমার যেখানেই বাঁশি নিয়ে গেল, বন্ধুর অনির্বাণ প্রদীপে পথ দেখে চলছি—এর চেয়ে তৃপ্তির জিনিস আর কি থাকতে পারে।' একটি পত্রে তিনি আরও লিখলেন, 'চারিদিকেই বে-দরদীর ভিড়। আমরা যে কটি সমানধর্মা আছি, একটি নিরেট সংযোগ মিলন-সূত্র দিয়ে আমাদের গ্রথিত করে রাখতে চাই। আমাদের যেমন পয়সা কড়ি নেই বলে জীবনে

'creature comforts' জিনিসটা হয়তো কিছুটাই আমাদের এড়িয়ে যাবে। কিন্তু এক সঙ্গে দেনার অভাব থেকে আমরা যেন বঞ্চিত না হই—সে সব বড়ো শব্দহীন, আত্মশক্তিই কারাভার যেন না থেকে।'

অচিন্ত্যকুমারের সঙ্গে তাঁর বন্ধুত্ব কতটা নিবিড় ছিল, তা বোঝা যায় তাঁকে লেখা চিঠিপত্রে নিজেকে অকপটে মেলে ধরার চেষ্টা দেখলে। তিরিশ তারিখবিহীন একটি পত্রে তাঁর আবেগ ধরা পড়েছিল এক আবেগময় ভাষায়, জীবনানন্দ লিখেছিলেন : 'আমার এসে ফিরে যাচ্ছে কিন্তু বর্ষার কোন লক্ষণই দেখছিনে। মাঝে মাঝে নিতান্ত 'নীলোৎপল আছিদ্রিত ক্ষুদ্র প্রাচুর্যহীন-সজ্জিতঃ' মেঘমালা দূর দিগন্তে ভেসে যেতে চোখের চাতককে দু দণ্ডের তৃপ্তি দিয়ে যাচ্ছে। তারপরই আবার অনন্ত 'cerulean vacancy' তারকাখচিত চিৎকার, পাতৃচিত্র—পাখিদের পাখার ঝটপট, যৌবনহীন গুঞ্জন—উদাস বাতাস বিরাজ দুপুরটাকে আরো নিবিড়ভাবে জমিয়ে তুলেছে।' লিখেছেন : 'চারিদিকে সবুজ বনশ্রী, মাথার উপর মেঘের সারি, বাতাসবিধ ঝড় আর কান্না। মনে হচ্ছে যেন মরুভূমির সর্বকিছুর ভেতর বসে আছি, দূরে-দূরে আলোর দ্যুতি হচ্ছে। আমার তুখানি চিঠিকে কখন যে কোথায় হারিয়ে ফেলেছি।.....এবং কোথেকে কত কি প্রাণ এসে আমাকে ছিনিয়ে নিয়ে যায় একেবারে কোনখানে নিরুদ্দিষ্ট চিত্তে। সারাটি দিন,—অনেকখানি রাত— কোথাকারটির মানুষ।' এই চিঠিটি লেখার সময় জীবনানন্দ সিটি কলেজের তরুণ অধ্যাপক, আর অচিন্ত্যকুমার ইংরেজি সাহিত্যে এম এ-র জন্য প্রস্তুত হচ্ছেন।

অচিন্ত্যকুমারকে অত্যন্ত কাছের মানুষ ভাবতে পেরেছিলেন, যে জন্য তাঁর সঙ্গে বন্ধুত্ব স্থাপনে নিজেকে কৃতার্থ মনে করেছিলেন জীবনানন্দ। সাহিত্য-জীবনের শুরুতেই এই সংযোগ তাঁর কাছে 'বিধাতার কৃপা' বলে ঠেকেছিল তিনি। যৌবনে বন্ধুত্বের তীব্র আকর্ষণে অচিন্ত্যকুমারকে লেখা পত্রে তিনি ঘোষণা করেছিলেন : 'বেদনাতুর দেশে জন্মেও আমাকে স্বপ্ন দেখা তো দূরের কথা, হাসার ভেতরই আমি কান্নাকে ফুটিয়ে তুলতে চাই।' অথচ বাইশ-তেইশ বছরের এই ঘনিষ্ঠতায় হয়তো সামান্য ফাটল ধরে থাকবে কোনও কারণে, কেন না অনেকদিন পরে আবার পত্র জীবনানন্দ একটি পত্রে, অচিন্ত্যকুমারের কাছে নিজের মনন-হৃদয়ের একটা চিত্র স্পষ্ট করে তুলতে চেয়েছিলেন। নিজেরই অভিমানের কথায় সে পত্রের সূচনা করেছিলেন : 'আমি ভেবেছিলুম তুমি দূর হয়ে যাচ্ছ। এখন মনে হচ্ছে তুমি তোমার ঠিক জায়গাতেই আছ। তোমাদের সঙ্গে আমার ঝগড়া কত গভীর তা-তুমিই জান; মাঝে মাঝে আমরা দুজনে সেটা একটু আধটু ঘুমিয়ে ফেলার চেষ্টা করেছি, কিন্তু অন্তঃশীল অমলতা ঠিকই আছে। স্বভাবতই মন তোমার দিকে আমাকে টানে—দূরে থাকলে বেশি টানে। কাছে এসে পড়লে তোমার জিজ্ঞাসা ও যৌবনারোহ জোর—মাঝে মাঝে সেটা বড়ও বটে—সেই জোর দেখে টের পাই সাংসারিক সফলতা ও গদ্য জগতের ব্যাসমণ্ডলায়

[illegible]

তুমি সত্যিই বেশ দুর্বার, আজকাল বন্ধুর মত সার্থক। কিন্তু আত্মবিজয়া ও রিক্ততার কাছে চেয়েই কম নও। তোমার কাছে গেলে তোমাকে আমি সব সময় ঠিক ভাবে গ্রহণ করতে পারি না, (সেটা আমারই দোষ)—কিন্তু দূরে থেকে তোমার মন খাঁটি সোনার মত এসে দেখা দেয় আমার কাছে; বুঝতে পারি এই অপূর্ব অভিজ্ঞা হলেও এইটেই ঠিক স্বরূপ। খুব ভালো হত কাছেও যদি তোমাকে ঠিক এরকম ভাবে পেতে পারতাম। তাহলে আজকের সাহিত্যিকদের ভেতর শুধু তোমার মতো দু-একটা বন্ধুকে নিয়ে জীবনের বহিরাশ্রমের ভূমিতে খুব কৃতিত্বার্থতা পাওয়া যেত।' প্রসঙ্গত স্মরণ করা যেতে পারে, এই পত্র লেখার সময় অচিন্ত্যকুমার 'পূর্বাশা' পত্রিকায় ১৩৫৩ বঙ্গাব্দের বৈশাখ থেকে ধারাবাহিকভাবে তাঁর সুখ্যাত 'কল্লোল যুগ' শীর্ষক স্মৃতিকথা লিখছিলেন। এই রচনাটিতে মুলত কল্লোল যুগের লেখকদের যৌবন বয়সের নানা রোমাঞ্চকর কাহিনী আকর্ষণীয় প্রাঞ্জল ভাষায় বর্ণিত হয়েছিল। সেই রচনাটির প্রসঙ্গ তুলে, জীবনানন্দ হয়তো তাঁর বন্ধুত্বের দাবি নিয়ে অচিন্ত্যকুমারকে পরোক্ষভাবে মনে করিয়ে দিয়েছিলেন, সেই স্মৃতিকথায় যেন তাঁরও একটা অংশ স্বীকার করা হয়। বুদ্ধদেব বসু তাঁর এক স্মৃতিকথায় জীবনানন্দের নিঃসঙ্গচারিতার প্রসঙ্গ তুলে জানিয়েছিলেন 'পাঁচ মিনিট দূরে থেকেও 'কল্লোল' আপিসে তিনি আসতেন না, কিংবা কদাচ আসতেন, অন্তত আমি তাঁকে কখনো সেখানে দেখিনি।' অচিন্ত্যকুমারকে স্বয়ং জীবনানন্দই পুরাতন প্রসঙ্গ তুলে পূর্বোক্ত পত্রে লিখেছেন : 'কল্লোলের সেই কাটায় আমি দু-একবার নয়, দুপোরার তো গিয়েছি ঠিকই; তুমি বিকেলের দিকে আসতে—আমি সকালের দিকে যেতাম। দীনেশরঞ্জনকে সব সময়ই দেখতাম, মাঝে মাঝে নৃপেন থাকতো। তুমি Presidency Boarding-এ প্রায়ই আসতে বেড়াতে বেড়াতাম রাস্তায় যৌবনটি দিকে প্রায়ই। অনেক কথা মনে

পড়ছে—অন্তহীন অনবদ্যহীন দিন আর মুহূর্ত।' এই প্রেসিডেন্সি বোর্ডিং-এর রোয়াক কিংবা ছাদে বসে অচিন্ত্যকুমারের সঙ্গে বুদ্ধদেব বসুর একদার আড্ডায় অংশ নিয়েছিলেন। এই বোর্ডিং-এই বাড়ির সম্ভবত সামনে দেখা গেছে—জীবনানন্দের প্রতিবেশী পরিমলচন্দ্র ঘোষ নিয়োগী মেডিক্যালকে; কাজের কোটি পরে বলায় কষ্টের কাটিয়ে তিনি আসতেন তাঁর সঙ্গে আত্মালোচনার সময় কাটানোর জন্য।

'মনোলোকে যা আছে তা আছে বাইরের পৃথিবীতে তোমার সঙ্গে বন্ধুত্বে নিবিড় হয়ে পৌঁছে যেতে পারতাম যদি এক-আধটা নারী (আমাদের দোষ) জিনিসটাকে কিছু কিছু খণ্ডিত করে না ফেলত।' স্বভাবতই এই মনোজ্ঞ প্রকাশের সূত্রে এই প্রশ্ন দেখা দিতে পারে যে, একটি পত্রে জীবনানন্দের এই বাহুল্য দোষ স্বীকার করার কী কারণ ছিল, কিংবা উত্তরের হয়ে কী এমন সূত্র তৈরি হয়েছিল যাতে পরবর্তীকালে তাঁকে অনুশোচনা করতে হচ্ছে। তখনও 'কল্লোল যুগ' প্রকাশিত হয়নি, অচিন্ত্য সাহেব দু-বছর পূর্বে একটি চিঠিতে 'কল্লোল'-এর প্রসঙ্গ তুলে জীবনানন্দ সেই যৌবনের দিনগুলি স্মরণ করিয়ে দিয়ে লিখেছিলেন : 'কল্লোলের দিনগুলি মনে পড়ে কবিতা। আমি তখন প্রেসিডেন্সি বোর্ডিং-এ থাকতাম—তুমি প্রায় রোজই আমার কাছে আসতে। আমরা বেড়াতে বেরোতাম প্রায়ই, গাছের তোলাতে বেড়াম, মাঠে মাঠে এসপ্লানেড-এর দিকে। সে সব দিন কোথায় গেল?' এই চিঠি প্রসঙ্গ হয়তো অচিন্ত্যকে মনে পড়েছিল 'দুজনে বেড়াতে বেরিয়েছি চৌরঙ্গী ছাড়িয়ে গড়ের মাঠের দিকে, মাঝে ইডেন-বাগানে চা-টা কাটলেট খেয়ে নিয়েছি, জীবনানন্দই খাইয়েছে।' এই চিঠিতেই অচিন্ত্যর সঙ্গে তাঁর নিবিড় সম্পর্কের কথা বলতে গিয়ে প্রত্যক্ষ পরীক্ষার মুহূর্তে, নিজের স্বভাবের একটি দিক সম্পর্কে নিজেই গুরুত্বপূর্ণ মন্তব্য করেছিলেন : 'কল্লোলের দিনে কোন কোন কারণে মাঝে মাঝে তোমার উপর খুব চটে যেতাম মনে মনে, অথচ আমার সম্পর্কে রাগ-অভিমানের প্রশ্ন ছিল না—তাদের আকর্ষণ আমি বিশেষ জোর করিনি মনে। কিন্তু তুমি নিজেকে আমার নিকটে আনতে পেরেছিলে। এইটেই তোমার বিশেষ গুণ। আমার দোষ আমি সহজে কাটিয়ে বলা দিতে পারি না, কিন্তু তোমার প্রতিভার সুগভীর সরলতা ছিল আলাদা জিনিস। এই শক্তিমত্তা ও তেজ আজকের পৃথিবীতে সব দিকেই সব বিভাগেই বিরল। সাহিত্যে হয়তো আছে, কিন্তু যে মানুষ তা সৃষ্টি করে সে অধিকাংশ প্রায়ই মানুষ নয়। তোমাকে আমি বড় সাহিত্যিক (বিশেষতঃ তোমার বড় উপন্যাসগুলি পড়বার পর) এবং আজকের দিনে যাদের প্রায়ই দেখিই না সেই বর্ণচ্ছটা, কাজের মানুষ বলে মনে করি।'

পরবর্তীকালে এরকম কাজের মানুষ মনে করেছেন, 'পূর্বাশা'র সম্পাদক সঞ্জয় ভট্টাচার্যকে। শুধু সাহিত্যিক বন্ধু নয়, যেন পারিবারিক প্রয়োজনেও তাঁর প্রতি নির্ভর করার ভরসা পেতেন 'বেশি ঠেকে পড়েছি, যে জন্য বিরক্ত করছে হল আপনাকে। এর্পুণ এখন পাঁচশো টাকা দরকার; দয়া করে ব্যবস্থা করুন।' কবিতা দিয়ে বা লেখা অথবা প্রভৃতি সম্পাদকের কাছে প্রতিদিন না হলে হতে পারে, সে জন্য জানিয়েছিলেন সঙ্গত হলে প্রবন্ধ লিখবেন, গল্প না হলে উপন্যাসও লিখবেন। এমনকি কার্তিক কিংবা অগ্রহায়ণ মাস থেকে ধারাবাহিক জীবনস্মৃতি লিখবেন 'পূর্বাশা'য়। এবং একবার জানালেন উপন্যাস লিখছেন, 'নিরুদ্দেশ বাড়ে নয়—হয়তো।' এই সব প্রস্তাব বাস্তবায়িত হয় নি বটে, কিন্তু টাকা এগুলি হাতে চাই। তার সঞ্জয় ভট্টাচার্য কত কবি এ সম্পাদকের সঙ্গে এই প্রাপ্য দাবি নিয়ে উৎসাহিত উত্তরে কারণ হিসেবে জানালেন : 'আমাদের দেশে দু চারজন বিশ্বস্ত সাহিত্যিককে এরকম দাবি প্রাপ্য করবার মতো বিচার বিবেচনা অনেক দিন থেকে আপনারা দেখিয়ে আসছেন—সে জন্য জানাচ্ছি।'

জীবনানন্দের সঙ্গে সঞ্জয় ভট্টাচার্যের প্রথম আলাপের সূত্রপাত ঘটেছিল, 'নিরুক্ত' পত্রিকায় 'জীবনানন্দ দাশ' শীর্ষক একটি নিবন্ধের সূত্রে, সঞ্জয় লিখিত সেই রচনাটির মাধ্যমে 'বরিশাল ও কলকাতার মধ্যে সেতু' রচিত হয়েছিল। জীবনানন্দের সঙ্গে তাঁর প্রথম 'হাতে কলমে' সাক্ষাৎকার অভিজ্ঞতার কথায় তিনি জানিয়েছিলেন; সেখানে তাঁর সঙ্গী ছিলেন প্রতিভা বন্দ্যোপাধ্যায়। প্রথম সাক্ষাতে অবশ্য বেশি সময় আলাপ হয়নি। কিন্তু আমার পরে ওঁদের মনে হয়েছিল, যে জীবনানন্দ বাংলার কবিতা তাঁরা পড়েছেন, 'ইনি সেই জীবনানন্দ দাশ হতেই পারেন না'। প্রেমেন্দ্র মিত্র অবশ্য এই অভিজ্ঞতার কথা শুনে বলেছিলেন, 'ওই জীবনানন্দ, কবিতা লেখার সময় ওর চেহারা আদ্যন্ত বদল হয়ে যায়'।

জীবনানন্দ তাঁর জীবনের শেষ কয়েক বছর নানা দুশ্চিন্তায় বিপর্যস্ত ছিলেন, নিশ্চিত কোনও কাজের সন্ধানে, নিরুপায় বাসস্থানের অনুসন্ধান নিয়ে বিভ্রান্তকর পরিস্থিতির মধ্যে পারিবারিক অসুস্থতা। সঞ্জয় ভট্টাচার্যের উপর তখন অনেক নির্ভর করতেন তিনি। নিজের নানা সংকটের কথা জানিয়ে প্রকাশের মাস তিন-চার পূর্বে 'পূর্বাশা'র সম্পাদককে লিখেছেন : আপনারা কি কবির সাহেবকে আমার কথা বলেছিলেন? বাড়ি নিয়েও বড় দুশ্চিন্তায় আছি। তারাশঙ্করবাবুর সঙ্গে দেখা করব? এসব বিষয় নিয়ে আপনাদের সঙ্গে গিয়ে আলোচনা করতে পারি, কিংবা আপনি চিঠি লিখেই জানাতে পারেন। খুব জরুরি। 'কবির সাহেব' বা 'তারাশঙ্করবাবু'র বিষয়ে অন্যান্য উৎকণ্ঠার আগ্রহ অনেকের কাছে মনে হতে পারে আকস্মিক পুরস্কারের বিষয়ে প্রভাবিত করবার প্রচেষ্টা, কিন্তু সঞ্জয় এই প্রসঙ্গে প্রসঙ্গে পুরোপুরি স্মৃতিচারণে লিখেছেন; 'এ চিঠি থেকে যে-জীবনানন্দ উঠে আসছেন, তিনি আকাশপথি প্রাইজের উমেদার নন। তিনি নিঃসম্বল না—শুধু সন্ধানী। কিন্তু তাঁর সঙ্গে বন্ধুর পথে চলতে, তেমন বন্ধু কেউ নেই। চিঠি পাওয়ার দিনে জীবিত জীবনানন্দের এই ছবিই আমার মনে জেগে উঠেছিল'।

১১

আবাল্য থেকেই জীবনানন্দ সম্পূর্ণ নিঃসঙ্গ ছিলেন এমন বলা যায় না, কেননা সর্বানন্দ ভবনের বৌথ পরিবারের মধ্যে কাটিয়ে তাঁর বাল্য ও কৈশোর কেটেছে প্রাণের বন্ধুদের সাহচর্যে। বাড়িতে তাঁর মা, জীবনানন্দর কাপিসে সহপাঠী বন্ধুদের ডেকে এনে খাওয়াতেন, বাড়ির সামনে একটি আনন্দিত পরিমণ্ডল গড়ে উঠত। খেলাধুলোর প্রতিও তাঁর আকর্ষণ ছিল, বাড়ির সামনে পরিষ্কার পরিচ্ছন্ন করে খেলার মাঠ তৈরি করেছিলেন। তবে সহপাঠী বন্ধুদের চেয়ে নিজের ছোটভাই অশোকানন্দর সঙ্গেই তাঁর ঘনিষ্ঠতা ছিল বেশি। অশোকানন্দ তাঁদের শৈশবে জীবনানন্দর মনোভঙ্গির কথা বলতে গিয়ে লিখেছেন 'আমাদের বাড়ীতে সবুজ ঘাসে ঢাকা বিস্তৃত প্রাঙ্গণ ছিল। বরিশালে বৃষ্টির অভাব হয় না। মাটি থেকে রস গ্রহণ করে সারা বৎসর কি গ্রীষ্মে, কি শীতে সেই নরম সবুজ ঘাস সতেজ থাকতো, একটু বড় হলে বাতাসে আন্দোলিত হোত। এমন সবুজ সুন্দর ঘাস বনে হয় আর কোথাও দেখিনি; মায়ের কোলের মতো নরম ছিল। দাদা সেখানে বসে আমাদের আলোচনা করতে ভালবাসতেন; বিশেষ করে নিজের প্রিয়জন, অথবা প্রিয় বন্ধু কেউ যদি থাকত।' অশোকানন্দই জানিয়েছেন, অনেক বয়স পর্যন্ত ঘাস খেলার প্রতি তাঁর একটা অদ্ভুত আকর্ষণ ছিল। ঘনিষ্ঠ বন্ধুদের সঙ্গে সে খেলায় নিজেকে সহজে খুলে ধরতেন যেন।

বেশি বয়সে, পড়াশোনার পাট চুকিয়ে যখন সাহিত্যচর্চাকেই অন্যতম অবলম্বন করতে চেয়েছিলেন তখন, কল্লোল যুগের অনেকের সঙ্গেই তাঁর নিবিড় সম্পর্ক তৈরি হয়েছিল, যদিও একমাত্র অচিন্ত্যকুমারের কাছে নিজেকে স্বচ্ছন্দে মেলে দিতে পারতেন। অচিন্ত্যর বন্ধুত্বের রস-রসিকতাকেও তিনি অত্যন্ত সহজেই গ্রহণ করতে পারতেন। অচিন্ত্যর সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা নিয়ে দু-একটি মজার কাহিনীও আছে। অচিন্ত্যকুমার তখন খুলনার মুন্সেফ। সেখানে সূত্রে আমুল কাকার শামসুদ্দিনের সঙ্গে তাঁর পরিচয় হয়েছে, যিনি জীবনানন্দর ছাত্রদের মধ্যে অন্যতম। একবার শামসুদ্দিনের আতিথ্য গ্রহণের ইচ্ছা প্রকাশ করে বরিশালে উপস্থিত হয়েছিলেন অচিন্ত্য। স্টিমারঘাটে পৌঁছেই জীবনানন্দর খোঁজ নিলেন অবশেষ এখন কাছে, তাঁর উপর অচিন্ত্যকে গন্তব্যস্থল পর্যন্ত নিয়ে যাওয়ার দায়িত্ব পড়েছিল। অবশেষ রিক্সায় করে তাঁকে সর্বানন্দ ভবনের সামনে নিয়ে গেলে, রিক্সা থেকে হাত বাড়িয়ে নেমে 'জীবন, জীবন' বলে ডাকতে ডাকতে বাড়ির উঠোনে প্রবেশ করলেন অচিন্ত্য। খালি গায়ে বেরিয়ে এলেন জীবনানন্দ। অচিন্ত্যকে দেখে অনেকটা চমকিয়ে গেছেন তিনি, কিছুটা অপ্রস্তুতও। অচিন্ত্য সেই অবস্থাতেই তাঁর সঙ্গী হতে বললেন, জীবনানন্দ অস্বস্তিকর পরিস্থিতি কোনও

[illegible]

রকম সামলে একটা জামা গায়ে দিয়ে বেরিয়ে এসে অচিন্ত্যর সঙ্গে রিক্সায় উঠলেন, অবশেষ আর একটা রিক্সা নিয়ে তাঁদের পেছনে পেছনে অনুসরণ করলেন।

যথারীতি আপ্যায়িত হওয়ার পর, শামসুদ্দিনের বাবা এক প্যাকেট সিগারেট এগিয়ে দিয়ে জীবনানন্দকে বললেন 'বাও সিগারেট খাও।' অচিন্ত্য ঘাড় নেড়ে জানালেন তিনি এখন সিগারেট খাচ্ছেন না, ছেড়ে দিয়েছেন। জীবনানন্দ যেন আকাশ থেকে পড়লেন অচিন্ত্যর স্বীকারোক্তি শুনে—'সিগারেট পর্যন্ত ছেড়ে দিলেন, অচিন্ত্য?' তাঁর স্বভাবসুলভ ভঙ্গীতে হাসতে হাসতে পরমুহূর্তেই গম্ভীর হয়ে, কিছুক্ষণ বাদে আবার জিজ্ঞাসা করলেন, 'সিগারেট ছেড়ে দিয়েছ?' 'সব কিছু ছেড়ে দিয়েছ?' অচিন্ত্য কয়েকবার মাথা নেড়ে সম্মতি জানিয়ে আপনমনে একটা ডাইন ম্যাগাজিনের পাতা উল্টে যাচ্ছিলেন। তারপর উপস্থিত সকলকে অবাক করে দিয়ে প্যাকেট থেকে নিজেই একটা সিগারেট বের করে মুখে দিলেন জীবনানন্দ। 'তাহলে আমিই একটা খাই'—অনভ্যস্ত হাতে কোনও রকমে দেশলাই কাঠি জ্বেলে সিগারেট ধরালেন অথবা কেউ ধরিয়ে দিলেন। বোঝাই যায় সম্পূর্ণ অনভ্যস্ত; নাকের ডগায় জ্বলছে সিগারেট—আর এরকম একটা পরিস্থিতি তৈরি করে নিজেই যেন কিছুটা অপ্রস্তুত, অচিন্ত্যর দিকে তাকিয়ে সেই একই প্রশ্ন করতে করতে তাঁর সেই বহু পরিচিত শব্দের হাসি হেসে, কিছুটা স্বাভাবিক হওয়ার চেষ্টা করে, অবশেষে সিগারেটটা ফেলে দিয়ে নিশ্চিন্ত হলেন।

দীর্ঘকাল মফঃস্বলবাসী হলেও, সাহিত্যের সঙ্গে যুক্ত যে কোনও বয়সের পাঠকের সঙ্গে সংযোগে তিনি বিশেষভাবে উৎসাহিত বোধ করতেন। সমকালীন সুখ্যাত সাহিত্যিক কিংবা সমালোচকদের সঙ্গে তাঁর সম্পর্ক খুব মধুর ছিল বলা যায়

না। সুধীন্দ্রনাথ দত্ত, বিষ্ণু দে, ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, অন্নদাশঙ্কর প্রমুখ গুণীর মতো কবি ও সমালোচকরা তাঁর রচনার বিষয়ে কোনও মন্তব্য করেননি বলা যায়। যদিও তাঁর লেখার প্রতি বিষ্ণু বিশেষ মনোযোগ পোষণ করতেন। কিন্তু যে রচনা তাঁর লেখা 'পরিচয়' এ কিংবা পরবর্তীকালে ফ্যাসিবাদ-বিরোধী সংঘের উদ্যোগে প্রকাশিত 'কেন লিখি' পুস্তিকার জন্য সংগ্রহ করেছিলেন।

অথচ জীবনের শেষ সময়, তাঁর তরুণ পাঠকদের কাছে কীভাবে গৃহীত হচ্ছেন সে বিষয়ে জানার জন্য অত্যন্ত কৌতূহল পোষণ করতেন। কোথাও কোনও তরুণ আগ্রহের লেখায় জানতে পারলে নিজেকে অত্যন্ত আনন্দিত বোধ করতেন। তাঁর যে সাময়িক পত্রের সন্ধান পাওয়া গেছে, তার মধ্যে যে তিনটি চিঠি সম্পূর্ণ অচেনা এক যুবককে লিখেছিলেন, তিনি তখন সেন। সদ্য অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ, কিন্তু কবিতার বিষয়ে তাঁর সুচিন্তিত ধারণা দেখে মুগ্ধ হয়েছিলেন। নিজের কবিতা বিষয়ে আলোচনায় প্রবৃত্ত হতে এমন কোনও অচেনা পাঠকের মনোযোগ জানতে পেরে তাঁকে, অর্থাৎ সেই যুবককে পত্রে লিখে জানিয়েছিলেন : 'আপনার চিঠির জন্য আপনাকে অনেক ধন্যবাদ। আপনার চিঠি পড়ে বুঝতে পারা যায় যে সাহিত্যের বিষয়ে এই বয়সেই আপনার রুচিবোধ ঘটেছে। প্রকাশ অবশ্য অবস্থা যেন গড়ে উঠেছে। লেখা ছাপিয়েছেন কোথাও? যুব কাজি—সব পত্রিকা বা লেখকদের নাম আমার চোখে পড়ে না। আমি আপনাকে নানা রকম ছাপা বিশদভাবে লিখে জানাতে অনুরোধ করছি। আমার কবিতার বই আপনাকে পাঠিয়ে দিতে পারি বিস্তৃত সমালোচনার জন্য; অবশ্য এই বইগুলোতে আমার লেখার নিজের প্রায় কোনও কবিতাই নেই। 'মহৎ সংক্রান্তির রাতে' প্রভৃতি অনেক কবিতা পরবর্তী বইয়ে গেছে।......আমার কথা আলোচনা করে আপনাকে জানাতে অনুরোধ করা যদিও আত্মরতি এক রকম, তবুও সাহিত্যের—বিশেষত আমার কবিতা—সম্পর্কে এমন একজন শিক্ষাব্রতী, সুস্পষ্ট বিশেষজ্ঞকে চুপ করে থাকতে দেখলে দুঃখ বোধ করি।' প্রত্যুত্তরের পত্র পাঠ করে তিনি এতটাই খুশি হয়েছিলেন যে, তাঁকে লিখে জানিয়েছিলেন : 'আপনার চিঠি লেখার ধরনটি সুন্দর ও পরিপাটি। আমরা যখন সবে এম এ পাশ করে বেরিয়েছিলাম এরকম লিখতে পারতাম কিনা সন্দেহ।' পরের পত্রে তাঁকে আরও আন্তরিকভাবে নিজের মনোভাব জানিয়ে অনুপ্রেরণা দিয়ে লিখলেন : 'আমার কবিতা সম্পর্কে আলোচনা আপনি সহজবোধেই শুরু করুন। আপনার সহজবোধ তো অস্বচ্ছ নয়, লিখতে লিখতেই জিনিসটা আপনার দৃষ্টিকোণকে ক্রমশ করে খুলে দেবে। পাণ্ডিত্য নয়, তার চেয়ে বড় জিনিস প্রজ্ঞা আপনাকে সাহায্য করবে। বই পড়ে পণ্ডিত হওয়া যায় বটে, কিন্তু প্রজ্ঞা শেষ পর্যন্ত গুণুর একেবারে বিদ্যানিরপেক্ষ নয়। অন্য রকম জিনিস; প্রবীণ লেখকরাই বিবরণ করতে চায় বেশি। আপনি নবীন, কিন্তু আমার মনে হয়, আপনার সহজবোধের বেশ সার্থকতা রয়েছে যা এখন বোঝা গেছে। 'ধূসর পাণ্ডুলিপি'র ছোটো কবিতা নিয়ে আলোচনা করতে পারেন। এর একটি কবিতা বড় বিতর্কিত বিশ্লেষণযোগ্য নয় নয়। সেই আপনার ভালো লাগে লিখেছেন। এমন বিষয়ে নিজের আত্মবিকাশের পথে চলেই চেতনা জেগে ওঠে, সেটাকে আলোড়ন কাটিয়ে কথা ও ভাষা নির্ভরভাবে কোনদিন হবে ওঠবার সুযোগ পায়। আমি বিচারক পাঠক একজন অন্যদিকে।' বয়সের দীর্ঘ ব্যবধান সত্ত্বেও এভাবে চিঠি লিখেছিলেন, প্রাণের মতো উত্তাপ সম্মান দেখিয়েছিলেন তাকে।

স্মরণ করা যেতে পারে, অরুণকুমার সরকার, নরেশ গুহ কিংবা অশোক মিত্র র মতো অনুরাগী যুবকদের কাছে নিজের কবিতার আবৃত্তি শুনে মুগ্ধ হয়ে দিতে নিজের বাসস্থানে তাঁদের সামনে অকপটে কবিতা পাঠ করে দিয়েছেন ঘণ্টার পর ঘণ্টা। 'ময়ূখ' পত্রিকার যুবক কবি-লেখকদের সাহচর্যও নিজের অন্তর্নিহিত আড়ষ্টতা সরিয়ে রেখে তাদের মাঝেই আন্তরিক হয়ে উঠেছেন। সে দলের অন্যতম কবি ভূমেন্দ্র গুহর কাছে নিজের সদ্য প্রকাশিত কবিতার মুগ্ধ হয়ে বিস্ময়াতুর কণ্ঠে নিজের খুশি প্রকাশ করেছেন।

তাঁর জীবনের শেষ কয়েক বছর খুবই ঘনিষ্ঠতা হয়েছিল—জলপাইগুড়ির এক তরুণ ছাত্র কবি সুরজিৎ দাশগুপ্তের সঙ্গে। এ পর্যন্ত প্রাপ্ত পত্রাবলীর মধ্যেই সুরজিৎকেই সর্বাধিক পত্র লিখেছিলেন তিনি। কী গভীর মমতায় তিনি এই তরুণ কবিকে গ্রহণ করেছিলেন তা তাঁর চিঠিগুলি দেখলেই বোঝা যায়। জলপাইগুড়ি যাবার আমন্ত্রণের উত্তরে তিনি লিখেছিলেন: 'জলপাইগুড়ি যেতে লিখেছ। একবার গিয়ে ঘুরে আসতে ইচ্ছা করে। সভা-সমিতি ইত্যাদি সব কিছুর হাত সম্পূর্ণভাবে এড়িয়ে তোমাদের দু-একজনের সাহায্যে হিমালয়, চা-বাগান ইত্যাদি দেখে আসবার লোভ জেগেছে মনে।' পরের পত্রে জলপাইগুড়ির প্রাকৃতিক পরিবেশের অনেকটি আলোকচিত্র দেখে অভিভূত হয়ে নিজের আনন্দের কথা জানিয়েছিলেন বিশদে: 'জলপাইগুড়ির বিল, হাঁস ও নিসর্গপটের যে-সব ছবি পাঠিয়েছ—অপূর্ব বোধ হল। এগুলি বিলের পাড়ে ঘাসের ওপরে আকাশের মুখোমুখি নিজেকে ছড়িয়ে দিতে ইচ্ছে করছে। নদী, বিল, পাহাড়, বন, আকাশ—কোনো নিরালা জায়গা থেকে এসবের নিবিড় সম্পর্কে আসতে ভালো লাগে আমার। বসে থাকতে পারা যায় যদি এদের মধ্যে, কিংবা হেঁটে বেড়াতে পারা যায় সারাদিন, তা হলেই আমাদের সময় একটা বিশেষ দিক দিয়ে (আমার মনে হয়) সবচেয়ে ভালোভাবে কাটে।'

চল্লিশের দশকের প্রথম থেকেই যুবকদের সমুহ মতো তাঁর কবিতার ভক্ত পাঠক, বন্ধু, তাঁর কবিতার উচ্ছ্বাস সেভাবে সমর্থন জানাতে পারেননি। তিনি প্রকাশ্যে মন্তব্য করেছিলেন

মধুসূদন ও রবীন্দ্রনাথ বলে। সে সময় নিজের সর্বশক্তি দিয়ে সজনি কান্ত লেগেছিলেন সজনী চট্টোপাধ্যায়—তাঁর কবিতার যে দুর্বোধ্যতার প্রমাণ নানা সমালোচকের চোখে নিন্দিত হয়েছিল, সজনী তার বিরুদ্ধে নিজের জোরালো বক্তব্য জানাতে দ্বিধা করেননি। শতাব্দীর দশকের শুরু থেকেই তাঁকে নিয়ে একটা চক্রমণ্ডলী গড়ে উঠেছিল, যাতে তরুণতরদেরই প্রাধান্য। বরং প্রবীণদের মধ্যে অনেকেই সোচ্চার, তাঁর কবিতায় ভুল ব্যাখ্যায় যখন প্রথম নিন্দামুখর, তখন তাঁর প্রতি অনুরক্ত তরুণরা তা প্রতিরোধ করার জন্য বদ্ধপরিকর ছিলেন, সেই সৈন্যদলে বুদ্ধদেব কিংবা সুরজিৎ দাশগুপ্তের তিনি নিয়ত মনে রেখেছেন। বুঝিয়েছেন, ওদের কাছে কিছু চান না বলে।

নানা-কাগজের কবিতার প্রতিষ্ঠা শেষ কর্মজীবনের সূত্রে যে সব বন্ধুদের সাহচর্য পেয়েছেন, সে ক্ষেত্রে গোপালচন্দ্র রায় এবং অচিন্ত্যকুমার সেনের নাম বিশেষ উল্লেখযোগ্য। গোপালচন্দ্র-র মাধ্যমেই হাওড়া গার্লস কলেজে তিনি অধ্যাপনার চাকরিটি সংগ্রহ করতে পেরেছিলেন, আর সেই কলেজের কর্তৃপক্ষের অন্যতম অচিন্ত্যকুমার মনোনীত হওয়া সত্ত্বেও একটি বাড়ি নৈকট্য আসতে পেরেছিলেন। কলেজ থেকে ফেরার সময়, কিংবা নৈমিত্তিক সাক্ষাৎকারের সময় প্রায়ই সঙ্গী হতেন অচিন্ত্যকুমার। একবার কলকাতায় কংগ্রেস অধিবেশন দেখার জন্য তাঁকে সঙ্গী করেছিলেন। অচিন্ত্যকুমারের সঙ্গে এমন একটা নিবিড় সখ্য গড়ে উঠেছিল, অনেক সময় প্রাণ খুলে তাঁর সঙ্গে কথা বলতেন। বলতেন: 'সাহিত্যই আমার জীবনের বড় কথা। শুধু বড় কথা নয়, একমাত্র কথা।' তাঁদের 'কবিতা-চক্র' নামে একটা বিচিত্র আলোচনাসভা হত, তাতে জীবনানন্দ কিছু বলার জন্য অনুরুদ্ধ হয়ে ব্যবহারিক ধর্ম সম্পর্কে কিছু বলবার অভিপ্রায় প্রকাশ করেন, কিন্তু শেষ পর্যন্ত তিনি বলেননি। কথায় কথায় কথাপ্রসঙ্গে একবার অচিন্ত্যকুমারকে বলেছিলেন, ব্রাহ্মধর্ম এবং ব্রাহ্মণ্য-বৃত্তির মধ্যে একটা পার্থক্য রাখা দরকার। কোনও কোনও সময় ভগবান ও আত্মা সম্পর্কে গভীর আগ্রহ দেখা যেত তাঁর আলোচনার জিজ্ঞাসায়, পূর্বজন্মের প্রসঙ্গে কথা বলতেন হিতকামদের সঙ্গে, হয়তো বিশ্বাস করতেন না কৌতূহল ছিল বলেই বলতেন। জিজ্ঞাসা করেছিলেন: 'বলতে পারেন মৃত্যুর পর কি আছে? কে বলে জানবাবের মানসিক নয়?' তখনও অচিন্ত্যকুমার বলেছেন: 'মৃত্যুর আগে কম পুঁথিটি নিজের উক্তিটি কেমন? যদি তুমি থাকো, তাহলে যে ভগবান আমার আত্মার রক্ষক হোক, যদি আদৌ আত্মা থাকে।'

শেষ ক'বছর তাঁর সান্ধ্যভ্রমণের নিত্যসঙ্গী ছিলেন সুবোধ রায়, পরিচালক, বন্ধ ও বয়সনিকতার অকালপক্বতিরে তাঁদের পরস্পরিকতা প্রায়ই মুখর হয়ে উঠত। পাঁচ-সাত মাইল রোজ হাঁটতেন তাঁরা। ল্যান্সডাউন দিয়ে রাসবিহারী এভেনিউর কিছুটা পশ্চিমে, তারপর ডান দিকে ঘুরে সাদার্ন এভেনিউ দিয়ে লেক অবধি পার্ক। চক্রাকারে প্রদক্ষিণ করতেন ঢাকুরিয়া লেক থেকে ছোটো লেক, একেবারে টালিগঞ্জের ব্রিজ পর্যন্ত।

সুবোধবাবু বলেছেন: 'রাত্রি থেকে সেখোয়ার সন্ধ্যার অন্ধকারে গা-ঢাকা দিয়ে। কেউ যেন দেখতে না পায়। ঘাসের বুকে অন্ধকারে বসতেন। নির্জনতা আর অন্ধকারকে গভীর ভাবে ভালোবাসতেন কবি। পরিচিত কাউকে দেখলেই আড়ালে গিয়ে আড়াল করতেন নিজেকে। আমার উপর কড়া নির্দেশ ছিল—পরিচিত কারো সঙ্গে কখনও পরিচয় করিয়ে দেবেন না। যদি বা কোনো দিন অজান্তে করেছি দিয়েছি, উদ্বিগ্নভাবে বিড়ম্বনায় পড়তেন। শুধু আড়াল, নির্জনতা, নিজেকে লুকিয়ে রাখা।' প্রায় অভিযোগের সুরে সুবোধবাবু বলতেন: 'আপনার মতো এমন অদ্ভুত অসামাজিক লোক আমি আর দেখিনি। কতো বড় বড় কবি, সাহিত্যিক, অধ্যাপকের ভিড় আপনার কাছে দেখেছি। কতো অসংখ্য বন্ধু আপনার। অথচ কোথাও যাওয়া-আসা নেই, মেলামেশা নেই—কী যে আপনার স্বভাব।' সুবোধবাবু তাঁর মতের সমর্থনে জানাতেন, লেখক-গুরু, আলাপ-আলোচনায় অন্তত একটা লেখার যোগাযোগ আসে। জীবনানন্দের উত্তরে বলতেন: 'কি দরকার? বইতো আছে লেখা। কতো বই পৃথিবীতে। ভালো বই পেলে আর-কিছুর, কাউকে দরকার হয় না।' অবশ্য একথা তিনি মনে-প্রাণে বিশ্বাস করতেন—একেবারে শৈশব বয়স থেকেই বই-এর প্রতি তাঁর গভীর আকর্ষণ। আজীবন, সারাক্ষণ ডুবে থেকেছেন বই-এর জগতে, হয়ত বই-ই ছিল তাঁর কাছে প্রকৃত বন্ধু।

জীবনানন্দকে 'নির্জন' নিঃসঙ্গ কিংবা 'মৃদুভাষী চিন্তিত অবসর'—প্রভৃতি বিশেষণে অভিহিত করার চেষ্টা হয়েছে নিয়মিত হবে। তাঁর প্রকৃতি-স্বভাব সম্পর্কে বলতে গেলে অনেকেই বলে থাকেন: 'জীবনানন্দ মিশুক নয়, ঠোঁটে আঁকা মৃদু হাসির বাইরে সে হাসতে জানে না, খা মেলে আড্ডা দিতে জানে না, তাছাড়া পরিচিত লোক দেখলেই পাশ কাটিয়ে সরে পড়ে।' অচিন্ত্যকুমার, 'অন্তরঙ্গ জীবনানন্দ'র ছবি আঁকতে গিয়ে সাধারণে প্রচলিত এই সব বক্তব্যের পাশে নিজের অভিজ্ঞতার আলোয় তাঁর সঠিক চেহারাটি তুলে ধরে দিয়েছিলেন: 'একজন লেখককে বলতে শুনেছি জীবনানন্দ জীবন থেকে পালিয়েছে, অনেক জন বন্ধুদের মুখের কথা, মানুষ থেকে যেন দূরত্বজন্মা বাকির মতো ঘাটে জলশূন্য নৌকা বাঁধা। অর্থাৎ সূর্যের আলো আলোর কাছে এসে সে দাঁড়াতে চায়নি, কনুই দিয়ে ভিড় ঠেলে এগিয়ে আসা, দুঃখের কথা, কিন্তু জেনেও দাঁড়াতে পারেনি গলা বাড়িয়ে। এবং বড় জীবনের জনৌই যার বড় দরকার তা সে খুঁজতে জানেনি কোনো দল কাটা ঘাটে। কিন্তু তাই বলে সে মনের অক্ষের ধারণা থেকেই বাদ পড়ে গেছে এমন নয়। এমন নয় সে যে সাংসারিক অনুপাতেই সহজ-উজ্জ্বল ছিল না, এমন নয় যে সে ছিল না প্রবলপ্রাণ বন্ধু, সুদূর থেকে জীবনের অগ্নি-শাহিতো সর্বকর্মে যুক্ত।' আসলে মনের মানুষ, মনের মতন মানুষকেই খুঁজে ফিরেছেন, তবে কিংবা অন্য যে কোনো ব্যবধান অতিক্রম করে, সে রকম কারো সন্ধান পেলে নিজেকে বন্দী করে মেলে ধরতে পারতেন।

আমাদের রক্তের অসুখ ও জীবনানন্দ

সৈয়দ হাসমত জালাল

কৈশোর পেরোনোর সেই বয়সটিতে যখন জীবনানন্দের কবিতার সঙ্গে আমার প্রথম পরিচয় ঘটে, তখন কি বুঝতাম জীবনানন্দের কবিতা? না, অনেকটাই বুঝতাম না, কিন্তু এটুকু বুঝতে পারতাম কোথাও যেন একটা ভালো লাগা, একটা নিবিড় ভালো লাগা অনুভূত হচ্ছে। তার আগে গল্প-কবিতা-গান এসব বলতে রবীন্দ্রনাথকেই বুঝতাম। কিছুটা নজরুলও। কিন্তু সেই ষোলো/সতেরো বছর বয়সে জীবনানন্দের কবিতা আমার ভেতরে এক সুগোপন অভিঘাত তৈরি তুলেছিলো। 'চালের ধূসর গন্ধে তরঙ্গেরা রূপ হয়ে ঝরেছে দুবেলা/ নির্জন মাছের চোখে; পুকুরের পাড়ে হাঁস সন্ধ্যার আঁধারে/ পেয়েছে ঘুমের ঘ্রাণ—মেয়েলি হাতের স্পর্শ লয়ে গেছে তারে'— আবহমান এই ছবিগুলিকে এক মায়াবী রহস্যময়তা ও সংবেদনায় নতুন করে জীবনানন্দ আমাকে চিনিয়ে দিলেন তাঁর কবিতায়।

আমার জন্ম মুর্শিদাবাদের একটি গ্রামে। একদিকে খোলামেলা প্রকৃতির জল-হাওয়া-আকাশ-প্রান্তর, অন্যদিকে পরিবারের মধ্যে সাহিত্য শিল্পের মুক্ত পরিবেশ—এর মধ্যে কেটেছিল আমার শৈশব কৈশোর। তখন আমার জীবনেও 'প্রতিদিন ভোর আসে ধানের গুচ্ছের মতো সবুজ সহজ', অথচ ভেতরে ভেতরে কী যেন একটা পরিবর্তন ঘটে যাচ্ছিল নিঃশব্দে। তবে কি তখন থেকেই আক্রান্ত হচ্ছিলাম সেই জীবনানন্দীয় 'বোধ' এ!

তবু সম্পূর্ণ কোনও উপলব্ধি তখন আমার হবার কথা না। তবু এমন অজস্র পংক্তি আমার প্রিয় হয়ে উঠেছিল:

১। 'তোমার আকাশে তুমি উষ্ণ হয়ে আছো—তবু—/ বাহিরের আকাশের শীতে নক্ষত্রের হইতেছে ক্ষয়/নক্ষত্রের মতন হৃদয়/পড়িতেছে ঝরে—/ ক্লান্ত হয়ে—শিশিরের মতো শব্দ ক'রে।

২। 'হেমন্তের ঝড়ে আমি ঝরিব যখন,/পথের পাতার মতো তুমিও তখন/ আমার বুকের 'পরে শুয়ে রবে?

৩। 'যেখানে গাছের শাখা নড়ে/শীত রাতে—মড়ার হাতের শাদা হাড়ের মতন—/ যেইখানে বন/আদিম রাত্রির ঘ্রাণ/বুকে লয়ে অন্ধকারে গাহিতেছে গান/ তুমি সেইখানে।'

৪। 'কড়ির মতন শাদা মুখ তার/দুই হাত তার হিম/ চোখে তার হিজল কাঠের রক্তিম/চিতা জ্বলে; দখিন শিয়রে মাথা শঙ্খমালা যেন পুড়ে যায়/সে-আগুনে হায়।'...ইত্যাদি।

তাঁর প্রেম সম্পর্কিত অজস্র পংক্তি আমায় মর্মমূলে গেঁথে নাড়িয়ে দিয়ে গেছে। যেমন:

১। 'আজ এই বিদেশের রাতে/অনেকের প্রেমের শয্যা জাগিয়াছে;/তাহাদের হৃদয়ের বোন/ বনের আড়াল থেকে তাহাদের ডাকিতেছে/জোছনায়—'

২। 'আমার হৃদয়—এক পুরুষ হরিণ/পৃথিবীর সব হিংসা ভুলে গিয়ে/চিতার চোখের ভয়—চমকের কথা সব পিছে ফেলে রেখে/তোমাকে কি চায় নাই ধরা দিতে?'

৩। 'বলেছে সে, 'এতদিন কোথায় ছিলেন?'

৪। 'প্রেম ও বিরহ ছাড়া অন্য এক স্থির আলোচনা/ তার মনে; —আমরা অনেক ধূম ফেলে বেশি মানুষের মনে/রোগ ভুল শোক আছে যেমন শাখিতে থাকে—বিষ আলেয়ার পাতা/ হাওয়া হাতড়ায়/ চুলের ওপরে ঝির ঝিরে পড়ে—' ইত্যাদি।

*

তখনকার প্রিয় এরকম অজস্র পংক্তি আজও বলে যেতে পারি। তবে দেখতে পাই কিন্তু সে কোনও অংশে

বরিশালে ব্রজমোহন বিদ্যালয়: এই স্কুলে কবি পড়তেন

হয়নি এবং অনেক ক্ষেত্রে তা যেয়েছে। পরবর্তী বছরগুলোর জীবনের বিবিধ বৈচিত্র্যের ভেতর সময় এবং অভিজ্ঞতা পাঠক আগুনে কালকে পুড়িয়ে জীবনানন্দের কবিতা আমার কাছে গভীরতর অর্থে ধরা দিয়েছে। সে সময় 'বেলা অবেলা কালবেলা'র কবিতা আমার তেমন ভাল লাগত না। বুঝতাম না বলেই। এবং না-বোঝাটাই ওই বয়সে স্বাভাবিক ছিল। পরে মনে হয়েছে, জীবনানন্দের ওই কবিতাগুলি না বুঝলে তাঁকে তথাকথিত 'নির্জনতার', 'বিষণ্ণতার' কবি বলার ভ্রান্তি ঘটবে। ঘটেছেও, জীবনানন্দের বহু সমালোচকের ক্ষেত্রে।

জীবনানন্দের মৃত্যুর অব্যবহিত পরেই বিমলচন্দ্র ঘোষ 'বাঙো জন' (হৈমন্তী দুগ সংখ্যা, ১৯৫৪) পত্রিকায় 'কবি জীবনানন্দের স্বপ্নের জীবন-দর্শন' নামে একটি প্রবন্ধে এরকম কিছু কথা লিখেছিলেন:

'দুঃখের বিষয় মানবসভ্যতার এই বৌদ্ধময় যন্ত্রযুগে জন্মগ্রহণ করেও জীবনানন্দ ক্রমাগত মৃত্যু কামনা করে গেছেন তাঁর অগণিত বিষণ্ণ মধুর কাব্যের মাধ্যমে। এ এক প্রকার মানসিক ব্যাধি।... কবিতাই কবি-মানসের দর্পণ— এ কথা যদি সত্যি হয় তবে জীবনানন্দের কবিতা তাঁর মানববিদ্বেষী চরিত্রেরই প্রতিচ্ছবি বলে মেনে নিতেই হবে।..... পাঠকের রসপিপাসু মনকে বিষণ্ণ করে তোলা ছাড়া জীবনানন্দের সমস্ত জীবন দর্শনের আর কোন ভবিষ্যৎ নেই। এই নৈরাশ্যবাদী নির্বেদ, এই অর্থহীন নিসর্গ-পরিক্রমার অবগাহীর অবসাদ, এই প্রাকৃতিক দুর্ঘটনার সর্বনাশা আত্মপ্রবঞ্চনা পৃথিবীর বহু শক্তিশালী কবিকেই বিস্মৃতির অতল অন্ধকারে নিমজ্জিত করেছে।'

না, জীবনানন্দ দাশ আমাদের বিস্মৃতির অতল অন্ধকারে নিমজ্জিত হননি। সঞ্জয় ভট্টাচার্য সঠিকভাবেই ঘোষণা করেছিলেন, 'জীবনানন্দ আমাদের যুগের মনোজগতের প্রথম কবি।'

যে কোনও মহৎ কবিতা তার অর্থবহতার গুণে ও ব্যঞ্জনায় যুগে যুগে মানুষকে আকৃষ্ট করে এবং যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে তার অর্থেরও ব্যাপ্তি ঘটতে থাকে। সমসময়ের ক্রূর অসহযোগে একজন কবি তাঁর জীবদ্দশায় সঠিক স্বীকৃতি অনেক সময়ই পান না। জীবনানন্দও পাননি। তবে এটা আমাদেরই সৌভাগ্য যে জীবনানন্দকে বুঝতে আমাদের খুব বেশি দেরি হয়ে যায়নি।

*

জীবনানন্দ তাঁর কাব্য প্রতিভার উন্মোচন মুহূর্ত থেকেই পশ্চিমের শিল্পজগতের বিভিন্ন আন্দোলনের একধরনের প্রভাব। জীবনানন্দ ও তাঁর সমসাময়িক কবি লেখকরা এই প্রভাবকে কাটিয়ে উঠতে সচেষ্ট হলেন। জীবনানন্দ তাঁর 'কবিতার কথা'য় লিখেছেন: 'এ যুগ অনেক লেখকের—একজনের নয়—কয়েক জন কবির যুগ।' রবীন্দ্রনাথ আর তৃপ্ত করতে পারল না ওইসব তরুণ কবিদের। 'রবীন্দ্রনাথকে তারা বিস্ময় সম্ভ্রমে প্রণাম জানিয়ে কাব্যার্থে যা পথ ভাবলেন, বদলেয়ার ও ইয়েটস্ ও এলিয়ট-এর সমর্থক বা নঞর্থক মানববিচিত্রতার কাছে গিয়ে দাঁড়াল।'

একদিকে পশ্চিমের অভিব্যক্তিবাদ, পরাবাস্তববাদ ইত্যাদি নতুন শিল্প আন্দোলনগুলির সঙ্গে যেমন পরিচয় ঘটেছে এই তরুণ কবিদের, তেমনি অন্যদিকে এ দেশের জাতীয় জীবনেও দেখা দিয়েছিল বিভিন্ন সংকট। ইংরেজ-বিরোধী সংগ্রাম, রুশ বিপ্লবের পরবর্তী মানসিক উদ্দীপনা, বিশ্বযুদ্ধোত্তর আর্থিক সংকট,

নাগরিক জীবনের যান্ত্রিকতা ও হতাশা— এ দুটো অবক্ষয়ের মধ্যে এসে মিশে জীবনের অনিশ্চয়তা ও অনিবার্যভাবে অস্থিরতা। জীবনানন্দও স্বাভাবিকভাবেই সংক্রামিত হয়েছিলেন এই অনিশ্চয়তা, অস্থিরতা ও অসুস্থতার যন্ত্রণায়। এই যন্ত্রণার মধ্যে তিনি 'সুস্থির নিবিড় মনোবল' খুঁজে পেয়েছেন। তিনি বিশ্বাস করতেন অনিশ্চয়তা, অবিশ্বাস, অস্থিরতা নিরন্তর বহন করিতে বাধ্য হতে পারে। জীবনানন্দ নিজের মধ্যে 'শান্তি'র আড়ালে সৌন্দর্য ও বিবেকের উপর গুরুত্ব দিয়েছিলেন বেশি।

মন্বন্তর ও মহাযুদ্ধোত্তর বাংলার ব্যক্তির কাছে জীবন প্রথম বড় ও স্বাধীনতাহীনতার যন্ত্রণায় আক্রান্ত হয়ে পড়েছিল। রাজনৈতিক দুর্নীতি আর ধর্মীয় উৎপীড়ন সমাজকে অনুর্বর করে তুলেছিল, নারী ও প্রেমকে করে তুলেছিল শরীর সর্বস্ব পণ্যসামগ্রী, শিল্পী ও বুদ্ধিজীবীদের সংবেদনশীল হৃদয়কে করে তুলেছিল নিঃস্ব। অস্তিত্ববাদী দর্শনের প্রভাবে মানুষ নিজের অস্তিত্বকে স্বীকার করে যখন মানব-অস্তিত্বের সার্থকতার প্রশ্নটিকে বড় করে তুলে ধরল, তখন তাদের মনে জড় নিল নানা ভয়, হতাশা ও মৃত্যু ভাবনা। অস্তিত্ববাদে প্রভাবিত জীবনানন্দের কবিতাতেও তাই ফুটে উঠল তাঁর মৃত্যু চেতনা— 'সব রাঙা কামনার শিয়রে যে দেয়ালের মত এসে জাগে/ ধূসর মৃত্যুর মুখ' অথবা 'কোথাও পাবে না কিছু/মৃত্যুই অনন্ত শান্তি হয়ে/অন্তহীন অন্ধকারে আছে।'

একদিকে সামাজিক বিচ্ছিন্নতার সংকট, অন্যদিকে ব্যক্তি মানুষের অস্তিত্বের সংকট—এর মধ্যে থেকে জীবনানন্দ যখন দেখেন 'এ যুগে কোথাও কোনও আলো—কোনো কান্তিময় আলো/চোখের সুমুখে নেই যাত্রিকের...' যখন দেখেন 'মানুষের ভালোবাসা শেষ নেই/ উচ্ছৃঙ্খল হয়ে কোনোদিন শুধু ক্ষণ/ অন্ধের সংকেত ছাড়া শূন্য/অগণের দুগ প্রাণ করে দেবতা হয়ে স্থিরতার/নেই', যখন দেখেন 'সূর্যের রৌদ্রে আক্রান্ত এই পৃথিবী যেন কোটি-কোটি শুয়োরের আর্তনাদে/উৎসব শুরু করেছে' অথবা 'শান্তি রয়েছে, তবু মরে গেছে আমাদের মন', তখন এই অজস্র আত্মিক মৃত্যুর চেয়ে দৈহিক মৃত্যুকেই শ্রেয় মনে হয়। জীবনানন্দের কবিতা পড়লে এখানেই যে তিনি নৈরাশ্য বা নিঃসহায়তার মুহূর্ত থেকে উত্তরণের জন্যে সহজ কোনো সমাধানের পথ আমাদের দেখাতে জানেন। কী অসাধারণ সততায় উচ্চারণ করেছেন তিনি— 'অন্ধকারের স্তনের ভিতর যোনির ভিতর অনন্ত মৃত্যুর মতো মিশে থাকতে চেয়েছি।' অসহায়তার কী নিদারুণ আর্তি—'বসন্তের জ্যোৎস্নায় ওই মৃত মৃগদের মতো আমরা সবাই'!

আশা-নিরাশার দ্বন্দ্বের মধ্যে দিয়েই এগিয়ে যেতে থাকে অনুসন্ধান। তা যেমন প্রতি মুহূর্তের প্রবল আশাবাদে উদ্দীপ্ত নয়, তেমনি নয় প্রতি মুহূর্তের ভয়ংকর নৈরাশ্যের অন্ধকারে পূর্ণ। এই আশা ও নৈরাশ্যের দ্বন্দ্ব জীবনানন্দের কবিতায় আমরা দেখি। শতাব্দীর এমন এক সন্ধিক্ষণে জীবনানন্দ জন্মেছিলেন যখন পৃথিবী জুড়ে এক 'অদ্ভুত আঁধার'। এই 'অদ্ভুত আঁধার' তাঁর কবিতাগুলোর বাহ্যিক অন্ধকার নয়, এই শতাব্দীর গভীরতর অন্ধকার।

সংক্ষেপেই জীবনানন্দের যে সংক্ষিপ্ত আলোচনা তুলে ধরেছি, তাতে তাঁর প্রেম ও মৃত্যুচেতনা মিশে আছে একই সঙ্গে। তাঁর জীবনবোধ ও মৃত্যুচেতনার সমন্বিতরূপ একাকার। কিন্তু যে কোনো বড় শিল্পীর মতোই জীবনানন্দের ও পক্ষপাতিত্ব ছিল জীবনেরই প্রতি, প্রেমের প্রতি। তাঁর যন্ত্রণা শুধু এক দৈহিক উত্তরণের পথ খোঁজার যন্ত্রণা।

মৃত্যুই যদি শেষ কথা হতো, 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন' জেনেও তিনি কি বলতে পারতেন, 'মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে'? বলতে কি পারতেন— 'আমরা জঙ্গম মৃত্যু পেয়ে গেছি—প্রেমে/পৃথিবীর প্রত্যেক ভাবনার ভরা কোলাহল/কোথায় গেল উঁচিয়ে দুই মৃত কবিতা ভাবিয়া রক্ত থেকে/সময়ের সমুদ্রকে তার মৃত্যু থেকে জীবনের দিকে যেতে বলে'? নৈরাশ্যই তাঁর জীবনবোধের শেষ কথা নয়, তিনি তো বলে গেছেন—'হৃদয়ে প্রেমের দিন কখনো শেষ হবে না, অশ্রুহীন/মানুষের পৃথিবী হয়তো বা শান্তি পাইবে'। অন্ধকারই যদি তাঁর জীবনবোধের শেষ অন্ধকার হতো, তবে কি বলতেন—'আমরা তো তিমিরবিনাশী/হতে চাই/আমরা তো তিমিরবিনাশী'? অথবা 'অবশেষে তিনি যদি মৃত্যুর শেষ কথা হয়,/আর তার প্রতিবিম্ব হয় যদি সময়ের,/তবুও আমার কোটি সূর্যের নির্দিষ্ট মনোবলে/ স্বপ্নে এই মানুষের আত্মার পৃথিবীর মনে'?

মৃত্যুর অন্ধকার নিঃস্বত্বকে অতিক্রম করে আমাদের হৃদয়ে যে এক চমৎকার আলো জেগে থাকে তা তো প্রেম। এই প্রেমেই কি তিনি বলেননি— 'আমার বুকের থেকে তবুও কি পড়িয়াছে খসে/কোনো এক মানুষীর তরে/ সেই প্রেম আমাদেরই পুরোহিত হয়ে তার বুকের উপরে/আমি সেই পুরোহিত—সেই পুরোহিত?' অথবা সমস্ত প্রকৃতির মধ্যে দাঁড়িয়ে উচ্চারণ করেন নি কি— 'মানুষ মাটির পরে আমরা খুঁজিনা তার ভালোবাসা হায়/ প্রেম তার পিপাসার গান/আমরা গাহিতে পারি?'

তখন বড় হয়ে ওঠার অমোঘ পরিণতি গ্রহণ করে কিছু হারাতে হয় আমাদের। আমাদের অনেক আপনজন হয় আর অনুভূতিও শূন্য হয়ে ওঠে যখন দেখি 'তবুও সমুদ্র নীল, ঝিনুকের গায়ে আলপনা/ একটি পাখির গান কী রকম ভালো।' তখন সামান্য সুখ-দুঃখ, পাওয়া না-পাওয়ার পরিধি ছাড়িয়ে জীবনের গভীরতর বোধ থেকে 'পাখির নীড়ের মত চোখ' এসে আমাদের শীর্ণ বুকে জন্ম নেয় হবে, সুখ করে দিয়ে যায় আমাদের বক্ষের অসুখ। জীবনানন্দ পড়েই তো উপলব্ধি করেছি এসব।

কলকাতার ট্রাম ও কবির মৃত্যু

বিমলকুমার পাল

ভোরের স্নিগ্ধ বাতাসে প্রথম শব্দ তোলে রাতের ঘুম থেকে কলকাতাকে জাগিয়ে তোলে ট্রাম, কলকাতার নাগরিক-জীবনের প্রিয় পরিবহণ। প্রিয় বললেই বোধ হয় এই শহরের উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম সব প্রান্তে এর সঙ্গে ব্যক্তির অনুরাগ করা যায়। দিনের কোলাহল, কর্মব্যস্ততা, আর রাতের স্তব্ধতা ভেদ করে ঘর্ঘর আওয়াজে রাজপথ মুখরিত করে পথ চলা আর কার পক্ষেই বা সম্ভব। বহু মানুষ যাত্রীকে নিত্য পথ বহন করে সে, তাই নাগরিক-জীবনে তার অবস্থান অনস্বীকার্য—অতীত, বর্তমান পার হয়ে ভবিষ্যতের দিকেও চলেছে। সুদীর্ঘ ট্রাম লাইন যেন কলকাতার বুকের পাঁজর। ট্রামের অস্তিত্বের সাক্ষ্য শুধু রাজপথেই সীমাবদ্ধ নয়, বাংলার উপরে প্রসারিত সাহিত্যের আসরেও এর মহিমা অঙ্কিত হয়েছে। জনপ্রিয় এই পরিবহণটি এখনো সজীব থেকে কলকাতাকে সেবা করে আসছে। ট্রামের শতবর্ষ পূর্ণ হল গত ১লা নভেম্বর, ১৯৮০ তারিখে। এই উপলক্ষে স্মরণ করে কলকাতাবাসী আজ গর্বিত, আনন্দিত।

বাংলা সাহিত্য ও সংস্কৃতির মূল কেন্দ্র কলকাতা। কলকাতা থেকেই প্রকাশিত হয় বাংলা সাহিত্যের নামজাদা লেখকদের সাহিত্যকর্ম। গ্রামবাংলার সুদূর কেন্দ্র থেকে লেখক-সাহিত্যিকদের কলকাতায় আসতে হয় প্রতিষ্ঠালাভের জন্য। এর ব্যতিক্রম নেই বললেই চলে। কলকাতার সাহিত্য সারা দেশের সাহিত্যের মান নির্ধারণ করে। আর এটা ঠিক—পরিবেশ প্রভাবিত করে লেখককে। কলকাতার নাগরিক জীবনের প্রিয় পরিবহণ ট্রামও তাই প্রভাবিত করে থাকে লেখকদের, তা তিনি কবি, গল্পকার, ঔপন্যাসিক যাই হন না কেন। ট্রাম লাইন না মাড়িয়ে এই শহরে পথ চলতে পারে কে। কে পারে ট্রাম না দেখে, ট্রামের কথা না ভেবে এই শহরে টিকে থাকতে? তাই দেখা যায় কলকাতার নাগরিক জীবনকে বিশ্লেষণ করার সময় তাঁরা গল্প, উপন্যাসে নায়ক-নায়িকার চরিত্রের মনোজগৎ বিশ্লেষণ করার সময় প্রাসঙ্গিকভাবে ট্রামের উপস্থিতি। এইভাবে বাংলা সাহিত্যের দিগন্ত ছুঁয়ে গেছে ট্রাম। গ্রামবাংলা থেকে সদ্য আসা লেখক সাহিত্যিকরা অল্পদিনেই ট্রামের প্রেমে পড়ে যান, এমনও দেখা যায়। কলকাতার নগর জীবনে বাইরে থেকে আসা যে কোনও ব্যক্তিকে প্রভাবিত করার ক্ষমতা রাখে ট্রাম। ভারতের উত্তর ও পূর্বাঞ্চলে আর কোন শহরে ট্রাম না থাকাও তার একটি কারণ।

রবীন্দ্রনাথ জন্মেছিলেন সেকেলে কলকাতায় উনিশ শতকের মাঝামাঝি সময়ে। কলকাতায় তখন ট্রাম ছিল না, ছিল না বাস, মোটরগাড়ি প্রভৃতিও। এখনকার মত আলোর চোখ-ঝলসানি তখন ছিল না; ছিল ভাঁটির যুগ বলে। অফিসে যাঁরা যেতেন তাঁরা আহার সেরে, পান চিবোতে চিবোতে পালকি বা জুড়ি গাড়ি চাপতেন। ধীরে-সুস্থে কাজ চলত। কলকাতার রাস্তায় পেয়াদার ডাক শোনা যেত তখন। সন্ধ্যার কলকাতা এখনকার মতো সজাগ ছিল না। সন্ধ্যার জল খাওয়া হত। এসব কথা রবীন্দ্রনাথ লিখেছেন 'ছেলেবেলা' বইতে। কলকাতায় প্রথম যখন ট্রাম চলতে আরম্ভ করে তখন রবীন্দ্রনাথের বয়স উনিশ—যে ট্রাম কিন্তু টানা হত ঘোড়ার সাহায্যে। ১৮৮০ খ্রিস্টাব্দের ১লা নভেম্বর শিয়ালদহ বৌবাজার লাইনে প্রথম ট্রাম চলে। তখন ১৮৮৩ খ্রিস্টাব্দে বাষ্পীয় শক্তির সাহায্যে ট্রাম চালানো হয়। শহরের আবহাওয়া সহ্য না হওয়াতে বহু ঘোড়া মারা যেতে থাকায় এরকম ব্যবস্থা হল। মাত্র এগারো মাসের অনিয়মিত চলাচলের পর বাষ্পীয় শক্তি চালিত ট্রাম শহর থেকে বিদায় নিল। ১৯০২ খ্রিস্টাব্দে এল বিদ্যুৎচালিত ট্রাম এবং বছর দুই-চারের মধ্যেই সারা শহরে

নিজের পরিবারে জীবনানন্দ

জাঁকিয়ে বসল। ট্রামের শৈশব, কৈশোর এবং যৌবনের বিবর্তন রবীন্দ্রনাথের চোখের সামনেই ঘটেছে। তাই দেখা যায় তাঁর সাহিত্যকর্মে ট্রামের প্রসঙ্গ স্বাভাবিকভাবেই এসেছে। রবীন্দ্রনাথ কি কোনোদিন ট্রামে চেপেছিলেন? আমরা জানি না। তাঁর অজস্র চিঠির মধ্যে বা তাঁকে নিয়ে লেখা অসংখ্য স্মৃতিকথার মধ্যে কোথাও ট্রামে চাপেননি, এটা ভাবাই কি ঠিক হবে? তাঁর ট্রামে চাপা কল্পনা করতে ইচ্ছে হয়।

রবীন্দ্র পরবর্তী কবি, কথাসাহিত্যিকরাও ট্রামের কথা ভোলেননি। পরশুরাম ওরফে রাজশেখর বসুর গল্পে ট্রামের উল্লেখ আছে তার নাম 'চিকিৎসা সঙ্কট'। খুঁজলে এরকম উদাহরণ অন্যদের লেখায় আরও মিলবে।

বাঙালি কবিদের মধ্যে জীবনানন্দ দাশ নানা কারণেই বিশিষ্ট। রবীন্দ্র-পরবর্তী কাব্য-প্রবাহে জীবনানন্দ একটি যুগ। সুদূর বরিশাল (পূর্ববঙ্গ) থেকে গুটি গুটি পায়ে কলকাতায় এসেছেন তিনি। একসময় এখানকার স্থায়ী বাসিন্দাও হয়ে যান। কলকাতার নাগরিক-জীবনের সঙ্গী ট্রামকে তিনি ভালোবেসেছেন। কতদিন ট্রাম লাইন অতিক্রম করে এই শহরে তিনি পথ চলেছেন। ট্রামে চেপে স্থান থেকে স্থানান্তরে গেছেন। তাঁর জীবনের সঙ্গে ট্রামের অস্তিত্ব জড়িয়ে ছিল। কাছে থেকে নিজের মতো করে তিনি ট্রামকে দেখেছেন। তাঁর জীবনের সমাপ্তির সঙ্গেও ট্রামের যোগ।

'রূপসী বাংলার' রূপকার হিসেবে জীবনানন্দের কবিখ্যাতি। কিন্তু তিনি কি কেবল রূপসী বাংলার-ই কবি? কলকাতা শহরে তাঁর কবি জীবনের সমৃদ্ধতর অধ্যায় কেটেছে। এখান থেকেই প্রকাশিত হয়েছে তাঁর প্রথম কবিতার বই। এছাড়া একের পর এক কাব্যগ্রন্থ বের করেছেন কলকাতার প্রকাশকেরাই। কলকাতা তাঁকে দুঃখ দিয়েছে, প্রতিষ্ঠা এনে দিয়েছে। কলকাতাকে নিয়ে তাঁর অনেক স্বপ্ন। কলকাতা তাঁর আশা-আকাঙ্ক্ষার শহর। রূপসী বাংলার ধ্যান করার সময় কলকাতাও সেই ধ্যানে অংশ নেয়। "কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে"—কবিতার সুদীর্ঘ উৎস থেকে বেরিয়ে আসা এই অবিস্মরণীয় লাইনের মধ্যে কলকাতা সম্পর্কে তাঁর প্রীতির পরিচয় পাই। কল্লোলিনী কলকাতার সঙ্গে রূপসী বাংলাকে মিলিয়েছেন তিনি। কলকাতার ব্যবহারিক জীবনে প্রাকৃতের মতো মুক্তি খুঁজতে চাইতো তাই তাঁর পক্ষে অসম্ভব ব্যাপার নয়।

কলকাতা। শহর নামের বুঝি একটিই শব্দ, জানতেন তিনি! কলকাতার স্থান-নাম, গলি বস্তির নাম, নায়ক-নায়িকার নাম দর্পণের প্রতিবিম্বের মতো তাঁর লেখায় নানা সময় ফুটে ওঠে। কলকাতা তাঁর কিছু কবিতার প্রাণ-স্পন্দন। এই প্রাণ-স্পন্দন কোথাও অনেক জায়গায় এসেছে ট্রাম-প্রসঙ্গ। কবি তিনি। কাব্যের মধ্যে আপনি ডুবে থাকাতেই তাঁর আনন্দ। কাব্যজগতের বিচরণ করতে করতে তিনি এ-পথে, ও-প্রান্তে কলকাতার পথ-ঘাট হেঁটেছেন। এ সময় মাঝে মাঝে তাৎক্ষণিক উপস্থিতিতে তাঁকে বা চমকে দিয়েছেন:

"অনেক রাত হয়েছে—অনেক গভীর রাত হয়েছে;
কলকাতার ফুটপাথ থেকে ফুটপাথে—
ফুটপাথ থেকে ফুটপাথে—
কয়েকটি আদিম সর্পিণী সহোদরার মতো
এই যে ট্রামের লাইন ছড়িয়ে আছে
পায়ের তলে, সমস্ত শরীরের রক্তে এদের
বিষাক্ত বিস্বাদ স্পর্শ
অনুভব ক'রে হাঁটছি আমি।
গুঁড়ি-গুঁড়ি বৃষ্টি পড়ছে,—কেমন ঠাণ্ডা বাতাস;
কোন দূর সবুজ ঘাসের দেশ নদী জোনাকির কথা
মনে পড়ে আমার,—
তারা কোথায়?
তারা কি হারিয়ে গেছে?
পায়ের তলে লিকলিকে ট্রামের লাইন—মাথার ওপরে
অসংখ্য জটিল তারের জাল
শাসন করছে আমাকে।
গুঁড়ি-গুঁড়ি বৃষ্টি পড়ছে,' কেমন যেন ঠাণ্ডা বাতাস,
এই ঠাণ্ডা বাতাসের মুখে এই কলকাতার শহরে
এই গভীর রাতে
কোনো নীল শিরার বাসাকে কাঁপাতে দেখবে না তুমি;
জলপাইয়ের পল্লবে ঘুম ভেঙে গেল ব'লে
কোনো ঘুঘু তার
কোমল নীলাভ ভাঙা ঘুমের আস্বাদ তোমাকে
জানাতে আসবে না।"
(ফুটপাথে: 'মহাপৃথিবী')

জীবনানন্দের প্রিয় বন্ধু ট্রেন। কলকাতা ট্রেনের বাইরে তাই তাঁর প্রিয়। 'একটি নক্ষত্র আসে' কবিতায় ট্রেনের ঢংঢংয়ের সঙ্গে কলকাতার বাড়ির ছাদের লোকজনের অনেক রাতে শেষ ট্রামের ফেরার কথা এসেছে:

"একটি নক্ষত্র আসে; তারপর একা পায়ে চ'লে
ঝাউয়ের কিনার ঘেঁষে হেমন্তের তারাভরা রাতে
সে আসবে মনে হয়;—আমার দুয়ার অন্ধকারে
কখন খুলেছে তার সপ্রতিভ হাতে।
হঠাৎ কখন সন্ধ্যা মেয়েটির হাতের আঘাতে
সকল সমুদ্র সূর্য সত্বর তারকে ঘুম পাড়িয়ে রাত্রি হ'তে পারে
সে এসে দেখিয়ে দেয়; শিয়রে আকাশ দূর দিকে
উজ্জ্বল ও নিভন্ত নক্ষত্র গ্রহের আলোড়নে
অঘ্রানের রাত্রি হয়;
এ-রকম হিরণ্ময় রাত্রি ছাড়া ইতিহাস আর কিছু
রেখেছে কি মনে?
শেষ ট্রাম মুছে গেছে, শেষ শব্দ, কলকাতা এখন
জীবনের জগতের প্রকৃতির অন্তিম নিশীথ;
চারদিকে ঘর বাড়ি পোড়ো-সাঁকো সমাধির ভিড়;
সে অনেক ক্লান্তি ক্ষয় অবিনশ্বর পথে ফিরে
যেন ঢের মহাসাগরের থেকে এসেছে নারীর
পুরোনো হৃদয় নব নিবিড় শরীরে।"

(একটি নক্ষত্র আসে)

নির্জনতা বড় প্রিয় তাঁর। একা একা নির্জন পথ চলিবার অনির্বাণ তাগিদ মনের মধ্যে থেকে যায়। ট্রাম-বাস ঠিকঠাক চলছে; এ বড় জামার মতো মানসিক অবস্থাও তখন দূর হয় না।

"কি এক ইশারা যেন মনে রেখে একা-একা শহরের
পথ-থেকে পথে
অনেক হেঁটেছি আমি; অনেক দেখেছি আমি ট্রাম-বাস
সব ঠিক চলে;
তারপর পথ ছেড়ে শান্ত হ'য়ে চ'লে যায় তাহাদের
ঘুমের জগতে:
সারারাত গ্যাসলাইট আপনার কাজ বুঝে ভালো ক'রে জ্বলে।
কেউ ভুল করেনাকো—ইঁট বাড়ি সাইনবোর্ড জানালা
কপাট ছাদ সব
চুপ হয়ে ঘুমাবার প্রয়োজন বোধ করে আকাশের তলে।
একা একা পথ হেঁটে এদের গভীর শান্তি
হৃদয়ে করেছি অনুভব;
তখন অনেক রাত—তখন অনেক তারা মনুমেন্ট
মিনারের মাথা
নির্জনে ঘিরেছে এসে; মনে হয় কোনোদিন
এর চেয়ে সহজ সম্ভব
আর কিছু দেখেছি কি: একরাশ তারা-আর-
মনুমেন্ট-ভরা কলকাতা?

চোখ নিচে নেমে যায়—চুরুট নীরবে জ্বলে—
বাতাসে অনেক ধুলো খড়।
চোখ বুজে এক পাশে স'রে যাই—গাছ থেকে
অনেক বাদামী জীর্ণ পাতা
উড়ে গেছে; বেবিলনে একা-একা এমনই
হেঁটেছি আমি রাতের ভিতর
কেন যেন; আজো আমি জানিনাক হাজার-হাজার
ব্যস্ত বছরের পর।"

(পথ হাঁটা: 'বনলতা সেন')

জীবনানন্দ জানতেন 'বড় বড় নগরীর বুক ভরা ব্যথা'। তিনি লিখেছেন "মহানগরীর মৃগনাভি ভালবাসি"। এ ভালবাসার অন্তরালে পড়ে মহানগরীর প্রাণ এবং কলকাতার সেই সব মানুষেরা যারা জীবনযাপন কাটিয়ে যেতেছে শ্রমিক, আরো আইবুড়ো ভিখিরী, বিভিন্ন যুবক, ইহুদী রমণী, বণিক, দুঃস্থলোক, মধ্যবিত্ত, নিম্নবিত্ত, ফুটপাতবাসী।

"অনেক শ্রমিক আছে এইখানে।
আরো ঢের লোক আছে
সঠিক শ্রমিক নয় তারা।
স্বাভাবিক মধ্যশ্রেণী নিম্নশ্রেণী মধ্যবিত্ত
শ্রেণীর পরিধি থেকে ঝরে
এরা তবু মৃত নয়; অন্তর্বিহীন কাল মৃতবৎ জেগে।
নাক-ওলো কুষ্ঠী নয়, পৃথিবীর চেনা-জানা নাম এই সব।
আমরা অনেক দিন এ-সব মানুষের সাথে পরিচিত; তবু,
দূর নীড় নির্দেশ সকলি হারায়ে ফেলে এরা
জানে না কোথায় গেলে মানুষের সমাজের পারিশ্রমিকের
মতন নির্দিষ্ট কোনো প্রভেদ বিধান পাওয়া যাবে;
অথবা কোথায় মুক্ত পরিচ্ছন্ন বাতাসের সিম্ফনীর আছে।
পেনিটেন্ট কালোয়ারের বেলাগাছিয়ার
ক্যান্সারের ঢের কাঁচড়াপাড়ার ঢের পথ
ঘিরে কতগুলো পথ?
ওরা নয়—সহসা এদের হ'তে আমি
কাউকে ওখানে কোনো ঠিকমত জবাব পাইনি।
ঢের আছে, বেশি নেই—সকলের প্রয়োজন নেই।
আদের আত্মার ঘর উত্তিরণ নেই
হাসপাতালের ঢের হয়তো তাদের তরে নয়।
বউবাজারে দুলিপাড়া তালতলা জোড়াসাঁকো—
আরো ঢের দীর্ঘ অন্ধকারে
যারা ফুটপাত থেকে অথবা ট্রামের লাইন থাকিয়ে চলবে

অন্তর আকাশ কোন দিকে?
চেয়ে প'ড়ে থেকে হায় কিছুক্ষণ আলাপীর
কিছু চায়—কিছু খোঁজে;
এ ছাড়া আকাশ আর নেই।

অন্তিম শয়ানে কবি-মাতা কুসুমকুমারী দাশ

তাদের আকাশ
সর্বদাই ছুটিপাতে;
মাঝে মাঝে এম্বুলেন্স্ গাড়ির ভিতরে
রণক্লান্ত নাবিকেরা ঘরে
ফিরে আসে
যেন এক অসীম আকাশে।
এ রকম ভাবে চ'লে দিন যদি রাত হয়,
রাত যদি হয়ে যায় দিন,
পদচিহ্নময় পথ হয় যদি দিকচিহ্নহীন,
কেবলি পাথুরেঘাটা নিমতলা চিৎপুর—
খালের এপার-ওপার রাজাবাজারের অস্পষ্ট নির্দেশে
হাওয়ায় হাতড়েদের তরে
অনেক বেডের প্রয়োজন;
বিশ্রামের প্রয়োজন আছে;
বিচিত্র মৃত্যুর আগে শান্তির কিছুটা প্রয়োজন।
হাসপাতালের জন্যে যাহাদের অমূল্য দান,
কিংবা যারা মরণের আগে মৃতদের
জাতিধর্মনির্বিচারে সকলকে—সব দুঃস্থদের আর্তকেও
শরীরের সান্ত্বনা এনে দিতে চায়,
কিংবা যারা এই সব মৃত্যু রোধ ক'রে এক সাহসী পৃথিবী
পূর্বাভাস সমুজ্জ্বল সমাজ চেয়েছে—
তাদের ও তাদের প্রতিভা প্রেম সংকল্পকে ধন্যবাদ দিয়ে
মানুষের অনিঃশেষ কাজ চিন্তা কথা
রক্তের নদীর মতো ভেসে গেলে, তারপর, তবু,
এক অমূল্য মুক্তো
হৃদিকার ক'রে নিয়ে ক্রমেই নির্মল হ'তে পারে।"

[এই সব দিনরাত্রি]

কবি জীবনানন্দ গদ্যও লিখেছেন। 'মাল্যবান', 'গ্রাম ও শহরের গল্প' 'বিলাস' প্রভৃতি গদ্যগুলির কথা এ প্রসঙ্গে স্মর্তব্য। তাঁর গদ্য তিনটিতে 'বিষাদময় কবিপ্রাণের অভ্রান্ত স্বাক্ষর আছে। এর মধ্যে 'গ্রাম ও শহরের গল্প' পড়তে পড়তে একটা অনুচ্ছেদে এসে আমাদের দৃষ্টি নিবদ্ধ হয়; নায়িকার অনুভব গভীরতায় খানিকটা বা ডুবে যেতে হয়। এখানে গদ্যের ভাষা কবিতার ভাবধারাকে নীরবে-নির্জনে ছুঁয়ে যায়। কোন বাঁকে কলকাতা হারাবার নিয়ত গভীর পথে পা বাড়ায়; শহর ও গ্রাম যুগপৎ সচিত্র হয়। এখানেও ট্রামের কথা এসেছে:

"বড় রাস্তার দিকের জানালাটার পাশে এসে বাড়ের কলকাতার দিকে একবার তাকাল সে—ট্রাম লাইনগুলো খালি প'ড়ে আছে—রাস্তায় সেই বিরাট হাঙরদের এখন ঘুমোবার সময়; আওয়াজ তাই নেই কম; বাতিও অনেক নিভে গেছে—রাস্তার ওপর অন্ধকার, এই বেলা খানিকটা জমে এসেছে; নক্ষত্রগুলোর মনে আছে এখন।....হঠাৎ পাড়াগাঁর কুয়াশা, ধানের ক্ষেত, শালবন, ফণি, বীট, গাজর, শিউলি, ঘেঁটু বেতুয়া ঘাস, গুঁয়োপোকা, প্রজাপতি, কাঁচপোকা, জোনাকী—আট দশ বছর আগের কত-কী মনে প'ড়ে যাচ্ছে; পাড়াগাঁর রাত এমন নিস্তব্ধ হ'য়ে যায় যে সুপুরির মুচি খসার শব্দ অবধি শোনা যায়; আমের মুকুলও আওয়াজ ক'রে ঝরে—টুপ্-টাপ্' টুপ্-টাপ—টুপ্-টাপ্।"

মৃত্যু। মৃত্যুতে জীবনের প্রশান্তি। সংসার-জীবনের দুঃখ-কষ্ট-গ্লানি সব কিছুকেই ভুলিয়ে দিতে পারার আশ্চর্য ক্ষমতা এর। তাই মৃত্যু এত প্রিয়। কিন্তু জীবনানন্দ কি মৃত্যুকে চেয়েছিলেন? জীবনানন্দ জানতেন "কিছু মৃত্যুর আগে শান্তির কিছুটা প্রয়োজন।" শান্তি তিনি কিছুটা পেয়েছিলেন বটে। সারাটা জীবন তাঁর কেটেছে অশান্তি এবং অর্থ অভাবের টানাপোড়েনে। কিছুদিন পর পরই বেকার হয়ে পড়ার প্রতিকূল অভিজ্ঞতা তাঁর জীবনের নিত্যদিনের সঙ্গী। সহকর্মীদের সঙ্গে অনেক ক্ষেত্রেই বনিবনা না হওয়ার খবরও অজানা নয়। অন্যের সঙ্গে মন খুলে মিশতে না পারার সংকোচ ছিল তাঁর। নিঃসঙ্গ, একাকী; আপন মনের একান্তে নিজের কাছাকাছি থাকাতেই তাঁর তৃপ্তি। কিন্তু জীবনের শেষপ্রান্তে এসে সুদীর্ঘ অধ্যাপনা জীবনে দুর্লভতর শান্তি মিলেছিল হাওড়া গার্লস কলেজে। এখানে তিনি নিজেকে মুক্ত পেয়েছিলেন যেন। সহকর্মীমহলে এবং ছাত্রমহলে তিনি সমান জনপ্রিয়। জীবনানন্দ চিরদিনই লাজুক, মুখচোরা। কিন্তু এই মানুষটি এখানে পরিবেশে যেন অনায়াসে মিশে যেতে পেরেছিলেন। পারিবারিক অশান্তির জন্য এর আগে প্রাণে শান্তির ঠাঁই দূর ছিল; এখানে এসে তা যেন পেরিয়ে গিয়েছিলেন তিনি। পরিণত পাণ্ডিত্য, পড়াশোনার গভীরতা, অমায়িক ব্যবহার দিয়ে সবার মন জয় করে নিয়েছিলেন। দুর্লভতর শান্তি কি নয়? কিন্তু কলকাতায় জীবনানন্দ তখন 'একটুখানি বাসা'র জন্য দুশ্চিন্তায় কাল কাটাচ্ছেন। কলকাতায় বাসা খোঁজে হয়রান হয়েছিলেন। জীবনানন্দের জীবনীর সঙ্গে পরিচিত হলে এসব সুস্পষ্টভাবে জানা যাবে। তাঁর তখনকার মানসিক অবস্থা কেমন ছিল তাও জানা সম্ভব হবে। কবি কার্যকারণে নিজেকে অসহায় মনে করতেন। বন্ধু-বান্ধব, চেনা-পরিচিত যে কোনও লোকের কাছেই তাঁর সকাতর আবেদন 'একটুখানি বাসা'। এ যেন নিরাপদ আশা। কিন্তু আশা করলেই তো পাওয়া যেত না। জীবনানন্দ নতুন কোন বাসা পাননি। এভাবে হয়রান হওয়ার ব্যাপার তো স্বাভাবিক। প্রাত্যহিক জীবনে মনের অস্থিরতা বাড়ল কেবল। অন্যমনস্কভাবে পায়ে হেঁটে কোথায় যেতেন কখন যেতে যেতে থাকতেন। পার্ক, জনপথ, ট্রাম-রাস্তা ছাড়িয়ে রাস্তার অন্যমনস্কভাবে পাড়িয়ে পাড়িয়ে কোথা এগোতে পারতেন না তিনি। নির্জনে, একাকী পার্কের কোনো একটা বেঞ্চিতে বসে হয়তো তিনি চিন্তামগ্ন। চিন্তা তাঁর কাল হল। অসুস্থ হয়ে পড়লেন। রক্তচাপজনিত রোগ তাঁকে ক্রমশ দুর্বলতার পথে ঠেলে নিয়ে চলল।

১৯৫৪ খ্রিস্টাব্দের ১৪ অক্টোবর সেদিন। অসুস্থ শরীরে স্ত্রীর প্রবল আপত্তি সত্ত্বেও বৈকালিক ভ্রমণে বেরিয়ে পড়েছিলেন। একা একা ঘুরতে ঘুরতে সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ বাড়ির কাছেই লেক মার্কেট থেকে দুটো ডাব কিনে নিয়ে বাড়ি ফিরছিলেন।

জীবনানন্দ রাসবিহারীর দক্ষিণ দিকের ফুটপাথে রাস্তা পেরিয়ে ট্রাম লাইনের কাছাকাছি এসে দাঁড়ালেন। দেখলেন একটা ট্রাম আসছে। ভাবলেন, হয়ত ট্রামটা সামনের স্টপে এসে থামবে। ততক্ষণে তিনি ট্রাম লাইন পেরিয়ে যেতে পারবেন। তিনি অন্যমনস্ক অবস্থায় কোনদিকে ভ্রূক্ষেপ না করে রাস্তা পেরোতে লাগলেন। কিন্তু তারপর? তারপর একটা বিকট শব্দ। বালীগঞ্জ-মুখো সেই ট্রাম অসতর্ক যাত্রীকে রাস্তা পেরোনোর কোনো সুযোগই দিল না। বিকট শব্দ করে ট্রামের থেমে যাওয়া, সঙ্গে সঙ্গে অসংখ্য মানুষের চিৎকার চেঁচামেচি—সে এক দুঃসহ অবস্থা। সবাই ছুটে এলেন। দেখলেন ট্রামের ক্যাচারে সম্মুখ ভাগের সঙ্গে পিষ্ট, দলিত, মথিত, একটি ক্লান্ত প্রাণ পড়ে আছে। রক্তাক্ত, বিকৃত শরীর। দুর্ঘটনা অন্ধকারের সাথে সাথে অনন্ত মৃত্যুর দুয়ার খুলে তাঁকে আহ্বান করছে। যে ট্রাম কবির কাব্যে বারবার চিত্রিত হয়েছে, সেই প্রিয় ট্রাম তার শবদেহে আশ্রয় দিল কবিকে।

তারপর শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল। অস্থির, যন্ত্রণাকাতর মুহূর্তগুলির একের এক পেরিয়ে যাওয়া। আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব, অনুরাগী, কৌতূহলী সবার সামনেই তিনি আস্তে আস্তে দূরে সরে যাচ্ছেন। হাসপাতালের বদ্ধ ঘরের পরিবেশ থেকে খোলামেলা পরিবেশে মুক্তি খুঁজতে চাইলেন। কিন্তু মুক্তি কোথায়? মৃত্যুই তার শেষ পরিণতি। অবশেষে এই যন্ত্রণার অবসান ঘটল কয়েকদিন পর ২২ অক্টোবর রাত্রিতে। রাত তখন এগারোটা বেজে পঁয়ত্রিশ মিনিট। মৃত্যুর হাত এড়িয়ে তিনি যাত্রা করলেন অজানালোকে, চাওয়া-পাওয়ার ঊর্ধ্বে অন্য এক জগতে। তারাভরা আকাশ দেখতে দেখতে হেমন্তের পথ পেরিয়ে তাঁর যাত্রা। হেমন্ত ছিল তাঁর বড় প্রিয় ঋতু। কলকাতার জনপথে শেষ ট্রাম ঘুরে গেছে, সঙ্গী মৃত্যু। তখন জীবনের, কলকাতার প্রকৃতির অস্থির নির্মাণ। অনেক ক্লান্তি, ক্ষয়, জটিলতা পার হয়ে খোঁজাখুঁজি করে একটি নক্ষত্রলোকে চলে গেল।

ট্রামকে ভালবেসেছিলেন কবি। ট্রাম তাই প্রিয় কবিকে মৃত্যুর হাতছানি দিয়ে নিজের কাছে টেনে নিয়েছিল।

উল্লেখপঞ্জী :

১। ট্রামের একশ বছর—সৌমিত্রনারায়ণ পৌদ্দার। 'কবিতী'
প্রথম বর্ষ, নবম সংখ্যা, নভেম্বর ১৯৮০।
২। কবিতা, কলকাতা, জীবনানন্দ। শুদ্ধসত্ত্ব বন্দ্যোপাধ্যায়।
'সমতট' পূজা সংখ্যা ১৯৮৩।
৩। সমুদ্র-সংকেত। প্রভাতকুমার দাস। "জীবনানন্দ দাশ"—
সম্পাদক : বিশ্বজিৎ চট্টোপাধ্যায়। কলকাতা, ১৯৮৪।
৪। "জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা।" ভারবি সংস্করণ।
কলকাতা, ১৯৭২।
৫। "জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ—১ম খণ্ড"। দেবেশ।
[illegible]। কলকাতা, ১৯৮১।
৬। "জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ—২য় খণ্ড। দেবেশ
[illegible]। কলিকাতা, ১৯৮১।
৭। "জীবনানন্দ প্রতিভা"। রবীন্দ্রনাথ সামন্ত।
৮। কলকাতা ট্রাম কোম্পানীর শতবর্ষ। প্রতিষ্ঠান প্রকাশিত "পুরশ্রী" তৃতীয়
বর্ষ: শ্রদ্ধাঞ্জলি সংকলন (নভেম্বর, ১৯৮০)।
পুরশ্রী ডিসেম্বর, ১৯৮৮

জীবনানন্দের গল্প-উপন্যাস

তপন বন্দ্যোপাধ্যায়

যে পাঠক অদ্যাবধি জীবনানন্দ দাশের কবিতা পড়তেই অভ্যস্ত ছিলেন, হঠাৎই অভাবিত সংখ্যায় গল্প ও উপন্যাসের সম্ভার তাঁর সামনে হাজির হওয়ায় তিনি প্রথমে বিস্মিত, পরে পুলকিত, সব শেষে নানা প্রশ্নে আন্দোলিত। প্রশ্নের কারণ অনেকগুলিই। গল্প ও উপন্যাসগুলি হাতে নিয়ে পাঠ করার পর পাঠক কিংবা সমালোচক এ ভাবনায় আলোড়িত যে, মৃত্যুর পূর্বে প্রকাশিত না হলেও কবি হিসেবে যে খ্যাতি-লাভ তাঁর বরাতে জুটেছিল, তাতে তাঁর এই গল্প-উপন্যাসগুলি প্রকাশিত হওয়া একেবারে অসম্ভব ছিল তা নয়। তা সত্ত্বেও কেন এগুলি লেখা হয়ে রইল লোকচক্ষুর অন্তরালে, পাঠকের অগোচরে, আর যা প্রকাশিত হতে সময় লাগল মৃত্যুর পরেও দীর্ঘ তিরিশ-বত্রিশ বছর!

গবেষকদের নানা যুক্তি প্রকাশিত হয়েছে একে একে। কেউ বলেছেন, লেখক নিজেই সন্দিহান ছিলেন তাঁর রচিত গল্প-উপন্যাসগুলি তাঁর কবিতার মতো যথেষ্ট রসোত্তীর্ণ হল কিনা। কেউ শঙ্কা প্রকাশ করেছেন, লেখাগুলি তখনকার সম্পাদকদের সমর্থন পায়নি। কেউ বা বলেছেন, কবি আরও অপেক্ষা করছিলেন সঠিক সময়ের জন্য। হয়তো আরও কিছুদিন বেঁচে থাকলে লেখাগুলি প্রকাশ করতেন একে একে। কিন্তু প্রকাশ করার আগেই তাঁর মৃত্যু ঘটে। কেউ বা বলেছেন, তাঁর ইচ্ছে ছিল না লেখাগুলি প্রকাশিত হোক। কেন তা অবশ্য খোলসা করে ব্যক্ত করেননি তাঁরা।

প্রতিটি যুক্তিই এমন এমন পাঠক বা সমালোচকের কলম থেকে বেরিয়েছে যে, সেগুলি হেলায় উড়িয়ে দেওয়া যাবে তা নয়। কিন্তু এগুলির মধ্যে আসল কারণ যে কোনটি তা হয়তো কোনও দিনই জানা যাবে না। কারণ, যিনি কারণগুলি জানতেন সেই জীবনানন্দই আর বেঁচে নেই। সে কারণেই একটা রহস্য থাকবে আরও বহুকাল। যতদিন জীবিত থাকবে তাঁর রচনাবলী। ইতিমধ্যে আরও নতুন নতুন যুক্তি প্রকাশিত হতে থাকবে, তার পক্ষে ও বিপক্ষে চলবে বাদানুবাদ বিতর্ক, আর এই সব বিতর্ক অন্তহীনভাবে চলতে থাকবে, গল্প-উপন্যাসগুলির লেখক জীবনানন্দ দাশ যিনি তর্কাতীতভাবে এই শতাব্দীর শ্রেষ্ঠতম কবি।

কিন্তু শতাব্দীর সেরা কবি যে সেরা লেখক হয়ে উঠবেন সে বিষয়ে কোনও নিশ্চয়তা নেই। তা জানতে হলে অনুসন্ধিৎসু পাঠককে অপেক্ষা করতে হবে আরও বহুকাল। যে কবির মৃত্যু হয়েছিল পঞ্চাশের দশকের গোড়ায়, তাঁকে শীর্ষ কবি হয়ে উঠতে অপেক্ষা করতে হল মৃত্যুর পরেও দু-তিন দশক। অথচ তাঁর গল্প-উপন্যাস প্রকাশিত হয়েছে সবে, কোনওটা দশ বা কুড়ি বছর আগে, কোনওটি বড় জোর পঁচিশ। আর মহাকালের হিসেবে দশ বা কুড়ি বছর কোনও সময়ই নয় সাহিত্যের মূল্যায়ন করতে। অতএব অপেক্ষা ছাড়া গত্যন্তর কী!

তার আগে অবশ্য বিভিন্ন দৃষ্টিকোণ থেকে মূল্যায়ন হবে তাঁর এই নব-প্রকাশিত কথাসাহিত্যের। একটু বেশিই হবে আলোচনা, কেননা তাঁর কবিতার শ্রেষ্ঠত্ব নিয়ে আর কোনও দ্বিধা নেই, তাঁর কথাসাহিত্য অবশ্যই ধাপে ধাপে ব্যবচ্ছেদ হবে, বিশ্লেষিত হবে তুলনায়। পাঠক ও সমালোচক তন্ন তন্ন খুঁজে দেখবেন যে আশ্চর্য জাদু লুকিয়ে আছে তাঁর কবিতার পংক্তিতে পংক্তিতে, তা কথাসাহিত্যেও কতটা বিস্তৃত ও কোন উচ্চতায়।

ল্যান্সডাউন রোডের বাড়ি (১৯৫০-১৯৫৪)। [illegible]

দুই

যে উপন্যাসগুলি গত বিশ-পঁচিশ বছরে প্রকাশিত হয়েছে একে একে, তা লেখা হয়েছিল মোটামুটি দুটি পর্বে। প্রথম গুচ্ছ তিরিশের দশকের প্রথমে, দ্বিতীয় গুচ্ছ চল্লিশের দশকের শেষদিকে। অর্থাৎ প্রায় পনেরো থেকে সতেরো বছরের ব্যবধান দুটি পর্বের মধ্যে মাঝখানের সময়টুকু জীবনানন্দ সৃষ্টিহীন ছিলেন তা অবশ্য নয়। তাঁর জীবনের প্রধানতম ক্ষাপন কবিতা রচনায় নিয়োজিত ছিলেন অধিকাংশ সময়, কচিৎ-কদাচিৎ লিখেছেন এক-আধটা গল্প। কিন্তু এত গদ্য রচনা কেন এভাবে দুটি ভিন্ন পর্বে রচিত হল, কেনই বা মাঝখানের সময় শুধু কবিতাই লিখলেন, গদ্য রচনায় আগ্রহী হলেন না তার নানান ব্যাখ্যা দিয়েছেন সমালোচকেরা। তা নিয়ে আলোচনা করার কিছু নেই আলোচ্য প্রবন্ধে। বরং তাঁর প্রকাশিত উপন্যাসগুলি ঠিক কোন সময়ে রচিত হয়েছিল তা প্রথমে দেখা যাক। পরে বিশ্লেষণ করা যাবে লেখাগুলির উৎকর্ষ সম্পর্কে।

জীবনানন্দের উপন্যাস বা উপন্যাসোপম গদ্য লেখাগুলি যা এখনও পর্যন্ত প্রকাশিত হয়েছে তা কালানুক্রমে লেখা হয়েছিল এভাবে:

পূর্ণিমা
কল্যাণী
কারুবাসনা
বিভূতির জানালা (?)
জীবনপ্রণালী
প্রেতিনীর রূপকথা
বিভা
মাল্যবান
বাসমতীর উপাখ্যান
জলপাইহাটি
সুতীর্থ

জীবনানন্দের গল্পের সংখ্যাও কম নয়। গল্পগুলি, এই দুই পর্বের সমসময়ে অথবা সামান্য আগে পরে লেখা। এই কালক্রমানুসারী থেকে একটা কথা পরিষ্কার যে জীবনানন্দ তাঁর ধারাবাহিক কবিতা রচনার মধ্যে বিশেষ দুটি পর্বে স্থির করেছিলেন কবিতার পাশাপাশি গদ্যরচনা করাও তাঁর দরকার। তাই এক-একটা বিশেষ সময়ে গদ্যরচনার প্রাচুর্যে ডুবিয়ে রেখেছেন নিজেকে। গদ্য, শুধু গদ্যই লিখে গিয়েছেন অবিশ্রান্তভাবে। না হলে ১৯৩৩ এই পাঁচ-পাঁচটি বড় লেখা লিখে ফেললেন, তারপর কী হল দীর্ঘকাল আর উপন্যাস রচনার কথা ভাবলেনই না! আবার দীর্ঘ পনেরো-ষোল বছর পরে মনের ভেতর হঠাৎ উথাল তো আবার একচোটে তিন তিনখানা উপন্যাস যার প্রত্যেকটিই মোটামুটি বড় মাপের। এমন হঠাৎ-হঠাৎ গদ্যের সৃষ্টি প্রাচুর্য দেখে যা মনে হয় তা হল জীবনানন্দের ভেতর গদ্য রচনার তাগিদ তেমন প্রবলভাবে কখনও ছিল না। হয় অর্থের কারণে অথবা কবিতা লিখে তেমন খ্যাতি হচ্ছে না ভেবে গদ্য লিখে খ্যাতি হতে পারে এই কারণে এক এক পর্বে এতগুলি গল্প-উপন্যাস।

এখন, এই যে হঠাৎ ইচ্ছে হল তো এত গল্প-উপন্যাসের জন্ম সেগুলি কতখানি জীবনানন্দের কবি খ্যাতির সঙ্গে সাযুজ্য রক্ষা করতে সক্ষম বা এক আসনে বসার যোগ্য তা অবশ্যই তুলনা করে দেখবেন পাঠক। উপন্যাসগুলি পাঠের পর যে-যে অভিজ্ঞতা প্রথমেই নাড়া দিয়ে যাবে পাঠককে তা হল:

উপন্যাসগুলি প্রায় সবই মূলত আত্মজৈবনিক।
কোনও উপন্যাসই প্রচলিত সমকালীন উপন্যাসগুলির ছাঁচে বাঁধা নয়।
উপন্যাসগুলি আপাতদৃষ্টিতে অসংলগ্ন, ভ্রমপূর্ণ, পারম্পর্যবিহীন, কখনও আত্মকথনের ভঙ্গিতে লেখা।

৪. সব উপন্যাসগুলির নায়ক প্রায় একজনই, তাদের জীবনযাপন, দৃষ্টিভঙ্গি সবই প্রায় এক ধরনের।
কখনও মনে হয় এগুলি সবই আসলে একটিই উপন্যাস। ভিন্ন ভিন্ন মলাটে দিয়ে লেখা। 'রূপসী বাংলা'র সব কবিতা মিলিয়ে যেমন একটি দীর্ঘ কবিতা, তেমনই।
কবিতার মতো উপন্যাসেও অসংখ্য তাল তাল চিত্রকল্প ব্যবহার করেছেন জীবনানন্দ।
প্রকৃতিও বারবার ঘুরে-ফিরে এসেছে তাঁর সব গদ্য-উপন্যাসে। কখনও তাঁর গদ্য উত্তীর্ণ হয় কবিতায়।
গদ্য-উপন্যাসে লেখকের মনোবিশ্লেষণ অনেক তীক্ষ্ণ। তাঁর গদ্যে নারী-পুরুষের উপস্থিতি কবিতার মতো অত বায়বীয় নয়।
কবিতা লিখতে গিয়ে যেমন বারবার পরিমার্জনা করা পছন্দ করতেন কবি, গদ্য রচনায় ততখানি পরিমার্জনা করেননি, বা করার সময় পাননি।

লেখাগুলি আরও বিস্তৃতভাবে পাঠ করলে একাধারে জীবনানন্দের গদ্য রচনায় আরও বহু বিশ্লেষণ সম্ভব। কিন্তু যা এখানে জরুরী তা হল জীবনানন্দের গদ্য-উপন্যাস কতটা উচ্চতায় পৌঁছতে পেরেছে বা বিশ্বসাহিত্য ও বিশেষ বাংলাসাহিত্যের নিরিখে তা প্রকৃত মৌলিক হয়ে উঠতে পেরেছে কিনা।

দুই

আগেই বলা হয়েছে, জীবনানন্দের গদ্য-উপন্যাস রচনাকালের স্পষ্ট দুটি ভাগ, তাতে তাদের রচনা-রীতি ও বিষয়ও দেখা দিয়েছে দু'রকমভাবে। তিরিশের দশকের প্রথমার্ধে লেখা গদ্য-উপন্যাসগুলির চরিত্র যে রকম, চল্লিশের দশকের শেষার্ধে লেখা গদ্য-উপন্যাসগুলির চরিত্র তার চেয়ে ভিন্ন প্রকার। পরবর্তী পর্যায়ে যে গদ্য-উপন্যাসগুলি লিখেছেন, তা অবশ্যই অনেক পরিণত ও জীবনানন্দের সাহিত্যিক মর্যাদা বৃদ্ধি করে। যদিও পাঠক আগ্রহ হারাতে পারেন প্রথম পর্বের উপন্যাস পড়ে যেখানে প্রায় প্রতিটি উপন্যাসের নায়কেরা উপনীত মধ্য-যৌবনে, তারা জাগতিক প্রত্যাশায় নিজের গ্রাম ছেড়ে কলকাতায় গিয়ে বাসা বাঁধে কিন্তু চাকরি না পেয়ে জীবনযাপন কঠিন হয়ে পড়েছে। নায়কেরা সবাই বিবাহিত ও সন্তানের জনক, ফলে বেকারত্বের জ্বালা হতাশার চূড়ায় পৌঁছে দেয় তাদের। 'কারুবাসনা'র নায়ক হেম, বা 'নিরুপম যাত্রা'র প্রভাত, 'জীবনপ্রণালী'র শচীন বা 'প্রেতিনীর রূপকথা'র নায়ক—সবারই জীবনযাপন থেকে জীবনদর্শন সবই প্রায় একই তারে বাঁধা—সবটাই লেখক জীবনানন্দের ব্যক্তিগত জীবনের আদলে তৈরি। লেখকের নিজের ছাঁচে নায়ক হলে তাতে আপত্তির কিছু থাকে না। কারণ পৃথিবীর বহু শ্রেষ্ঠ উপন্যাসই আত্মজৈবনিক। কিন্তু যা লক্ষ করার বিষয় তা হল, একজন লেখক একই বক্তব্য বলার জন্য এতগুলি উপন্যাস কেন লিখবেন। প্রধানত সংলাপ প্রকৃতির বর্ণনা কিংবা আঙ্গিক দৃষ্টিভঙ্গি প্রকাশের জন্য একটি উপন্যাস আরও কম দিয়ে লেখাই যথেষ্ট ছিল। এ-কথা অবশ্য বলাই যায় যে, এতগুলি উপন্যাস নিয়ে আসলে একটি অখণ্ড উপন্যাস। তবু উপন্যাসের ধর্ম নিয়েও আলোচনার অবকাশ থেকে যায়। এই পর্বের প্রায় সব উপন্যাসই অসম্পূর্ণ। প্রচলিত উপন্যাসের বিরোধী ও প্রয়োজনাতিরিক্ত প্রধান যৌথ প্রকৃতি-বর্ণনা ও সংলাপ বাহুল্য। হয়তো এটাই জীবনানন্দের ধর্ম এমন ভাবা যেতে পারে, তবু শেষ পর্যন্ত এই পর্বের উপন্যাসগুলি সাহিত্যে কি কোথাও নিয়ে যায় পাঠককে।

কিন্তু পরবর্তী পর্যায়ের উপন্যাসে জীবনানন্দ যেমন পরিণত তেমনই অনেকখানি প্রগলভ। সবচেয়ে বড় দুটি উপন্যাস 'বাসমতীর উপাখ্যান' ও 'জলপাইহাটি' একেবারেই সময়-চেতনার লেখা। প্রথমটির পটভূমি অবিভক্ত বাংলার গ্রামের এক বড়জন পরিবারে, কিন্তু দ্বিতীয়টির ঘটনা সেই গ্রাম থেকে কলকাতায় চলে গিয়েছে। 'মাল্যবান' তুলনায় ছোট উপন্যাস। 'সুতীর্থ'ও। মাল্যবান-এর নায়ক মাল্যবান ও তার স্ত্রী উৎপলার মধ্যে প্রেম অবহেলা কিংবা 'সুতীর্থ'-র অবদমিত যৌনতা সব কিছুই জীবনানন্দ প্রকাশ করেন নানান প্রতীক ব্যবহার করে। বাসমতীর উপাখ্যান বাদে শেষ পর্বের তিনটি উপন্যাসের একটিই কেন্দ্রবিন্দু—অর্থহীন বা অর্থে অসফল মানুষ এমন নায়ক যারা আত্মহত্যা প্রবণ হয়েছে বাধা অর্থাৎ যান্ত্রিক আধুনিক ব্যক্তির বিরুদ্ধে।

এই পর্বের উপন্যাসেও কিন্তু জীবনানন্দ প্রকাশরীতির প্রথাবদ্ধ গণ্ডীর ধার ধারেননি। তিনি বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস-রীতির যিনি কড়া সমালোচনা করেন, তাঁর পক্ষে এমন রাস্তাই তো স্বাভাবিক। যদি তাঁর কবিতাকে বলা হয় পূর্বসূরিদের অনুসারী, উপন্যাসগুলিও হয়তো তাই। তবে উপন্যাসগুলির যে জটিলতা পাঠককে মুগ্ধ করে রাখে তা হল পংক্তিতে পংক্তিতে প্রতীকের প্রচুর ব্যবহার। জীবনানন্দ ও প্রতীক প্রায় সমার্থবাচক শব্দ।

তবে জীবনানন্দের উপন্যাস বিষয়ে একমত হয়ে কথা বলার অবকাশ ঘটেনি, কেন না তাঁর উপন্যাস নিয়ে আরও বহু আলোচনার অপেক্ষা রইবে। বিশ্লেষিত হবে আরও নতুন নতুন দৃষ্টিকোণ থেকে। এখনও এ-কথা বলার সময় আসেনি তিনি তাঁর সমকালের উপন্যাসিকদের থেকে কতটা পিছিয়ে কিংবা এগিয়ে। যে-কথা এই মুহূর্তে বলা যায়, তার বাস্তব অর্থ, প্রতীকের ব্যবহার তার সমসাময়িকদের মতো নয়, কিংবা তাঁর চেতনার ব্যাপ্তি অন্য অনেক শক্তিমান উপন্যাসিকদের চেয়ে অনেক বেশি হলেও তাঁর জটিলতার ব্যাপ্তি, জীবনযাপনের নানা দিক উন্মোচন কিংবা মানব চরিত্রের বৈচিত্র্য বিষয়ে তাঁর দেখা খোলা ঝাপসা নয়। নিজেকে নিয়েই একজন লেখক একাধিক উপন্যাস লিখতে পারেন ঠিকই, কিন্তু মানুষের জীবনের স্বাদ তো দু-এক রকম নয়, তাতে বিভিন্ন বয়সে জীবনকে দেখা যায় বিভিন্ন দৃষ্টিকোণ থেকে যার একান্তই অভাব জীবনানন্দে।

আলো ও অন্ধকারের সেতু

প্রত্যূষপ্রসূন ঘোষ

জীবনানন্দ দাশ নাম, তাঁর অধিকাংশ কবিতায় আনন্দের যেমন কম কাজ করে গেছে যেমন বিষণ্ণতার আবহে ঘনিয়েছে। রৌদ্র, আলো, সূর্যের প্রতি তাঁর আর্তি অস্বীকার করার কোন উপায় নেই। কিন্তু অন্ধকার, ছায়া, দুঃস্বপ্ন, অসুখ, রোগ ও মৃত্যুর গভীর ছায়া তাঁর সমগ্র কাব্যচেতনার উপর হালকা পোঁচে এক আস্তরণ ছড়িয়ে দিয়েছে। যেন শুভ্র পরিচ্ছন্ন পটের উপর পড়েছে রঙের আবরণ আলোর পূর্ণ বিস্তারকে কিছুটা স্তিমিত করে দিয়েছে। পাঠকের মনে এর একটা প্রভাব এবং প্রতিক্রিয়া আছে। মেঘবেলা দিনের শুরুতে আকাশে মেঘ জমে থাকলে এক ধরনের শিথিলতা মনের উৎফুল্ল ভাবকে তার স্বাভাবিক ঔজ্জ্বল্য থেকে ম্রিয়মাণ করে দেয়। আবার এই ক্রিয়ার একটা উল্টো দিকও রয়েছে। খুব বেশি উজ্জ্বল আলোর তাপ, মানুষকে—বিশেষ করে শহর দুবলা মানুষকে একটা বড় ধাক্কা দেয়। সেই অসহনীয় উজ্জ্বলতা ও উত্তাপ তার চোখের স্নিগ্ধতাকে ক্ষুণ্ণ করে, তার শারীরিক আরামকে বিঘ্নিত করে তোলে। জীবনানন্দের কবিতা আমাদের অনিবার্য স্নিগ্ধ মনে ছায়াঘেরা শান্তি দেয়, অন্তত ক্লান্ত ও বিষণ্ণতায় ঢেকে দেয়। আমাদের দৈনন্দিন জীবনযাপনের কোন বিশেষ মুহূর্তে তাঁর কবিতা চিত্তপ্রশান্তি এনে দেয়। অথবা বিষণ্ণ মুহূর্তে মনকে বিদ্ধ করে। এই ভূমিকা জীবনানন্দের কবিতার সহজ এবং তাৎক্ষণিক প্রতিক্রিয়ার আভাস দেবার জন্য।

কিন্তু কবিতা নিবিষ্টচিত্তে পড়তে পড়তে ক্রমশ আমাদের নিয়ে যায় অনুভূতির অন্তর্লোক অতলান্ত আকর্ষণে। সেই গভীরে ডুবতে যেতে তৈরি হওয়া, ব্যাপারটা সম্পূর্ণ অন্য রকম। প্রকৃত কবিতা পাঠককে অনিবার্য পরিণামে সেইখানে নিয়ে যেতে চায়। প্রাথমিক আলোচনাসূত্রে জীবনানন্দের কবিতা পুনর্বার পাঠে আগ্রহী করে তুলবে। 'ধূসর পাণ্ডুলিপি'র প্রথম কবিতা 'নির্জন স্বাক্ষর' যখন পড়ি, তখন কী ধরনের বেদনায় আমরা জড়িয়ে পড়তে থাকি তা একবার দেখা যাক।

যখন ঝরিয়া যাব হেমন্তের ঝড়ে,
পথের পাতার মতো তুমিও তখন
আমার বুকের 'পরে শুয়ে রবে!
অনেক ঘুমের ঘোরে ভরিবে কি মন
সেদিন তোমার!
তোমার এ জীবনের ধার
ক্ষয়ে যাবে সেদিন সকল।
আমার বুকের 'পরে সেই রাতে জমেছে যে শিশির জল,
তুমিও কি চেয়েছিলে শুধু তাই
শুধু তার স্বাদ
তোমারে কি শান্তি দেবে!
আমি ঝরে যাব; তবু জীবন অগাধ।
তোমারে রাখিবে ধরে সেইদিন পৃথিবীর 'পরে—

এখানে কি কবি মৃত্যুর কথা দিয়ে অমরত্বের কথা বলেছেন? তিনি মৃত্যুর গভীর পথে নিয়েছেন, যা কি জীবনে না পাননি, যে সব সাধ আকাঙ্ক্ষা বাস্তবে পূর্ণ হয়নি, তা হয়তো মৃত্যুর পর পূর্ণ হবে এই তাঁর বিশ্বাস। এমন হতে পারে, যে দুটি-ই সত্য: হেমন্তের ঝড়ে পাতাগুলো বৃক্ষের আশ্রয় থেকে বিচ্ছিন্ন হয়। তারা ডালপালা থেকে পড়ে, পথের উপরে ঝরে পড়ে অসহায় পাতা। সেই মৃত পাতাগুলি স্বাভাবিক বাসনায় যুক্ত, জীবনসম্পৃক্ত থেকে বিচ্ছিন্ন। কিন্তু কবির তীব্র বাসনা, তাঁর মনের প্রেমিকা নারী বুকের 'পরে

[illegible] বিয়েতে উপস্থিত কবি

শুয়ে থাকবেন। অনতিদীর্ঘ কৃত্রিম ঘুমে তিনি থাকবেন কবির সত্তা ও অস্তিত্ব জুড়ে। এ যেন মৃত্যু ও জীবনের গভীর প্রণয় ও প্রেমের মেলামেশি। মৃত্যুর অমোঘ অতিচিহ্ন মেনে নিয়ে জীবন চলতে থাকে অথচ অনুপম ধারাবাহিকতায়। মৃত্যু জীবনের ওপর শেষ যবনিকা টেনে দিতে চাইলেও তার স্রোত চিরতরে বন্ধ করে দিতে চাইলেও জীবন সেই প্রচেষ্টাকে ব্যর্থ করে দেয়। মাটির তলা থেকে বীজের দুটো ঠোঁট নড়ে জীবনের নব অঙ্কুর উদ্গত হয়। মৃত্যুর দুর্মরতা নেতানোকে অনায়াসে অতিক্রম করে যায় জীবন। যেমন বাতাস সর্বত্র বজ্রপাত থেকে সমস্ত শূন্যতাকে ভরাট করে দেয়। আর্কিম চেতনা এবং সীমাহীন কালের প্রেক্ষিতে মৃত্যু ও জীবনের ধারণা আপেক্ষিক মাত্র। যথার্থ কবির কল্পনা কোন অসাড় অবিন্যস্ত অসংগঠিত ভাবনাকে প্রশ্রয় দেয় না। সম্ভবত সে কারণেই জীবনানন্দ কল্পনামনীষা বা কল্পনাপ্রতিভার উল্লেখ করেছেন। কল্পনার অন্তর্গত এই মনীষা অথবা প্রতিভাই সার্থক সৃষ্টির জন্ম দিতে পারে। সৃষ্টিকে কবে তুলতে পারে এক সম্পন্ন ও স্বচ্ছ শিল্প, যা স্রষ্টা ও পাঠক। আলোচ্য কবিতাটির প্রসঙ্গে ফিরে আসি। সেই রাতে তাঁর বুকে জমা শিশিরের জল, তাই কি নাস্তির পক্ষে চিরন্তন প্রেমিকের কাছে যথেষ্ট? কবির বেঁচে থাকার চেয়েও সাধ! এ রকম সংশয় মহৎ কবিতার লক্ষণ বলে মনে হয়। আমি চলে যাব, তবু জীবন অগাধ / তোমারে রাখিবে ধরে সেইদিন পৃথিবীর 'পরে— / আমার সকল গান তবুও তোমারে লক্ষ্য করে!

কবির অস্তিত্ব যেন ধেনু ধেনু হয়ে প্রকৃতিতে মিশে যায়— মানুষের নতুন, আকাশের অধিকে নক্ষত্রের পুনরায় নীড়ে। ওঁর মৃ-শাওয়া অজস্র বাক্য এবং মাধুর্য রয়েছে এই কবিতায়— রাতে রাতে হেঁটে নক্ষত্রের সঙ্গে তারে আমি পাই নাই; কোনো এক মানুষীর মনে কোনো এক মানুষের তরে / যে জিনিস বেঁচে থাকে হৃদয়ের গভীর গহ্বরে। প্রেমের জন্য আত্মিক আকর্ষণ তৃষ্ণা, ভালোবাসা পাওয়ার অনিঃশেষ আকাঙ্ক্ষা এখানে এক অনন্য কবিত্বময় বাঙ্ময়। কোন এক নারীর মনে কোন এক পুরুষের জন্য যে অফুরন্ত প্রেম, হৃদয়ের গভীরে প্রোথিত এবং নিস্তব্ধ স্পন্দমান। সেই আবেগ, সেই অধিকার স্পন্দন কবিতাটির নিশ্চল সংকটের ধর্মে জনক পৃথের মতো থেকে যাচ্ছে চিরদিন—অনন্তি-অনুধ্যানকে স্পর্শ করে।

কবিতাটির সমগ্র পরিসরে সহ অনিশ্চয়তার অবকাশ-এর ইঙ্গিত রয়েছে। আছে তুলনায় সম্পূর্ণ নতুন ধরনের প্রতীক বা বহুমাত্রিক। বহু বাক্যে ও অর্থবোধের বহন করে আছে পংক্তির পর পংক্তি—যে নক্ষত্র মরে যায়, তাহার বুকের শীত / লাগিতেছে আমার শরীরে। একদিন যে সব বাংলা কবিতা পাঠের অভিজ্ঞতা আমাদের হয়েছে, সে সবে এ ধরনের ভাবকল্পনা আমরা পাইনি। নক্ষত্রের মৃত্যু সে কেমন, নক্ষত্র কিভাবে মরে যায়। তার বুকে কি মৃত্যুর শীত, তা কিভাবেই বা কবির শরীরে লাগতে পারে? একথা ঠিক, কোন কবিতার আক্ষরিক বা সাধারণ অর্থগত ব্যাখ্যা এভাবে করা যায় না, সঙ্গতও নয়। তবে পাঠকের একথা বুঝতে কোন অসুবিধা হয় না, যে বাংলা কবিতায় এ জিনিস অনাস্বাদিত—সেই তারা জেগে আছে তার দিকে ফিরে / তুমি আছো জেগে— / যে আকাশ জ্বলিতেছে তার মতো মনের আবেগে / জেগে আছো— / জানিয়াছ তুমি এক নিশ্চয়তা—হয়েছ নিশ্চয়! / হয়ে যায় আকাশের তলে কত আলো—কত আগুনের ক্ষয়...জীবনের গান গেয়ে জেগে আছো—তবুও মৃত্যুর বাধা দিয়ে / পার তুমি; / তোমার আকাশে তুমি উষ্ণ হয়ে আছো, তবু— / বাহিরের আকাশের শীতে / নক্ষত্রের হইতেছে ক্ষয়, / নক্ষত্রের মতন হৃদয় / পড়িতেছে ঝরে।

এই কবিতার পটভূমি তাঁর ভাষায় মহাপৃথিবী। আমাদের কাছে সমগ্র সৌরমণ্ডল, পৃথিবী, সূর্য, গ্রহ-নক্ষত্র, মানুষ, তার জীবনের সম্ভাবনা ও আকাঙ্ক্ষার চিরন্তনতা, তার প্রেম অপ্রেম, ভালোবাসার বেদনাময় অন্তর্নিহিততা, মৃত্যু এবং মৃত্যুকে অতিক্রম করে জীবনের মহাকল্লোল, তার চেতনার অনন্ত প্রবাহ, এই সব কিছু spatial, temporal এবং transcendental-কে নিয়ে গড়ে উঠেছে। পুনরাবৃত্ত পাঠে বুঝতে পারা যায়—নক্ষত্র জগতেও অনন্ত জন্ম-মৃত্যু ঘটে চলেছে। কিছু নক্ষত্র নিভে যাচ্ছে, কিছু নতুন নক্ষত্র জ্বলে উঠছে, তাদের সংঘাত-বিন্দু বাষ্পের বলয়ে যাচ্ছে—পারস্পরিক দূরত্ব এবং অবস্থান ক্রমাগত পরিবর্তিত হচ্ছে, ধ্বংস ও নির্মাণের খেলা চলেছে সৌরজগতের অন্তহীন

[illegible]

নিঃসীম ব্রহ্মাণ্ডে। মানুষের জীবনে নিশ্চয়তা-অনিশ্চয়তা, দুঃখ-জাগরণ, ক্ষয়-বৃদ্ধি, বিশ্বাস-অবিশ্বাস সমানে আবর্তিত হচ্ছে, স্থান পরিবর্তন করছে। স্মরণ করা যেতে পারে—হয়ে যায় আকাশের তলে কত আলো কত আগুনের ক্ষয়; / কতবার বর্তমান হয়ে গেছে ব্যথিত অতীত— / তবুও তোমার বুকে লাগে নাই শীত / যে নক্ষত্র ঝরে যায় তার! / যে পৃথিবী জেগে আছে, তার ঘাস-আকাশ তোমার!

এখানে paradox বা কূটাভাস গুরুত্ব দিয়ে বুঝে নিতে হবে। কবির শরীরে মৃতনক্ষত্রের বুকের শীত এসে লাগছে—তিনি অনুভব করছেন। কিন্তু অন্যজন—নারী, প্রেমিক বা অন্য কেউ—এই মৃত্যুর হিমস্পর্শ অনুভব করছে না। এর ব্যাপের অনুষঙ্গে—একবার কথা ক'য়ে দেশ আর দিকের দেবতা / বোবা হয়ে পড়ে থাকে—ভুলে যায় কথা! / যে আগুন উঠেছিল তাদের চোখের তলে খ'সে / নিভে যায়—ডুবে যায়—তারা যায় স্খ'লে! / নতুন আকাঙ্ক্ষা আসে—চলে আসে নতুন সময় / পুরানো সে নক্ষত্রের দিন শেষ হয়, / নতুনেরা আসিতেছে ব'লে! / আমার বুকের থেকে তবুও কি পড়িয়াছে স্খ'লে / কোন এক মানুষীর তরে / যেই প্রেম জ্বালায়েছি পুরোহিত হয়ে তার বুকের উপরে!

প্রসঙ্গত মন্তব্য করা যায়, কবি জীবনানন্দের কবিতায় মৃত্যুর প্রতি যেমন ভালবাসা স্পষ্ট হয়েছে, জীবনের প্রতি, বেঁচে থাকার দিকে তাঁর ভালবাসাও সমান তীব্রতায় উচ্চারিত হয়েছে। তাঁর 'জীবন' কবিতা থেকে একটি স্তবক উদ্ধার করলে ব্যাপারটা স্পষ্ট হবে—

চারিদিকে থেকে ওঠে অন্ধকার সমুদ্রের স্বর—
নতুন রাত্রির সাথে পৃথিবীর বিবাহের গান!
ফসল উঠিছে ফলে—রসে রসে ভরিছে শিকড়;
লক্ষ নক্ষত্রের সাথে কথা কয় পৃথিবীর প্রাণ!
সে কোন্ প্রথম ভোরে পৃথিবীতে ছিল যে সন্তান
অঙ্কুরের মতো আজ জেগেছে সে জীবনের বেগে!
আমার দেহের গন্ধে পাই তার শরীরের ঘ্রাণ—
সিন্ধুর ফেনার গন্ধ আমার শরীরে আছে লেগে!
পৃথিবী রয়েছে জেগে চক্ষু মেলে—তার সাথে সেও আছে জেগে!

'নির্জন স্বাক্ষর' কবিতার শেষ তিনটি লাইন—

আমি চলে যাব—তবু জীবন অগাধ
তোমারে রাখিবে ধরে সেই দিন পৃথিবীর পরে;—
আমার সকল গান তবুও তোমারে লক্ষ্য ক'রে।

ধ্রুবপদের মতো এই লাইন একাধিক বার কবিতায় ঘুরে ঘুরে এসেছে—তার context পালটেছে, canvas পালটেছে। কিন্তু অস্তিত্ব পরিণামী বক্তব্য মূল বক্তব্যের মতো একই জায়গায় ফিরে এসেছে। কবি তাঁর স্থির প্রত্যয়ে মগ্ন। তিনি থাকবেন না, সৌরমণ্ডলে ক্ষয় ও নির্মাণ অবিরত চলতে থাকবে। আগুন নিভে যাবে—নতুন আলো জ্বলে উঠবে, জেগে উঠবে—পুরনো সময় শেষ হয়ে যাবে, নতুন সময় আসবে। কিন্তু কবি নিজে তাঁর অস্তিত্ব, বিশ্বাস, বিস্ময় নিয়ে মৃত্যুর অতল গভীরে নিদ্রিত থেকেও জানবেন—সে বেঁচে থাকবে, সে আছে, সে তাঁরই জন্য বেঁচে থাকবে। আর তাঁর সকল গান গীত হয়ে উঠবে তাকেই লক্ষ্য করে। তাঁর নশ্বর অস্তিত্ব পেরিয়ে সেই গান অনুরণন তুলবে পৃথিবীর ও আমাদের হৃদয়ে—চিরদিন, চিরকাল।

জীবনানন্দের কবিতার ভাষান্তর

সুদেষ্ণা চক্রবর্তী

অনুবাদ এমন জিনিস যা অত্যন্ত প্রয়োজনীয়, সর্বদা করা হয়, অথচ একদিক থেকে দেখতে গেলে করা প্রায় অসম্ভব। কবিতা অনুবাদ তার মধ্যেও সবচেয়ে কঠিন। যেমন শব্দ যেখানে অঙ্গাঙ্গিভাবে যুক্ত, সেখানে তাদের শৈলীর সংকেত রূপরেখা বাদ দিয়ে কেবল বিষয়বস্তু, বক্তব্যটুকু কতখানি সত্য বা আকর্ষণীয় হতে পারে। সব ধরনের রচনাতেই আঙ্গিক ও বক্তব্য, অবয়ব ও অন্তর্নিহিত বিষয় পরস্পরের সঙ্গে জড়িত। কবিতার ক্ষেত্রে একথা আরও বেশি করে প্রযোজ্য। অনুবাদ তাই আরও বেশি কঠিন।

সাধারণভাবে কবিতা অনুবাদকেই যদি গ্রহণও ভিন্নতর দেখা যায়। তবে জীবনানন্দের কবিতার বিষয় কি বলা যাবে। জীবনানন্দ একেবারেই বাঙালি কবি বা বাংলার কবি। বাংলার মুখ দেখেছিলেন বলে তিনি আর বাকী পৃথিবীর মুখ দেখার ব্যাপারে আগ্রহী ছিলেন না। এ কথা হয়তো আক্ষরিক অর্থে সত্য নয়। তবে তাঁর অনেক কবিতায় যা এসেছে তা বিশেষভাবে বাংলার, আরও বিশেষভাবে বলতে গেলে পূর্ববঙ্গের গ্রামাঞ্চলের রূপ। অথচ তিনি দেশকে মাতৃরূপে বা দেবীরূপে কল্পনা করেননি। যদিও সে যুগে এটা খুবই প্রচলিত রীতি ছিল। সে সব বরং অনুবাদের মাধ্যমে ধরা অপেক্ষাকৃত সহজ। কিন্তু জীবনানন্দের কবিতায় এসেছে বাংলার প্রকৃতির পুঙ্খানুপুঙ্খ রূপ বর্ণনা। সেই সঙ্গে প্রাচীন মিথ, কিংবদন্তী, লোকগাথার নানা অনুষঙ্গ আসে। এখানেই কাব্যের প্রাণ নিহিত, আবার এখানেই অনুবাদের ক্ষেত্রে প্রধান প্রশ্ন। কিভাবে ভিন্ন ভাষায় রূপান্তরিত করা যাবে ধানসিঁড়ি বা নাটোরকে। অন্য সংস্কৃতির পরিপ্রেক্ষিতে কিভাবে তুলে ধরা যাবে চাঁদ সদাগর বা মনসার কাহিনীকে, বেহুলাকে বেহুলার ভেলাকে, ঘোড়ার পিঠে রায় বাঘিনীর ছুটে চলা বৃদ্ধিকে। ছিন্ন বাক্যের ভিতর কতখানি তাৎপর্য বহন করা যাবে তা বোঝানোও শক্ত হবে।

অবশ্য বলা যেতে পারে, বিপরীত প্রক্রিয়া কি ঘটে না। ইউরোপীয় কবিতা মিথ, প্রতীক, উক্তি ইত্যাদি সম্বলিত হয়ে নানা ভারতীয় ভাষায় অনূদিত হয়েছে। এতে কি কোন বাংলা কবিতার কিছু যে প্রভাব নিয়ে এসেছেন তেমনি ভাবাত্মকে। এর উত্তরে বলা যায়, সাহেবদের আনুগত্যে ইউরোপীয় মিথ এশিয়াতে যতখানি পরিচিত, উল্টোটা তা নয়। অবশ্য এলিয়ট বা অ্যাপোলিনেয়ারের মতো কবি ভারতীয় মিথ বা ধর্ম বিশ্বাসকেও কবিতার প্রেরণা বা বিষয় করেছেন।

এ সব বাধা সত্ত্বেও জীবনানন্দের কবিতা ভাষান্তরিত হয়েছে ও হচ্ছে। এমন কি এক জাপানি অধ্যাপক বিশেষজ্ঞ, বাংলা বিশেষজ্ঞ জাপানি ছাত্রও রবীন্দ্রনাথ ও ঠাকুরবাড়ি নিয়ে গবেষণা করার পাশাপাশি জীবনানন্দের কিছু কবিতা অনুবাদ করেছেন। যত দূর জানা যায়, এই অনূদিত কাব্য সংগ্রহ জাপানে বেশ জনপ্রিয় হয়েছে। সম্প্রতি একযোগে সংস্থা ইংরেজি, ফরাসি, জার্মান ও স্প্যানিশ ভাষায় জীবনানন্দের কিছু বাছাই করা কবিতা অনুবাদ করতে উদ্যোগী হয়েছেন। অতীত ও বর্তমানের আরও কিছু প্রচেষ্টার কথা বলা হবে। এ সবের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য সাহিত্য আকাদেমির প্রকাশিত জীবনানন্দ কবিতার এক সংকলন। সম্পাদক, সুকান্ত চৌধুরী। শিশিরকুমার দাশ ভূমিকা লিখেছেন। সুমিতা চক্রবর্তী যোগ করেছেন নোট বা ব্যাখ্যা।

বেছে নেওয়া কবিতাগুলির মধ্যে বৈচিত্র্যের অভাব নেই। কয়েকটি বিখ্যাত কবিতার পাশে স্থান পেয়েছে অতখানি বিখ্যাত নয়, এমন কবিতা। রোমান্টিক কবিতার পাশাপাশি থাকে কখনও শ্লেষাত্মক বা তিক্ত বাস্তবতার কথা যায়। রূপসী বাংলার

মনটিপুরে আধুনিক সাহিত্য জীবনের কলকাতা বোবাইয়ের আলো-আঁধারি ছবি। 'বাস', 'আর তিন', 'বনলতা সেন', 'নব বিজন হাত', 'সুদর্শন', 'সারথী', 'সুবিনয় মুস্তাফি', 'অনুপম ত্রিবেদী', 'সুখ', '১৯৪৬-৪৭', 'সিন্ধু সারস' প্রভৃতি কবিতার অনুবাদ এই সংকলনের অন্তর্গত।

অনুবাদকদের মধ্যে আছেন উৎপলকুমার বসু, শীর্ষেন্দু চক্রবর্তী, ভারতী চক্রবর্তী, সুকান্ত ও সুচিত্রা চৌধুরী ও অন্যান্যরা। কিছু পরিমাণে এই প্রজেক্টকে যৌথ উদ্যোগ বলে অভিহিত করলে ভুল হবে না। ভূমিকায় যেমন জীবনানন্দের কবিতার প্রত্যেকটি দিক সম্বন্ধে বিস্তারিত আলোচনা আছে, তেমনি আছে অনুবাদের রীতি ও পদ্ধতি সংক্রান্ত কিছু কথা। অনুবাদকদের পরিচিতি, জীবনানন্দ সম্বন্ধে ও অনুবাদ সম্বন্ধে তাদের চিন্তা-ভাবনা, এর মাধ্যমে ফুটে উঠেছে।

তবে অনুবাদের রীতিনীতি নতুন করে ভাবতে হল, জীবনানন্দের কবিতার প্রকৃতির সঙ্গে সঙ্গতি বজায় রাখতে। প্রথমে চেষ্টা হয়েছিল মূল কবিতার আকার (verse form) এবং মিলের ছক (rhyme-scheme) কিছুটা অপরিবর্তিত রাখার। কিন্তু শীঘ্রই অধিকাংশে মিল বাদ দেওয়ার প্রয়োজনীয়তা স্পষ্ট হয়ে উঠল। তার এক বড় কারণ, জায়গার নাম, (place names) অন্যান্য পরিচয়সূচক নাম (proper names) উদ্ভিদ, ফল, ফুল, পাখির নামের মতো 'টেকনিক্যাল' টার্ম ইত্যাদির ছড়াছড়ি। এক হিসাবে বলতে গেলে এগুলি অপরিবর্তনীয় অংশ। (non-negotiable items) অর্থাৎ এদের তুলে ধরা (paraphrase) সম্ভব ছিল না। তাছাড়া শব্দক্রম (word-order) বা বাক্য গঠনও খুব বেশি বদলানো যেত [illegible] এমন কি এর ক্ষেত্রে এ জাতীয় কথা খুব বেশি ছিল না, সেক্ষেত্রেও মূল কবিতার বিশিষ্ট পরিপ্রকৃতি জোর করে দিলেও হয়ত বজায় রাখতে পেরে থাকতে হত।

আমাদের মনে হয়েছিল, মূল কবিতার ভাব ও প্রভাব (impact) যত দূর সম্ভব বজায় রাখা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। যদি দরকার হয়, তার জন্য মিলের ছকও বাদ পড়তে পারে। অনুবাদে যেখানে পূর্ণ বা আংশিক মিল রয়েছে, সেখানে মূল কবিতাতেও অনুরূপ মিল চোখে পড়বে। কিন্তু অনুবাদে কোথাও মিলের অভাব দেখে ধরে নেওয়া উচিত হবে না যে মূল বাংলাতেও মিল নেই। ব্যাপারটা আপস রফা (compromise) ছাড়া কিছু নয়। বিশেষত মূল রচনা যেখানে একটি প্রতিষ্ঠিত কাব্যের ছক (established verse form) অনুসরণ করেছে। (যেমন, ''রূপসী বাংলা''র সব কবিতাই সনেট।) কিন্তু আক্ষিকের হুবহু অনুকরণ করা অনুবাদের আবশ্যিক শর্ত নয়। আমরা আশা করি, আমরা মূল রচনার গুণ যতখানি বজায় রেখেছি, তার মাধ্যমে জীবনানন্দের সৃষ্ট বিচিত্র জগতের হয়ত একটু মিলবে। একাধিক অর্থ বহনকারী (ambiguous) সৃষ্টির রূপরেখা ও অবয়ব (frame and texture) বুঝতে পারা যাবে।

(অনুবাদ বেশিকার)

যেখানে মাসের বাংলা নামের কোনো বিশেষ তাৎপর্য রয়েছে, সেখানে সে নামই বজায় রাখা হয়েছে। অন্যত্র বসানো হয়েছে সাধারণভাবে ঋতুর নাম 'monsoon', 'winter'। বাংলা আর ইংরেজি বা ইউরোপীয় ঋতু যে ঠিক এক অর্থ, এক ব্যঞ্জনা নিয়ে আসে না, একথা বলাই বাহুল্য। যেমন, ইংল্যান্ডে শীত মানে পাতা। প্রকৃতির আপাত মৃত্যু ও নতুন জীবনের জন্য প্রস্তুতি। এখানে শীত মানে একটি আরামদায়ক আমেজ। পিকনিকের সময়, ফুল ফোটার মরশুম। ইংল্যান্ডের নবান্ন সঙ্গে এ দেশের ঔপনিবেশ পাড়া, জাগিয়ে দেওয়া কুঁড়ি তুলনীয় নয়। আবার মিলও নেই তা নয়। যেমন জীবনানন্দের কবিতায় বার বার এসেছে। বৈষ্ণব কবি ও রবীন্দ্রনাথের প্রিয় বসন্ত ও বর্ষার ক্ষেত্রেও হয়তো এই ঋতুর উপস্থিতি জীবনানন্দের মানস জগতে অধিক অন্বয়ীয়। বাংলা হেমন্ত ও ইংরেজি 'অটাম' ঠিক সমার্থক না হলেও উভয়ের মধ্যে সাদৃশ্য আছে। ইংরেজি ভাষা ও সংস্কৃতিতে 'অটামে'র তাৎপর্য ও ব্যঞ্জনা বহুমুখী। এই ঋতু পাতা ঝরার সময়, কুয়াশার সময়, আবার নানা ফলের পরিপক্কতার সময়। বোদলেয়ার বলেছেন, 'হেমন্তের পাতা ঝরানো নিঃশ্বাস, 'বিষণ্ণ বাতাসে'র কথা। অন্যদিকে কীটস তাঁর বিখ্যাত 'ওডে' 'অটাম'কে বর্ণনা করেছেন Season of mist and mellow fruitfulness রূপে।

জীবনানন্দের প্রেমের কবিতায় এর সংশয়িতের আছে। অথচ এমনি ব্যঞ্জনা বা তাৎপর্য আছে যা ইংরেজি 'ফাউন্ড' বলা অসম্ভব। তবু এই অনিবার্য বাধা অতিক্রম করেই অনুবাদের পথে অগ্রসর হতে হবে—যতটা সম্ভব।

সংকলনের সব কবিতার অনুবাদ তুলে ধরা সম্ভব নয়। কয়েকটি উদাহরণ থেকে আমরা ব্যাপারটা আংশিকভাবে কিছুটা বুঝতে পারব। ভূমিকায় বলা হয়েছে, মূল বাংলার যে শিল্পগুণ তিনি তাহার ফুটিয়ে তোলা যেত না, অথবা যেমন যেটা বলতে গেলে কবিতার মূল বিষয়বস্তু ব্যাহত করতে হত। যেমন বৈশিষ্ট্যগুলি বাদ দেওয়া হয়েছে। এর মধ্যে একটি ছিল, 'বনলতা সেন' সম্ভবত কবির সর্বাপেক্ষা বিখ্যাত ও জনপ্রিয় কবিতা। সুজাত চৌধুরী তার অনুবাদ করেছেন এইভাবে:

Her hair the dark night long ago in Vidisa,
Her face a Sravasti carving beyond the farthest seas
As when a sailor, helm broken, his bearings lost,
A grassy green plain set in a camamon island seas,
I saw her through the darkness. She asked, 'Where were you so long?'
Raising her eyes like bird's nests, Banalata Sen of Natore

দুটোর মধ্যে তুলনা করলেই পার্থক্য বোঝা যাবে, যে পার্থক্য না এনে উপায় ছিল না। 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা' অর্ধ-মাত্রা-এর ছন্দোগতি, ব্যঞ্জনার দীর্ঘতা এক বিশেষ অতিন্দ্রিয় ব্যঞ্জনা সৃষ্টি করে, যা অনুবাদের ক্ষেত্রে কোনো ভাবেই আনা সম্ভব নয়। পরবর্তী পংক্তিতে 'এতদিন কোথায় ছিলেন' এর পরে 'বনলতা সেন' বিস্ময়সূচক এটাও ইংরেজিতে প্রতিফলিত করা কঠিন। যদি বা করা যায়, তার গঠন তাকে এমনভাবে বাঁকা রেখা করতে হবে যে মূল বাংলার রস হারিয়ে যাবে। 'ছিলেন' সম্বোধনে অনির্দিষ্ট হলেও যে সামান্য দূরত্ব, অপরিচয়ের ভাব, তাও ইংরেজিতে ফুটিয়ে তোলা অসম্ভব। ইংরেজিতে 'তুমি', 'আপনি'র তফাৎ নেই। অন্য কোনো কোনো ইউরোপীয় ভাষায় অবশ্য আছে। অন্যদিকে place, name, ভূমিকার কথা অনুসারে অপরিবর্তিত রাখা হয়েছে। বিদিশা, শ্রাবস্তী ইত্যাদি প্রাচীন ভারতের স্মৃতি বা সুর বহন করে আনে। Camamom Island। দারুচিনি দ্বীপের আক্ষরিক অনুবাদ। দুটি কথার যেন সুগন্ধ হারালো। অনুবাদের ভাষাও তথা সম্ভব, জীবনানন্দের ভাষার আক্ষরিক বাধা হয়েছে। পরিবর্তন ও মূলানুগতা, কিসের ওপরই ভাষান্তরের সফলতা নির্ভরশীল।

তিন শব্দ দিয়ে কথার মধু বজায় রেখে কবিতার রূপ তুলে ধরা যায় এক দুইটা, 'আট বছর আগের একদিন।' মূল বাংলার বিস্ময়সূচক পংক্তিগুলি এই রকম।

থুরথুরে অন্ধ পেঁচা এসে বলেনি কি: বুড়ি চাঁদ গেছে বুঝি বেনোজলে ভেসে?

চমৎকার!—
ধরা যাক দু-একটা ইঁদুর এবার।'

অনুবাদে আমরা পাই,

The decrepit blind owl,
Did it not come to say:
'So the hag-moon's been washed away on the flood-tide?
Splendid!
Let's catch a few mice now!

মিল এখানে নেই। বাংলার ছোঁয়াও করা হয়নি। কিন্তু hag-moon 'বুড়ি চাঁদের' তাৎপর্য ফুটিয়ে তোলেন সম্পূর্ণ সঠিকভাবে। 'বুড়ি' কথাটি নানাভাবে অনুবাদ করা যেত। তবে এ ক্ষেত্রে যে বিশেষ ব্যঞ্জনা, বার্ধক্যের প্রশান্তি নয়, বীভৎস, এক কালো কিছু, তা ইংরেজি hag কথার মাধ্যমেই ফুটে উঠেছে। 'আকাশলীনা' কবিতার প্রথম কয়েকটি পংক্তির অনুবাদ,

Suranjana don't go there,
Don't talk to that young Man
Come back, Suranja,
O this night of silvery star fire

মূলে 'ওই যুবকের সাথে'র পরে 'নক্ষত্রের রুপালি আগুন ভরা রাতে' বিস্ময়সূচক। দিন বদল দিয়েও কবিতার আকুলতা, বিশেষ অনুভূতি, যে চলে গেছে তাকে ফিরে ডাকার আকুতি, ফুটিয়ে তোলা সম্ভব হয়েছে।

জীবনানন্দের কবিতায় চিত্র, চিত্রকল্প, লোককথার ব্যবহার সুবিদিত। সংকলন তালিকাতেও এ সবের জন্য স্থান রেখেছে। আশা দেওয়া হয়েছে বইয়ের শেষে সংযোজনে। যারা এ জাতীয় বিষয়ের সঙ্গে পরিচিত নয়, তারাও প্রাথমিকভাবে পাঠ রস গ্রহণ করতে পারে। পরে নোটস পড়লে আরও গভীরভাবে বুঝতে সক্ষম হবে, এমন সম্ভাবনাও আছে। এক সংস্কৃতি থেকে আর এক সম্পূর্ণ ভিন্ন সংস্কৃতিতে নিয়ে যাওয়ার পথ যথাযথ সচেতন উদ্যোগ করা হয়েছে।

অনুবাদ সতী ও সুন্দরী দুই-ই এক সঙ্গে হতে পারবে না, মূলের প্রতি আনুগত্য অথবা নিজস্ব সৌন্দর্য, সাবলীলতা, দুটোর একটি বেছে নিতে হবে। একথা আমরা অনেকবার শুনেছি। জীবনানন্দ অনুবাদ, যা অনুবাদের পক্ষেও বিশেষভাবে কঠিন, উভয় লক্ষ্যের মধ্যে সামঞ্জস্য রাখার চেষ্টা করেছে। এই সামঞ্জস্য শেষ নয়, শুরু। যে কবি একান্তভাবে বাংলার বাঙালি একান্তভাবে নিজের, তাঁর পরিচয় আরও ব্যাপক করার অপেক্ষায় আমরা রইলাম।

মাথার ভিতরে বোধ, রক্তে বিপন্ন বিস্ময়

উৎপল চক্রবর্তী

সব প্রাণ নিঃসঙ্গ—একজন কবির কাছে এই সত্যই প্রধান, কেননা একজন কবিই যেমন পারেন নিঃসঙ্গতাকে অক্ষয় করে তুলতে, তেমনই অনন্ত কোলাহলে বিজন হয়ে ওঠার যোগ্যতার কৌশলও তার হাতের মুঠোয়—বোদলেয়ারের এই বিখ্যাত উক্তিটি আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন কবি বুদ্ধদেব বসু। কথাগুলো কবি জীবনানন্দ সম্পর্কে খাটে বটে, মানুষ জীবনানন্দ সম্পর্কেও বোধহয় ঠিক ততটাই। তাঁর সম্পর্কে সবচেয়ে বড় ধাঁধা ছিল যে, তিনি সহজভাবে কারও সঙ্গে ঘনিষ্ঠভাবে মিশতে পারতেন না বা যাকে আমরা সচরাচর বলি 'আড্ডা', সে জাতীয় কোনও পর্বে বোধহয় তার অস্তিত্বকে খুঁজে পাওয়া যাবে না। একেবারে যাকে বলা হয় আত্মনিমগ্ন, তিনি ছিলেন সেরকমই এক অন্তর্মুখী মানুষ; নিজের সঙ্গে বোঝাপড়া করতে করতেই যার কেটে গেছে শেষ দিনটিও। ট্রামের ধাক্কাতে, অসাবধানতায় তাঁর ইঙ্গিত মেঠো ইঁদুরের মতো তাঁকে তুলে নিয়েছে এক অমোঘ গাড়িটি।

কিন্তু তার মানে কি এই যে, বাইরের জগতের সঙ্গে কোনই সম্পর্ক ছিল না তাঁর? মনে প্রশ্নই জাগে যে, মানুষের সঙ্গে সহজ-স্বাভাবিক মেলামেশায় যার ছিল না কোনও আগ্রহ, তিনি কীভাবে লিখলেন মানুষের জন্য কবিতা! কিন্তু এমনও তো বিশ্বাস ছিল না তাঁর যেমন ভেবেছিলেন আর্চিবল্ড ম্যাকলিশ যে, 'A Poem should not mean but be' অর্থাৎ 'কবিতা বাংলে যেন না মানে, সে শুধু হয়ে উঠতে থাকবে।' আসলে জীবনানন্দ সেই জাতের কবি, যাকে সহজাত স্বভাব, তার কল্পনা বা প্রতিভার ঝড়ের মতো আগুনের স্রোতে ভেসে যাওয়া ছিন্ন মানুষের যন্ত্রণার প্রতিধ্বনি করে তোলে না, বরং এমনই এক বিস্ময় জাগিয়ে তুলে কবিতা লিখেছেন তিনি, যেখানে বহির্জগতের সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন করে একটি পরিচ্ছন্ন কেবলমাত্র হাতে পৌঁছতে হয় যেখানে অন্তর্মুখীনতার দ্বারা আর অনুভবের প্রকৃত এক একটি শাশ্বত জন্ম। অর্থাৎ কবিতা যেন তাঁর নিজের সঙ্গে নিজেরই বোঝাপড়ার একটি প্রধান জায়গা, যেখানে অবান্তর আর অপ্রাসঙ্গিক হয়ে যান তার পাঠক। আরও একটু গভীরভাবে তার কবিতায় প্রবেশ করলে দেখা যাবে যে, তিনি সমকালীনতা বা পরিপার্শ্বের সঙ্গে কোনও ভাবে খাপ খেতে নন, নন কোনও দ্বিধান্বিত, বরং আয়েশ আর সব কাজকর্ম থেকে নিয়ে গেছেন পরিণাম। কিন্তু পরবর্তী সময়ে তিনি অনুভব করেন যে, সহায়ে যেকোনও বয়সে প্রবীণ এক বোধের আশ্রয় মানুষই একমাত্র অসহায়, পরাঙ্মুখ তখনই জিহ্বের দিকে মুখ দিয়ে অন্তর্মুখীনতায় মগ্ন হতে চান তিনি। তার এখান থেকেই তাঁর কবিতার কেন্দ্রীয় বিষয় হয়ে উঠেছে প্রেম। কিন্তু সেই প্রেম আকাশে পরিপূর্ণ নয় কখনই। বিষাদ, ক্লান্তি, তাঁর কবিতায় কখনই যেন প্রত্যাখ্যাত এক প্রেমিক সত্তার হাহাকার, যার উৎস মানুষের মর্মবেদনায়। অথচ এই মর্মবেদনায়, ক্লান্তির অবসাদে মানুষ পারস্পরিক আর্তনাদে লাঞ্ছিত হয় না, তার থেকে মুক্তির জন্য প্রগাঢ় দুঃখ বা মৃত্যুর মধ্যে বেঁচে থাকার বাসনায় লিপ্ত হয়

হৃদয়ের অবিরল অন্ধকারের ভিতর সূর্যকে ডুবিয়ে ফেলে
আবার ঘুমাতে চেয়েছি আমি
অন্ধকারের স্তনের ভিতর যোনির ভিতর অনন্ত মৃত্যুর মতো
মিশে থাকতে চেয়েছি।

তবে বলা যাক আত্মহননকারী সেই যুবকের কথা। কোনও নারীর প্রণয়ে বঞ্চিত হয়নি যে যুবক, বঞ্চিত হয়নি যে স্ত্রী-পুত্র-প্রেম আর জীবনের আশা-আকাঙ্ক্ষা ও সুখ-স্বাচ্ছন্দ্য থেকেও, বিবাহিত জীবনের ভাল-মন্দের পথে মনের কোথাও কোনও ঘাটতি রেখে যায়নি, সেই যুবকই একদিন রাত্রে যোগ

আত্মহননে। কিন্তু কেন? এর উত্তরে কবি তাঁর 'আট বছর আগের একদিন' কবিতায় বলেছেন যে, প্রেম-পরিণয়, শিশুর জন্মাদির প্রাপ্তি কিংবা পারিবারিক স্থিতিশীলতাই জীবনের সব চাওয়া-পাওয়া নয়। আরও বলেছেন যে, অর্থ বা কীর্তি কিংবা স্বচ্ছলতাই জীবনের শেষ কথা হিসাবে চিহ্নিত হতে পারে না কখনই। আরও যে এক বিপন্ন বিস্ময় খেলা করে চলেছে আমাদের অন্তর্গত রক্তের ভিতরে, ক্লান্ত থেকে আরও ক্লান্ত করে তুলছে আমাদের সত্তাকে, সেই বিপন্ন বিস্ময়ই আন্দোলিত করছে আমাদের সমগ্র অস্তিত্বকে সম্পূর্ণ ভিন্ন অভিজ্ঞতায়, যার তাড়নাতেই উন্মত্ত হয়েছিল এই যুবকটি আত্মহননের মাধ্যমে মুক্তির আস্বাদ পেতে। কিন্তু তা সত্ত্বেও কি প্রশ্ন বা সংশয় জাগ্রত করে রেখে যায় না আমাদের যে, কি সেই বিপন্ন বিস্ময়, জীবন থেকে মুক্তি চেয়ে এই আকস্মিক আত্মহনন?

হয়তো এ প্রশ্নের উত্তর কিছিৎ পেতে পারি আমরা এই কবিতার মধ্য থেকেই, যখন কবি প্রশ্ন করেন 'ঘুম কেন ভেঙে গেল তার' এবং তার অব্যবহিত পরেই আবার ফিরে আসেন আত্মবিশ্লেষণে, 'অথবা হয়নি ঘুম বহুকাল—লাশকাটা ঘরে শুয়ে ঘুমায় এবার।' আর এই যে আপাত সুখ-স্বাচ্ছন্দ্যের অবক্ষয়গামী মানসিক অস্তিত্বের সংকট উপলব্ধির এক সত্য উন্মোচন, এর সমর্থন আমরা পেয়ে যাই যুবকটির আত্মহননের মুহূর্ত বর্ণনায়। কোন সময়ে প্রবৃত্ত হয়েছিল সে আত্মহননে? ফাল্গুনের সৌন্দর্যের উচ্ছ্বাসে পরিপূর্ণ যখন সময়, যখন যৌবনোচ্ছ্বাসনায় তাড়িত হবার কথা তার, সেই সময় রাত্রির কালো ফাল্গুনী-পঞ্চমীর অন্ধকারকেই বেছে নিল সে তার আত্মহননের প্রকৃষ্ট মুহূর্ত হিসাবে। এর থেকেও বুঝে নিতে পারি আমরা যে, তার প্রেম, তার আশা, তার জোৎস্নার সুখনিদ্রা, এ সবই কাল্পনিক! অন্তরে এক গভীর অতৃপ্তি, এক তীব্র হতাশা, যা অপরিমেয় যখন মূর্ত হয়ে শিকড় গেড়েছে তার অন্তরে বহুদিন থেকেই, তার পরিসমাপ্তি সে ঘটাতে চেয়েছে তার মৃত্যুর মাধ্যমে, লাশকাটা ঘরের টেবিলের উপর চিৎ হয়ে শুয়ে থেকে।

যদিও ঘর প্রেমিকাকে ছেড়ে এই রূপে যারা মড়কের ইঁদুরের মতো অন্ধকারে ঘাড় গুঁজে পড়ে থাকতেই নারাজ, গভীর বিভীষিকাময় এই মৃত্যু। তবু মুক্তি এখানেই। কেননা যুবকটি জেনেছিল গলিত বা জোৎস্নার মতো কেবলই ফিরে ফিরে প্রতিবাদ করে বেঁচে থাকার মধ্যেই পরিতৃপ্ত থাকতে পারা যায় না। গভীর উপলব্ধির অধিকারী বলেই জীবনের সুখ-স্বাচ্ছন্দ্যের যাবতীয় উপকরণ পেয়েও অতৃপ্ত, অসুখী আর নিঃসঙ্গতার শিকার হতে বাধ্য হয়েছিল সে। পেঁচার মতো চাঁদ ডুবে যাওয়া অন্ধকারে কেমন ইঁদুর জাতীয় শিকার ধরে জীবন ধারণ করে যাওয়ার মধ্যেই যে সব মানুষ সস্তা সুখ খুঁজে পায় তাদের থেকে আলাদা হবার কামনাই, পেঁচা তার মৃত্যুর সময়ে জীবনের জয়গান গেয়েও মৃত্যুর হাত থেকে নিষ্কৃতি দিতে পারেনি তাকে। শুধু মৃত্যুর পরেও সে এসে শুনিয়েছে আবার তার জীবনের গল্প, চাঁদ ডুবে যাওয়া অন্ধকারে আবার ইঁদুর ধরার মতো সুযোগের সদ্ব্যবহার করে বেঁচে থাকার কথা।

যদিও এই আত্মহননকারী যুবকটিকে আমরা সকল যুবকের প্রতিভূ হিসাবে বিবেচনা করতে পারি না, কিন্তু জীবনানন্দের বিখ্যাত 'বোধ' কবিতার নায়কের সঙ্গে এক অদ্ভুত সাযুজ্য লক্ষ্য করা যায়। সেই মানুষ, তার মাথার ভিতরে, হৃদয়ের ভিতরে স্বপ্ন, শান্তি কিংবা ভালোবাসা নয়, কেবলই এক বোধ জন্ম নেয়, এক বোধ ক্রিয়াশীল হয়ে ওঠে। একে সে এড়িয়ে যেতে পারে না কিছুতেই, তুচ্ছ মনে হয় তার কাছে সমস্ত

কাজ, শান্ত স্নিগ্ধ ধান কাটা হয়, পূজা পার্বণে হাতে হাতে প্রার্থনার মতন সময়। অথচ অন্যান্য মানুষের মতো সংসারের হাল টেনেছে সেও, হাটে গিয়ে দাঁড়িয়েছে কাছে হাতে হাতে, ঘুরে বেড়িয়েছে ছেলেদের মতো নদীর ঘাটে ঘাটে। তবু এই যেন চিন্তাশীল প্রাণী এরা এই বলে কবি, কোনও কি আলাদা বোধ তার, শান্তির সময় নেই কোনও, ঘুমাবে না কি সে কোনওদিনই? মানুষ মানুষী বা শিশুদের মুখ দেখে সে কি কোনওদিনই আত্মতৃপ্ত হবে না? শান্ত না হয়ে শুয়ে থাকবার কাল?

পার্থিব অনুভূতির বাস্তবীয় উপকরণ থেকে এই যে বিচ্ছিন্নতার আকাঙ্ক্ষা, প্রেম-প্রীতি-যশ-শান্তি সমস্ত কিছুর থেকে এই যে পলায়নবাদী মনোবৃত্তি জন্মলোকের এই নিঃসঙ্গতার চেতনার জন্যই এই নায়ক অবসাদিত হয়ে পড়ে সমাজ মানসে। যেহেতু পরিপূর্ণ নয় তার সত্তা, তাই সে তুষ্টি হয়, ফাঁদে হাত বাড়িয়ে। এ যেন মানুষ জীবনানন্দের আর এক প্রতিফলন। কবিতার প্রথম সময় থেকেই, অন্তরে টের পেয়েছেন—এ পৃথিবীর সংকীর্ণ ছায়া কখনই সহজ ওঠে না এই অন্তর্ভেদী পৃথিবী। সাম্প্রতিক এই 'বোধ' থেকে 'বিপন্ন বিস্ময়' অপরাজিত হয়েছে এই শূন্যতা বা নিঃসঙ্গতাই যেন হয়ে ওঠে যখন পারিপার্শ্বিক জীবন কিংবা আত্মহননের, তখন এই নায়ক জীবনবোধের উৎস সম্পর্কে আমরা অনায়াসেই জানতে পারি এই কথায় যে, মানুষ জানে না তার সত্তার সম্পূর্ণ পরিচয় কি, যে কারণে নিজের কাছেই সে হয়ে ওঠে অপরিচিত, পরিপার্শ্ব থেকে বিযুক্ত মনে করে নিজেকে। যদিও একান্তভাবেই সে পরিবেশ নির্ভর, তবু এক ধরনের মানসিক অনুভূতির সাহায্যেই সে মনে করতে পারে না নিজের সত্তাকে নিজেরই সাহায্যহীন হিসাবে। জানতে পারে না সে যে, সমাজের কোনও উত্থান বা পরিবর্তনে তার কোনও ভূমিকা আছে কিনা, আত্মবিশ্বাস আর আত্মপ্রত্যয় হারিয়ে এই মানুষ তখন সামাজিক আদর্শ বা লক্ষ্য অভিমুখে না এগিয়ে, নিজেকে সম্পূর্ণ একা বলে ভাবতে বাধ্য হয়।

বস্তুত একজন অন্তর্দর্শীর দৃষ্টিতেই ফুটে ওঠে মানুষ জগতের অন্তরালে এক সমান্তরাল জগৎ, যে দৃষ্টির ভিতর দিয়ে জগতের চেতনাটিকে তার মনে হয় ভিন্ন, তার প্রমাণ মেলে আত্মহত্যায়। তিনি দেখে নিতে পারেন যে, বর্তমান সমাজে 'ব্যক্তি-স্বাধীনতা' নেই, গোষ্ঠীর ভিতরে ব্যক্তি নিমজ্জিত সম্পূর্ণভাবে। যেন মানুষ তার স্বাতন্ত্র্যকে হারাবার জন্য আত্মসমর্পণ করেছে নিজেকে গোষ্ঠী ও সমাজের কাছে, নানা রূপ রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক কাঠামোর দাস হয়ে গেছে সে। তাই সে তার মুক্তি ও তুষ্টির সাহায্যে গ্রাস করেছে, জীবনের অর্থ কি? কী সে তার Absolute freedom বা পরিপূর্ণ স্বাধীনতা? কেননা মানুষ পৃথিবীতে এসেছে অধিকার করার জন্য। কেমন করে এসেছে, কেনই বা এসেছে, এ প্রশ্নের জবাব সে দিতে পারে না। কিন্তু পৃথিবীতে ক্ষণিকের এই জীবনে সে তার স্বাধীন ইচ্ছা রেখেছে অক্ষুণ্ণ। অন্যদিকে সে বোধ করতে পেরেছে স্বাধীনতা। অথচ পূর্ণ স্বাধীনতাও মানুষের শান্তি আনে না, শান্তি আনে না কোনও কিছুতেই। একমাত্র মৃত্যুই হচ্ছে Absolute freedom বা পরিপূর্ণ স্বাধীনতার সাযুজ্য পরিপূরণের উপায়। তাই আত্মহননকে বেছে নিতে বাধ্য হয় সে এই উদ্ভট জগৎ থেকে পরিত্রাণলাভের উপায় হিসাবে।

জীবনানন্দের চিন্তার এই বোধ আর বিপন্ন বিস্ময় তাই করে তোলে তাঁকে এক অতিরিক্ত দৃষ্টিশক্তির অধিকারী। যে দৃষ্টির ভিতর দিয়ে এক সময় অপরিচিত হয়ে ওঠে পরিচিত জগতের চেতনাটি, তার মধ্য দিয়ে তিনি টের পান জীবনের মধ্যেও মৃত্যুর নিঃশব্দ পদসঞ্চার। স্বাভাবিক দৃষ্টির ভিতর দিয়ে যে নারীর শরীরকে তার মনে হয়েছিল ধানক্ষেতের মতো স্নিগ্ধ, কাছে গিয়ে তাকে ছুঁয়ে তার মুখ-বুক-স্তন, অতিরিক্ত সেই দৃষ্টির ভিতর দিয়ে তাকালো তার এক নিমেষেই তা হয়ে ওঠে যেন খড়ির মতো সাদা মুখ, বুকেতে হাত দিলে মনে হয় বাসি শব, একেবারে মেকী। যেমন মনে হতে থাকে জীবনের চতুর্দিকে দুনিয়াকে প্রেতের আনাগোনা। সমস্ত কিছুই প্রেতের মতো বিভ্রম, অনুভূত হতে থাকে জীবনের পরিপার্শ্বকে। এই বিষয়ে প্রেমার্থে শব্দ কিছুটা মিলিয়ে দেওয়া হয় যুদ্ধোত্তর জমানার এক্সপ্রেশনিস্টদের সাথে, কারণ এ জীবনের সাথে অস্বাভাবিক সম্পর্কের সূত্র ধরে তাদের রচনাগুলিতেও এসেছিল অস্বাভাবিকতা। অন্তর্মুখী কবি জীবনানন্দও তাঁর নিজের কালের হাতে প্রতিহত হতে হতে হয়ে উঠেছিলেন প্রতিবাদহীন নৈঃসঙ্গ্য চেতনার বিস্তারে। কিন্তু নিষ্ঠুরতর কোনই নয়। এক পার্থিব অনুভবের তার সৌন্দর্যের প্রেম-প্রীতি-যশ সবই তিক্তে বিস্বাদতর, অর্থহীন এবং মূল্যহীন।

এই অসুখ দৃষ্টিই হয়তো প্রমাণ করে যে, নিজের সত্তাকে তিনি কল্পনা করতে পারেননি সম্পূর্ণ পরিচিত হিসাবে। যে জগৎ তাঁর নিজের মানসিকতা দিয়ে গড়ে তোলার ইচ্ছা ছিল, তা যেন ঠিক পরিচিত নয়, কিংবা স্বল্প পরিচিত, অথবা যাকে দেখা যায়নি ও অস্পষ্ট এক জগৎ। সমাজ-মানসের সঙ্গে তাই শিথিল মনে হয়েছে তার সাযুজ্যবোধ বা সংযোগ পরিচয়ের সূত্র। একজন সমান্তরালবর্তী কবির মতোই তাঁকে তাই প্রমাণ করতে হয়েছে নিজের অন্তঃসারশূন্য এই চেতনাকে। কেননা এই অনুভূতি, এই অসুখ দৃষ্টির ভিতর দিয়ে জগৎকে এভাবে দেখার ক্ষমতা একমাত্র মানুষেরই। উদ্ভিদ, পশু বা পাখি কারোরই নেই।

হয়তো এর থেকেই আমরা বুঝে নিতে পারি, এই যে 'বোধ' আর 'বিপন্ন বিস্ময়' দুয়ে মিলে আছে জীবনানন্দের একটি অধ্যায়কে, কেন যে তার দৃষ্টিশক্তি প্রকাশকেই বেছে নিতে হয় একজন কবিকে তাঁর ধর্ম হিসাবে, কেনই বা এ দুয়ের অনুভূতিপ্রবণ মানুষই আক্রান্ত এই বোধে, এই বিপন্ন বিস্ময়ে আর কেনই বা বলেছেন বুদ্ধদেব বসু, 'হয়তো না বললেও চলে, এই বিস্ময়ের নাম মন মানুষের সবচেয়ে ভিন্ন ও বিপজ্জনক সম্পত্তি।'

জেটিঘাট ও অসংখ্য স্টিমার

ব্রত চক্রবর্তী

জীবনানন্দের 'বনলতা সেন' এক জেটিঘাট, অন্যদিকে তার দিকে ধাবমান অসংখ্য স্টিমার। যদি এইভাবে আমি বলি, খুব কি হৈ-চৈ হবে? কিন্তু যতবার আমি জীবনানন্দের এই কবিতা পড়ি, আমার এই কথাটাই মনে হয়। জেটিঘাট ও স্টিমারের কথা। এক নারীর কথা জীবনানন্দ বলেছেন এই কবিতায়। কেমন নারী? 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা/মুখ তার শ্রাবস্তীর কারুকার্য'। হয়তো বলি এই নারীর কথা। কিন্তু তারপরই মনে পড়ে যায় এই কবিতার শুরুর লাইনটি। 'হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে'। এই শুরুর লাইনটি পড়লেই আমি এই নারীর কথা ভুলে যাই। তখন মনে হয় বনলতা সেন এক আলোকিত শান্ত জীবনপ্রবাহের, যা এই জেটিঘাট। আর তার দিকে, ওই সমুদ্রের দিকে যেয়ে চলেছে আমরা অসংখ্য স্টিমার। বারেবারেই, ফিরে ফিরে পড়ি আমি জীবনানন্দ দাশের এই কবিতা 'বনলতা সেন'। অত প্রিয় কবিতার তালিকায় এটি অন্যতম একটি। যতবার পড়ি, তখনকার পাশাপাশি 'মাথার ভেতরে এক বোধ কাজ করে'। আর ওই জেটিঘাটমুখী এই জীবনপ্রবাহ বা স্টিমার পরিক্রমার কথা ভাবলেই মনে পড়ে জীবনানন্দের অন্য একটি কবিতার দুটি পংক্তি: 'অনেক নতুন দুঃখ অবিরল/শেফালিকার জ্যোৎস্নায় নিয়ে তোমার জন্য'। এ-ও এক জীবন পরিক্রমা। অনেক নতুন অবিরল ঘুরে ঘুরে কাঙ্ক্ষিত জলের খোঁজ। তারপর তার সন্ধান পাওয়া। কোথায় যেন সাদৃশ্য আছে। মনে হয় এই দুই পংক্তির সঙ্গে বনলতা সেন কবিতার মূলভাবের। বনলতা সেন কবিতাটিতেও দেখি যখন পরিক্রমা শেষ, শিশিরের শব্দের মতন সন্ধ্যা নামছে বা ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলছে চিল, তখন কাঙ্ক্ষিত জলের দেখা পাওয়া। সব স্টিমার গিয়ে পৌঁছেছে জেটিঘাটে। তখন 'থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার নাটোরের বনলতা সেন'। হ্যাঁ, বেশ অনেক দিন আগে প্রথমবার যখন জীবনানন্দের এই কবিতা পড়ি, ভালোলাগা ছাড়া অন্য কিছু অর্জন হয়নি। তারপর ফিরে ফিরে পড়ি। 'আমি ক্লান্ত প্রাণ এক' আর 'চারিদিকে জীবনের সমুদ্র সফেন', কী আশ্চর্য দক্ষতায় কবি এই দুই অবস্থাকে পাশাপাশি রেখেছেন, চারিদিকে হাতছানি, কিন্তু ঘুরে ঘুরে স্টিমারগুলি ক্লান্ত। আর কতদূর সেই বন্দর? জেটিঘাট? যেখানে পৌঁছলে 'দুদণ্ড শান্তি'! জীবনানন্দের কবিতা যখন পড়ি, এই তৃষ্ণা টের পাই। এক তৃষ্ণা তার পানীয় খুঁজে বেড়াচ্ছে। কেউ নাগরজীবন কোলাহলে, প্রকৃতি তার তার করে খুঁজে, এই তৃষ্ণা তার পানীয়ের কাছে পৌঁছতে চাইছে। স্টিমারগুলি জেটিঘাটে পৌঁছতে চাইছে। যখন 'থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার, নাটোরের বনলতা সেন'। এই জীবন, তার হাজার বাধা, লাঞ্ছনা, অপমান, বিপত্তি, দুঃখকষ্ট, কোলাহল, সবকিছুর ভেতর দিয়ে যেতে যেতে আমরা এক নিশ্চিন্ততারই সন্ধান করে চলি। এক শান্তির খোঁজ। তারপর। তার নাম বনলতা সেন। পাখির নীড়ের মতো চোখ তুলে সেই শান্তি-স্বস্তি-আশ্রয় যেন জানতে চায়, এতদিন কোথায় ছিলেন! অনেক হঠাৎ জেগে ওঠে। ... অনেকের তৃষ্ণার শেষে স্টিমারগুলি জেটিঘাটে পৌঁছে যাবে, আর স্বস্তি! সিংহল সমুদ্র থেকে মালয় সাগরে পরিক্রমা শেষে ক্লান্ত স্টিমারগুলি যেন 'আমি ক্লান্ত প্রাণ এক'। তখন কোথাও, ... ঘুরে, সব অর্জন তুচ্ছ করে দিয়ে বিশ্রাম চেয়ে নেওয়া। 'অর্থ নয় কীর্তি নয় সচ্ছলতা নয় আরো এক বিপন্ন বিস্ময় আমাদের অন্তর্গত রক্তের ভেতরে খেলা করে'—যে

জীবনানন্দের বিয়ের ঠিক পরে-পরেই তোলা। পারিবারিক বন্ধুমিলনের ছবি

বিশয় বিস্ময় ঘুচিয়ে নিয়ে বেড়িয়েছে এতদিন, এবার তার ডানা মুড়ে বসা। কখনও মনে হয় এই কবিতায় জীবনানন্দ যে নারীর কথা বলেছেন, একদা সেই নারীও ফেরি নৌকা ছিল, পরে জেটিঘাট হয়ে গেছে। আগে সে কারুর দিকে ধাবিত হতো, এখন তার দিকেই সবাই ধাবিত হয়। আবার কখনও মনে হয় সাধারণভাবে যে কথাটা বলা হয়ে থাকে টুকরো টুকরোভাবে সব কবি একটিই কবিতা লেখেন, বনলতা সেন পড়ে তাই মনে হয়। অসংখ্য টুকরো কবিতাগুলির মধ্য দিয়ে জীবনানন্দ এই কবিতা, বনলতা সেনের কাছেই পৌঁছতে চেয়েছেন। টুকরো কবিতাগুলি যেন ফেরি নৌকা, একেকটি স্টিমার, যা ধরে সমস্ত পৌঁছনো। জেটিঘাটে। জীবনানন্দ পৌঁছেছিলেন সেই সিদ্ধিতে। সেই সিদ্ধির নাম বনলতা সেন। সব পাখির ডানা গুটিয়ে পালকের খবর নিতে নিতে, অন্ধকারের ভেতরকার পাখা অন্ধকার খুঁজতে খুঁজতে, জোনাকির মতো ঝিলমিল হতে হতে ওই জীবনানন্দ চলেছেন। এক স্টিমার। ওই দূরে তার গন্তব্য, জেটিঘাট। সব পাখির ঘরে ফেরার পালা এখন। সব নদীর। জীবনের সব লেনদেন মিটে গেছে। ওই একটা শতাব্দী শেষ হয়ে আর একটা শতাব্দী শুরু হতে যাচ্ছে। 'একটি পৃথিবী নষ্ট হয়ে গেছে আমাদের আগে/আরেকটি পৃথিবীর দাবী/স্থির করে নিতে হলে লাগে/সকালের আকাশের মতন বয়স'। ওই দেখতে পাচ্ছি একশ বছর পার করে, হাজার বছরের পরিক্রমা শেষ করে জীবনানন্দ পৌঁছে যাচ্ছেন তাঁর গন্তব্যে। তিনি পৌঁছেছেন তার নারীটির কাছে। স্টিমার, হা-ক্লান্ত এক স্টিমার পৌঁছেছে আলোকিত জেটিঘাটে। জল বাড়ছে জলের ধাক্কায়। এখন মুখোমুখি বসা যাক। কার মুখোমুখি? দু'দণ্ড শান্তির। দু'দণ্ড ওই শান্তির নাম বনলতা সেন।

জীবনানন্দ দাশ : জীবনীপঞ্জি

প্রভাতকুমার দাস

১৮৯৯

১৭ ফেব্রুয়ারি: (বঙ্গাব্দ ১৩০৫ ফাল্গুন ৬ মঙ্গলবার) বরিশাল জেলা শহরে (বর্তমান বাংলাদেশ) জন্ম।

পূর্বপুরুষের আদি নিবাস ঢাকা জেলার বিক্রমপুর পরগনার পদ্মাতীরবর্তী গাউপাড়া গ্রাম। পিতা সত্যানন্দ, ব্রাহ্ম, মহাত্মা অশ্বিনীকুমার দত্ত প্রতিষ্ঠিত ব্রজমোহন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক; 'ব্রহ্মবাদী' পত্রিকার প্রতিষ্ঠাতা-সম্পাদক, প্রবন্ধ লেখক। মাতা কুসুমকুমারী, কবি—"আমাদের দেশে হবে সেই ছেলে কবে। কথায় না বড় হয়ে কাজে বড় হবে"—বহু বিশ্রুত 'আদর্শ ছেলে' কবিতার রচয়িত্রী। জীবনানন্দ জ্যেষ্ঠ সন্তান। ডাক নাম: মিলু।

১৯০১

১১ অক্টোবর: অনুজ অশোকানন্দর জন্ম। পরবর্তীকালে আয়কর বিভাগে কর্মে যুক্ত।

খুব ছোটবেলায় কঠিন অসুখ হয় জীবনানন্দর। প্রায় জীবন-মরণ সমস্যা। কুসুমকুমারী রুগ্ন সন্তানকে নিয়ে হাওয়া বদলে বিভিন্ন জায়গায় গিয়েছেন লখনৌ, আগ্রা, গিরিডিতে। সঙ্গে ছিলেন মাতামহ চন্দ্রনাথ।

১৯০৮

জানুয়ারি বরিশাল ব্রজমোহন বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে ভর্তি হন।

বাবা অল্পবয়সে শিশুদের বিদ্যালয়ে ভর্তি করার বিরোধী, তাই এই বিলম্ব। সমস্ত বাল্যশিক্ষাকাল অতিবাহিত হয়েছে মায়ের তত্ত্বাবধানে।

১৯০৯

বাবার অসুস্থতার জন্য মা-বাবার সঙ্গে গিরিডিতে বেড়াতে যান।

১৯১৫

১ এপ্রিল: একমাত্র বোন সুচরিতার জন্ম। উচ্চশিক্ষিতা, এম এ বি টি—অধুনালুপ্ত রাজকুমারী অমৃতকুমারী বালিকা বিদ্যালয়ের

প্রথম লিখেছিলি। বরিশাল ব্রজমোহন বিদ্যালয় থেকে প্রথম বিভাগে ম্যাট্রিক পাস।

১৯১৭

বরিশাল ব্রজমোহন কলেজ থেকে প্রথম বিভাগে আই এ পাস।

১৯১৯

কলকাতার প্রেসিডেন্সি কলেজ থেকে ইংরেজি অনার্স-সহ বি এ পাস। 'ব্রহ্মবাদী' পত্রিকায় (বৈশাখ ১৩২৬) 'বর্ষ-আবাহন' নামে প্রথম মুদ্রিত কবিতাটি নামহীনভাবে প্রকাশিত হয়। এই কবিতাটিতে লেখক শুধু 'শ্রী' উল্লেখিত হন, পরে চৈত্র সংখ্যার বার্ষিক সূচিপত্রে 'শ্রীজীবনানন্দ দাশ বি এ' হিসাবে ঘোষিত হয়।

১৯২১

কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে দ্বিতীয় শ্রেণিতে এম এ পাস।
এম এ এবং ল' পড়ার সময় বিশ্ববিদ্যালয় সংলগ্ন হার্ডিঞ্জ ছাত্রাবাসে থাকতেন। পরীক্ষার পূর্বে কিছুদিন 'ব্যাসিলারি ডিসেন্ট্রি' রোগে অসুস্থ ছিলেন, তাই পরীক্ষায় আশানুরূপ ফল করতে পারেননি।

১৯২২

কলকাতার সিটি কলেজে ইংরেজি বিভাগে 'টিউটর' পদে অধ্যাপনা শুরু।

হ্যারিসন রোডে প্রেসিডেন্সি বোর্ডিং-এ থাকতেন। আইন পড়া ছেড়ে দেন। পরবর্তী সময় ১৮/২/এ বেচু চ্যাটার্জি স্ট্রিটে ঘর ভাড়া নিয়ে ছিলেন, বরিশাল থেকে অশোকানন্দ এম এস সি পড়তে এলে তখন উভয়ে একত্রে থাকতেন।

১৯২৩

দীনেশরঞ্জন দাশ সম্পাদিত 'কল্লোল' পত্রিকার প্রকাশ।

১৯২৫

১৬ জুন: দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রয়াণ। 'ঝরাপালক' কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত 'দেশবন্ধু' শিরোনামে এই উপলক্ষে রচিত এবং 'বঙ্গবাণী' পত্রিকায় (শ্রাবণ ১৩৩২) 'দেশবন্ধুর প্রয়াণে' শিরোনামে প্রথম প্রকাশিত হয়। কবিতাটি সম্পর্কে কবি কালিদাস রায় বলেছিলেন, এই কবিতাটি পড়ে তাঁর মনে হয়েছে প্রতিষ্ঠিত কোনও প্রবীণ কবি ছদ্মনামে কবিতাটি লিখেছেন।
'ব্রহ্মবাদী' পত্রিকায় পর পর তিন সংখ্যায় (অগ্রহায়ণ-পৌষ; মাঘ-ফাল্গুন, চৈত্র ১৩৩২) 'স্বর্গীয় কালীমোহন দাশের শ্রাদ্ধবাসরে' শীর্ষক ধারাবাহিক রচিত প্রবন্ধটি প্রকাশিত হয়, যেটিও এ পর্যন্ত প্রাপ্ত কবির মুদ্রিত গদ্য।

১৯২৬

'কল্লোল' পত্রিকার তৃতীয় বর্ষ একাদশ সংখ্যায় (ফাল্গুন ১৩৩২) তাঁর 'নীলিমা' কবিতাটি প্রকাশিত হয়।
'কালি-কলম' পত্রিকাটি প্রকাশিত হয় বৈশাখ ১৩৩৩-এ, এই পত্রিকার প্রথম বর্ষ দ্বিতীয় সংখ্যায় জীবনানন্দ দাশগুপ্ত নামের অধীনে 'পতিতা' কবিতাটি প্রকাশিত হয়।

১৯২৭

জুলাই ঢাকা ৪৭ পুরানা পল্টন থেকে বুদ্ধদেব বসু ও অজিতকুমার দত্ত সম্পাদিত হাতে লেখা 'প্রগতি' পত্রিকার প্রথম মুদ্রিত সংস্করণ প্রকাশ (আষাঢ় ১৩৩৪)। প্রথম বর্ষ দ্বিতীয় সংখ্যা (শ্রাবণ ১৩৩৪) শ্রীজীবনানন্দ দাশগুপ্ত নামে তাঁর 'খুশ-রোজী' কবিতাটি প্রকাশিত হয়। প্রথম বর্ষের পরবর্তী সংখ্যাগুলিতেও তাঁর পদবী 'গুপ্ত'-সহ উল্লেখিত হয়েছে।
'ঝরাপালক' কাব্যগ্রন্থ প্রকাশ (১০ আশ্বিন ১৩৩৪)। 'ঝরাপালক' কাব্যগ্রন্থে কবির পদবির 'গুপ্ত' বর্জিত হলেও গ্রন্থটি প্রকাশিত হওয়ার পরও দু-একটি পত্রিকায় 'দাশগুপ্ত' পদবী ব্যবহৃত হয়েছে।

১৯২৮

সিটি কলেজের চাকরি থেকে বরখাস্ত হন। জীবনানন্দ সিটি কলেজের সর্বশেষ কনিষ্ঠ অধ্যাপক ছিলেন। নানা কারণে তখন ছাত্রসংখ্যা কমে গিয়েছিল কলেজে। রামমোহন রায় ছাত্রাবাসের একদল ছাত্রের সরস্বতী পূজাকে কেন্দ্র করে গোলযোগ দেখা দিলে ছাত্রসংখ্যা কমে যায়। বিশৃঙ্খলা দেখা দেয়। অর্থনৈতিক সংকট দেখা দেয়।

'শনিবারের চিঠি' পত্রিকায় 'সংবাদ সাহিত্য' বিভাগে সজনীকান্ত দাস অত্যন্ত অশালীন ভাষায় জীবনানন্দের এক একটি কবিতা উদ্ধৃত করে তীব্র আক্রমণ করতে শুরু করেন।

১৯২৯

খুলনা বাগেরহাট পি সি প্রফুল্লচন্দ্র কলেজে মাত্র মাস তিনেকের জন্য অধ্যাপনা করেন। পরে কলকাতায় ফিরে এসে, প্রেসিডেন্সি বোর্ডিং-এ বাস করেন। অর্থ রোজগারের প্রয়োজনে গৃহশিক্ষকতা করতেন। চাকরির জন্য বিভিন্ন স্থানে আবেদন করেছেন—কিন্তু তেমন সুফল পাননি।
ডিসেম্বর দিল্লির রামযশ কলেজে ইংরেজির অধ্যাপক হিসাবে যোগদান। মাত্র মাস চারেক কাজ করেন।

দিল্লি থেকে এসে পারিবারিক উদ্যোগে তাঁর বিবাহের ব্যবস্থা হয়। পরে আর দিল্লিতে ফিরে যাননি। ফলে চাকরিটি যায়। পরবর্তী প্রায় পাঁচ বছর বেকার ছিলেন।

১৯৩০

৯ মে : (২৬ বৈশাখ, শুক্রবার ১৩৩৭ শুক্লা চতুর্দশী তিথি) খুলনা জেলার সেনহাটির রোহিণীকুমার গুপ্ত ও সরযূবালার দ্বিতীয়া কন্যা শ্রীমতী লাবণ্যর সঙ্গে বিবাহ। ঢাকার ব্রাহ্মসমাজের লাইব্রেরিতে বিবাহ বাসরে বুদ্ধদেব বসু, অজিতকুমার দত্ত প্রমুখ কবি-বন্ধুরা উপস্থিত ছিলেন। ৩ আষাঢ়, ১৩৩৭ বঙ্গাব্দে মাতামহী প্রসন্নকুমারীর মৃত্যু।

১৯৩১

ফেব্রুয়ারি (৩ ফাল্গুন, ১৩৩৭) কন্যা মঞ্জুশ্রীর জন্ম। সুধীন্দ্রনাথ দত্ত সম্পাদিত 'পরিচয়' পত্রিকার প্রকাশ (শ্রাবণ, ১৩৩৮); 'পরিচয়'-এর প্রথম বর্ষ তৃতীয় সংখ্যায় (মাঘ, ১৩৩৮) তাঁর 'ক্যাম্পে' কবিতাটির প্রকাশ নিয়ে খুব বিতর্ক হয়, 'পরিচয়' গোষ্ঠীর লেখকদের মধ্যে। কিন্তু সে কবিতাটি 'পরিচয়'-এ প্রকাশের জন্য জীবনানন্দের কাছ থেকে নিয়েছিলেন। প্রকাশের পর অশ্লীলতার অপবাদ যুক্ত হয় তাঁর বিরুদ্ধে।
বর্তমান বর্ষে তিনি ছোটগল্প লেখায় মনোযোগী হন অত্যন্ত নিভৃতে।

১৯৩২

সঞ্জয় ভট্টাচার্য সম্পাদিত 'পূর্বাশা' পত্রিকার প্রকাশ (বৈশাখ, ১৩৩৯)।
মার্চ ও আগস্ট-সেপ্টেম্বরে 'প্রেতিনীর রূপকথা' ও 'নিরূপম যাত্রা' রচনা করেন, মৃত্যুর পরে প্রকাশিত।

১৯৩৪

মার্চ 'রূপসী বাংলা'-র কবিতাগুলি লেখেন, মৃত্যুর পরে প্রকাশিত।

১৯৩৫

বরিশাল ব্রজমোহন কলেজে ইংরেজি বিভাগে অধ্যাপক পদে যোগদান।
বুদ্ধদেব বসু প্রেমেন্দ্র মিত্র এবং সমর সেন সম্পাদিত 'কবিতা' পত্রিকার প্রকাশ (আশ্বিন, ১৩৪২), প্রথম বর্ষ প্রথম সংখ্যায় তাঁর 'মৃত্যুর আগে' কবিতাটি প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ 'কবিতা'-র প্রথম সংখ্যা পড়ে বুদ্ধদেব বসুকে যে চিঠি লেখেন (৩ অক্টোবর, ১৯৩৫) তাতে জীবনানন্দের কবিতা সম্পর্কে মন্তব্য করেন : 'জীবনানন্দ দাশের চিত্ররূপময় কবিতাটি আমাকে আনন্দ দিয়েছে।'

'কবিতা' পত্রিকার প্রথম বর্ষ দ্বিতীয় সংখ্যায় (পৌষ, ১৩৪২) তাঁর বহু বিখ্যাত 'বনলতা সেন' কবিতাটি প্রকাশিত হয়।

১৯৩৬

১৯ নভেম্বর : পুত্র সমরানন্দের জন্ম।
ডিসেম্বর, 'ধূসর পাণ্ডুলিপি' গ্রন্থের প্রকাশ।

১৯৩৮

রবীন্দ্রনাথ সম্পাদিত 'বাংলা কাব্য পরিচয়' সংকলন প্রকাশ (মাঘ ১৩৪৪), 'কবিতা' পত্রিকায় প্রকাশিত 'মৃত্যুর আগে' আংশিক বর্জিত আকারে গৃহীত হয়।
হুমায়ুন কবির ও বুদ্ধদেব বসু সম্পাদিত ত্রৈমাসিক 'চতুরঙ্গ' পত্রিকার প্রকাশ (আশ্বিন ১৩৪৫), প্রথম বর্ষ প্রথম সংখ্যায় জীবনানন্দের '[illegible]' কবিতাটি প্রকাশিত হয়।

১৯৩৯

কবিতাভবন-এর উদ্যোগে আবু সয়ীদ আইয়ুব ও হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত 'আধুনিক বাংলা কবিতা' সংকলন প্রকাশ (শ্রাবণ ১৩৪৬); জীবনানন্দের 'পাখিরা', 'শকুন', 'বনলতা সেন', 'নগ্ন নির্জন হাত' কবিতা চারটি গৃহীত হয়।

১৯৪০

প্রেমেন্দ্র মিত্র ও সঞ্জয় ভট্টাচার্য সম্পাদিত ত্রৈমাসিক 'নিরুক্ত' কবিতা পত্রিকার প্রকাশ (আশ্বিন ১৩৪৭), প্রথম বর্ষ প্রথম সংখ্যায় জীবনানন্দের '[illegible]' কবিতাটি প্রকাশিত হয়।

১৯৪১

৭ আগস্ট : (বঙ্গাব্দ ১৩৪৮, ২২ শ্রাবণ) রবীন্দ্রনাথের মৃত্যু।

১৯৪২

২২ নভেম্বর : পিতা সত্যানন্দের মৃত্যু।
বুদ্ধদেব বসুর উদ্যোগে কবিতাভবন থেকে 'এক পয়সায় একটি' গ্রন্থমালার অন্তর্ভুক্ত 'বনলতা সেন' কাব্যগ্রন্থের প্রকাশ।

১৯৪৪

জানুয়ারি 'ফ্যাসিস্ট বিরোধী লেখক ও শিল্পী সংঘ'র পক্ষে ইন্টারন্যাশনাল পাবলিশিং হাউস কর্তৃক প্রকাশিত হিরণকুমার সান্যাল ও সুভাষ মুখোপাধ্যায়ের সম্পাদিত 'কেন লিখি' পুস্তিকায় অন্যান্য সমকালীন কবি ও সাহিত্যিকদের সঙ্গে তাঁরও বক্তব্য প্রকাশিত হয়।
পূর্বাশা লিমিটেড কর্তৃক 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থের প্রকাশ (শ্রাবণ ১৩৫১)।

১৯৪৫

ডিসেম্বর সিগনেট প্রেস থেকে দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়ের সম্পাদনায় 'মডার্ন বেঙ্গলি পোয়েমস' গ্রন্থের প্রকাশ, জীবনানন্দ কৃত অনুবাদগুলি গ্রহণ করা হয়নি— মার্টিন কার্কম্যান কবিতাগুলি অনুবাদ করেছিলেন। [illegible] তাঁর If I were (আমি যদি হতাম), O Kite (হায় চিল), Banalata Sen (বনলতা সেন) Meditation ([illegible]) কবিতাগুলি প্রকাশিত হয়।

১৯৪৬

৫ জুলাই থেকে ১৬ সেপ্টেম্বর: পাঁচ মাসের ছুটি নিয়ে কলকাতায় আসেন। সাম্প্রদায়িক দাঙ্গার জন্য [illegible] থাকেন।

১৯৪৭

দেশ বিভাগের কিছু পূর্বে সপরিবারে কলকাতায় চলে আসেন। জুন-এ ব্রজমোহন কলেজের চাকরিতে ইস্তফা দিলেন। হুমায়ুন কবির প্রতিষ্ঠিত 'স্বরাজ' (২১ জানুয়ারি) পত্রিকার রবিবাসরীয় সম্পাদক হিসাবে যোগদান। সম্ভবত জুন-জুলাই মাসে এ কাজ ছেড়ে দেন।

১৯৪৮

মে-জুন মাসে 'মাল্যবান' ও 'সুতীর্থ' উপন্যাস রচনা, তাঁর মৃত্যুর পরে প্রকাশিত হয়।
ডিসেম্বর 'সাতটি তারার তিমির' গ্রন্থের প্রকাশ (অগ্রহায়ণ ১৩৫৫)।
২৫ ডিসেম্বর [illegible] সম্ভবত ৭৩ বছর বয়সে তাঁর মাতৃবিয়োগ।

১৯৫০

২২ জানুয়ারি: কলকাতায় 'সমকালীন সাহিত্যকেন্দ্র' নামে একটি প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন হয়। কেন্দ্রের মুখপত্র হিসাবে নিরুপম চট্টোপাধ্যায় ও [illegible] সম্পাদিত (প্রথম প্রকাশ ১৩৫৪) 'দ্বন্দ্ব' পত্রিকার প্রকাশ ঘটে। নব পরিকল্পিত পত্রিকার সম্পাদনা পর্ষদের সদস্য নিযুক্ত হন জীবনানন্দ দাশ, আবু সয়ীদ আইয়ুব, হরপ্রসাদ মিত্র।

১৯৫১

ফেব্রুয়ারি খড়্গপুর কলেজের কাজ থেকে অব্যাহতি পান।
সে বছরে তাঁর ল্যান্সডাউনের একটি ঘর সাবলেট করেন এক বিধবা মহিলাকে। অল্প দিনের মধ্যে সেই মহিলার আচরণে তিনি ক্ষুব্ধ হন, আমৃত্যু বাড়ি নিয়ে প্রচণ্ড বিরোধ চলতে থাকে।

১৯৫২

সিগনেট প্রেস থেকে তাঁর 'বনলতা সেন' কাব্যগ্রন্থের প্রকাশ (শ্রাবণ ১৩৫৯)। ১৩৫৯-এর শ্রেষ্ঠ গ্রন্থ হিসাবে 'নিখিল বঙ্গ রবীন্দ্র সাহিত্য সম্মেলন' কর্তৃক পুরস্কৃত হয়।
নভেম্বর বড়িশা কলেজে (বর্তমানে বড়িশা বিবেকানন্দ কলেজ) অধ্যাপনার কাজে যোগদান।

১৯৫৩

ফেব্রুয়ারি বড়িশা কলেজের অধ্যাপনার কাজ থেকে ছাঁটাই হন। ফেব্রুয়ারি-মার্চ ডায়মন্ডহারবার ফকিরচাঁদ কলেজে অধ্যাপনার জন্য আবেদন করেন, কিন্তু বাসস্থানের অসুবিধার জন্য শেষ পর্যন্ত যাওয়া হয় নি।
মে মাসে [illegible] এক অনুষ্ঠানে কবিকে পুরস্কার দেওয়া হয়। জুলাই হাওড়া গার্লস কলেজে (বর্তমানে বিজয়কৃষ্ণ কলেজ) যোগদান। ইংরেজি বিভাগীয় প্রধান হওয়ার অতিরিক্ত মাসিক ৫০ টাকা ভাতা পেতেন।
বুদ্ধদেব বসু সম্পাদিত 'আধুনিক বাংলা কবিতা' (ফাল্গুন ১৩৬০) সংকলন প্রকাশ, কবিতাভবনের পূর্ববর্তী সংস্করণে গৃহীত কবিতা ছাড়াও 'হায় চিল', 'বেড়াল', 'হাওয়ার রাত', 'সমারূঢ়', 'আকাশলীনা', 'আট বছর আগের একদিন' কবিতাগুলি গৃহীত হয়।

১৯৫৪

২৮ ও ২৯ জানুয়ারি: যথাক্রমে বৃহস্পতি ও শুক্রবার কলিকাতা বিশ্ববিদ্যালয়-এর সিনেট হলে কবি সম্মেলনে যোগদান, প্রথম দিনে সবশেষে কবিতা পড়েন 'বনলতা সেন' সহ তিন-চারটি।

মে মাসে নাভানা প্রকাশন কর্তৃক 'জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের প্রকাশ। ১৩ অক্টোবর রেডিওর কবি সম্মেলনে 'মহাজিজ্ঞাসা' কবিতাটি পাঠ করেন। ১৪ অক্টোবর সন্ধ্যায় দেশপ্রিয় পার্কের কাছে সান্ধ্যভ্রমণের সময় রাস্তা পার হতে গিয়ে ট্রাম দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে ভর্তি হন। এই দুর্ঘটনার ফলে তাঁর পাঁজর, কণ্ঠা ও উরুদেশের হাড় ভেঙে যায়। সঞ্জয় ভট্টাচার্যের চিঠি নিয়ে সজনীকান্ত দাসের কাছে যান মেডিকেল কলেজের দুই তরুণ ডাক্তার ভূমেন্দ্র গুহ ও দিলীপ মজুমদার। সজনীকান্তের প্রচেষ্টায় ডাক্তার বিধানচন্দ্র রায়, ডাঃ অমিয়কুমার বসু ও ডাঃ অমলানন্দ দাশকে সঙ্গে নিয়ে কবিকে দেখতে যান।

২২ অক্টোবর: শুক্রবার (বঙ্গাব্দ ১৩৬১ কার্তিক ৫) রাত ১১-৩৫ মিঃ ওই হাসপাতালে মৃত্যু।
পরের দিন এক নাতিদীর্ঘ শোকযাত্রা সহ মরদেহ কেওড়াতলা শ্মশানঘাটে নিয়ে যাওয়া হয় ও অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়।

রুচিশীল ও মনের মত বিভিন্ন স্বাদের বই পেতে হলে
কলকাতা পৌরসংস্থার প্রকাশিত বই পড়ুন ও পড়ান

ছোটদের জন্য

আমাদের বিদ্যাসাগর
আমাদের সুভাষচন্দ্র

সাধারণের জন্য

মুক্তি সংগ্রাম ও কলকাতার পার্ক
C. V. Raman Birth Centenary Issue
Anthology Number 1924-1947
Netaji Birthday Com. Vol. Cent. eve-tribute
C. M. Gazette-Netaji Centenary Issue
Mayors of Calcutta
Calcutta-a Glimpse
Calcutta-a set of Pictures
Calcutta at a Glance
C. M. C. Year Book
Compendium on Assessment & Collection
Building Permit Manual ১০০.০০

কলকাতা সম্বন্ধে বিশদ জানতে হলে পুরতথ্যসমৃদ্ধ পুরশ্রী নিয়মিত পড়ুন ও পড়ান

উল্লিখিত বইগুলি কলকাতা পৌরসংস্থার তথ্য ও জনসংযোগ বিভাগ এবং
রেকর্ড বিভাগের কাউন্টারে সারা বছর পাবেন।
তথ্য ও জনসংযোগ বিভাগ
১, হগ স্ট্রিট, হগ বিল্ডিং, কলকাতা-৭০০ ০৮৭

সামান্য কিছু সতর্কতা

ম্যালেরিয়া

তাড়াতে পারে

- জ্বর হলেই রক্ত পরীক্ষা করান ও পুরোমাত্রায় ওষুধ খান
- ম্যালেরিয়ার মশা কেবল পরিষ্কার জলে জন্মায়—খোলা চৌবাচ্চা, হাঁড়ি-কলসি বা ড্রামে ধরা জল সপ্তাহে কমপক্ষে একদিন পরিষ্কার করুন
- বর্ষার জল বাড়ির ছাদে বা আনাচে-কানাচে জমতে দেবেন না
- জলের ট্যাঙ্ক ঢেকে রাখুন যাতে মশা ঢুকতে না পারে
- শোয়ার সময় অবশ্যই মশারি টাঙান

॥ ম্যালেরিয়া জীবন নেয় সাবধানের মার নেই ॥

তথ্য ও জনসংযোগ বিভাগ
কলিকাতা পৌরসভা